# নারসিংহ পুরাণ।

## মহর্ষি কৃষ্ণদৈপায়ন বেদব্যাস প্রণীত

মূলের অনুবাদ।

কলিকাতা আমপুকুর—২ নং অভয়চরণ ঘোষের লেন,

মহাভারত কার্য্যালয় হইতে

### <u> এচন্দ্রনাথ বস্থ কর্ত্তৃক</u>

প্রকাশিত।



কলিকাতা,

শ্যানপুকুর— ২নং অভয়চরণ ঘোষের লেন,

क्र्यूनवक्त् यस्त्र श्रीहतिनाम भाग्ना नात्रा मृश्चित्र।

>१२२ मान्।

### ভূমিকা।

নারসিংহ পুরাণ ভগবান্ মহর্ষি কৃষ্ণদৈলায়ন বেদব্যাদের অমৃতময়ী লেখনী হইতে বিনিঃস্ত হইয়াছে। মহাত্মা পরা-শরতনয় যে সমুদায় পুরাণ এবং উপপুরাণ রচনা করিয়া গিয়া-ছেন,তৎসমুদায়েই তাঁহার প্রগাঢ় চিন্তাশক্তি,অপূর্ববর্ণনপরি-পাট্য, মহার্থ উপদেশ এবং অসামান্ত রচনাপ্রণালী প্রকটিত হইয়াছে। তন্মধ্যে এই ক্ষুদ্রায়তন নারসিংহ নামক উপপুরান পাঠ করিলে, ইহাই প্রতীত হইবে যে, মহর্ষি বেদব্যাস, এই গ্রন্থানিকে স্বতন্ত্র অলঙ্কারে বিভূষিত করিবার নিমিত্তই যেন বিরলে বসিয়া ইহার রচনাকার্য্য সম্পাদন করিয়াছিলেন। ইহাতে কি বীর, কি রৌদ্র, কি করুণ, কি শান্তিরদ প্রভৃতি কোনটারই অসদ্ভাব নাই। প্রত্যুত ইহা পাঠ করিতে করিতে বোধ হয়, যেন এই কয়েকটা রদ মূর্তিমান্ করিবার নিমিত্তই মতন্ত্র আকারে এই নারসিংহ পুরাণের অবতারণা করিয়া-याहाई रुष्ठेक, পুরাণসম্প্রদায়ের মধ্যে ইহা ফে একখানি অপূর্বা হৃদয়োচ্ছাদকর গ্রন্থ, তাহাতে অণুমাত্র সন্দেহ নাই।

ইহাতে সৃষ্টিপ্রকরণ হইতে আরম্ভ করিয়া মহর্ষি বশিষ্ঠ এবং অগস্ত্যের জন্মর্জান্ত, মুনিবর মার্কণ্ডেয়ের মৃত্যুজয়, তৎকর্তৃক হৃদয়োন্মত্রকারী হৃষধুর হরিগুণগান, হরের আবি-ভাব, মহামুনি মার্কণ্ডেয়কে বরপ্রদান, মৃত্যু এবং যমকিঙ্কর-গণের ধর্মরাজসমাপে গমন, কৃতান্ত সমাপে বিষ্ণুদূতগণ কর্তৃক

পরাভবর্ত্তান্তকথন, কিঙ্করগণের প্রতি যমের উপদেশ-বাক্য, ছরিনাম দংকীর্ত্তনে নরকবাদিগণের উদ্ধার, যমের বিষ্ণুলোক গমন, হুমধুর ঘমাষ্টক, বম ও তদীয়ভার্য্যার অত্য-দ্ভুত উপাখ্যান, বেদব্যাদ কর্ত্ত শুক্দমীপে পতিব্রতাবিব-রণ কথন, দেবদেব শূলপাণি কর্তৃক নারদ সমীপে জীবগণের নির্বাণমুক্তিকথন, অখিনীকুমারদ্যের জন্মকথা, স্র্য্য-কর্তৃক ঊনপঞ্চাশৎ পবনের জন্ম, বাশ, মস্বস্তুর এবং বংশাকু-চরিত বিবরণ, অপূর্ব্ব শান্তসুচরিত, স্বর্গবর্ণন, মধূকৈটভ দৈত্যদ্বয়ের জন্ম, নারায়ণের মৎদ্যাবতার, স্ধূকৈটভবধ, ক্ষীরসমুদ্রমন্থন, কালকূট, ঐরাবত, উচ্চৈঃপ্রাবা, লক্ষী, এবং ধয়ন্তরীর দহিত অমৃতোৎপতি, নারায়ণের কৌর্দ্মগৃর্ভিধারণ, বরাহমূর্ত্তিধারণে হিরণ্যাক্ষবধ, নৃসিংহমূর্ত্তি অবলম্বনে ভুর্দান্তদৈত্য হিরণ্যকশিপুর নিধন, অপূর্ব্ব হৃদযোশাদি-প্রহলাদচরিত, বামনাবতারে বলিচ্ছলন, জামদগ্যমূর্ত্তি অব-লম্বনে কার্ত্তবীর্য্যার্জ্জুনের নিধন, রামাবতারবিবরণ, শুক-কতু কি হরির আরাধনা, তীর্থপ্রশংদা, কল্কিমবতার, ব্ৰহ্মচৰ্য্য, গাৰ্ছস্থ্য, বানপ্ৰন্থ, ষতিধৰ্ম্ম, এবং যোগাভ্যাদকধন প্রভৃতি বহুবিধ অপূর্ব প্রীতিপ্রদ, ধার্মিকজনস্পৃহণীয় আখ্যায়িকা বর্ণিত ছইমাছে। অধিক কি এই গ্রন্থানির কিয়দংশ পাঠ করিলেই সমগ্র বিষয় পাঠ না করিয়া মনের আর ভৃপ্তি লাভ করিতে পাব্লা যায় না। ফলতঃ বেদব্যাদের অমৃতময়ী লেখনী বিনিঃসৃত এই গ্রন্থানি যে পুরাণ-ভাণ্ডারের একটা অপূর্বব উজ্জ্বলরত্ন, তাহাতে কিঞ্চিমাত্র मत्नर नारे।

## নারসিংহপুরাণের সূচীপত্ত।

विषय	•••	***	পৃষ্ঠা	<b>গংক্তি</b>
মঙ্গাচরণ ভরদাজপ্রশ্ন প্রধানতত্ত্বাদি			5	>
যুগাদি পরিমাণ	•••	•••	٩	>5
र्श्टे विवद्ग	***	•••	৯	35
অমুস্ষ্টি বিবয়ণ	• • •	•••	>5	9
র <b>ভ্র</b> সর্গ			20	C
মিত্রাররুণের ঔরসে অগস্তা ও বশিষ্ঠের উৎপত্তি			>>	20
মার্কণ্ডেয়ের মৃত্যুবিক্সম ও নার	२७	>		
মার্কণ্ডেয়ের প্রতি নারায়ণের	প্রসরতা	•••	૭৬	>8
মার্কণ্ডেয়ের বিষ্ণু <b>ন্তোত্ত</b>	•••	•••	82	>>
मार्क एक राज्य नाजीय नर्गन	•••	•••	87	•
যম ও যমীর উপাখ্যান	•••	,	89	ર
ব্ৰন্ধচারী ও পতিব্ৰতা সংবাদ		•••	<b>c</b> २	ર
সংসারবুক্ষের লক্ষণ ও নারায়ণ	মন্ত্ৰ	•••	৬৽	۵
অখিনীকুমারদ্বের উৎপত্তি ও বিশক্ষার স্থান্তব			৬৯	>8
মাক্তগণের উৎপত্তি	•••	•••	98	>0
রাজগণের বংশ বিবরণ	•••	•••	93	₹@
ময়স্তর কর্থন	•••		96	ь
বংশাহ্চরিতে ইক্ষাকু বিবরণ			٢٥	> 5
বিনায়ক ভব	•••	•••	b &	· a
সোমবংশাত্তরিত ও নির্মালাল	क्वान्त्र क्ल	•••	26	ર
ভূগোল বিবরণ	•••	•••	> 8	22
সহস্রানীক চরিত	•••	•••	>>>	ર
হরির অর্জনা কথন	44+	•••	220	₹•
(काष्टिशंग विधि		•••	235	20
হরির অবভারগণের বিবরণ		•••	>>8	a
<b>ম</b> ংস্থাবতার		••	636	1
কুৰ্মাবভাৰ			724	રૂર

विषम			পৃষ্ঠা	পংক্তি।
বরাহ অবতার	•••	•••	<b>500</b>	ર
নৃগিংহ অবতার ও প্রহলা	দ চরিত	•••	> 2€	¢
বামনাবভার	•••	• • •	>89	76
যমিদগ্মাবভার	•••	•••	>8৮	34
রামাবতার	•••	•••	280	20
বলরাম ক্ষের অবতার	•••	•••	२७७	50
ক্ষি অবতার	•••	•••	₹88	ર
শুক্রের অকি লাভ	•••	•••	₹8¢	ર
বিষ্ণু মন্দির প্রতিষ্ঠ।	•••		289	8
নারসিংহ ভক্তগণের লক্ষণ	। ও পুষ্পণত্রাধ্যায়	• • •	३ ৫ २	₹•
ব্ৰাহ্মণধৰ্ম		• • •	₹৫€	ь
कश्चित्र धर्म ९ रेन छ मृत ध	र्म	•••	२०৮	₹
ব্ৰহ্মগ্ৰাশ্ৰম বৰ্ণন	•••	•••	८७५	57
গৃহস্থশ্ম কথন	•••	•••	२७२	۵
বান প্রস্থ ধর্ম	•••	• • •	२१०	ર
যতিধৰ্ম কথন	•••	•••	295	9
<b>আ</b> লুলাভ	•••	• • •	२१७	53
বিষ্ণুর অর্চনা বিধি	•••	•••	२१७	৯
বিষ্ণুপ্রার সাধারণ বিধি	•••	•••	२१৮	>>
নারায়ণের গুহুক্ষেত্রসকল	ও তত্তৎস্থানের বি	ঞ্নামা	वनी २५०	¢
পুণাময় ভোমিকতীর্থ কথ	₹	•••	२৮२	>>
মানসিক তীর্থ কীর্ত্তন	•••	•••	२०१	8
	_		,	

ইতি নারসিংহ পুরাণের স্চিপত সম্পূর্ণ।

## নার সি৹ হপুরাণ।

#### প্রথম অধ্যায়।

~~c+3/~~

হে তপ্তকাঞ্চন কেশাগ্র, প্রজ্বলিত বহ্নিলোচন, বজাধিকনথস্পর্শনিব্যদিংহ! তোমাকে নমস্কার করি। নথবদন
দ্বারা হিরণ্যক্ষ এবং হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদারণ করিয়া
শোণিত আবে যিনি স্বকীয় কলেবর অরুণীকৃত করিয়াছিলেন,
যিনি হিমাচল সদৃশ গৈরিকরাগবিভূষিত, সেই যুধ্মান নরহরি অহর্নিশ জাগতিক ভূতগণের রক্ষা সম্পাদন করুন।

হিমাচলবাদী বেদপারগ, নৈমিযারণ্যবাদী ত্রিকালজ্ঞ মহাত্মা, বদর এবং পুরুরারণ্যনিবাদী, মহেন্দ্র এবং বিদ্ধাননিবাদী, জত্ম এবং সহুবাদী, ধর্মারণ্য তথাদগুকারণ্যবাদী প্রীশেল এবং কুরুক্ষেত্রনিবাদী, কুমার পর্বতন্ত্র তথা পম্পাননিবাদি মুনিবর্গ এবং অন্যান্য দশিষ্য পবিত্রান্তঃকরণ বহু-দংখ্য ঋষিগণ মাঘমাদে স্থবিমল প্রদন্তান্ত্র প্রয়াগতীর্থে স্নানার্থ সমাগত হইয়াছিলেন। তাঁহারা যথাবিধি স্নান এবং তদনন্তর জপাদি ক্রিয়া যথারীতি দমাধানান্তে দেবপ্রোষ্ঠ মাধবের বন্দনা এবং পিতৃতর্পণ দ্যাপন করিয়া পুণ্যতীর্থনিবাদি ভর-

দাজ মুনিকে অবলোকন করিলেন। দর্শনানন্তর তাঁহাকে পূজা করিলে মুনিগণও ভরদাজ কর্তৃক অভিপূজিত হইয়া যথাক্ত্রেম তদ্দত বিচিত্র বৃষ্যাদি আসনে উপবেশন করিয়া পরস্পার কৃষ্ণাশ্রিত কথার সূচনা করিতে লাগিলেন। এইরপ কথোপকথনের পর মহামতি পুরাণজ্ঞ, রোমহর্ষণসংজ্ঞক, মহাত্রেজাঃ ব্যাসশিষ্য সূতপুত্র ভাবিতাত্মা মুনিগণের নিকটে উপস্থিত হইলেন। তাঁহাদিগকে অবলোকন করিবামাত্র যথাবিধি প্রণাম করিয়া এবং নিজেও মুনিগণ কর্তৃক অভিপূজিত হইয়া, যথাযোগ্য আসন গ্রহণানন্তর উপবিষ্ট হইলে স্থাসীন সূতপুত্র ব্যাসশিষ্য রোমহর্ষণকে মহামুনি ভরদাজ মুনিগণের অগ্রেই এইরপ প্রশ্ন করিলেন।

ভরদাজ জিজ্ঞাদা করিলেন, হে রোমহর্ষণ ! তুমি ইতিপ্রের শৌনক মহাদত্র এবং বারাহাখ্যদংহিতা দমস্তই যথারীতি বর্ণন করিয়াছ, এক্ষণে পৌরাণিকদংহিতোক্ত নার্বাহংহ বিবরণ প্রবণ করিবার জন্য আমরা নিতান্ত ইচ্ছুক হইয়াছি, অত এব হে মুনে ! মহাত্মা ঋষিগণের জিজ্ঞাদার অগ্রেই রহস্থাক্তক নারিদিংহ বৃত্তান্ত অবগত হইবার নিমিত্র তোমাকে প্রশ্ন করিতেছি । এই চরাচর জগৎ কোথা হইতে দমুৎপদ্দ হইল ? কেইবা ইহার পরিপালন করিতেছেন ? কাহাতেই বা ইহা লয় প্রাপ্ত হয় ? এই স্থাবরজঙ্গমাত্মক জগদ্ভুমির পরিমাণ কত ? দেবনৃদিংহ কোন্ কর্মা দারা দল্পফ হন ? হে মহাভাগ ! এই দাকল্য তত্ত্ব আমাদিগকে যথারীতি বর্ণন করিয়া আপ্যায়িত কর । স্ট্যাদি এবং তদবদান কিরপে হইয়াছে ? যুগগণন এবং চতুর্গ কিরপে হইয়াছে ? ইহাদিগের মধ্যে

বিশেষ কি ? কলিযুগের অবস্থা কিরপ ? দেব নারিসিংহ কিরপে মানবগণ কর্তৃক আরাধিত হয়েন ? পৃথিবীতে কত পুণ্যক্ষেত্র এবং পুণ্যশিলোচ্চয় আছে ? মানবগণের পাণকদম্বাপহরণকারিণী পুণ্যময়ী এবং প্রদম্মলিলা কতগুলি নিম্নগা বিদ্যমান আছে ? দেব বিদ্যাধরগণের স্প্তি এবং মনুর মন্বত্তর কিরপে হয় ? কোন্ কোন্ রাজা যাজ্ঞিক ছিলেন ? এবং কাহারাই বা প্রকৃষ্ট সিদ্ধিলাভ করিয়াছিলেন ? হে সূত! এই সকলবিষয় যথাক্রমে বর্ণন করিয়া আমা-দিগের আত্মা পরিতৃপ্ত কর।

সূত কহিলেন, ছে তপোধনগণ! মহামুনি বেদব্যাদ প্রভাবে আমি সাকল্য পুরাণর্ত্তান্ত অবগত আছি। দেই অমিততেজাঃ ঋষিশ্রেষ্ঠ বেদব্যাদকে প্রণাম করিয়া, হরিন নরাল্যক পুরাণ আপনাদিগের নিকট বর্ণন করিব, শ্রবণ করেন।

বিশ্ববৈদক নিলয়, পরম পুরুষ, বিদ্যাধার, বিপুলমতিদ, বেদবেদাঙ্গবেদ্য, সতত শান্ত, স্থমতি বিষয়, সর্বতেজঃসম্বিত, বিতত্যশাঃ পরাশর নন্দন বেদব্যাসকে সতত প্রণাম করি। যাঁহার প্রসাদে আমি অতি বিস্তৃত নায়ায়ণকথা আপনাদিগকে বলিতে উদ্যত হইতেছি।

যে নরসিংহ নারায়ণ করালকাল্বদনসদৃশরপাবলম্বন করিয়া, কোমলনথকদম কর্তৃক দৈত্যরাজ হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদারণ করিয়াছিলেন,সেই নৃকেশরীকে সর্বাদানম-স্কার করি। হে মহামুমে ভরদ্বাজ। আপনি যে প্রশ্ন করিয়া-ছেন, তাহা মৃত্র্লভ এবং সভীব মহান্। বিফ্রাদাদ শ্রতি-

রেকে এই ছস্তর প্রশ্নদাগর সমুতীর্ণ হইবার কাহারও সাধ্য নাই-তথাপি নার্দিংহ প্রসাদে সম্প্রতি আপনাকে অতি-বিস্তৃত মহাপুণ্য কথা জ্ঞাপন করিতে উদ্যত হইতেছি, হে মুনিপুঙ্গব! অত্যোপস্থিত দশিষ্য ঋষিগণের সহিত একতান-চিত্তে অবধান করুন। নারায়ণ হইতে এই স্থাবর জঙ্গমা-ত্মক সাকল্যজগৎ সমুৎপন্ন হইয়াছে, নারসিংহমূর্ত্তি কর্তৃক ইহা প্রতিপালিত হইতেছে এবং অস্তে জ্যোতিঃস্কর্ম হরিতেই লীনত্ব প্রাপ্ত হইয়া ধাকে। নারায়ণ যেরূপে বিশ্ব স্থজন করেন এবং যেরূপ পৌরাণিক বর্ণন শুনিতে পাওয়া যায়, তদকুষায়ী ভগৰানের হৃষ্টি বিবরণ কহিতেছি, অবধান করুন। \সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বস্তর এবং বংশানু-চরিত এই পঞ্লক্ষণাক্রান্ত গ্রন্থকে পুরাণ কছে ৷) আদি সর্গ, অনুদর্গ, বংশ, মম্বন্তর এবং বংশানুচরিত মাদমধ্যে বর্ণন করিব। হে মহাভাগ! প্রথমেই আমি আপনাকে আদি সর্গ বিবরণ বলিতেছি,যাহাতে দেবগণ, নরপতিগণের চরিত্র এবং প্রমাত্মা দনাতন রহস্ত দাকল্য অবগত হইতে পারি-বেন। হে দিজোত্তম! সৃষ্টির প্রারম্ভে এবং প্রলয়ের পর কিছুই ছিল না, কেবল একমাত্র জ্যোতিম্মান্ সর্ফারণ ব্ৰহ্মস্বরূপ পুরুষ বিদ্যমান ছিলেন। তিনি নিত্য নিরঞ্জন, নিগুণ, নিত্য নির্মাল, আনন্দসাগর, হস্থ এবং সুমুক্ষুজন প্রার্থ্যরূপাবলম্বী। তিনি সর্ববিজ্ঞা, জ্ঞানময়, অনন্ত, অজ এবং অব্যয়। তাঁহার বিনাশ নাই, তিনি অক্ষয়, সদা স্বচ্ছ এवः मर्वक गरवानी।

স্ষ্টিকাল উপস্থিত হইলে কালরূপী ভগবান্ মন্তলীন

বিকাররূপ পৃথিব্যাদির স্মষ্টি আরম্ভ করিলেন। তাঁহা হইতে প্রধান অর্থাৎ প্রকৃতি এবং প্রকৃতি হইতে মহান্ জন্মগ্রহণ করিল। মহান্, পাতিক, রাজদিক এবং তামদিক এই তিনভাগে বিভক্ত। যেরূপ **অকের সহিত বীজ সংল**গ্ন থাকে, দেইরূপ প্রধান ভত্তের সহিত দাকল্য পদার্থ সমা-বৃত হইল। বৈকারিক, তৈজদ এবং তামদ ভূতাদিম্বরূপ ত্রিবিধ অহঙ্কার মহতু হইতে জন্মগ্রহণ করিল। **যেমন** প্রধানের দহিত মহান্, তদ্রপ ত্রিবিধ অহস্কারও মহানের সহিত সমারত হইল। ভূতাদি অহস্কার বিকৃত হইয়া শব্দ তন্মাত্র অর্থাৎ রূপ, রুস, গন্ধ,স্পর্শ এবং শব্দ এই পঞ্মাত্রার স্প্তি হইল। অনন্তর ঐ শক্তনাত্র হইতে শক্লকণ আকা-শের সৃষ্টি হইল। ঐ শব্দমাত্র আকাশ ভূতাদি দ্বারা দমা-বৃত হইল। অনন্তর বায়ু বলবান্ হইলে তাহা হইতে স্পর্শ • গুণের সৃষ্টি হইল। স্পর্শমাত্র, শব্দমাত্রআকাশকে আশ্রয় করিল। তদনন্তর বায়ু বিকৃতি প্রাপ্ত হইয়া রূপমাত্তের সৃষ্ঠি হইল। বায়ু হইতে জ্যোতিঃ অর্থাৎ অগ্নি উৎপন্ন হইয়া তাহার রূপ প্রকটিত হইল। স্পর্শনাত্র বায়ু রূপমাত্রে সমা-রত হইল। **জ্যোতিঃ বিকৃতি প্রাপ্ত হই**য়া রসমাত্রের সৃষ্টি হইল,তাহা হইতে জলের সৃষ্টি হইয়া রদমাত্র জল রূপমাত্রে দমারত হইল। জল বিকৃত হইয়া গন্ধমাত্রের সৃষ্টি হইল, তাহা হইতে এই দৰ্বজিণাধিক মহীর দৃষ্টি হইয়া নিবিড় দংযোগ জন্মিল, তাহা হইতে গন্ধ গুণ প্রকটিত হইল। াহাতে যে মাত্রার প্রয়োজন, তাহাতে সেই মাত্রাই সংলগ্ন ংওয়াতে, তনাত্র দর্গ কথিত হইয়া থাকে। রূপ,রুম,গন্ধ,স্পার্শ

শব্দাদি অবিশেষ মাত্রা এবং অন্যান্য বিশেষ বলিয়া অভিহিত হয়। তামদ অহঙ্কার হইতে ভূতাদি তন্মাত্র সৃষ্ট হইয়াছে। হে ভরদ্বাজ! আমি দংক্ষেপে এই দর্গ বিষয় আপনার নিকট বর্ণন করিলাম।

পণ্ডিতগণ দশসংখ্য তৈজদেন্দ্রিয় এবং বৈকারিক দশদেব নির্দ্ধারণ করিয়াছেন। তত্ত্বচিন্তকগণ মনকে একাদশসংখ্য विनिया कीर्जन करतन। वृत्ती सित्य शक्ष धवर कर्ण्यसिय छ পঞ্,—হে কুলপাবন! তাহাদিগের নাম এবং ক্রিয়াদি বর্ণন করিতেছি, প্রবণ করুন। শব্দাদি জ্ঞানসিদ্ধির নিমিত্ত প্রবণ ত্বক্ দৃশ্, জিহ্বা এবং নাসিকা এই পঞ্বুদ্ধীন্দ্রিয় কথিত হইয়া থাকে। পায়ু, উপস্থ, করচরণদ্বয় এবং বাক্ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় এবং তাহাদিগের কর্ম যথাক্রমে পায়ু হইতে বিদর্গ অর্থাৎ মলমূত্রত্যাগ উপস্থ হইতে আনন্দ, করপদ ছইতে শিল্ল এবং বাক্ হইতে যুক্তি সম্পাদিত হয়। আকাশ,বায়ু,তেজঃ এবং সলিলাদি পদার্থ শব্দাদিগুণের সহিত উত্তরোত্তর সংযুক্ত হইয়াছে। নানাবীধ্য পৃথগ্ভূত আকা-শাদি পদার্থ পরস্পার সংহতি ব্যতিরেকে সাকল্য প্রজা সৃষ্টি হইতে পারে না। এইরূপ অন্যোহন্য সংযোগ এবং পর-স্পার আশ্রয়বশতঃ একসংঘাতীভূত পদার্থ সকল একতা প্রাপ্ত হইলে,পুরুষের অধিষ্ঠান এবং প্রকৃতির অনুগ্রহে মহদাদি ্পৃথিব্যন্ত পদার্থ ত্রহ্মাণ্ড উৎপাদন করিল। ক্রমে ক্রমে তাহা জলবুৰ্দসমর্দ্ধি প্রাপ্ত হইলে সেই উদকশায়ি অগুমধ্যে অব্যক্তস্বরূপ বিশ্বেশ্বর বিষ্ণৃ স্বয়ং ব্রহ্মরূপাবলঘনান্তে ব্যবস্থিত हरेलन। ऋरमक मृत्र ठाँशांद छक, महीधतरान कतायू अपः সপ্তদমুদ্র তাঁহার গর্ভোদক হইল। অদ্রি, দ্বীপ, সমুদ্র,
সজ্যোতির্লোককদম্ব এবং দেবাহ্রমানবগণ সকলেই সেই
অশুমধ্যে সমুৎপন্ন হইল। রজোগুণধারী স্বয়ং পরাৎপর
হরি ব্রহ্মরূপ অবলম্বন করিয়া জগতের সৃষ্টিকার্য্য আরম্ভ
করিলেন। তিনি নারসিংহরূপী হইয়া কল্প এবং বিকল্পনা
ক্রেমে স্গানুস্প রক্ষা করিতেছেন এবং রুদ্ররূপাবলম্বনে
সাকল্য জগতের বিনাশ সাধন করেন। ব্রহ্মরূপী হইয়া সমস্ত
ভূত পরিপালনার্থ জগতের সৃষ্টি এবং রামাদি রূপাবলম্বনে
ভূবনসংরক্ষণ করিয়া থাকেন।

ইতি জীনারসিংহ পুরাণে প্রথমোহগ্যায় সমাপ্ত।

#### দ্বিতীয় অধ্যায়।

হে ভরম্বাক্ত! যে প্রকারে নরিসংহ ব্রহ্মরূপবিল্ফী হইয়া জাগতিক সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হয়েন, তদ্বির বর্ণন করিতেছি, অবধান করুন। হে দ্বিজসত্তম! নারায়ণাখ্য ব্রহ্মলোক পিতামহ ভগবান্ উপচারতঃ সমূৎপন্ন হইয়াছেন, ইহা কথিত হইয়া থাকে। নারায়ণ স্বকীয় পরিমাণ দ্বারা শতবর্ষ আয়ুঃকাল পরিসিত করিয়াছেন, বিফুজ কালামুসারে তাঁহার আয়ুঃ পরিগণিত হইয়া থাকে। চরাচরভূত, ভূভূৎ এবং সাগরাদির আয়ুঃকাল পরিমাণ কৃথিত হইতেছে। অফীদেশ নিমেষে এককার্চা কল্লিত হয়, ত্রিংশৎ কার্চাতে এক কলা এবং ত্রিংশৎ কলায় একমুহুর্ত্ত পরিগণিত হইয়া থাকে। তৎসংখ্য মহুর্ত্তে মানবের অহোরাত্র এবং সেই

অহোরাত্র দকল মাদ এবং দ্বিপক্ষভুক্ত হইয়াছে। ছয় गारित अक अग्रन हम् , इन्डताः तरमति कृष्टे अग्रन हरेगा थारित। पिक्रिन अवः উত্তর ভেদে **অয়ন** দ্বিধ। पिक्रनाग्नन দেবগণের রাত্রি এবং উত্তরায়ণ তাঁহাদিগের দিবদ কথিত হয়। মর্ত্ত্য-দিগের ছুই অয়নে বর্ষ পরিকল্পিত হইয়া থাকে। মানব-গণের মাদ পিতৃগণের এক অহোরাত্র উল্লিখিত হয়। বহু-দিগের অহোরাত্র মানবগণের বৎদর পরিকীর্তিত হইয়া থাকে। ঐ পরিমিত দহস্রবর্ষ দারা সত্যত্ত্তোদি যুগ দংঘ-টিত হইয়াছে। চতুরু গ দাদশ সহস্র বর্ষ পরিমিত, হে ভর-দাজ! যথায়থ তাহাদিগের বিভাগ বলিতেছি, প্রবণ করুন। দত্যযুগ, চতুঃদহস্র, ত্রেতা তিন, দাপর চুই এবং কলি এক দহত্র বৎদর পরিমিত হইয়াছে। পুরাবিদ্রণ দিব্য সহত্র 'বৎসর যুপগণের পরিমাণ কল্পনা করিয়াছেন। উক্ত দিব্যা-কের বিশত বর্ষ পূর্ববিদম্বা। এবং তৎপরিমিত কাল সম্ব্যাংশক কথিত হইয়া থাকে। হে ৰিজোভ্ম! সন্ধ্যা এবং সন্ধ্যাং-শকের মধ্যে যে কাল তাহার নাম যুগাখ্য। কৃত ত্রেতা দ্বাপর এবং কলির সহস্র সহস্র পরিমাণকাল অন্ধার এক দিবস পরিগণিত হয়। তাঁহার এক এক দিবদে ক্রমান্বয়ে চতৃদিশ মতু জন্মগ্রহণ করেন। তাঁহাদিগের কাল পরিমাণ বর্ণন করিতেছি, প্রবর্ণ করুন। ভিন্ন ভিন্ন মমুর শাসনকালে শংহত হয়েন। হে দ্বিজোত্ম! একাবিক একদপ্ততি সহস্ৰ বর্ষ দারা চতুরু গ দংঘটিত ছইয়াছে। এই চতুরু গের কাল-পরিষাণ মধ্যে মনুর মহ ন্তর এবং শক্তাদিকাল দিং সংখ্যাত্র- সারে অকীশত সহস্র বৎদর পরিগণিত হয়। অশীতি সহস্র বর্ষ, ব্রহ্মার এক দিবদ নির্দ্ধারিত হইয়াছে। ভগবান্ এই ব্রাক্ষৈক দিবদে সাকল্যদেব, পিতৃ, গর্ধ্বর, দানব, যক্ষ্, রাক্ষ্ম, গুহুক, ঋষ, বিদ্যাধর, মনুষ্য, পশু, পক্ষী, স্থাবর, পিপীলিকা,ভুজস্পম এবং চাতৃর্বর্ণ্য স্পষ্টি করিয়া,তাহাদিগকে যজ্ঞকর্মে নিযুক্ত করিলেন। অনন্তর প্রভু ভগবান্ দিনান্তে ব্রেলোকা সংহার করিয়া সমস্ত রজনী অনন্তশ্যায় শায়ন করিলেন। তাহার পর মহাকল্প আরম্ভ হইল,দিতীয় পাদ্য কল্লে ভগবান্ সমুদ্র মন্থনার্থ মংস্থাবতার হইয়াছিলেন। অনন্তর তৃতীয় বরাহকল্লে প্রভু, বরাহরূপে ধারণ করেন। সেই অনাদি, অনন্ত পরমেশ্বর, জগৎ, ব্যোম, ধরা এবং প্রজারন্দ স্প্তি করিয়া নিমেষমধ্যে প্রলয় সমুৎপাদন দারা

है । श्रीनाविष्ट भूबारण विशेषाभ्याय ग्रेमाध ।

#### ৃতীয় অধ্যায়।

সূত কহিলেন, সেই অনন্তশ্য়নশায় প্রযুপ্তদেবের নাভি দেশে পদ্মান্তব হইল। সেই কমলে বেদবেদাঙ্গপারগ, মহাভাগ ব্রহ্মা, সমুৎপন্ন হইলেন। অনন্তর আদিদেব নারায়ণ, কমলযোনি ব্রহ্মাকে প্রজা স্প্তির জন্ম সমাদেশ করিয়া তিরোধান করিলেন। ব্রহ্মা স্প্তিপ্রারম্ভে নারায়ণবাক্য শ্রেবানন্তর দেবদেব বিষ্ণুর ধ্যান করিয়া দেখিলেন, জগৎ স্প্তির কিছুমাত্র হেতু নাই—তথন মহাত্মা ব্রহ্মার মহান্

কোধবশতঃ তাঁহার অঙ্কদেশস্থ রোমাবলী হইতে বান, জন্ম গ্রহণ করিল। তাহাকে ক্রন্দনপরায়ণ দেখিয়া ব্যক্তমূর্ত্তি ব্রহ্মা রোদন হইতে নির্ত্ত করিয়া তাহার নাম রুদ্রে রাখি-লেন। অতঃপর ব্রহ্মা তাহাকে লোক স্ক্রন করিবার আদেশ করিলে রুদ্রে, তাহাতে অনক্ত হইয়া তপশ্চরণমানদে অভ্দলিলে নিমগ্র হইলেন। রুদ্রেদেব দলিলমগ্র হইলে প্রক্রাপতি ব্রহ্মা, দক্ষিণাঙ্গুঠ হইতে দক্ষ এবং বামাঙ্গুঠ হইতে দক্ষপত্নীর গর্ভে যায়স্তুব মনুর জন্ম হইল। তাহা হইতে ব্রহ্মাকর্ত্ক প্রজাগণের স্পৃতিকার্য্য সম্পাদিত হইয়াছে। হে মুনিসত্তম! আমি এইরূপে স্পৃত্তি প্রকরণ আপনার নিকট বর্ণন করিলাম। অতঃপর ক্রন্তী আকরণ আপনার নিকট বর্ণন করিলাম। অতঃপর ক্রন্তী জগদীখরের সম্বন্ধে আর কি শ্রহণ করিতে ইচ্ছুক আছেন ?

ভরদাজ কহিলেন, হে রোমহর্ষণ । তুমি সংক্ষেপতঃ সমস্ত বিষয় বর্ণন করিলে, পুনরায় বিস্তারপূর্বক আদিদর্গ বিবরণ বল, শ্রবণ করিয়া সম্ভুট হই।

সূত কহিলেন, তদনন্তর কল্লাবদানে, সর্ব্বেজ, পরাৎপর, অচিন্তা, অনাদি, ত্রহ্মস্বরূপী, সর্ব্বসন্তব বিরাটরূপি ভগবান্ জাগ্রত হইয়া সমস্ত জগৎ, প্রাণীশূল্যাবলোকন করিলেন। এক্ষণে হে বিজোতম। পণ্ডিত এবং পুরাণবিদ্ধাণ "নারায়ণ" এই কথার যেরূপ ব্যাখ্যা করেন, তাহা বলিতেছি, অগ্রে প্রবণ করুন। জল, নরপুত্র বলিয়া অভিহিত হয়, সেই জল্ল জলের নাম নারা হইয়াছে। সেই নারা অর্থাৎ জলরাশি যাঁহার অয়ন অর্থাৎ আপ্রায়ম্বরূপ, তিনিই নারায়ণ বলিয়া অভিহিত।

পূর্বেক কল্লাদিকালে ভগবান্, সৃষ্টি চিন্তা করিতে করিতে অজ্ঞানপূর্ব তমঃ প্রাত্ত্ত হইল। তমোমোহ, মহামোহ তামিশ্র এবং অন্ধতামিশ্র, এই পঞ্চপর্ববা অবিদ্যা জন্ম পরি-গ্রহ কুরিল। অতঃপর ভগবান্ অপ্রতিবোধবান্ সর্গের সূচনা করিলেন, সর্গবিৎ পণ্ডিতগণ, তাহাকে মুখ্যদর্গ বলিয়া থাকেন। অনন্তর বিরাটরূপী পুরুষ অন্য দর্গ বিধান বাদনায় ধ্যানপরায়ণ হইলে, তির্য্যক্সোতঃ সমুৎপন্ন হইল, উহার নাম তৈর্য্যগ্যোভ দর্গ। উৎপথগ্রাহি মাতৃকুলের সৃষ্টি হইলে ব্ৰহ্মরূপি ভগবান্ তির্য্যক্সোতঃ অদাধক জ্ঞানে উর্নুসোতের সৃষ্টি করিলেন। দেবাদি, উদ্ধান্তোন্তর্গত বলিয়া কথিত हरायन । जमनस्रतं প্রজাপতি সন্তু छो छः করণে মুখ্য সর্গদমু ছু ত স্থাবরগণকে অসাধক জ্ঞান করিয়া অর্কাকত্রোতের সৃষ্টি, করিলেন, মনুষ্যগণ অর্বাকস্রোতান্তর্গত, সাধক, প্রকাশ-বহুল এবং ভূয়োভূয়ঃ কার্য্যকারী। এইরূপে আমি দর্গ বিব-রণ আপনার নিকট বর্ণন করিলাম। প্রথমে মহৎ দর্গ,দ্বিতীয় তন্মাত্র দর্গ, তৃতীয় বৈকারিক, যাহাকে পুরাণবিদ্গণ, ঐন্দ্রি-यक वटलन, हरूर्य ऋवित अधान मुथानर्भ, शक्षम टेडियाण्याण, ষষ্ঠ উদ্ধ শ্রোতঃ, যাহাকে পণ্ডিতগণ, দেবদর্গাখ্যা প্রদান করেন। অনন্তর অর্কাকস্রোতঃ হইতে মানবগণের স্বষ্টি হইয়াছে, এই সৃষ্টি সপ্তম বলিয়া অভিহিত। অফম অমু-গ্রহদর্গ, যাহা দান্ত্রিক এবং তামদ বলিয়া পরিগণিত। প্রজাপতি ব্রহ্মার নবম দর্গের নাম রুদ্রদর্গ। এই দাকল্য সর্গের মধ্যে পঞ্চ, কৃত এবং তিনটী প্রাকৃত বলিয়া পরিগণিত। এই প্রাকৃত এবং কৃতদর্গ জগতের মূল হেতুসরপ। হে ভর-

দাজ! এক্সরূপি বিরাট পুরুষের সৃষ্টি আমূলতঃবর্ণন করিলাম। জগদীশ্বর, সর্ব্বিগতৈকরূপ ভগবান্, স্বশক্তিবলে তত্তৎবিকার মধ্যে প্রবিষ্ট হইয়া ব্রক্ষাদিরূপে সৃষ্টিকার্য্য সম্পাদন করিলেন।

है ि भी नादिमण्ड পूर्वारत इ शैरवाइसाव ममाश्र ।

#### চতুর্থ অধ্যায়।

ব্যক্তজন্মা এক্ষা নবধা সৃষ্ঠি সম্পাদন করেন, ছে সৃত ! এক্ষণে সবিস্তর বর্ণন কর, কিরুপে ঐ নবধা সৃষ্টি রৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। সূত কহিলেন, হে মহামুনে! ব্ৰহ্মা প্ৰথমতঃ ক্রদ্রদেবের সৃষ্টি বিধান করিয়া, তপোধন বর্গের সৃষ্টি ব্যাপার সম্পাদন করিলেন। সনক এবং সরীচ্যাদি মুনিগণ যথা-জ্রে সৃষ্ট হইলেন। সরাচি, অতি, অঙ্গিরাঃ পুলহ, ক্রন্তু, প্রচেতাঃ ভৃগু, নারদ এবং মহাত্ত্যতি বশিষ্ঠ ইহারা যথাক্রমে मृष्ठे रहेरल मनकानि श्रायिशन, नित्रकाशा धर्मा এवः मतीहानि প্রবৃত্তাখ্যে নিয়োজিত হইলেন। কেবল এক্সার পুল্ দেবর্ষি নারদ, কোন ধর্মই অবলম্বন না করিয়া নির্মুক্ত হই-(लन। परकत (पोश्वि वः म इरेट अरे स्रावत कन्नमाजाक জগৎ দেবদানব গন্ধবি, উরগ এবং পক্ষিগণ সমস্তই দক্ষ-কতাগর্ভে জনা গ্রহণ করিয়াছে। মনুসর্গোদ্ভূত স্থাবর-জঙ্গ চতুর্বিধ ভূতাদি, ক্রমশঃ বৃদ্ধি প্রাপ্ত হইল। মরী-চাাদি মহর্ষিগণ, ভাতুসর্গ, সূজন করিলেন। বশিষ্ঠান্ত মহা-ভাগ ঋষিগণ ব্রহ্মার মানস হইতে উদ্ভূত হইয়াছেন।

নহান্থা চতুরাস্থারূপী মুনিম্বরূপ অনন্ত প্রজাপতি, কালবশতঃ বিয়নুথ ভূতগণের সৃষ্টিকার্য্য সম্পাদন করিলেন। ইতি শ্রী নারসিংহ পুরাণে চতুর্গোহ্ধার সমাপ্ত।

#### পঞ্চন অধার।

ভরদ্বাজ কহিলেন, হে মহামতে ! রুদ্রদর্গ প্রকরণ, বিস্তার পূর্ব্যক আমার নিকট বর্ণন কর,—মরীচ্যাদি মুনিগণ কিরূপে অকুসর্গ সৃষ্টি করিলেন এবং ব্রহ্মার মানশেদ্ভূত বশিষ্ঠ কিরূপে মিত্রাবরুণের পুত্র বলিয়া খ্যাত হইলেন, এই সকল বর্ণন করিয়া আমার হৃদয়ে প্রফুল্লতা সম্পাদন কর।

সূত কহিলেন, হে মহাভাগ! রুদ্রসর্গ এবং মুনিগণের প্রতিসর্গ বিবরণ বর্ণন করিতেছি, শ্রেবণ করুন। রুদ্রদেব আত্মত্মার প্রাছ্মভূত হইলেন। সেই কুমারের অর্দ্ধার্গ নারী-রূপী এবং অর্দ্ধার পুরুষবেশী হইল এবং নিজেও প্রচণ্ড শরীরবান্ হইলেন। স্ত্রীপুরুষভাব উভয়ই তাঁহার শরীরে পৃথক্ পৃথক্ লক্ষিত হইতে লাগিল। একপুরুষ, দশভাগে বিভক্ত হইলেন। হে দিজোত্ম! তাহাদিগের নাম বলিতেছি, শ্রেবণ করুন। (অজ, একপাদ, শহিরুধ, কপালী, রুদ্র, বহুরূপ, ত্রাম্বক, অপরাজিত, কপদ্দী এবং রৈবত এই ত্রিভ্বনেশ্বর একাদেশ রুদ্রের নাম করিলাম। স্ত্রীরূপ-ধারীও দশপ্রকার রূপাবল্ধী। উমা বহুরূপ অবল্ধন করিয়া

রুদ্রপত্নীত্ব স্বীকার করিয়াছিলেন। প্রজাপতি ব্রহ্মা হইতে
সমূৎপন্ন পুত্র রুদ্র, যখন সলিলনিমগ্ন হইয়া ঘোরতর তপশ্চরণান্তে উত্থিত হয়েন, তখন অসংখ্য ভূত বেতালপ্রমুখ
সহস্র সহস্রসিংহসম করালানন পিশাচগণের সৃষ্টি করিয়া ক্রিন্দের।
অতঃপর সার্দ্ধ তিনকোটি বিহঙ্গমের সৃষ্টি করিয়া ক্রিন্দের
সৃষ্টি সম্পাদন করিলেন। এইরূপে হে মুনিপুঙ্গব! রুদ্র
সৃষ্টি বিবরণ আপনার নিকট সাকল্য বর্ণন করিলাম।
এক্রণে মরীচ্যাদি মুনিকর্তৃক কিরূপে অনুসর্গ সৃষ্টি হয় তদ্বিবরণ বলিতেছি, প্রবণ করুন।

∖স্বয়ন্তু, দেব এবং স্থাবসান্ত প্রজাগণের সৃষ্টি করিলে, উহারা দিন দিন বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। এইরূপে প্রজাগণের বৃদ্ধি অবলোকন করিয়া, প্রজাপতি প্রক্ষা স্বয়ং ' মানসপুত্রগণের উৎপাদন করিলেন। মরীচি, অত্রি,অঙ্গিরাঃ, পুলক্তা, পুলহ, ক্রতু, প্রচেতাঃ বশিষ্ঠ এবং মহামতি ভৃগু এই মানদোৎপন্ন পুত্রগণ, পুরাণে নবত্রন্ধা বলিয়া পরিকীর্তিত হইয়া থাকেন। অগ্নি এবং পিতৃগণ ইহারাও ব্রহ্মার মানস-পুজ বলিয়া কথিত হয়েন। হে মহাভাগ ! ব্রহ্মা সৃষ্টিকালে শতরূপার স্প্তি করিয়া স্বায়ম্ভুব মনুকে দেই কন্সাদান করেন। তাঁহা হইতে শতরূপার গর্ভে প্রিয়ত্তত, উত্তানপাদ নামক ছুই পুত্ৰ এবং প্ৰসূতি নাম্বী এক কন্সা জন্ম গ্ৰহণ করে। উক্ত স্বায়স্ভূব মুনি, দক্ষের সহিত প্রসূতির বিবাহ প্রদান করিলে, দক্ষোরদে প্রসৃতি, চতুর্বিংশতি কন্সা প্রদব করিয়াছিল, হে মহাভাগ! আমি সেই দকল কন্সার নাম यथाकरम वर्गन-कतिराज्छ, व्यवन कक्रन। जाशामिरशत

নাম যথাক্রমে প্রদ্ধা, ভূতি, ধ্বতি, স্তম্ভি, পুষ্টি, মেধা, ক্রিয়া বুদ্ধি, লড্জা, বপুঃ, শান্তি, সিদ্ধি এবং কীর্ত্তি। দাক্ষায়ণ ধর্ম এই ত্রয়োদশ কন্যাকে, প্রতিগ্রহণ করিয়া ধর্মবংশ বিস্তার করিলেন। ধর্মের পুত্র পৌত্রাদি ছারাও ধর্মবংশ দিন দিন বৰ্দ্ধিত হইতে লাগিল। প্ৰদ্ধাদিপত্নীর গভ হইতে কামাদি হতগণ জন্মগ্রহণ করিল। আদ্ধাদি ভিন্ন প্রসৃতির অপর একাদশ কন্যার নাম বলিতেছি শ্রেবণ করুন। সম্ভুতি, অনস্য়া, স্মৃতি, প্রীতি, ক্ষমা, সম্নতি, সত্যা, ভূজা, খ্যাতি, স্বাহা এবং স্বধা। প্রজাপতি দক্ষ এই দকল কন্যা ভাবিতাত্মা মরীচি ঋষিগণকে সংপ্রদান করেন। উক্ত মহর্ষিগণ হইতে যে সম্ভ পুত্র সমুৎপন্ন হয়, তাহাদিগের বিষয় বর্ণন করিতেছি শ্রবণ করুন। মরীচি পত্নী হইতে কশ্যপ মুনির জনা হইল। অঙ্গিরা পত্নী স্মৃতি, হইতে কুছ দিনীবালী রাকা এবং অনুমতি নাম্নী কন্যাগণ জন্ম গ্রহণ করিল। অত্রি মুনিপত্নী অনসূয়া হইতে, সোম, ছুর্বাদা দম্ভ এবং আত্রেয় প্রদূত হইলেন। পুলস্ত্য ভার্য্যা প্রীতি হইতে দম্ভোলি জন্ম গ্রহণ করিল, দেই দস্ভোলির পুত্র বিশ্রবাঃ এবং রাবণাদি রাক্ষদগণ বিশ্রবার পুত্র। হে মহাভাগ! লঙ্কাপুরনিবাসি বহুরাক্ষদের বিষয় ইভিপ্রেবি আপনার নিকট বর্ণন করি**-**য়াছি। যাহাদিগের নিমিত্ত ক্ষীরোদ সমুদ্রশায়ী স্বয়ং ভগ-বান্, ত্রহ্মাদি দেবগণ কর্তৃক আরাধিত হইয়া ভূভার হরণার্থ পৃথীতলে অবতীর্ণ হইয়াছিলেন। প্রজাপতি পুলহপত্নীগর্ভে তিন পুত্রের জন্ম হয়। মুনিবর ক্রেতুর সপ্ততি ভার্য্যা হইতে বালখিল্য প্রভৃতি উদ্ধিরেতাঃ, অঙ্গুঠ পর্বপ্রমাণ,ত্বলং ভাকর

সমতেজণালী ষষ্টি সহস্র মুনি জন্ম গ্রহণ করেন। অনন্তর প্রচেতার সত্যা নাক্ষী পত্নীতে, সত্যসন্ধ প্রভৃতি তিন পুত্র হইয়াছিল। তাহাদিগের শত সহস্র পুত্র পোত্র জন্ম গ্রহণ করে। তাহাদিগের নাম যথাক্রমে রজোগাত্র, উদ্ধিবাহু, প্রবণ, অনন্ব, শতক্রতু এবং শক্র।

ভৃগুর খ্যাতি ভার্য্যা হইতে বিষ্ণুপরিগ্রছ লক্ষীর উৎ-পত্তি হয়, এতদ্ভিন্ন ধাতা এবং বিধাতাও ভৃগুমুনির ঔরদে জন্মগ্রহণ করেন। উক্ত ধাতা এবং বিধাতা আয়তি এবং নিয়তি নান্না মেরুর ছুই কথা বিবাহ করেন। তাহাদের গর্ভে ধাতা এবং বিধাতার ছুই পুত্র হয়, একের নাম প্রাণ, অপরের নাম মৃকণ্ড এবং ঐ মৃকণ্ড হইতে মৃত্যুবিজয়ি মার্ক-ণ্ডেরের জন্ম হয়। অনন্তর প্রাণের বেদপত্নীতে রাজজ্ঞ 'জনা এছণ করিল; ঐ রাজজ্ঞ হইতে হ্যুতিমান্ সঞ্জয়ের জন্ম **হয়। হেমহাভাগ! তাহা হইতেই ভা**র্গববংশ বিস্তৃত হইয়াছে । যাঁহার অপর নাম অগ্নি এবং যিনি ব্রহ্মার অগ্রজ তনয়,তিনিই স্বাহার্গর্ভে প্রমান,পারক এবং শুচি নামক তিন পুক্রের জন্ম দান করেন। তাহাদিগের ষট্চত্বারিংশৎ বংশ বিবরণ কহিতেছি জ্ঞাবণ করুন। শাস্ত্রকারেরা একোনবিংশতি বহ্হি গণনা করিয়া-ে ছেন। হে দ্বিজস তম। পিতৃগণ ব্রহ্মসৃষ্ট, এবিষয় আপনাকে পূর্কে জানাইয়াছি, তাহাদিগের হইতে স্বধা গর্ভে মেনকা এবং ধারিণীর জন্ম হয়। ইতিপূর্বে স্বয়স্তু, দক্ষকে প্রজা সৃষ্টি করিতে আদেশ করিলে দক্ষমুনি যেরূপে ভূতগণের সৃষ্টি করেন, তাহা বলিতেছি। হে মহাভাগ! প্রজাপতি দক্ষ পূর্বে মানসভূত সূজন করেন, তদনন্তর দেব গন্ধর্ক, যক্ষ,

. কিন্নর এবং অহারগণের সৃষ্টি করিলেন। যথন সৃষ্ট প্রজাগণ দিন দিন বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল, তখন প্রজাপতি দক্ষ তाशिं क्रियंत मर्पा रेम्यून पर्यात श्रात काता श्रेष्ठा त्रिक করিতে ইচ্ছুক হইলেন। তিনি ধর্মকে দশ, কশ্যপকে ত্রয়োদশ, সোমকে সপ্তবিংশতি, বিষ্ণুকে চারিটি, বহুপুত্রকে ছই, অश्रितारक ছই এবং विचान् क्रभाश्रम्निरक ছইটা कछ। সম্প্রদান করিলেন। তাহাদিগের অপত্য বিবরণ কহি-তেছি, खावन कक्रम। विश्वा हरेए विश्वापन धावर माधा ছইতে সাধ্যগণের উৎপত্তি ছইল। মরুত্বান্ ছইতে মরুত্বদৃগণ এবং বাসা হইতে বহু প্রভৃতি জন্ম গ্রহণ করিল। ভাতু হইতে ভাকুদেবগণ, मृद्रुं हहे एक मूद्रुं क जर नवमार ज रचायाथा नागरीथीत जमा रहेल। পार्थिव विषय ममछहे मक्क्व हे हेट छ উৎপন্ন হইয়াছে। সংকল্পা হইতে সংকল্পপুত্রের জন্ম হয় ; বস্থদিগের উৎপত্তি বিষয় আপনার নিকট বর্ণন করিয়াছি, এক্ষণে তাহাদিগের অভিধান বলিতেছি। ভব, ধ্রুব, দোম, অনিল, অনল, বিষ্ণু, প্রভুষ, প্রভব, শাস্ত্রকারগণ এই অই-বহু সংখ্যাত করিয়াছেন। তাহাদিগের শত সহস্র পুত্র পোজ জন্মগ্রহণ করিয়াছে। অদিতি, দিতি, অরিষ্ঠা, সরদা, হুরভি, বিনতা, তাত্রা, ক্লোধা, পুদা, ইরা এবং কজ্র, এই সকল তাহাদিগের অপত্য বলিয়া পরিগণিত। অদিতি গর্ভে কশ্যপকর্তৃক দাদৃশ পুত্র জন্ম গ্রহণ করে, তাহাদিগের নাম করিতেছি, প্রবণ করুন। ভাগ, অংশু, অর্থামা, বশিষ্ঠ, বরুণ, দবিতা, ধাতা, বিবস্বান্, ছম্টা, পুষা, ইন্দ্র এবং বিষ্ণু। দিতি গর্ভে ছু**ই পু**জ্র জন্ম গ্রহণ করে, তাহাদের একের

নাম হিরণ্যাক্ষ, অপর হিরণ্যকশিপু। মহাকায় হিরণ্যাক্ষ বারাহ এবং হিরণ্যকশিপু, নারসিংহকর্ত্ক বিনিহত হয়। এতদ্বিধা বহুমহাকায় মহাবল দিতিপুত্র জন্ম গ্রহণ করে।

অরিষ্টা হইতে কশ্যপকর্ত্ব গন্ধর্বগণ এবং সরসা গর্ভে বিদ্যাধরগণের জন্ম হয়। স্থান্ত গির্ভে কশ্যপকর্ত্ব গাভীগণের জন্ম হইল। বিনতার দুই প্রখ্যাত পুত্র গরুড় এবং অরুণ জন্ম গ্রহণ করিয়া, গরুড় বিষ্ণুর বাহনত্ব এবং অরুণ সূর্য্যারথিত্ব স্বীকার করিল। তাত্রা গর্ভে কশ্যপকর্ত্ব অথ, উট্র, গর্দ্ধ, হস্তী, গর্ম এবং মৃগগণের উৎপত্তি হইল। ক্রোধাগর্ভে তির্পিরীত সুষ্টমতি হিংল্র-পশুনিকর জন্মগ্রহণ করিল। ইরা অর্থাৎ জল হইতে রক্ষলতা বল্লা তৃণাদি পদার্থের সমৃদ্ধৃতি হইল। পুসাগর্ভে যক্ষ, রক্ষ, অপ্সরা এবং কক্র হইতে দক্ষপুক্দিগের সৃষ্টি সম্পাদ্ধিত হইল।

হে ছিজ! পূর্বে যে সপ্তবিংশতি ছব্রত সোমপত্নীগণের কথা বলিয়াছি, তাহাদিগের গর্ভে বুধাদি পুত্র জন্ম গ্রহণ করে। অরিফনেমির পত্নীদিগের ষোড়শাপত্য সমুদ্ধৃত হয়। বিদ্বান্ বহুপুত্রের বিহ্যুদাদি চারিটী কন্মা জন্ম। প্রত্যাঙ্গির হইতে প্রেষ্ঠ ঋষিগণ এবং কৃশাশ্ব হইতে দেব প্রহরণাদির উৎপত্তি হইল। হে ছিজোত্তম! আমি ষাহাদিগের বিষয় বর্ণন করিলাম,ইহারা যুগসহস্রান্তে পুনরায় জন্ম গ্রহণ করে। এই সর্বিস্থাবরজঙ্গনকশ্যপদায়াদগণের বিষয় যথাবৎ বর্ণন করিলাম।

এই কশ্যপণায়াদগণের পুত্র পৌত্রাদি কর্তৃক প্রজাপতি ব্রহ্মার সৃষ্টি আবদ্ধ হইয়া রহিয়াছে। হে বিপ্রে! দেবপ্রবর ধীমান্ নারসিংহের এই সমস্ত বিভৃতি কীর্ত্তন করিলাম। দক্ষক্যাদিগের অপত্যাদি বিষয়ও সম্যক্ কথিত হইয়াছে। যে ব্যক্তি প্রদাবান্ হইয়া এই কথিত সৃষ্টিবিবরণ স্মরণ করিবেন, তিনি নিশ্চয়ই যশং এবং সম্মানবান্ হইবেন। সর্গ, অনুসর্গ এবং সৃষ্টি বির্দ্ধি হেতু সংক্ষেপতঃ বর্ণন করিলাম। যাঁহারা একাগ্রচিতে এই নারসিংহ পুরাণোক্ত সৃষ্টিবিবরণ পাঠ করেন, ভাঁহাদিগের চিত্তক্ষেত্র সর্বাদা পবিত্রভাব অবলম্বন করিয়া থাকে।

है जि जीनादिनिःहभूतात्व भक्षरमाह्यात्र ममाश्च ।

#### ষষ্ঠ অধ্যায়।

সূত কহিলেন, হে দ্বিজ্বর ! আমি বিফুর জগৎস্প্তি
বিষয় সাকলা আপনার নিকট বর্ণন করিয়াছি। দেব দানব

যক্ষাদি কিরুপে সমূৎপন্ন হইল, তাহাও প্রবণ করিলেন—

এক্ষণে বশিষ্ঠ কিরুপে মিত্রারক্ষণের পুত্র হয়েন,
পূর্ব্বাহ্লে এই যে প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন, সেই পুরাতন
পুণ্যাখ্যান আপনার নিকট বর্ণন করিতেছি, প্রবণ করুন।

সর্ব্ধর্ম তত্ত্বজ্ঞ, সর্ব্ববেদবিদাম্বর, সর্ব্ববিদ্যাপারগ

প্রজাপতি দক্ষ মহামূনি কশ্যপকে ত্রেয়োদশ কন্থা দান করেন, তাহাদিগের নাম পূর্ব্বেই বলিয়াছি। কশ্যপ অদিতিগর্ভ হইতে অগ্নিপ্রভ দাদশ পুত্র সমুৎপাদন করেন। ছে দ্বিজসতম ! তাহা-দিগের নাম পুনরায় বলিতেছি, প্রবণ করুন। ভাগ, অংশু, অর্থ্যমা, মিত্র, বরুণ, সবিতা, ধাতা, বিবস্বান্, অফী, পূষা, ইক্ত এবং বিষ্ণু! এই দাদশাদিত্য তপশ্চরণ দারা নিত্য বৃদ্ধি প্রাপ্ত হইতেছে। অঞ্চিতর মধ্যম পুত্র লোকপাল वक्रन मर्वामा वाक्रनी निभ्वती रहेशा अविष्ठि करतन। পশ্চিম সমুদ্রের প্রত্যগ্দিগ্বন্তী ধাতৃপ্রস্রবণান্বিত,সর্ব্যবন্ধরত্বময়-শৃঙ্গবিভূষিত মহাদরী গুহাসমন্ত্রিত, সিংহশার্দ্ধনাদিত, নানা-বিবিক্তভূমিশোভিত এবং দেবগৰ্ধবদেবিত শ্ৰীমান্ অস্ত্ৰু নামক পর্বত শোভমান আছে। সহস্রবাশ্ম যে গিরিচ্ডাবলম্বন করিলে, জগৎ ধ্বান্তমালাবৃত হয়, সেই গিরিশৃঙ্গে জামুনদ তরঙ্গায়িত, বিশ্বকর্মার মণিময়স্তম্ভবিনির্মিত, ভোগদাধনসমূদ্ধ স্থাবতী নাল্লী এক পুরী বিদ্যমান আছে। তথায় স্বতেজো দেদীপামান বরুণাদিত্য স্বয়ং প্রজাপতি ব্রহ্মা কর্তৃক সর্ব্ব-লোকপালক এবং তৎসংরক্ষক হইয়া বাস করেন। গদ্ধর্ক এবং অপ্দরকুল বন্দারু স্বরূপে তাঁহার স্ততিপাঠ করিয়া थारक।

এক দিবস বরুণ দিব্যগন্ধামুলিপ্তাঙ্গ দিব্যাভরণভূষিত হইয়া মিত্রের সহিত কানন পর্যাটনে গমন করিলেন। তাঁহারা কৃষ্ণাজিনধারী হইয়া রমণীয়, সদাব্রহ্মর্যিশোভিত, নানা-পুষ্পা ফলোপেত, নানাতীর্থ সমন্বিত এবং বন্তপুণ্যফলদ কুরুক্তেত্র তীর্থে তপশ্চরণ করিতে আরম্ভ করিলেন। এমত

সময়ে তথায় এক বনোদেশে, নানাপকিনিষেবিত বছগুলা-লতাকীর্ণ, অতীব পবিত্র, নানাতরুবনাচ্ছন্ন, নলিয়োপশোভিত এবং বহুবিধ মীনকচ্ছপবিরাজিত পৌগুরীক নামধেয় শুভ সরোবর সন্দর্শন করিয়া, ত্রন্মচারী মিত্রাবরুণ ভ্রাতৃযুগল ইতস্ততঃ বিচরণ করিতে করিতে যদৃচ্ছা-क्तरम तमहे मरतावता जिम्राच गमन कतिरलन। तमिरलन, বরাননা উর্বাশী নামী অপ্নরা স্কীণের সহিত সরো-'বরে বিশ্রম্ভভাবে নিৰ্জ্জনবনে স্নান, গান এবং হাস্থ্য কৌতুক করিতেছে। দেই গৌরবর্ণা, কমল গর্ভাভা, ক্লিগ্ধ কৃষ্ণ-শিরোরুহা, পদাপত্র বিশালাকী, রক্তোষ্ঠী, মৃহুভাষিণী হুজ, ञ्नामा, ञ्रनथा, ञ्ललाहा, मनश्रिनी, कदमस्मि वस्पान्त्री, পীনোক্র জঘনা, পাবরস্তনী, তম্বস্থী, মধুরালাপা, স্থমধ্যা, ठां ऋशांतिनी, तरकां ९ भनक त्रभामा, ⊕ २ भनी, दिनशांत्रिका, पूर्न-চক্রনিভাননা এবং মন্তকুঞ্জরগামিনী অপ্সরাকে অবলোকন করিয়া,তাহার রূপে উভয়েই বিমুগ্ধ হইলেন। তাহার খাস্থ নৃত্য এবং ঈষদ্ধদনের সহিত বনপ্রদেশন্থ শীতল হুগন্ধ বায়ু তাঁহা-দিগকে আকুল করিল। পুংকোকিলের মধুরস্বর, ভ্রমরের গুণ্ পুণ্ শব্দ এবং উর্বশীর হৃমিষ্ট গীতকর্ত্ক আরুষ্ট হইয়া, মিত্রাবরুণ কামভাব শভঃ নেত্রাপাঙ্গে সেই দিকে দৃষ্টিপাত করিলেন। স্বতরাং মানসিকভাবের অশুণা হওয়ীতে,ভাঁহাদিগের বেতঃ তিন ভাগে বিভক্ত হইয়া একাংশ কমলে.একভাগ জল-मर्पा धवः धक जांग स्टल क् खम्पा भिक्ठ हरेल। कमरल বশিষ্ঠ, স্থলে কুম্ভমধ্যে পতিত হওয়াতে, অগস্ত্য এবং জলে মীনগণের উৎপত্তি হইল। এই সময় উর্বেশী মর্ত্য পরিহার পূর্বক স্বর্লোক গমন করিল—মিত্রাবরুণও স্বাঞ্চমে আগমন সনাতনপ্রাপ্ত্যভিলাষী হইয়া ঘোরতর পূর্বক পরত্রন্ধ তপশ্চরণারম্ভ করিলেন। অনন্তর লোককর্তা প্রাক্তা পতি ব্ৰহ্মা পুত্ৰবান্ মহান্ত্যতি মিত্ৰাবৰুণ সমীপে আগমন পূর্বক কহিলেন, ছে মিত্রাবরুণ! আর তপশ্চরণের প্রয়ো-জন নাই, তোমাদিগের অভিব্যষিত সংসিদ্ধ হইবে, এক্ষণে পূর্বব স্বাধিকার প্রবৃত্তী হইয়া লোকসংরক্ষণ কর। এই বলিয়া ব্ৰহ্মা অন্তৰ্হিত হইলেন 🧗 তাঁহারাও স্বাধিকার প্রাপ্ত हरेश वान क्रांत्रक लागित्लन । एह विक्रमख्य ! धरेत्राप আমি ধীমান্ অগন্ত্য এবং মহাত্মা বশিষ্ঠ কিরূপে মিত্রাবরু-ণের পুত্র হইয়াছিলেন, তাহা যথায়থ বর্ণন করিলাম। এই পুণ্যশীল পাপনাশন বারুণাখ্যান ভাবণ করিলে পুত্রবিহীন নুপতি, পুত্র এবং সর্ব্দেশা হইতে বিমৃক্তি লাভ করেন। সন্ততিকামব্যক্তি একমনাঃ **হই**য়া প্রবণ করিলে অচিরে পুত্র-लां करत, देशां कि इ्यां गत्नर नारे। य गांकि নিত্য ধ্ব্যক্ষেত্র এই আখ্যান পাঠ করেন, তাঁহার দেবলোক এবং পিতৃলোক পরম তুষ্টি প্রাপ্ত হয়েন। যে ব্যক্তি প্রত্যুষে গাত্রোত্থানান্তে সংঘত এবং শুচি হইয়া এই পাপনাশন বারুণ্যাখ্যান পাঠ করেন, তিনি হুরবৃন্দ পরিবেষ্টিত স্বর্ধাম প্রাপ্ত হইয়া চিরানদে পুরমান হয়েন। হে মহাভাগ! আমি এই পুরাতন মিত্রাবরুণাখ্যান আপনার বিকট বর্ণন করিলান। যে ব্যক্তি এই প্রবন্ধ একতান চিত্তে প্রবণ করেন, তাঁহার চিত্ত সংশুদ্ধ হয় এবং তিনি সম্বর হরিলোক गमन करतन।

#### সপ্তম অধ্যার।

ভরদান কহিলেন, হে সূত! মার্কণ্ডেয় মুনি কিরুপে মৃত্যুকে পরাজিত করিয়াছিলেন, এই বিষয়ের যে সূচনা করিয়াছিলে, একণে সেই আখ্যান শ্রেবণ করাইয়া আমার ফ্রুম পরিতৃপ্ত কর।

সূত কহিলেন, হে মুনিদন্তম ভরদাজ ! হে সশিষ্য ঋষিকদন্ত !
মার্কণ্ডেয় মুনি যেরূপে মৃত্যুকে পরাজিত করিয়াছিলেন, সেই
বিবরণ অতীববিচিত্র এবং কোতৃহলোদীপক । আপমারা একাপ্রচিত্তে সেই অদুত বিবরণ প্রবণ করুন । একদিবস বেদব্যাসনন্দন শুকদেবগোস্বামী, মহাপুণ্য ব্যাসপীঠ কুরুক্তেত্রে
কৃতস্মান, কৃতজপ, মুনিশিষ্য পরিবেস্তিত, বেদবেদাঙ্গতভ্বজ্ঞ,
সর্বিশাস্ত্রবিশারদ কৃষ্ণদৈপায়ন মুনিকে যথাবিধি প্রণাম
করিয়া জিজ্ঞাসা করিলেন, হে তাত ! মহামুনি মার্কণ্ডেয়
কিরূপে মৃত্যু জয় করিয়াছিলেন, এই অদুতাখ্যান বর্ণন করিয়া
আমার হৃদয়ে অমৃত বর্ষণ করুন । প্রবণ করিবার জয়্য
আমার মনঃ অতীব ব্যস্ত হইয়াছে ।

ব্যাস কহিলেন, হে বংস! মার্কণ্ডেয় মুনি যেরপে
মৃত্যু জয় করিয়াছিলেন, সেই বিচিত্রাখ্যান বর্ণন করিতে
আমার নিতান্ত কৌত্হল জন্মতেছে—হে মুনিগণ! আপনারা একাগ্রচিত্তে প্রবণ কর্মন।

ভৃগুমুনির খ্যাতিপত্নীতে মকণু নামক পুত্র জন্ম গ্রহণ

করে, ঐ মৃকতুর ধর্মজ্ঞা, ধর্মনিরতা, পতিশুন্তাধণরতা হৃমিত্রা-নাম্না পত্নীগর্ভে মার্কণ্ডেয় মুনির জন্ম হয় ∤ ভ্গুপৌত্র মহা-ভাগ বালক মার্কণ্ডেয় পিতৃসংস্কৃত হইয়া দিন দিন বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিলেন। তিনি জন্মগ্রহণ করিবামাতেই এই ভবিষ্যবাণী হইল যে, এই বালক, দাদশবর্ষ পূর্ণ হইলে পঞ্ছ প্রাপ্ত হইবে। সেই বাক্রিঞাবণ এবং পুক্রবরের ম্খ-কমল অবলোকন করিয়া মার্কণ্ডেয় মুনির জনক জননী অতীব খিদ্যমান এবং ভগ্লদয় হইঃলেন। তথাপি মুনিবর মৃক্তু যত্নপূর্বক সাকল্য কাল্জিয়া बैम्পাদন করিলেন। গুরুশুজা-ষণোদ্যত মার্কণ্ডেয় গুরুগৃহে অবস্থিত হইয়া বেদাদি শাস্ত্র-পাঠানন্তর পুনরায় স্বকীয় পিতৃগৃহে আগমনাত্তে যথাবিধি পিভূমাভূপদ বন্দনা করিয়া গৃছে অবস্থান করিতে লাগিলেন। দেই মহাত্ম। পুত্রবরের মুখাবলোকন করিয়া এবং তাঁহার বিচক্ষণ প্রজার পরিচয় প্রাপ্ত হইয়া জনক জননী অতীব ছুঃথিত হইয়া রহিলেন। মহামতি মার্কণ্ডেয় ভাঁহাদিগকে এবস্তুতি তুঃখাপন্ন অবলোকন করিয়া জননীকে সম্বোধন পুরঃ-नत कहिरलन, ८१ माजः! जिल्लामा कति, जाभनानिगरक সর্বাদাই খিদ্যমান দেখিতেছি, ইহার কারণ কি? আপনি সতত পিতার সহিত উপবিষ্ট হইয়া, তু:খাগ্রি কর্তৃক দহুমানা হইতেছেন, ইহার স্বরূপ ব্যক্ত করিয়া আমার আন্দোলিত হানয়কে হুস্থ করুন। পুত্রক মার্কণ্ডেয় এইরূপ প্রশ্নবিধান করিলে; তমাতা তৎসম্বন্ধীয় ভবিষ্যবাণী যথায়থ তাঁহার निकटि वर्गन कतिरलन। जन्न धार्यन कतिया यूनिवत मार्क-তেয় জননীকে কহিলেন, মাতঃ! আপনারা আমার মৃত্যুর

জন্য খিদ্যমান হইবেন না, আমি তপোবলে স্বকীয় মৃত্যু বিদূরিত করিব, এবিষয়ে কিছুমাত্র সন্দেহ করিবেন না। যাহাতে আমি চিরজীবন লাভ করিতে পারি, সেইরূপ মহ-ভ্রপশ্চরণ ক্রিতে প্রবৃত হইব। এইরূপ জনক জননীকে প্রবোধ প্রদান করিয়া মুনিপুঙ্গব মার্কণ্ডেয় নানামুনিবিভূষিত **ब्ह्रीवन मर्सा श्रविके ह्हेरलन। श्रदिभास्ड रम्थिरलन**, মুনির্ন্দ্র্রাহিত স্বকীয় পিতামহ ভৃগুমুনি উপবিফ আছেন। বশী মহামতি মার্কণ্ডেয়, যথাবিধি পিতামহকে প্রণামানন্তর বদ্ধাঞ্জলি হইয়া অগ্রতঃ দণ্ডায়মান হইলেন। মুনিশ্রেষ্ঠ ভূগু মহাভাগ শিশু পোত্র মার্কণ্ডেয়কে আগমন করিতে দেখিয়া কহিলেন, হে পুত্র ! তুমি পিতৃমাতৃবান্ধবগণের অদর্শনীভূত হইয়া এই ঘোরারণ্যে কিজন্য আগমন করিলে ? যথন ভৃগু, মার্কণ্ডেয় মুনিকে এই প্রশ্ন করিলেন, তখন মহা-মতি মুনিপুঙ্গৰ মাৰ্কণ্ডেয় যেরূপ মাতৃমুখ হইতে ভবিষ্যবচন শ্রবণ করিয়া ছিলেন,তাহা আমূলতঃ বর্ণন করিলেন। পৌত্র-বচন প্রবণান্তে ভৃগু পুনরায় কহিলেন, হে পুত্রক! এঁক্ষণে ভূমি ভবিষ্যবাণী সম্বন্ধে কি কর্ম করিলে আয়ুম্মান্ হইবে ? মার্কণ্ডেয় কহিলেন, সম্প্রতি আমি ভূতাপহারি মৃত্যুর জয় সাধন করিতে ইচ্ছুক হইয়াছি। হে গুরো! এক্ষণে বলুন, কি উপায়ে আমার উদ্দেশ্য সফল হইবে ? ভুগু কহিলেন. হে বৎস! সেই অচিন্তা, নিরাময় স্বয়ং ভগবান্ নারায়ণের আরাধনা ব্যতীত মহত্তপশ্চরণ দারা কে মৃত্যু জয় করিতে সমর্থ হয় ? অতএব তপস্থাবলে সেই অনন্ত, অজ, অচ্যুত, প্রুষোত্তম, ভক্তপ্রিয়, ভক্তার্থ বিষয়, ভগবানের শরণ গ্রহণ

কর। পূর্বকালে মৃনিভার্চ দেবর্ষি ব্রহ্মারপুত্রনারদ, তপোবলে দেই অনাময় নারায়ণের শরণ গ্রহণ করিয়াছিলেন,
দেই হরির প্রসাদেই উক্ত মৃনিপুঙ্গব, জরা মৃত্যু জয় করিয়া
দীর্ঘায়ঃ হইয়া বাস করিতেছেন। হে বংস! সেই ভক্তবংসল
পুগুরীকাক্ষ নারিসিংহ ব্যতীত কে সদৈশ্য মৃত্যু পরাজয় করিতে
সমর্থ হয় ? অতএব সেই লক্ষীপিতি গোপাল, গোবিন্দ,
লোককর্তা বিফুর শরণাপদ হও। হে পুত্রক! যদি জন্মশৃশ্য সতত অব্যয় নারিসিংহের পূজা কর, তবে নিশ্চয় বলিতেছি, তুমি সদৈশ্য মৃত্যুকে পরাজিত করিতে সমর্থ হইবে।

পিতামহ ভ্গু এই কথা ‡হিলে, মার্কণ্ডেয় বিনয় পুরঃসর পিতামহকে কহিলেন, ছে তাত! ইহা স্থিরনিশ্চয় যে,
বিফুই আরাধ্য,তাঁহার আরাধনাস্তে তাঁহাকে স্থপ্রসম করিতে
পারিলে, মৃত্যুর মৃত্যুকেও পরাজয় করিতে পারা যায়।
একণে ছে গুরো! বলুন দেখি, কোথায় গমন করিয়া দেই
অচ্যুতের আরাধনা কার্য্যে প্রস্তু হইব, যাহাতে ভগবান
স্থপ্রসম হইয়া আমার সদ্য মৃত্যু হরণ করিবেন।

ভৃত কহিলেন, সহ্যপর্কত সম্ভূতা তুঙ্গা এবং ভদ্রা নামা 
তুই ভগিনী নদাস্বরূপা বিদ্যমান আছে। হে বৎস! তুনি
এই উভয়ের মধ্যে ভদ্রাতটে কেশবমূর্ত্তি সংস্থাপন করিয়া
গন্ধপুশাদি ঘারা জগন্ধাধের আরাধনান্তে ইন্দ্রিয়গ্রাম এবং
মনঃ সংযত করিয়া শন্মচক্রগদাধর মূর্ত্তি হৃদয়ে ধ্যান করিতে
করিতে একমনাঃ হইয়া "ওঁ নমো ভগবতে বাহ্নদেবার" এই
ঘাদশাক্ষর অপ করিবে। তাহাতে ভগবান্ প্রীত হইয়া
সদ্য তব মৃত্যু দুরীভূত করিবেন।

ব্যাস কহিলেন, পিতামছের বাক্যাবসানে মুনিবর মার্ক-তেয় সম্ভূষ্ট হইয়া তাঁহাকে প্রণামানন্তর সহ পর্বতাভি-মুখে প্রস্থান করিলেন। তদনস্তর নানাক্রমলভাকীর্ণ, নানা পুষ্পাদমাকুল, গুলাবেশাপরিপূর্ণ, নানা মুনিদেবিত সহ্পাদো-**দ্র, তাভদ্রাতটে বিষ্ণুমূর্ত্তি প্রতিষ্ঠাপিত করিয়া ভগবানের** পূজারম্ভ করিলেন। হরিপুজা সমাধানান্তে ত্রস্তর তপশ্চরণ कार्या श्रव् हहेरनन। मूनिट्यष्ठं मार्कएवत्र अठाव कान অতন্ত্রিত এবং নিরাহার হইয়া তপশ্চরণ এবং দিবদে ছুই-বার যথাবিধি অবগাহনকার্য্য সমাধা করিয়া দেবদেব বিষ্ণুর করিলেন। অনন্তর ইন্দিয়গ্রাম সংরোধানন্তর বিশুদ্ধান্তঃকরণে প্রণাম করিয়া ওঁকার উচ্চারণে হৃদয়মধ্যে পদ্ম বিকাশন করিলেন। সেই পদ্মমধ্যে রবি, সোম, অগ্রি মণ্ডল যথাক্রমে আলিখিত করিয়া অতঃপর হরির পীঠ কল্লনা করিলেন। পীতাম্বরধর শন্মচক্রেগদাপদ্মধারী সনা-তন বিষ্ণুর পুষ্পভার প্রদানে অর্চনা করিয়া, তৎপ্রতি নিবিষ্ট মনাঃ হইয়া, ত্রহ্মরূপ হরিকে ধ্যান করিতে করিতে মন্ত্র উচ্চারণ করিতে লাগিলেন। এইরূপ দেবদেব জগৎ-পতির পাদপদ্মে মনঃসংযোগ করিয়া মহামুনি মার্কণ্ডেয় হরির ধ্যান করিতেছেন, এমত সময়ে কাল সম্পূর্ণ হওয়াতে যমাজ্ঞা প্রাপ্ত হইয়া যমকিকরগণ মার্কণ্ডেয় সন্নিধানে আগমন করিল। পাশহস্ত কিঙ্করগণ মার্কণ্ডের মুনিকে যমসদন লইবার চেষ্টা করিলে,বিষ্ণু দূতগণ তাহাদিগকে হনন করিতে আরম্ভ করিল 🖊 তাহারা ত্রস্ত হইয়া প্রশান করিবার সময় विलाखु लागिल, हांग्र ! चामता यथन विकेख रहेलाम, चावात

বিষ্ণুদূতগণ আমাদিগের জীবন গ্রহণ করিতে অভিলাষী, অতএব এস্থানে থাকিবার কিছুমাত্র প্রয়োজন নাই—স্বয়ং মৃত্যু আসিয়া স্বকার্য্য সাধন করুন।

তদনম্ভর মৃত্যু স্বয়ং আগমন করিয়া, মহাত্মা মার্কণ্ডেয়-মুনির পার্ম দেশে পরিজ্ঞমণ করিতে লাগিল, বিষ্ণুদূতগণ তাহাকে দেখিবামাত্র লোহনির্মিত মুষল গ্রহণ করিয়া "রে मुजूर ! व्यायता ट्यादत रुनन कित्तत, तनव तनव क्यवान् विकृत আদেশক্রমে আমরা মার্কণ্ডেয়ৰুনির রক্ষণার্থ এই স্থানে উপ-স্থিত আছি।" এই বলিয়া মৃক্তাকে বিনষ্ট করিতে উদ্যত হইল। অতঃপর বিষ্ণুপ্রীতমনাঃ মহামতি মার্কণ্ডেয় দেব দেব জনার্দনকে সাফীঙ্গ প্রণিশান্ত করিলেন। ভগবান্ বিষ্ণু অতীব প্রীত হইয়া, মহাত্মা মার্কঃওয়ের কর্ণবিবরে এই স্তোত্র वोका छेलान खतल श्राम किताना । "उ नाम जान-বতে বাহাদেবায়"। মার্কণ্ডেয় তদাতচিত্তে উক্ত স্তোত্তা-চ্চারণে ভগবানে য় স্তব করিতে লাগিলেন। সহস্রাক্ষ পদ্ম-নাভ ছ্যীকেশ নারায়ণকে প্রণাম করিতেছি, মৃত্যু আমার কি করিবে ? জগদ্যোনি অতীন্দ্রিয় বস্তু বাহুদেবকে অভি-বাদন করিতেছি, আর মৃত্যুর অধিকার নাই। শশুচক্রধর ছম্মরপী অব্যয় অধোকজের শরণ লইলাম, মৃত্যু আমার কি করিবে ? বরাহাবতার নারসিংহ জনার্দন বিষ্ণুর শরণ গ্রহণ कतिलाम, आत मृष्ट्रा आमात कि कतिरव १ पूर्रा पुक्त तक्क विक জগৎপতি লোকনাথের শরণাপন্ন হইলাম, মৃত্যু আমার কিছুই করিতে পারিবে না। ভূতাত্মা, মহাত্মা, যজ্ঞযোনি, অযোনিজ সেই বিশ্বপাবনের আত্রয় গ্রহণ করিলাম, আর আমার মৃত্যুর ভয় নাই। সহস্রশীর্ষ ব্যক্তাব্যক্ত দেব সনা-তনের শরণ লইতেছি, মৃত্যু ভয়ত্তত হইয়া এখনই প্রস্থান করিবে।

মহাত্মা মার্কণ্ডেয় এইরপ দেবদেব বিষ্ণুর স্থোত্র পাঠ
করিলে মৃত্যু বিষ্ণৃদ্তগণকত্ক তাড়িত হইয়া প্রস্থান
করিল। হে বৎস! এইরপে মহামুনি মার্কণ্ডেয় মৃত্যু
পরাজয় করেন। হে নন্দন!পুণ্ডরীকাক্ষ স্থপ্রস্থার হইলে
জগতে কিছুই স্বত্পপ্রভি হয় না। স্বয়ং ভগবান্ বিষ্ণু মার্কণ্ড্য হিতসাধনের জন্য এই মৃত্যুপ্রশমন স্তোত্র প্রদান করিয়া
দিলেন। যে ব্যক্তি একাগ্রচিতে এই স্থোত্র ত্রিকাল শুচি
এবং নিয়ত থাকিয়া অধ্যয়ন করেন, সেই কৃষ্ণার্পিতিচিত্ত
মানবের অকালমৃত্যু সংঘটিত হয় না। যাঁহা হইতে সহস্রাংশু, সহস্রাংশুসম্পন্ন হইয়াছেন, যিনি সেই আদিদেব,
পুরাণ পুরুষ, চিরবিরাজিত ভগবান্কে হুৎপদ্মমধ্যে ধ্যান
করিয়া থাকেন, মৃত্যু কদাচ তাঁহার নিকটে আগমন করিতে
সমর্থ হয় না।

ইতি শ্রীনারসিংহপুরাণে সপ্তমোহধ্যার সমাপ্ত।

#### অক্টম অধ্যায়।

বেদবাাস কহিলেন, মৃত্যু এবং তৎকিঙ্করগণ বিষ্ণুদ্ত-গণ কর্ত্তক প্রপীড়িত হইয়া ধর্মরাজদানিধ্যে গমন

कतिया निर्यापन कतिल, ८६ ताकन् ! व्याभागिरभेत वहन ख्येवन করুন। আপনার আদেশে মৃত্যুকে দূরবর্তী করিয়া ভৃগু-পোত गार्कएश्रम निकर्ववर्धी इट्रेंट ट्रिकी कविनाम, কিন্তু মুনিশ্রেষ্ঠ মার্কণ্ডেয়, একাগ্রচিত্তে কোন দেবের আরাধনা করিতেছেন, হৃতরাং আমরা তৎপার্থবর্তী हरेट नमर्थ हरेनाम ना। आमन्ना त्यमन निक्रेन्ट हरेनान চেন্টা করি, অমনি মহাকায় পুরুষ্গণ মুধলহস্ত হইয়া আমা-দিগকে বিনষ্ট করিবার চেন্টা করে। এইরূপে ভয়গ্রস্ত হইয়া তৎপাশ হইতে প্রতিনির্দ্ধ হইলে, মৃত্যু আমাদিগকে ভংর্সনা করিয়া, মুনি পুঙ্গব মার্ক্সেওয়কে আক্রমণ করিবার উদ্যোগ করিলেন। কিন্তু তিটিও ঐ মুধলধারী মহাকায় পুরুষগণ কর্ত্ব আহত হইয়া প্রস্থান করিলেন, ঐ তপঃস্থিত ব্রাহ্মণের কিছুই করিতে পারিলের না। হে মহারাজ! এই-क्राप्त वामना नकरन है छक जाकानमहान भवाछ हहेबाहि, একণে আপনাকে জিজাগা করি, ঐ বিপ্র অবিরত কোন্ ८ म्टिन व श्वातां स्वा कतिराजिए हम, अवः ८ य मकल महाकात मूयल-ধারী পুরুষ কত্তি আমরা আহত হইলাম, তাহারাই বা কে ? ব্যাদ কছিলেন, মহাবুদ্ধি বৈবস্বত যম মৃত্যু এবং তৎকিল্পরগণ কর্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া কিয়ৎকণ भागांवनम्बन कतिया छेखत कतिरलन। ८६ मृष्ट्रा! अवः किइत्र त्रा ! व्यव कत, के त्य विश्व चडून त्या नावन कतिया একাগ্রচিত্তে তপশ্চরণ করিতেছেন, উনিই ভ্গুপোত্র মার্ক-তের। ঐ মুনিপুঙ্গব স্বকীয় আয়ুংকাল পরিপূর্ণ জানিয়া মৃত্যু জয় করিবার জন্য পিতামহ ত্ওকথিতমার্গাবলম্বনে

দ্বাদশাক্ষর মস্ত্রোচ্চারণে হরির আরাধনা করিয়া তুস্তর তপ-**म्हत्र क्रिटाइन. जरः ज्याजित्व स्मार्य (क्रम्यराम्यत्र** হইয়া আছেন। ঐ মুনি দৰ্বদা যোগমুক্ত। মহামতি মার্ক-ত্তেয় হরিধ্যান পরায়ণ হইয়াই মৃত্যুহন্ত হইতে রক্ষা প্রাপ্ত হইলেন, নতুবা প্রাপ্তকাল জাবমাত্রেই আমার নিয়ম উল্ল-জ্মন করিতে সমর্থ হয় না। সতত ভক্তবৎসল পুগুরীকাক হৃদ্মধ্যে বিরাজিত থাকিলে জীবগণের মৃত্যু ভয় নাই—হে কিঙ্করগণ! ইহা নিশ্চয় জানিও, যাহাদিগের দ্বারা তোমরা একান্ত প্রপীড়িত হইয়াছ, ঐ কেশবাঞ্জিত বিষ্ণুদূতগণের কিছুতেই বিনাশ নাই। অতএব ভোমাদিগকে জ্ঞাপন করিতেছি, যাহারা হরিনামাশ্রিত,বিষ্ণুদৃত সর্বাদা যাহাদিগকে রক্ষা করিতেছে, তাহাদিগের নিকটে তোমাদিগের গমনা-ধিকার নাই। বিষ্ণুদূতগণ তোমাদিগকে যে তাড়না করি-য়াছে, তাহা বিচিত্র নহে, রে ছুরাত্মন্! বিষ্ণুদূতগণকর্তৃক প্রশীড়িত হইয়াও, তোদের প্রাণ এখনও দেহ পরিহার করে নাই ইহা অতীব আশ্চর্য্যের বিষয়। নারায়ণাশ্রৈত দিজ সত্তমের প্রতি অবলোকন করিতে কে সমর্থ হয় ? আমরা পাপপরিপূর্ণদেহে মার্কণ্ডেয়মুনির প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ নহি। আমি আজ্ঞা প্রদান করিতেছি, যে মানবগণ মহাদেব নারসিংহের আরাধনা করে. তোমরা তাহাদিগের পাশ্বে কলপি গমন করিবে না।

বেদব্যাস কহিলেন, ধর্মরাজ, মৃত্যু এবং কিন্ধরগণকে এইরূপ উপদেশ প্রদান করিয়া প্রণীড়িত নরকন্থ পাপি-গণের প্রতি অবলো কন করিলেন। যে সকল কৃষ্ণাভক্ত মানব

ছঃসহ কট ভোগ করিতেছিল, রূপাপরবশ হইয়া তাহা-দিগকে বিমুক্ত করিলেন। ধর্মরাজ নরকপ্রপীড়িত মানব-গণের প্রতি সদয় হইয়া স্থবিমল উপদেশ বাক্য প্রয়োগ পূর্বক কহিলেন, ছে পাপিগণ! উপকরণের অভাব হইলেও কি কারণ তোম রা শুদ্ধমাত উদক দারা সর্ব্বক্লেশনাশন দেবদেবের পূজা সমাধান কর নাই ? যে পুগুরীকনিভেক্ষণ নারসিংহ হুষীকেশের স্মরণমাত্রে মুক্তিলাভ হয়, যিনি জীব-গণকে বৈকুপ্তধাম প্রদান করেন,কেন সেই অচিন্ত্য নিরাময়,অজ এবং অব্যয় বিষ্ণুর অর্চনা কর নাই ?/অন্তক, নারক জীব-গণকে এইরূপ উপদেশ বাক্য প্রয়োগ করিয়া পুনরায় কিঙ্করদিগকে কহিলেন, ছে কিঙ্করগণ! সাক্ষাৎ বিষ্ণু ভক্তিপরায়ণ দেবর্ষি নারদ প্রতি ভগবান্ এই উপদেশ বাক্য ° প্রয়োগ করিয়াছিলেন, অন্যান্য সিদ্ধ এবং বৈষ্ণবগণের মুধ হইতে যাহা প্রবণ করিয়াছি, সেই অপূর্ব্ব অমৃততুল্য হরি কথা বর্ণন করিতেছি, প্রবণ কর। \যে ব্যক্তি ''কৃষ্ণ কৃষ্ণ'' এই বাক্য উচ্চারণ করিয়া আমাকে সারণ করে, যেমন বারি ভেদ করিয়া কমলোদ্ধার হয়,দেইরূপ আমি নরক হইতে কৃষ্ণনামোচ্চারী দেই মহামতির উদ্ধার করিয়া থাকি। যে জীব "হে পুগুরীকাক্ষ,ছে দেৰেশ, হে ত্রিবিক্রম,ছে নারসিংহ আমি তোমার শরণাপন্ন হইলাম" এই কথা উচ্চারণ করে আমি তাহাকে অনস্তক্ষেশ হইতে উদ্ধার করি।

বেদরব্যাস কহিলেন, কৃতান্ত এইরূপ হরিগুণসংকীর্ত্তন করিলে,নারক জনগণ, কৃষ্ণ কৃষ্ণ ! হে নারসিংহ ! এইরূপ শব্দোচ্চারণ করিতেলাগিল ৷ যে যে স্থলে এইরূপ হরি- নাম কীর্ত্তিত হইতে লাগিল, দেই দেই স্থলেই নরকবাদিগণ হরিভক্তিপরায়ণ হইয়া উচ্চঃস্বরে কহিতে লাগিল, হে মহান্ধন! হে ভক্তপ্রির! হে মডেশ্র! হে লাদিমূর্ত্তে! হে লোক নাব! হে বাস্থদেব! তোমাকে নমস্কার করি। হে শত্ত্য গদান্থৎ অনস্ত অপ্রমেয়! ত্রিবিক্রম! বেদপ্রিয়! হে নার-দিংহ নারায়ণ! তোমাকে অভিবাদন করি। হে বেদ-বেদান্ধ ধারিন্! হে মহীন্থৎ! হে মহান্থাতে! হে বলিবন্ধন-দক্ষ! হে বেদপালক! হে বামন দেব! তোমাকে প্রণাম করি। হে চতুর্দ্ধিভ্বনব্যাপিন্ সর্বান্ধন্! হে অধ্বর নাথ! হে চতুর্ভিজ! হে ক্রান্তকজামদগ্রয়! তোমাকে নমস্কার করি। হে রাবণান্তক রামরাপিমহান্ধন্! তোমাকে প্রণাম করিতেছি—হে জনান্দিন! নারিদিংহক্ষণ! আর এ নরক্ষন্ত্রণা সহ্য হয় না—হে গোবিন্দ! তোমার শরণাপন্ন ইইলাম, এই ভীষণ ষন্ত্রণাজাল হইতে আমাদিগকে উদ্ধার কর।

त्मवराम कहिल्लन, रह वर्म! এইরপে नরकनिवािमगण हित्रनाममः कीर्जन कितिल, ममस्य निमार्कण नातकीयल्या।
छाद्यां निराय एक्सिन्सित हेटे छ अपमृ छ हेदेश इनसाञ्चारक
गास्त्रितम आश्रुष्ठ कित्रन। अनस्य विस्थृत्रुक्षमण यमिक इतभाष्तित छ इति ग इति न किति । अनस्य विस्थृत्रुक्षमण यमिक इतभाष्तित छ इति ग अइति न किति । सिराय किति । प्राप्ति । प्राप्ति । विस्थृत्व न किति । सिराय किति । सिराय किति । दिस्प्रक्षण न न किति । सिराय किति । विस्थृत्व । सिराय किति । सि

নহদ্পুরু নারিসিংছ! তোমাকে নমস্কার করি। বাঁহার।

সেই অমিততেজাঃ নারিসিংছ বিষ্ণুকে নমস্কার করেন, আমি
তাঁহাদিগেরও চরণকমলে সহস্র প্রণাম করি। অতঃপর
উগ্র নরকাগ্নি প্রশান্তাবলোকনে কৃতান্ত পুনরায় স্বকীয় দূতগণের উপদেশনিমিত স্থমধুর বাক্যকোশল প্রয়োগ করিতে
আরম্ভ করিলেন।

इं जिनाविभः हश्वार्य अष्ठेरमाञ्चाय मभाख ।

#### নব্য অধ্যায়।

বেদব্যাদ কহিলেন, কৃতান্ত নিজপুরুদকে পাশহস্তা-বলোকন করিয়া তাহার কর্ণে এই কথা কহিলেন, হে দৃত! তোমাকে জ্ঞাপন করিতেছি—মধুসূদন শরণাগত ব্যক্তিগণকে পরিত্যাগ কর,তাহাদিগকে পাশবদ্ধ করিবার অধিকার নাই। ইহা নিশ্চয় জানিবে, আমি অন্য মানুবগণের উপরি প্রভুত্ব প্রদর্শন করিতে দক্ষম, বিষ্ণুভক্তগণের উপরি আমার কিঞ্চিন্মাত্র ক্ষমতা নাই।

স্বয়ং বিধাতা এবং অমরগণ আমাকে লোকহিতার্থ
নিযুক্ত করিয়াছেন। আমি, হরিগুরুবিমুশব্যক্তগণকে
দণ্ড প্রদানে শাদন এবং হরিচরণপ্রণত জনগণকে নমস্কার করি। আমি দেবদেব বাস্থদেব হইতে স্বগতি
অভিলাষী হইয়া, ভগবানেই অন্তরাত্মা অর্পণ করিয়াছি।
আমি দেই মধুহরের বশবর্তী, বিষ্ণু আমাতেই প্রভুত্ব প্রদশন করিতেছেন, আমি তাঁহা হইতে স্বতন্ত্র নহি। ধ্যরূপ

তার হলাহল কখনই অমৃত হয় না, লোহ শতবর্ষ অগ্লিদ্র হইলে যেরূপ কাঞ্নত্ব প্রাপ্ত হয় না, সেইরূপ ভগবদ্বিমূখ জনগণ কোন কালেই সিদ্ধি লাভ করিতে পারে না √েযরূপ সকল জগৎস্লিগ্ধকর গগনচন্দ্রাতপশোভকশশাঙ্ক, কলচ্ছ চিহু সম্বিত হইলেও কদাচিৎ তিমির এপরাভূত হয় না, দেইরূপ ভগবদনভাচেতাঃ মানব অতীব মলিন হইলেও তাঁহার শোভা সর্বত্র প্রতিভাত হইয়া থাকে। \ আমি ফণিভাষ্য, কণাদ শঙ্করোক্তিমহানির্বাণতন্ত্র, বৌদ্ধশাস্ত্র, নারদপঞ্চরাত্র এবং গৌতমাদি মহাজন প্রণীত শাস্ত্রপাঠান্তে বিশিষ্টরূপ বুঝিতে পারিয়াছি যে, ভগবানের উপাদনা ব্যতিরেকে দিদ্ধিপ্রাপ্ত হইবার অন্য উপায় নাই। অন্যান্য অফ্রগণালিযুক্ত পশুপতি স্বয়ং মহাদেব, দর্ব্বদাই প্রেত পিশাচাদিকর্তৃক পরিবেষ্টিত এবং উত্যক্ত থাকেন। স্থরগুরু বুহস্পতি । অদৃঢ় প্রদাদকর্তা, অতএব ইহাদিগের আরাধনায় হুন্দর ফলোৎপত্তির সম্ভাবনা নাই—তজ্জন্য হে কিন্ধরগণ! তোমরা অপবর্গ লাভের হেতু স্বরূপ হরিচরণ ভঙ্গনা কর। নর্গণ স্কুত গ্ণাৎ তুর্লভ মানবজন্ম প্রাপ্ত হইয়া ইন্দ্রিয়গণের সন্তুষ্টি-দাধনার্থ র্থা সময়াতিপাত করে,একবার ভ্রমেও মোক্ষপ্রাপ্তির পন্থা অবলোকন করে না ৷ কেবল ভশ্মহেতুই তাহার শ্রীর চন্দনকাষ্ঠবৎ দগ্ধ হইয়া যায়। আমি দলাতি অভিলাষী হইয়া যুক্লিত করক্ট্রাল হারেন্দ্রনমস্কৃত পাদপঙ্কজ,অবিহতগতি,অজ, জগংপতি সনাতনকে সতত অভিবাদন করিতেছি। কুতান্ত এইরূপে তুন্দুভিবাদন দারা সর্বাহ্নলে হরিগুণগান রটন: করিতে लाशित्नन अवः खकीय श्रूकमशंशतक कास्तान के विधा कहिए छ

লাগিলেন, হে চিত্রগুপ্ত ! হে দূতগণ ! হে মৃত্যু ! তোমরা প্রবণ কর, বিফুভক্তগণকে এখনি পরিত্যাপ কর, ইহাদিগের উপরি তোমাদিগের বা আমার কোন ক্ষমতা নাই। এই পুণ্যময় যমান্টক যিনি প্রবণ এবং পাঠ করেন, তাঁহার সর্ববিপাপ দূরীভূত হয় এবং তিনি অবলীলাক্রমে স্বর্গধামে গমন করেন। হে বৎদ ! আমি হরিভক্তিকীর্ত্তন প্রদক্ষে অন্তুত যমবাক্য বর্ণন করিলাম, এক্ষণে ভৃত্তপোজ্র মুনিপুঙ্গব মার্কণ্ডেয়সম্বন্ধীয় পুরাতন কথা বলিতেছি, প্রবণ কর। ইতি আদ্য ধর্মার্থকামমোক্ষণ্ডারি ত্রক্ষর্কাপি—প্রীনারিশিক্ষ পুরাণে ইহাই স্থনিপান হইন্য়াছে যে, একমাত্র বাস্থদেব নারায়ণ ধ্যেয়, যাঁহা হইতে প্রধান আর কিছুই নাই।

ইতি শ্রীনারসিংহপুরাণে নবমোহধার সমাপ্ত।

### দশন অধ্যায়।

তেয় বায়ুভক হইয়া তপশ্চরণ দ্বারা শরীর পরিশুক্ষ করিয়া ভগবান্ বিষ্ণুর সাক্ষাৎ লাভের জন্য পুনরায় ছুন্তর তপস্থারস্ত করিলেন। একদিবদ, মহাতেজাঃ মহামতি মার্কণ্ডেয় গন্ধ-शुल्लां नि वाता (नवरनव मांधरवत बाताधनारख এकाश्रमनाः হইয়া হৃদয়মধ্যে তাঁহাকে ধ্যান করিতে করিতে শৃথাচক্রগদা-পাণি গরুড়ধ্বজবিষ্ণুর সস্তোষসাধন করিয়াছিলেন—মুনিপুঙ্গব, চক্ষুযুগল মুদ্রিত করিয়া কৃতাঞ্জলিপুটে হরির স্তবারম্ভ করি-লেন—হে অচ্যুত! হে নারসিংহ! হে প্রলম্বাহো! হে কমলায়তেক্ষণ! ছে কিতীখরাচ্চিতপাদপক্ষঞ ! হে পুরাণ-পুরুষ বিষ্ণো! তোমাকে নমস্কার করি। হে জগৎপতে! হে ক্ষীরসমূদ্রশায়িন ! হে মুনিবৃন্দবন্দিত ! হে জ্রীপতে ! (१ अनुस्टिकः मानिन्! (१) विन्मः। (छात्रादक अखिवाननः করি। হে পুরুষোত্ম! জনছ:খনাশন! হে রথাঙ্গপাণে! (६ অজ ! ८६ व८तगः ! ८६ महत्रमृश्यमृग्धािष्णािनन् ! ८६ মাধব! তোমাকে বিধিপূর্ব্বক প্রণাম করিতেছি। হে সর্ব্ব-শ্রেষ্ঠ ! ছে কারণকারণ ! ছে পুণ্যাল্মমানবনিকরদলাতি ! ছে লোকতায়ক র্মানিকন্! তোমাকে নমস্কার করিতেছি। যে व्यव्य त्वानित्वत, त्यवनात्गां भित्र कोत्तानमम् स्याशी हरेशा বিরাজিত আছেন, দেই শ্রীনিবাদ কেশবকে দতত প্রণাম করি। যিনি নারসিংহবপুঃ অবলম্বন করিয়া দৈত্যরাজ হিরণ্য-কশিপুর বিনাশসাধন করিয়াছিলেন,যিনি ম্বরারি মধুকৈটভ দৈত্য নিপাত করিয়া দেবগণের হৃদয় স্বন্থ করিয়াছিলেন,সেই मर्द्यालाकार्छिहत जगतान् विकृतक अञ्चितामन कतिराजि । তত্ত্বজ্ঞাণ যে ছরিশ্বরূপ বিষ্ণুকে অব্যক্ত, অতীন্দ্রেয়,স্পর্শাদি-

লীলাবিহীন এবং অদ্বিতীয় বলিয়া বর্ণন করেন, দেই ভক্তা প্রিয় অমিততেজাঃ হরিকে নমস্কার করি। যিনি যোগিরুন্দ-প্রিত, সানন্দ, অদ্বিতীয়, অজর, চিদাত্মক, অক্ষয় এবং অনন্ত দেই ভগবান্ বিফুকে অভিবাদন করিতেছি।

र्वाप्त किंदिनन, मूनिवंत्र मोर्करखंत्र, अहेत्रल, छ्रावारन উদ্দেশে স্তোত্র পাঠ করিলে, দহদা শূন্যমার্গ হইতে দৈববাণী উচ্চারিত হইল—হে মহাভাগ মার্কণ্ডেয়! তুমি কেন র্থা তপশ্চরণ দ্বারা জীবাত্মাকে নিশারুণ কন্ট প্রদান করিতেছ গ जूमि (य পर्या छ পাर्थिव ममछ और्थकल व्यवभारन ना कतितः তাবৎ ভগবান দেবদেব মাধবের সন্দর্শন পাইবে ন।। সেই দৈব-বাণী মনুদারে, মহামতি মার্কণ্ডের দর্বতীর্থজলে স্নান করিয়। বিষ্ণুদর্শন লালসায় পুনরায় ঘোষতর তপশ্চরণারম্ভ করিলেন। এইরপে পুরুষোত্তম সনাতন পরব্রহ্মকে বহুকাল ধ্যান করিয়া গন্ধ পুষ্পাদি দ্বারা পূজানন্তর বিষ্ণু প্রীতিকর স্তব উচ্চারণাত্তে দেবদেব নারায়ণকে সম্ভুক্ত করিতে লাগি-(लन। ' (र श्वीरकम ! (र माधव ! (र कमव ! (र भग-পলাশলোচন! হে গোবিন্দ! গোপাল! তোমার জয় হউক। হে পদ্মনাভ! হে বৈকুঠবামন! হে জগন্নাথ! হে দর্কেশর! অনস্তদেব! ছে লোকগুরো! তোমার জয়। ८ मञ्चठक्र जनाभार्ग ! ८ यएक । ८ वता इक्त भिन् । ८ पृथत ! হে ভূমিপ ! হে যোগেশ ! হে যোগজ্ঞ ! হে যোগপ্রবর্ত্তক ! তুমি জয়ী হও। হে ধর্মজা! হে ধর্মধর প ! হে যজেশ ! হে জীবগণবন্দিত! তোমার জয় হউক। হে নারদমনঃ-প্রাতিপ্রদ! হে নারদ্দিদ্ধিদ! হে পবিত্রাঙ্গ! হে বেলৈক

সংপূজ্য! হে বেদৈকভাজন! হে চতুর্জ্ । হে দৈত্যনিসূদন! হে দর্বাজ্মন্! হে শাশ্বত শঙ্কর! তোমার জয় হউক। হে অধােক্ষজ! হে মহাদেব! এই হতভাগাের উপরি স্থপ্রসম হও এবং কুপাপুরঃদর একবার আমাকে তোমার নির্দাল তেজঃদমন্থিত বপুঃ অবলােকন করাও। মার্কণ্ডেয়মুনি এই রূপ দেব দেবের আরাধনা করিলে, পীতাম্বর শঙ্চত্তগদাপ্রধারি দর্বাভরণ ভূষিত স্বয়ং জনার্দন, মুনিবর মার্কণ্ডেয় দমস্ত ককুভ্ আলােকিত হইল। ভ্রতনন্দন, তাহা অবলােকন করিয়া চিরপ্রার্ধিত কেশবের দন্দনি পাইলাম, এইরপ বিবেচনান্তে সহদা ক্ষিতিতলে নিপতিত হইলেন, এবং দাফাঙ্গ প্রণামাননন্তর ভূমি হইতে উপিত হইয়া পুনরায় ক্ষিতিতলপতনাত্তে প্রণাম করিয়া গোবিন্দের স্তব করিতে লাগিলেন।

द्र त्वरत्व ! द्रग्रावल ! द्र ग्राकाय ! द्र ग्राक्ष । द्र ग्राक्ष । द्र ग्राक्ष । द्र ग्राक्ष । द्र प्राक्ष । द्र प्राक्ष । द्र विद्या । द्र प्राप्त । श्री हे छ प्राप्त । श्री हे छ प्राप्त । द्र व्या छ द्र । व्या छ प्राप्त । व्या भित्र भित्र । व्या भित्र । व्या भित्र । व्या भित्र । व्या भित्र । व्या

হে ত্রিদণ্ডধর! ত্রিম্পর্ণ! ত্রেতাগ্রিধারিন্! ছে বিচ্যুৎবিলসিত-লোকনাথ! যজ্ঞেখর! তেজোময়! ভক্তপ্রিয়! মমতাপছর! বাস্থদেব! পুরুষোত্রম! তোমাকে নমস্কার।

বেদব্যাদ কহিলেন,মহামুনি মার্কণ্ড্য এইরূপ স্তব করিলে দেবদেব জনার্দ্দন অতীব প্রীত হইয়া, তাঁহাকে কহিলেন, হে বৎদ! তোমার তপশ্চরণ দারা আমি অতীব সস্তুষ্ট হইয়াছি। সম্প্রতি এই স্তোক্ত উচ্চারণে তোমার দমস্ত পাপরাশি বিনফ হইল। একণে অভিমত বর গ্রহণ কর, তোমার ইচ্ছামুরূপ বর প্রদানে অভিলাধী আছি। হে মার্কণ্ডেয়! দুস্তর তপশ্চরণ না করিলে কোন ব্যক্তিই আমার সাক্ষাৎ লাভ করিতে পারে না।

मार्क एखंद कहिलान, दह दिल्पा ! दिलामांत पर्मन लाख् आमि कृजांच हहेलान, दह व्यक्त ! यि कृमि आमांत छेलित व्यम्न हहेता थाक, जद कहे वत व्यमान कत, याहार जदालित आमांत आहला छक्ति थाक, कवः दिन आमि देशामांत दिलामांत प्राप्त हहेता हितकाल दिलामांत आर्फना कित्र किलामांत व्यक्तिन कित्र किलामांत व्यक्तिन कित्र किलामांत विश्व हित्र किलामां कित्र किलामां किलामां कित्र कित्र किलामां कित्र कित्र किलामां कित्र किलामां कित्र किलामां कित्र किलामां कित्र कित्र किलामां कित्र किलामां कित्र किलामां कित्र किलामां कित्र क

দেবদেবের অচ্চন এবং জপ করিতে করিতে অখিল পুণ্যময় পুরাণ, বেদশাস্ত্র, গাথা এবং পুণ্য ইতিহাসাদিকথা, তপো-বনস্থিত মুনির্ন্দকে প্রবণ করাইতে লাগিলেন। তদনস্তর এক দিবদ পুরুষোভ্তম বিষ্ণুর বাক্য স্মরণ করিয়া বেদবিদান্দরিষ্ঠ মাকভ্তিয়, পর্যটন করিতে করিতে কীরোদসমুদ্রে হরি সন্দর্শনার্থ গমন করিলেন। হরিভক্ত ভৃগুপৌত্র ক্ষীরান্ধি কুলে গমন করিয়া দেখিলেন, স্থারেশ হরি, অনন্তভোগাদীন হইয়া সমুদ্রমধ্যে বিরাজমান রহিয়াছেন।

हे ि भारति । भारति । भारति ।

#### একাদশ অধ্যায়।

বেদব্যাদ কহিলেন, মুনিপুশ্ব মার্কণ্ড্য ভোগপর্যক্ষণায়ী চরাচরগুরু হরিকে প্রণিপাত করিয়া স্তব্যরম্ভ করিলেন, হে ভগবন্! হে বিভো! হে পুরুষোত্রম! আমার প্রতি-প্রদন্ম হও হে দেবদেবেশ! হে গরুড়ধ্বজ! প্রদন্ম হও। হে লক্ষী-শ্বর! হে ধরণীধর! হে লোকনাথ! হে পরমেশ্বর! আমার প্রতি কুপাদৃষ্টিপাত কর। হে কমলেক্ষণ! হে মন্দরধরমধু-দূদন! হে নিত্যনিরপ্রন! হে দর্বভৃতেশ! হে কৃষ্ণ! হে অব্যক্তদনাতন! তোমাকে নমস্বার করি। হে অব্যক্তদনাতন! তোমাকে নমস্বার করি। হে অক্সে! হে স্ত্যশ্বরূপ! হে দেবেশ! তোমার জয় হউক। হে যজ্ঞপতে! হে বিশ্বপতে! হে বিভো! হে ভূপণতে! হে দকে! হে ভূপণ তোমাকে অভিবাদন করি।

(इ পাপহর! (इ अने छ! (इ जगाज तां शहर वीत! (इ কাকুৎস্থ! (হ কামদ! হে মানদ! হে মাধব! হে শঙ্কর! হে সর্বেশ। হে এীপতে। তোমাকে নমস্কার করি। হে কুঙ্কুম-রক্তাঙ্গ! হে পক্ষজলোচন! হে চন্দনলিপ্তাঙ্গরাম! হে দেবকীনন্দন! সর্বাগুণধাম! হে বন্দনীয় শ্রীহরে! তোমার হউক। হে দৰ্বপ! হে ভক্তকামপ্রদ! হে কৈটভঘাতিন্ ! হে কমলনাভ ! হে বীরভদ্র ! হে লোকনাথ ! হে ত্রৈলোক্যপতে ! হে প্রভো! বিষ্ণো! তোমাকে নমস্কার। করি। হেপীতাম্বর ! হে নারায়ণ ! হে শাঙ্গিন ! হে রাম ! (इ कृष्छ ! (इ कमलमालिन् ! (इ भित ! (इ अत्रमधत ! তোমাকে নমস্কার করি। হে বেদান্তবেদ্য ! হে সদানন্দবিষ্ণো ! হে কমলাপতে! হে জীধর! হে জগৎপূজ্যপরমাত্মন! তোমাকে প্রণিপাত করি। তুমি জগতীতলম্থ ভূতর্ন্দের জনক জননী, তুমিই ভাতা,, তুমিই স্থন্থ, তুমিই পিতামহ, তুমিই গুরু, তুমিই পতি, তুমিই দাক্ষী, তুমিই গতি, তুমিই প্রভু, তুমিই হরি, তুমিই হতাশন, তুমিই বন্তুমিই ধাতা, তুমিই ব্রহ্মা, তুমিই স্থরেশ্র। তুমিই যম, তুমিই রবি, তুমিই বায়ু, তুমিই জল, তুমিই ধনেশব। তুমিই অধঃ, তুমিই আকাশ, তুমিই দিবা,তুমিই রাত্রি,তুমিই নিশাচর,তুমিই ধৃতি, তুমিই কীর্ত্তি,তুমিই ধরাধর,তুমিই কর্তা, তুমিই হর্তামধুদূদন। তুমিই চরাচর জগৎ, তুমিই নারায়ণ, ভূমিই পরমেশ্র। হে শম্চক্রগদাপাণে! হে মাধব। হে ভোগপর্য্যক্ষশয়ন! (হ প্রিয়পদ্মালয়াশয়! হে পুরুষোত্তম! ভক্তি সহকারে তোমাকে নমস্থার করিতেছি। ছে 🕮 বংস

इत ! (इ क गंदीक ! (इ भागमन क मरलक न ! (इ लक्सी धत ! (यन জামি দর্ব্বদা তোমার বিমল বপুঃ অবলোকন করি —তোমার পবিত্র দেহাবলোকনান্তে যেন আনি মোক্ষলাভ করিতে मगर्व इहै। (इ नोल्लां ९ नहा । (इ मंधाठक गना १ नज़ धत পীতাম্বর চতুর্ব্বাহু কিরীটিন্! তোমাকে নমস্কার করিতেছি। **८६** मित्राठन्मन निश्राम ! मित्रागन्न मत्नातम ! ८६ मित्रात ज्विति । তাঙ্গ! হে দিব্যমালাবিভূষিতভগবন্! তোমাকে নমস্কার। হে চারুপৃষ্ঠ মহাবাহো ! হে চারুভূষণভূষিত ! হে পদ্মনাত ! বিশালাক ! হে পদ্মপত্রায়তেকণ ! হে দীর্যভুষ্ণমহাত্মন্ ! হে নীলজীমৃতদন্ধিভ! হে দীর্ঘণাহো ! স্বসুপ্তাঙ্গ ! হে র জোজজুল ! হে স্ক্র ! ললাটমুকুটিরিগ্ধদর্শন ! তোগাকে নমস্কার করি। (र छ्टलाहन ! ८२ हात्रशम ! ८२ तटबाञ्चलकु छल ! ८६ পৌনাংশুধরমাধবহরে ! তোমাকে অভিবাদন করি। হে স্থকু-মার ! হে অজ ! হে নীলকুঞ্তিমূর্দ্ধজ ! হে উন্নতাংদ মহো-রক্ষ! হে রক্তান্তায়তলোচন! হে অরবিন্দবদন! হে ইন্দিরা-পতে! হে ঈশ্বর! হে সর্বলোকবিধাতঃ! তোমাকে প্রণিপাত (इ मर्खनक्रगमण्यन्नः । (इ मर्खमञ्जगत्नाहत्रविद्याः । হে অনন্ত ঈশান! পুরুষোত্তম ! হে অচিন্ত্য অনাময় নারায়ণ ! তোমাকে নমস্কার করিতেছি। হে বরদ! হে কামদ! (इ काछ! (इ अगृजगशिना । (इ जळन<मनितिका!</p> **ट्यागाटक मर्व्यमा गरनाचात छेन्यां हैन कविया श्राम कित**्र তেছি। অদ্য আমি সহস্রফণশোভিত, অনন্তনাগভোগ-শয়ন, প্রভঞ্জনবিতাড়িত্বোরার্ণবিষ্থিতবিচিত্রশ্য্যাশায়ি মন্দ-বায়ুদেবিত, চন্দনার্দ্র, যোগনিদ্রাস্থরত, কুদুমা-वा नम

রুণবক্ষঃ, কমলালয় দেবিত ভগবান্মাধবকে কমলাসহ সন্দর্শন করিলাম। হে ভগবন্! আমি সর্বাদা রোগ শোক শীতাতপদরাতৃফাদি পীড়িত হইয়া এই জগৎক্ষেত্রে পরি-ভ্রমণ করিতেছি! এই সংসাররূপ মহাঘোর তুস্তর মহার্ণবের প্রবল তরঙ্গে আহত হইয়া পরিভ্রমণ করিতে করিতে অদ্য বিধি বশতঃ তোমার সন্দর্শনলাভ করিলাম। এক্ষণে নিত্য ভ্রমণে পরিশ্রান্ত হইয়া তোমার শরণ গ্রহণ করিতেছি। হে রাজীক লোচন ! হে বিভো ! আমার প্রতি প্রদম হও,হে বিশ্বযোনে ! হে বিশ্বাত্মন ! হে বিশ্বসম্ভব ! আমার প্রতি দয়া প্রকাশ কর । আমার আর কেহই শরণ্য নাই— হে কৃষ্ণ ! এই হতভাগ্য পাপাত্মাকে পরিত্রাণ কর। হে পুগুরীকাক্ষ! হে পুরাণ পুরুষোত্তম ! হে অজনাভ ! তোমাকে নমস্কার করি। হে মহাবাহো! সংসার সাগর ময় এই হতভাগ্যের উদ্ধার সাধ-নান্তে তোমার অপার মহিমা প্রকাশ কর। আমি অপার চুস্তর ক্লেশরাশিতে নিমগ্র হইয়াছি, অতএব হে গোবিন্দ। এই অনার্ণান, রূপণ এবং ভবদাগর পতিত জনকে রূপাতরি প্রালানে উদ্ধার কর। হে রাজন ! হে লোকনাথ ! হে ভূখর ! হে (मर्तापत ! (इ. क्रान्नाथ ! (इ. शिलापह ! (इ. क्रीवन्न छ ! (इ. নরায়ণ! তোমাকে নমস্কার করি। হে কৃষ্ণ: কুপাময় হইয়া অগতির গতি বিধান কর। হে মধুদ্বন! এই হতভাগ্য পামরের প্রতি দয়া কর। তুমিই আদি, তুমিই অন্ত, তুমিই পুরাতন, তুমিই জগৎপতি, তুমিই করণকারণ, তুমিই অচ্যুত, তুমিই জনাৰ্দন, তুমিই জরার্তি নাশন। হে প্রভো! তোমার শরণাপন্ন हहेलाम। ८२ इए तथ्र १ ८२ ( त्योगिएन य ! ८३

ত্রিলোচন! হে বৃহদ্ভুজ। হে শ্যামল কোমল শাশ্বত শিব! তোমাকে সর্বাদা প্রণাম করি।

हे छि जीनात्रतिः हभूताल धकामाना ह्यात्र प्रमाश्च।

#### দ্বাদশ অধ্যায়।

र्विषयांत्र कहिरलन, धीर्मान मार्क्छक, ভগবানের এইরূপ স্তব করিলে, বিশ্বাত্মা কেশব, উদধিশয়ন হইতে উত্থিত হইয়া মুনি পুঙ্গবকে কহিলেন, তহ ভৃগুনন্দন! তোমার অমিত তপশ্চরণ এবং হৃদয়োদেল স্তুতি কর্তৃক অতীব প্রীত হইলাম। এক্ষণে আমার নিকট হইতে অভিমত বর প্রার্থনা কর। मार्किए । कहिरलन, एह राम्द्रम । जामि जाने दर्जान वत व প্রার্থনা করিনা,এই বর প্রদান কর যেন তোমার শ্রীপাদপদ্মে আমার দর্বদা অচলা ভক্তি থাকে—হে প্রভো!যদি তুমি আমার প্রতি একান্ত সন্তুষ্ট হইয়া থাক, তবে এই বর প্রদান কর,যে ব্যক্তি প্রত্যহ এই স্তোত্র পাঠ করিয়া তোমার পরিতৃপ্তি সাধন করিবে, হে জগৎপতে ! সেই ব্যক্তি ষেন বৈকুণ্ঠ লোক প্রাপ্ত হইয়া অপার আনন্দ উপভোগ করিতে সমর্থ হয়। আমি চিজীবিত্ব লাভ করিবার জন্য পূর্বের যে মহত্তপ-শ্চরণ করিয়াছিলাম,হে ভগবন্ ! এক্ষণে তোমার সন্দর্শন লাভ করিয়া, আমার ঘোরতর তপস্থা সফল হইল। হে দামোদর ! আমি জন্ম মৃত্যু বিবর্জিত হইয়া তোমার পাদপদ্ম অর্চনা করিতে করিতে এইম্বানেই চিরজীবন অতিবাহিত করিতে

ইচ্ছা করিতেছি। এক্ষণে হে পুরুষোত্রম। আমার প্রতি দয়া প্রকাশ কর।

ভগবান্ কহিলেন, হে ভ্গুক্লধ্রদ্ধর ! আমার প্রতি তোমার অব্যভিচারিণী ভক্তি বিরাজমান রহিয়াছে, হে সত্রম ! এই গুরুতর ভক্তিবলে তুমি কাল বশতঃ নিশ্চয়ই মুক্তি লাভ করিতে সমর্থ হইবে। যে ব্যক্তি প্রাতঃসদ্ধ্যা এই উভয় কালেই মদ্ভক্তিপরায়ণ হইয়া স্বত্নচারিত স্থোত্ররাজ পাঠ করিবে, সে মল্লোকনিবাদী হইয়া আনন্দার্ণবে অবগাহনানন্তর নিত্য শান্তি প্রাপ্ত হইবে। এই স্থোত্ররাজ পাঠে যে ব্যক্তি, যথন যেথানে আমাকে স্মরণ করিবে, মদারাধনাপর দেই ব্যক্তি, দেইখানেই তৎক্ষণাৎ আমার সন্দর্শন প্রাপ্ত হইবে, ইহাতে সন্দেহ নাই।

বেদব্যাদ কহিলেন, এইরপে ভগবান, মুনিপুঙ্গব মার্ক-ভেরপ্রতি আত্মবচন প্রয়োগ করিলে, তিনিও বিশ্বব্যাপিনী বিষ্ণুমূর্ত্তি অবলোকন করিতে করিতে আত্মহদয়ে শান্তিলাভ করিলেন। হে বিপ্র! এইরপে মুনিপুঙ্গব ধীমান্ মার্ক-ভের মুনির পুরাতন আখ্যায়িকা তোমার নিকট দাকল্য বর্ণন করিলাম। যে মর্ত্তাবাদি-মানবগণ বিষ্ণুভক্তিপরতন্ত্র হইয়া এই ভ্তপৌত্র মুনিবর মার্কভেয়ের হুপুণা জীবনচরিত পাঠ করে,ভাহারা লোককর্তৃক অভিপূজ্যমান হইয়া দর্বপাপ হইতে বিমুক্তিলাভানস্তর, দেবদেব নারিদিংহলোকে বাদ করিয়া থাকে।

हे ि श्रीनात्रिश्हभूतात्म चानत्माहशात ममाश्र ।

## ত্ৰয়োদশ অধ্যায় |

এইরপ অয়তয়য়ী পাপপ্রণাশিনী পুণ্যকথা প্রবণানন্তর বেদব্যাসনন্দন ধর্মালা শুকদেব গোস্বামী ভাহাতে পরিত্প্ত না হইয়া, পুনরায় স্বজনককে জিজ্ঞাসা করিলেন, হে পিতঃ! ধীমান্ মার্কণ্ডেয়চরিত প্রবণ করিয়া বোধ হইল, যে মুনিপুঙ্গ-বের তপশ্চরণ অতীব মহৎ—যে তপস্থাবলে তিনিদেবাদিদেব গোলকেশ্বর হরির সন্দর্শন লাভ এবং মৃত্যুকে পরাজিত করিলেন। এ জীবনী যদিও আশ্চর্যাবহ, তথাপি এই বৈষ্ণবীকথা প্রবণ করিয়া আমার হৃদয় তৃপ্তিলাভ করিল না। অতএব হে তাত। কৃষ্ণাপিতিচিত্ত এবং পুণ্যশীল মহাজনগণের সম্বন্ধে ঋষিগণ যে পুণ্যময় এবং অয়তনিঃসন্দি আখ্যান উল্লেখ করিয়াছেন, তাহাদিগের মধ্য হইতে একটি উৎকৃষ্ট আখ্যায়িকা বর্ণন করিয়া আমার হৃদয়ে শান্তিবারি বর্ষণ করেল।

ব্যাদ কহিলেন, হে মুনিশ্রেষ্ঠ । নারায়ণার্পিতিচিত্ত ধার্মিকগণের দম্বন্ধে বহুবিধ পুণ্যাধ্যান বর্ণিত হইয়াছে, ভাহাদিগের মধ্যে মহাত্মা যম এবং তদ্ভ্রমী যমীর ইতিহাদ বর্ণন করিতেছি, শ্রবণ কর । কশ্যপৌরদে অদিভিগর্ভদস্ভূত বিবস্থান্ দূর্য্যের উজ্জ্বলভেজঃসম্পন্ন দন্তানদ্বর জন্মগ্রহণ করে । তাহাদের একের নাম যম এবং অপরের নাম যমী । উভয়েই পিতৃগৃহে হুন্দর লালিত পালিত হইয়া প্রত্যহ বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল । উভয়েই দন্তাবদ্পান্ন হইয়া একত্র

ক্রীড়ন,স্বজ্বন্দ গমনাদি কার্য্য করিতে আরম্ভ করিল—ক্রমশঃ কালবশতঃ উভয়েরই যৌবনকাল সমুপশ্বিত হইল। এক দিবদ যমী, স্বভ্রাতা যমকে এইরূপে মনোভিপ্রায় জ্ঞাপন क्रिन-(र जांजः ! राजांक जिल्लामा क्रिन् जांको राजां। এবং যৌবনে রূপলাবণ্য সম্পন্না হইলে, স্বকীয় সহোদর কেন তাহাকে কামনা করে না এবং ভ্রাতৃভাববশাৎ কেনই বা তাহার পতি হয় না ? এই অভূতরদ জানিবার নিমিত আমার একান্ত ইচ্ছা জিমিয়াছে। এই নৈমিত্তিক জগতে পতির পত্নাত্ব স্বীকার এবং পত্নীর পত্তিত্ব স্বীকরণ বিষয়ক যেরূপ বিধান আছে, তাহা জানিবার কিছুমাত্র প্রয়োজন নাই। যে সহোদর অনাথ, নাথেচ্ছুক সহোদরার প্রতি কুপাদৃষ্টি নিক্ষেপ করে না এবং স্বকীয় জাতাকে পতিস্বরূপে বরুণে-চহুক ভগিনীর স্বামিত্ব স্বীকরণে পরাগ্র্থ হয়, তত্ত্বিদ্মুনি-গণ কহিয়াছেন, এবস্তুত পুরুষ সহোদর মধ্যে পরিগণিত নহে। ভগিনী সহোদরের ভার্যা। হউক বা নাই হউক. উভয়ের চিত্ত উভয়ের প্রতি আরুফ হইলে মনো-মধ্যে কামভাবের সঞ্চার হয় এবং পুষ্পাধদা ধরতর সায়ুধ গ্রহণান্তে উভয়েরই হৃদয় ছিন্ন বিচ্ছিন্ন করিয়া ফেলে। অতএব হে ভাতঃ! বরবর্ণিনী, যৌবনচঞ্চা যমী অদ্য তোমার প্রতি লোলুপ হইয়াছে, যদি রতিপ্রদান কর,তবেই এ জীবন রক্ষা করিব, নতুবা এখনই পরিহার করিতে ইচ্ছুক আছি। হে সহোদর ! ভুমি কি অবগত নহ, যে কামহুঃখ নিতান্ত অসহা, যখন ইহার উদ্রেক হয়, তথন পঞ্চবাণ, পঞ্চ-বাণ গ্রহণ করিয়া, বিরহিগণের জীবন বিনাশ করেন—হে

কান্ত! আমি কামাগ্লিকর্ত্ব জর্জ্জরীভূত হইতেছি—প্রাণ যায়, অতএব রক্ষা কর। অচিরে কামার্তা রমণীর মনোরথ পরিপূর্ণ কর। তোমার স্বকীয় দেহ আমার অঙ্গের সহিত সংযুক্ত কর।

যম কহিলেন, হে ভগিনি! বল দেখি, তুমি অদ্য কিরূপে এই লোকবিগর্হিত কর্ম্ম সম্পাদনে আমাকে উপরোধ করিতছ ? সজ্ঞানে কোন্ পুরুষ স্বকীয় সোদরাগমনরূপ মহাপাতক করিতে সমর্থ হইয়া থাকে ? হে ভাবিনি! তজ্জ্যত আমি মদনার্তা সহোদরার অঙ্গের সহিত দেহ সংযুক্ত করিয়া আলিঙ্গন প্রদান করিতে ইচ্ছা করি না। যে সহোদর সহোদরা গমন করে, সে এই জগতে মাহাপাপী বলিয়া অভিহিত হয়। হে শুভে! ইহা পশু এবং তির্য্যগ্যোনির ধর্মা, তাহাদিগের কিছুমাত্র বিচার নাই, অতএব এই মহাপাতকে প্রেরত হইতে আমাকে অমুরোধ করিও না।

যমী কহিল, হে জাতঃ! পূর্বে এককালে যেমন আমাদিগের পরস্পার সংযোগ দূষণীয় হয় নাই, মাতৃগর্ভেও যদ্ধং
একত্র সহবাদ করিয়াছি, তজ্ঞপ এই যৌবনকালেও পরস্পার
সংযোগ দোষাবহ বলিয়া চিন্তা করিও না। হে সহোদর!
কেন অদ্য তুমি আমার পতিত্ব স্বীকার করিতেছ না !
দেখ রাক্ষদগণ দর্ববদাই ভগিনীগমন করিয়া থাকে।

যম কহিলেন, লোকরক্ষণাকাজ্ফী ভগবান্ স্বয়স্কুর নিন্দনীয় লোকগর্হনীয় পন্থা অবলন্ধনে পাপদক্ষার হয়। এই
ভগৎ প্রধান পুরুষ চরিতের অনুষ্ঠান করিতেছে। তক্ষর্য
শাধুপুরুষ, অনিন্দিত ধর্মাই আচরণ করিবে। নিন্দিত কর্ম্ম

যত্নপূর্ব্বিক পরিহার করিবে, ইহাই ধর্মের লক্ষণ। মহাজনগণ সংহারক্ষেত্রে যেরূপে আচরণ করেন, ইতর জনেরাও
তাহাদিগের অনুধাবন করে। এইরূপে জাগতিক লোকরুন্দের কার্য্যকদম্ব নির্বাহিত হয়। হে হুভগে! তুমি যে
বচন প্রয়োগ করিলে, ইহা একান্ত পাপজনক। ভাতা
সহোদরার পতিত্ব স্বীকার করিবে, ইহার ভায় সর্ব্যধ্মবিরুদ্ধ
কর্ম আর নাই। হে দেবি! আমা হইতে রূপশীলাধিক
ব্যক্তিকে পতিত্বে বরণ করিয়া তাহার সহিত প্রেমপ্রসাক্ষ
কাল অতিবাহিত কর, আমি তোমার ভর্তা হইতে পারিব
না। হে ভদ্রে! আমি তোমার ভন্তা হইতে পারিব
না, মুনিগণ বলিয়াছেন, যে সহোদরা গমন করে, সে অনন্তকাল পাপপক্ষে নিমগ্র থাকে।

যমী কহিল, হে ভাতঃ! জগতে তোমার এই ভুবন মোহন রূপের দহিত অপর রূপ তুলনীয় হয় না। এরূপ রূপ, এরূপ স্থাবীতলে অবলোকন করি না। হে দহাদের! তোমার চিত্ত কোথায় অবস্থিত আছে এবং হাদ্য দেহসংলগ্ন আছে কি না কিছুই জানিতে পারিতেছি না। যেমন বল্লরী রক্ষের আশ্রেষ করিয়া থাকে, দেইরূপ আমি তোমার শরণাপন্ন হইলাম। এক্ষণে বাহুদ্যে আলি ক্ষন করিয়া আমার সহিত রুমণ কর।

যম কহিলেন, হে অদিতক্ষণে ! হে হ্র শ্রোণি ! অন্থ পুরুষ অবলম্বন কর, সেই তোমার সহিত রতিক্রিয়া দারা বিশিষ্ট আনন্দোৎপাদন করিবে। যে তোমার প্রতি কাম-পরায়ণ হইয়া তোমার চিকাধিকারী হইবে, হে বরবর্ণিনি ! তুমি তাহাকেই পতিত্বে বরণ কর। মানবগণ স্বেচ্ছাপ্রকির রপলাবণ্যসমন্থিতা স্বভদ্রা চারুসর্ব্বাঙ্গীসংস্কৃতা ভার্য্যা পরিগ্রহণ করে, তুমিও সেইরূপে রূপলাবণ্য সমন্বিতা সংস্কৃতা,
অতএব তুমিও নিন্দনীয় হইবে না। হে মহাপ্রাজ্ঞে। আমি
যত্রত এবং বিফুতে আমার মানস নিতান্ত সংলগ্ন রহিয়াছে। আমি ধর্মপরায়ণ, অতএব এই বিগহিত পত্থা অবলম্বন করিতে একান্ত অশক্ত হইলাম।

এইরূপ বারংবার নিজ সহোদরা যমী কর্তৃক অমুরুদ্ধ हरेल ७, पृष्ठि यम পाপकार्या श्रवृत हराम नाहे। धरे অগাধারণ ইন্দ্রিয়দংযম এবং ধার্মিকত্বশতঃ কৃতান্ত দেবত্ব প্রাপ্ত হইলেন। নিষ্পাপ এবং নারায়ণার্পিত চিত্ত জনগণের অনস্ত ফল লাভ হয় এবং অনন্ত স্বৰ্গলাভ করে। ইহা তীর্থ-কারগণ ভুয়োভুয়ঃ বলিয়। গিয়াছেন। ঘিনি এই সর্ব্বপাপ-হর স্নাত্ন যম যমীর পুণ্যোপাখ্যান মনোযোগসহকারে শ্রবণ করিবেন, তিনি দর্ববিপাপবিমৃক্ত হইয়া অনন্ত ফল লাভ করিবেন। যে ত্রাহ্মণ নিজ হব্যকব্য বিষয়ে এই উপাখ্যান পাঠ করেন, তাঁহার অচিরাৎ পিতৃকুল উজ্জ্বল, দিব্য জ্যোতিঃ সম্পন্ন হয়েন। যে ব্রাহ্মণ নিজ্য এই যম যমী উপাখ্যান পাঠ করেন, তিনি খাণদায় হইতে এবং শমনের তীব্র যাতনা हरेट विमुक्ति नां करतन। (इ वरन! **अहे सन्मत यम य**मी উপাখ্যান তোমার নিকট বর্ণন করিলাম। এই পুরাতন উপাখ্যান প্রবণে মানবগণের চিত্ত বিমল হয়, সর্ব্যপাপ দুরে প্রস্থান করে এবং স্বস্থাভাট লাভাত্তে নরগণ প্রহৃষ্টান্তঃকরণে কালাভিপাত করে।

# চতুর্দণ অধ্যায়।

শুকদেব কহিলেন, হে তাত ! আপনি যে বৈদিকী কথা বর্ণন করিলেন, তাহা অতীব বিচিত্র। এক্ষণে আমি অভি-লাষ করিতেছি, অন্য পাপপ্রণাশিনী পুণ্যময়ী কথা প্রবণ করাইয়া আমার এই অন্তরাত্মাকে পরিতৃপ্ত করুন।

বেদব্যাস কহিলেন, হে বৎস! আমি এক্ষণে অক্ষচারী এবং পতিত্রতার সম্বাদরূপ অনুউম পুরাবৃত্ত বর্ণন করিতেছি, অবধান কর।

পূর্বকালে অনুষ্ঠানপরায়ণ, পরধর্মপরাধার্থ, স্বধর্মচারী, অমিহোত্র, সর্বশাস্ততত্ত্বজ্ঞ, শাস্ত্রব্যাথ্যায় পণ্ডিত এবং নীতিমান্ কশ্যপ নামা দ্বিজবর মধ্যদেশান্তর্গত নন্দীপ্রামে অবস্থান করিতেন। তিনি প্রতিদিন সায়ং এবং প্রাতঃকালে অমিহোম করিতেন। তিনি প্রতিদিন সায়ং এবং প্রাতঃকালে অমিহোম করিতেন করিলে,—আক্ষণ অতিথি গৃহাগত হইলে যথোচিত সংকার এবং প্রত্যহ দেবদেব নার-দিংহের পূজা করিতেন। তাঁহার পতিব্রতা মহাভাগা পতিপ্রিয়হিতাকাজ্ফিনী, দীর্ঘকাল স্থামিশুক্রমাপরায়ণা অনিন্দিত স্থভাবা পরোক্ষ জ্ঞানসম্পন্ধা সাবিত্রী নান্ধী পত্নী ছিলেন। এইরূপ কোশলদেশে যজ্ঞার্ম্মা নামধেয় এক বিপ্র বাস করিতেন। তাঁহার সর্বাক্ষণসম্পন্ধা পতিশুক্রমারতা রোহণী নান্ধী এক ভার্য্যা ছিলেন। অনন্তর উপন্থিত সময়ে বিপ্রভার্য্যা এক পুক্র প্রসব করিলেন। যাযাবরবৃত্তি যজ্ঞার্য্যা এক পুক্র প্রসব করিলেন। যাযাবরবৃত্তি যজ্ঞার

শর্মা পুত্র জন্ম গ্রহণ করিলে, অবগাহনানন্তর মন্ত্রপাঠ করিয়া পুত্র জন্ম সাময়িক কার্য্যকলাপ নিষ্পাদন করিলেন। দ্বাদশ দিবদে পুণ্যতিথি নির্দ্ধারণ করিয়া পুত্রের দেবশর্মা নাম করণ इरेल। ठपूर्थ मान यञ्जभून्वक छेनिक्कमनानि, यर्छ यथाविधि অমপ্রাশন কার্য্য নির্ব্বাহ করিলেন। তদনন্তর একবর্ষ পূর্ণ হইলে যজ্ঞশর্মা চূড়াকর্ম এবং গর্ভাষ্টম বর্ষে উপনয়ন সম্পন্ন করিলেন। দেবশর্মা যথাবিধি উপনীত হইয়া জনকের নিকট বেদ অভ্যাস করিলে, তাঁহার তুর্ভাগ্যবশতঃ পিতা পরলোক প্রস্থান করিলেন। জনক পঞ্চত্ব প্রাপ্ত হইলে সাধুগণকর্ত্ব উপদিষ্ট হইয়া প্রেতক্ত্য সম্পাদন করিলেন। অনস্তর গঙ্গাদি স্থবিমল তীর্থস্থানে স্নানার্থ স্বকীয় গৃহ হইতে প্রস্থান করিয়া উক্ত তীর্থ সকলে যথাবিধি অবগাহনানন্তর ভ্রমণ করিতে করিতে যে গ্রামে পতিব্রতা বাস করিতেছিলেন দেখানে উপনীত হইলেন। সেই নৈষ্ঠিক ব্ৰহ্মচারী তদ্গ্রাম প্রাপ্ত হইয়া প্রত্যহ ভিক্ষাটন, একচিত্তে বেদ জপ এবং অগ্নি কার্য্য করিতে করিতে নন্দিগ্রাম বাদ করিতে লাগিলেন। একে পতিবিয়োগ তাহাতে পুত্রের দেশ পরিত্যাগ এই দকল কারণে দেবশর্মার জননী ছঃথের উপরিছঃথ প্রাপ্ত हरेशा आहात वाजित्तरक निम निम विवर्गा धवः कृणा रहेरज लाशित्वत ।

এক দিবদ ত্রহ্মচারী দেবশর্মা নদীতে অবগাহনানন্তর স্বকীয় পরিধানবস্ত্র পরিশুক্ষ করিবার জন্ম মহীতলে প্রদান রিত করিয়া বাগ্যত হইয়া জপার্থ উপবিষ্ট হইলেন। এমন

সময়ে একটি কাক এবং একটি বক উড্ডীয়মান হইয়া সেই বস্ত্রোপরি উপবিষ্ট হইল। একাচারী দেবশর্মা কাক এবং বক বস্ত্রোপরি উপবিষ্ট দেখিয়া ক্রোধান্ধনয়নে তাহাদিগকে ভংসনা করিলেন। তাহারা তাহার যাতনাসূচক বাক্য প্রবণান্তে বস্ত্রোপরি বিষ্ঠা পরিত্যাগ করিয়া উড্ডীয়মান হইল। তাহাতে অক্ষারীর দ্বিগুণতর ক্রোধ সমূৎপন্ন হইলে রোধক্যায়িত লোচনে তিনি বিয়ালামী পক্ষিপণের প্রতি প্রবিতত দৃষ্টিপাত করিতে লাগিলেন। তাঁহার রোষাগ্রিতে বিহঙ্গমন্বয় দগ্ধ হইয়া ভূমিতে নিপতিত হইল। খগদয়কে ক্ষিতিপতিত দেখিয়া ব্রহ্মচারী দেবশর্মা অতীব বিস্ময়ান্বিত हरेलन। মনে মনে **চিন্তা করিলেন, মহীতলে** আমার ন্থায় তপোবলসম্পন্ন আর কেহই নাই। এইরূপ চিন্তা করিয়া বাটিতি ভিক্ষার্থ গ্রামমধ্যে প্রবেশ করিয়া, যে গৃছে পতিব্রতা বাদ করিতেন, দেই ভবন মধ্যে গমন করিলেন। পতিব্রতাকে অবলোকন করিবামাত্র ব্রহ্মচারী ভিক্ষা প্রার্থনা করিলেন, এমন সময়ে পতিব্রতার স্বামী ভ্রমণানন্তর গৃহে উপস্থিত হইলে পতিব্ৰতা তাঁহাকে আসন প্ৰদান করিয়া উষ্ণবারি গ্রহণান্তে কুণ্ডমধ্যে ভর্তার পাদযুগল কালন করিতে লাগিলেন, এইরূপ কিয়ৎক্ষণ শুশ্রাবার পর স্বামির সন্তোষ সাধনাম্ভে ভিক্ষাগ্রহণে ব্রহ্মচারীকে প্রদান করিবার উপক্রম করিলেন। ব্রহ্মচারী সময়াতিপাত দেখিয়া ক্রোধক্ষায়িত লোচনে পতিরতা সাবিত্রীর প্রতি ঘন ঘন দৃষ্টিপাত করিতে লাগিলেন, তাঁহার এইরূপ ক্রোধোদীপ্তি অবলোকন করিয়া পতিত্রতা হাস্তমুখী হইয়া কহিলেন, হে ত্রক্ষচারিন্! আমি

কাক কিম্বা বলাকা নহি, যাহারা তোমার ক্রোধে দগ্ধ হইয়া নদীতীরে পঞ্চ প্রাপ্ত হইয়াছে। এক্ষণে ভিক্ষা দিতেছি, যদি ইচ্ছা হয়, ক্রোধ পরিহারপূর্বক গ্রহণ কর। সাবিত্রী এই কথা উচ্চারণ করিলে ব্রহ্মচারী ভিক্ষা গ্রহণ করিয়া বাটী হইতে প্রস্থান করিলেন এবং মনে মনে তাঁহার দূরার্থবিদিনী মতি চিন্তা করিতে করিতে যতির আশ্রম মধ্যে ভিক্ষাপাত্র যত্নপূর্বক রক্ষা করিয়া, পতিব্রতার স্বামী গৃহ হইতে বিনির্গত হইলে পুনরায় উক্ত গৃহে আগমন করিয়া পতিব্রতাকে কহিলেন, হে মহাভাগে! আপনি যথার্থতঃ বলুন, কিরূপে এই দূরসংঘটিত বিষয় জানিতে পারিলেন ? ব্রহ্মচারী গৃহাগমন করিয়া সাথবী পতিব্রতা সাবিত্রীকে এই-রূপ প্রশ্ন করিলে তিনি দয়া করিয়া দেবশর্মাকে উত্তর প্রদান করিলেন।

হে ত্রহান্! অবহিত্তিতে আপনার প্রশোভর প্রবণ করুন। আপনি যে প্রশা করিয়াছেন, তাহার পূর্ণরূপ উত্তর প্রদান করিতেছি।

স্ত্রীগণের পতিশুশ্রেষা প্রধান ধর্ম, আমি সততই সেই
ধর্মই প্রতিপালন করিয়া আসিতেছি – হে মহাসতে ! আমার
অন্ত কোন কর্ম নাই। দিবারাত্র অসন্দিগ্ধভাবে পতিতোষণ
দারা এই বিপ্রকৃন্টার্থ বেদন (১) অবগত হইয়াছি। পতিসেবার এরপ প্রাধান্ত যে অজ্ঞাত বিষয়ও জ্ঞানসাধ্য হইয়া
থাকে, সেই স্থামিশুশ্রেষাবলেই পক্ষিদগ্ররপ বিপ্রকৃষ্টার্থ
বেদন লাভ হইয়াছে। হে ব্রহ্মচারিন্! আর এক বিষয়
বলিতেছি, যদি ইচ্ছা করেন, তবে অবগত হউন। আপনি

<sup>(</sup>১) দূরে **স**ংগ্রেরে সংঘ্টিত বিষয়ের **জ**ান।

যাযাবরপুত্র,ভাঁহা হইতে বেদাধ্যয়ন করিয়া জনকের মৃত্যুর পর প্রেতকার্য্য সম্পাদনান্তে সমুপক্লিফা, দৃষ্টিগ্লানা, তপ-ষিনী, অনাথা এবং বিধবা জননীকে পরিত্যাগ করিয়া এই নন্দীগ্রামে সমুপস্থিত হইয়াছেন। হে ব্লান্! আপনার মাতৃহুঃথে তত্তংস্থান পৃতিগন্ধাকীর্ণ হইয়াছে। আপনি পিতৃ-**मख मः ऋात्रवाल शिक्षनाह्न ऋश भाक्ति প্রাপ্ত ह**हेशाह्न, ইহাতে আপনার তপস্থাবল কিঞ্মোত্রও নাই। হে ব্রহ্ম-চারিণ্! याहात জননী সর্বাদাই ছঃখিনী এবং ক্লিফা থাকেন, তাহার তীর্থ, স্নান, জপ, হোম এবং জীবন সকলই মিথ্যা। যে মাতৃদন্ধান দর্বদা ভক্তিপুরঃদর স্বজ্মীকে রক্ষা করে. তাহার অনুষ্ঠিত দর্বকার্য্যই ফলবান্ হয়। অতএব হে পর-ন্তপ! তুমিই অদ্যই স্বদেশ গমন করিয়া জীবিতা তুঃখিনী জননীর তুঃখ মোচন কর। অন্য এককথা বলিতেছি প্রবণ করুন। আপনি দৃষ্টাদৃষ্ট বিঘাতক ক্রোধ পরিহার করি-বেন। যে বিহঙ্গমন্বয় আপনার ক্রোধানলে দগ্ধীভূত হই-য়াছে, আত্মশুদ্ধির জন্ম অত্যে তাহাদিগের শুদ্ধি সম্পাদন কর। হে ব্রহ্মচারিণ্! আমি যথায়থ সমস্ত বিবরণ আপ-নাকে জ্ঞাপন করিলাম, যদি শুভগতি কামনা কর তবে অবিলম্বে এই দকল কার্য্য সম্পাদন কর। পতিব্রতা দ্বিজ-পুত্রকে এই কথা বলিয়া বিরত হইলে দেবশর্মা সাবিত্রী मनरन क्रक्कार्यात निमित्र कमा आर्थना कतिरलन। कहि-লেন, হে বরবর্ণিনি! হে পতিব্রতে! অজ্ঞানাম্বকার পরি-পূর্ণ মহাপাত্রীকী দেবশর্মা ক্রোধকষায়িত লোচনে আপনার প্রতি যে দৃষ্টি নিক্ষেপ করিয়াছিল, সেই কৃতপাপের প্রায়-

শ্চিত্রর প আপনার নিকট এক্ষণে ক্ষমা প্রার্থনা করিতেছে, ভাতএব ক্ষমাদানে অনুগৃহীত করুন। হে শুভরতে ! স্বদেশ গ্রমান্তে যে যে কার্য্যবিধান করিলে আমার হৃগতি হইবে, তাহা বলিয়া দিউন।

পতিব্ৰতা কহিলেন, হে দিজবর! স্বংদশ গমন করিয়া যে যে কার্য্য করিতে হইবে, তাহা বলিতেছি, প্রবণ করুন। ভিক্ষাবৃত্তি দ্বারা মাতৃপোষণ করিবেন, আর এথানে বা সেখানেই হউক বিহঙ্গমের বধজন্য প্রাণ্টিত বিধান করি-বেন। অপর কথা বলিতেছি, যজ্ঞশর্মা নামধেয় বিপ্রবরের ত্মতা নাম্নী কন্তা আপনার ভার্যা হইবেন। তাহাকে পতি-ধর্মাবলম্বনে পরিগ্রহ করুন সাপনি সাদেশগমন করিলেই যজ্ঞশর্মা স্বয়ং দেই কন্মা আপনাকে সংপ্রদান করিবে। দেই ভার্য্যা হইতে আপনার ঔরদে বর্দ্ধন নামা এক পুত্র হইবে, আপনার পিতৃত্ন্য দেও যাযাবরবৃত্তি অবলম্বন করিবে। পুনরায় আপনার স্মৃতা ভার্যা গর্ভে তিদওধৃক্ নামক এক পুত্র জন্মিবে। সে সভ্যাসধর্ম এবং বেদোজা-মুষ্ঠান বলে, নারিদিংহপ্রসাদে বৈফাবপদ প্রাপ্ত হইবে। হে ব্রহ্মন্! আপনার নিকট সমস্তই ভবিষ্যবচন বর্ণন করিলাম। ইহার একটীও মিথ্যা জ্ঞান না করিয়া মঘচনালুসারে কার্য্য নিষ্পাদন কর।

বুল্লচারী কহিলেন, হে পতিবুতে! আমি অদৈরে মাতৃ-রক্ষার্থ গৃহগমন করিতেছি। হে শুভেক্ষনে! গৃহগমন করিয়া আপনার বাক্যানুদারে সমস্ত কর্ম নিজ্পাদন করিব। হে বংস! দেবশর্মা এই কথা বলিয়া গৃহগমনানন্তর মাতৃ- শংরক্ষণ, ক্রোধবিবর্জ্জন এবং বিবাহানন্তর পুত্রদ্বয় সমুৎপাদন করিয়া পরিণত বয়দে পুত্রহন্তে, ভার্য্যা সমর্পণ, লোফু
এবং কাঞ্চন সমজ্ঞানানন্তর নারসিংহপ্রসাদে প্রকৃষ্ট সিদ্ধি
লাভ করিয়াছিলেন। হে পুত্রক! আমি এতদূর পতিব্রতাশক্তির উদাহরণ প্রদান করিলাম। যিনি ধর্ম এবং মাতৃসংরক্ষণপর হইয়া জগন্মধ্যে বিচরণ করেন, তিনি সংসারর্ক্ষবন্ধনদূরীভূত করিয়া বিফুপদ প্রাপ্ত হয়েন।

## পঞ্চশ অধ্যায়।

বেদব্যাদ কহিলেন, হে বংদ! হে শিষ্যগণ! আমি পূনরায় দর্ববিপাপপ্রণাশিনী অপূর্বব কথা বিন্যাদ করিতেছি, একতানচিত্তে প্রবণ কর।

পূর্বকালে সর্ববেদশান্তিবিশারদ পরমপণ্ডিত জনৈক দিজবর ভার্যামরণান্তে পুণ্যতীর্থে অবগাহনার্থ গৃহ হইতে যাত্রা করিলেন। তিনি উদ্বাহবিমুখ হইয়া বিজনে তপশ্চরণ, ভৈক্ষাহারী, জপ এবং স্নানপরায়ণ হইয়া বহুকাল অতিবাহিত করিলেন। অনন্তর পুণ্যময়ী পদ্মা, যমুনা, সরস্বতী, বিতন্তা এবং গোমতীতীর্থে যথারীতি অবগাহনানন্তর পুণ্যজ্ঞা এবং গোমতীতীর্থে যথারীতি অবগাহনানন্তর পুণ্যজ্ঞা এবং গোমতীতীর্থে যথারীতি অবগাহনানন্তর পুণ্যজ্ঞা গ্রাধাম ক্লমন করিয়া পিতৃপিতামহগণের সন্তর্পণান্তে মহেন্দ্রাচল প্রাপ্ত হইলেন। দিজবর উক্ত মহেন্দ্রগিরির ক্তে অবগাহন করিয়া ভ্তানন্দন দর্শনানন্তর পিতৃলোকের তৃপ্তি সাধনান্তে পর্যাইনপর হইয়া বিদ্যোপবন প্রবিষ্ট হইলা। দেব নারিদিংহ ভক্তিপরায়ণ বিপ্র, দেবাদিদেব মহা

দেবের জটাজলোপস্থিত অশেষ অবিনাশন মহদ্ধারাপতন মস্তকে ধারণ করিয়া আত্মদেহ বিশুদ্ধ করিলেন। অনন্তর বিক্যাচলে উক্ত মুনীক্রাভিপ্জিত অনন্ত, অচ্যুত ভগবানকে গিরিসম্ভূত প্রসূনবলি দারা আরাধনা করিয়া দিদ্ধিপ্রাপ্তির অপেক্ষায় তথায় অবস্থিত থাকিলেন। একদিবস ভগবান্ নারিসিংহ বহুজ্ঞানবি প্রকর্ত্ক পুজিত হইয়া সন্তুটান্তঃকরণে নিদ্রাগত ভক্তকে স্বপ্নে আদেশ প্রদান করিলেন, হে দ্বিজ-বর! তুমি গৃহভঙ্গহেতু অনাশ্রমী হইয়াছ, অতএব এই নিমিত্ত আসি আদেশ প্রদান করিতেছি যে, তুমি গৃহগদনান্তে আশ্রমী হও; অনাশ্রমী বেদপারগ হইলেও তাহার অর্চনা অমুগ্রহণীয় হয় না। তথাপি হে বিজসতম! তোমার প্র-বিজ্ঞ নিষ্ঠাচারদর্শনে তোমার প্রতি প্রদন্ধ হইয়া স্বপ্নাবেশে এই আদেশ করিলাম। ভগবানোক্ত বাক্য বুঝিতে পারিয়া এবং কিয়ৎকাল চিন্তানন্তর দ্বিজপ্রবর নারসিংহযুর্ত্তি হরির পূজাবিধানান্তে সন্যাদধর্মাবলম্বন করিলেন। তিনি পবিত্র-দেহ এবং ত্রিদণ্ডধারী হইয়া হরিতে অন্তরাত্মা সমর্পণ করিয়া সমস্ত তীর্থে স্নানান্তে মন্ত্র জপ করিতে করিতে সেই দেব দেব হরির মূর্ত্তি হৃদয়ে ধ্যান করিতে লাগিলেন। তিনি বন-বাদী এবং ভিক্ষাত্মরতি হইয়া নারদিংহমূর্ত্তি বিফুর আরাধন এবং ধ্যানন্তর হৃদয় পবিত্র করিয়া বিবিক্তদেশে কুশাদনোপ-বিষ্ট বাছেন্দ্রিয়গ্রাম সংধ্মানস্তর ভগবানে হৃদয় নিবিষ্ট করিয়া আনন্দ এবং বিজ্ঞানস্বরূপ, বরেণ্য, ক্ষেমপ্রদ, অজ, বিমল এবং সত্যস্থরূপ দেই পরম ব্রহ্ম হরিকে চিন্তা করিতে করিতে পরমাণুরূপী দ্বিজবর নির্ববাণমুক্তি লাভ করিলেন।

হে বৎস ! এই যে পুণ্যময় কথা যাহা তোমাদিগের নিকট বর্ণন করিলাম, যে ব্যক্তি অবহিত্চিত্তে এই অনন্ত নার্সাংহ কথা পাঠ করেন, তিনি প্রয়াগতীর্থপ্রবন ফল ধর্ম লাভ করেন্দ্র এবং অন্তে হ্রিপদপ্রান্ত হইয়া মুক্তি লাভ করিয়া থাকেন। হে পুত্রক ! আমি এই পূর্বতন পুণ্যময় পবিত্র এবং সংসার-বিক্রনাশন উপাধ্যান প্রকাশ করিলাম; এক্ষণে যদি কিছু অভিপ্রেত থাকে, প্রকাশ করিয়া বল।

# ষোড়শ অধ্যায়।

সূত কহিলেন, শিষ্যগণে পরিবৃত পুত্রকর্তৃক এইরূপে উক্ত হইয়া কৃষ্ণদৈপায়ন ঋষি সংসারবৃক্ষের লক্ষণ কহিতে আরম্ভ করিলেন।

ব্যাস বলিলেন, যাহা দ্বারা এই বিশ্ব সমার্ত হইয়াছে,
সেই সংসাররক্ষের লক্ষণ কহিতেছি, বৎস! প্রবণ কর।
শিষ্যগণ! তোমরাও অবহিত হইয়া প্রবণ কর। অব্যক্ত (১)
এই সংসার রক্ষের মূল, তাহা হইতে এই রক্ষ সমুখিত হইয়াছে। বুদ্ধি ইহার ক্ষম, ইন্দ্রিয়গণ ইহার অঙ্কুর ও কোটর;
মহাভূত দ্বারা ইহার বিশালতা সম্বর্ধিত হইয়াছে, পরমাণুগণ ইহার শাখা ও পত্র, ধর্মাধর্ম ইহার পুষ্পা, হুখ হুঃখ
ইহার ফল। এই সনাতন বুক্ষরক্ষ স্কভিত্তর উপজীব্য।
বুক্ষরক্ষে যাহা যাহা বিদ্যমান আছে, তৎসমূদায়ই বুক্ষাস্করপ। পুরাতন ঋষিগণ সংশাররক্ষের লক্ষণে এইরূপ

<sup>(</sup>১) প্রকৃতি মহতত্ত্ব তাহংকারাদি।

কহিয়াছেন। দেহিগণ এই বুক্ষে আরোহণ করিয়া মোহ প্রাপ্ত হয়। **প্রাক্তম**তি বুদ্মজ্ঞানপরাগ্মুখ ব্যক্তিগণ *স্থ*গুঃখ ুসমাশ্রয় কয়িয়া নিয়তই এই রুক্ষে বিচরণ করিয়া থাকে। কৃতি ব্যক্তিগণ বৃক্ষজ্ঞানরূপ মহা অদি দ্বারা এই রুক্ষ , ছেদন করিয়া কর্মাক্ষয়ে পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন। হে মহা-প্রাজ্ঞ! ছক্কতকারীগণ এই বৃক্ষ ছেদন করিতে অক্ষম। জ্ঞানিগণ জ্ঞানরূপ পরমোৎকৃষ্ট অদি দ্বারা দংদারবৃক্ষ ছিল ভিন্ন করিয়া যে স্থান হইতে আর পুনরাগমন করিতে হয় না দেই মোকপদ লাভ করে। মোহরূপ দারুময় পাশ দারা হুদৃঢ়বদ্ধ ব্যক্তিগণ বিষুক্ত হয়, কিন্তু দারপুত্রময়পাশবদ্ধ মানবগণ কদাচ বিমুক্ত হইতে পারে না। জ্ঞানই অভিবাঞ্চিত শ্রেষঃ, জ্ঞানই পরমনুক্ষা এবং জ্ঞানই নারসিংহের ভোষণ-স্বরূপ; জ্ঞানহীন পুরুষ পশুর সমান। নরগণের আহার নিদ্রাভয় এবং মৈথুন, পশুগণেরই সমান; কিন্তু জ্ঞানই নর গণের অধিক বস্তু, সেই জ্ঞানদারা বিহীন মানবগণ স্ত্তরাং পশুরই দ্যান।

# সপ্তদশ অধ্যায়।

শুকদেব কহিলেন, সংসাররকে আরোহণ করিয়া সেই সেই অন্তুত তুঃখপাশ দারা আত্মাকে বদ্ধ করিয়া জীবগণ যোনিসাগরে নিপতিত হয় (১)। তাহারা কাম, জোধ, লোভ, অভিলয়িত অক্চন্দন বনিতাদি বিষয়ভোগ, পুত্রকল-

<sup>(</sup>১) বার্থার সংসারে জনাগ্রহণ করে এই ভাক।

ত্রাদি লাভের বাসনা এবং নিজ কর্ম দ্বারা বন্ধ হইয়া স্বস্তু-ন্তর সংসারসাগর শীভ্র পার হইতে পারে না। হে পিতঃ! জিজ্ঞাসা করি, তাহার মৃক্তি কিরূপে সাধিত হইবে?

वाम विनातन, वरम ! याहा कानिया भूकिनां इय, তাহা আমি তোমাকে কহিতেছি, তুমি শ্রবণ কর। মহর্ষি নারদ, পূর্বের ইহা শিবমুখে প্রবণ করিয়াছিলেন। ধর্মজ্ঞান বিবর্জ্জিত জীবগণকে যমালয়ে স্বকর্ম দারা ঘোর রোরব নরকে পতিত দেখিয়া নারদ ঋষি মনে মনে চিন্তা করিতে লাগিলেন। অহো! পাপিব্যক্তিগণ ঘোরত্তর নরকে পতিত হইয়া ঘোরতর হুঃখ ভোগ করিতেছে। এইরূপ চিন্তা করিয়া নারদ সত্তর গঙ্গাধর, শঙ্কর, শূলপাণি, তিলোচন, মহাদেবের নিকট গমন করিয়া প্রণিপাতপুরঃসর জিজ্ঞাসা করিলেন, দেব! ব্যক্তিগণ সংসারে সততই কাম, ক্রোধ, শুভাশুভ কর্ম, শীতোফাদি দ্বন্দ, শব্দপর্শাদি ইন্দ্রিয়গ্রাহ্ বিষয় এবং কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎস্থ্য এই ষড়ুদ্মি ইত্যাদি দারা পীড্যমান হইয়া কিরূপে সংসারসাগর হইতে দদ্যই বিমৃক্ত হয় তাহা আমি শুনিতে বাদনা করি, হে ত্রিপুরান্তক! তাহা আমাকে অনুগ্রহপূর্বক প্রকাশ করিয়া বলুন। ত্রিলোচন নারদের দেই বচন এবণ করিয়া প্রান্ধ বদনে কহিলেন, হে ঋষিদত্তম ! জ্ঞানামৃত স্বরূপ, ভববন্ধন ভয়নাশক, ছুঃখনিবারক,পরম গুহুরহৃদ্য দেই বিষয় আমি তোমার নিকট বর্ণন করিতেছি শ্রেবণ কর। জরায়ুজ অগুজ, স্বেদজ ও উদ্ভিক্ত এই চতুৰ্বিধ জীব এবং চতুৰ্বিধ ভূত পদার্থ এবং চরাচর এই অথিল জগৎ যাঁহার মায়ায়

প্রদারিত রহিয়াছে, দেই বিষ্ণুর প্রদাদে যদি কোন ব্যক্তি তত্ত্বজ্ঞান লাভ করিতে পারে. সেই ব্যক্তিই দেবগণেরও তুস্তর এই সংসারসাগর পার হইতে পারে। তত্ত্বজানপরা-জাুথ, ভোগে ও ঐশ্ব্যমদে মত, ব্যক্তিই এই সংসাররূপ महाभएक जीर्न वलीवर्ष्मत छात्र निमन्न हत्। (य जीव. ८कावः কারক ক্রমির ভায়ে আপনাকে কর্ম্মসূত্রপাশে বদ্ধ করে, শত কোটী জন্মেও তাহার মুক্তি দেখিতে পাই না। হে নারদ! দেই হেতু সদা সমাহিত হইয়া, সকল দেবতাদিগের দেবতা, অব্যয় বিষ্ণুর আরাধনা করিবে এবং নিয়তই তাঁহার ধ্যান-পরায়ণ হইবে। জীবগণ দেই বিশ্বরূপী, অনাদি, অনন্ত, অজ এবং আপনার আত্মায় আপনিই সংস্থিত, সর্বজ্ঞ, অচল বিষ্ণুকে নিয়ত ধ্যান করিয়া বিমুক্ত হয়। বুতস্বরূপ, সত্য-স্বরূপ, প্রম, জ্বেয়, ব্যক্তাব্যক্ত (১) স্নাত্ন, নিক্ষল (২) বিরজ (৩) বিষ্ণুকে ধ্যান করিয়া বিমুক্ত হয়। সর্ববহুঃথ ক্ষরকারী, নিগুণ, (৪) মায়ার পারঙ্গত দর্ব্রধুক্, শাশ্বত (৫) বিষ্ণুকে ধ্যান করিয়া বিমৃক্তি লাভ করে। নির্বিকল্প, নিরা-ভাদ, নিপ্প্রপঞ্চ, নিরাময়, বাহ্নদেব, গুরু, বিষ্ণুকে ধ্যান করিয়া জীবগণ বিমুক্ত হয়। নিরঞ্জন, শান্ত, অচ্যুত, ভূতভাবন বেদগর্ভ, অজ, বিষ্ণুকে নিয়ত ধ্যান করিয়া জীবগণ বিমৃক্ত ह्य। चर्जीन्त्रिय, चनिर्दम्ण, चिन्छा, चनताङिन, विकान, অজ, সেই বিষ্ণুকে ধ্যান করিয়া জীবগণ মুক্তি প্রাপ্ত হয়।

<sup>(</sup>১) বিশ্বাদিরপে বাজ, ওদ্ধ চৈত্রুরপে অব্যক্ত।

<sup>(</sup>২) অংশরহিত। (৩) গুদ্ধ। (৪) স্ত্রকঃ, ভনঃ গুণের অংতীত। (৫) নিতা।

জন্ম মুত্রা জরা ঘাঁহাকে স্পর্ণও করিতে পারে না সেই িনির্বিকার, দুনাতন, অনির্লিপ্ত, অভয় বিষ্ণুকে নিয়ত ধ্যান করিয়া বিমুক্তি লাভ করে। সর্বভাব হইতে বিনিম্মুক্ত, অপ্রমেয়, অক্ষয়, নির্বাণপ্রদ বিষ্ণুকে নিয়ত ধ্যান করিয়া জাবগণ বিমুক্তি লাভ করে। অমৃত, পরমানন্দ, সর্কবিধ উপাধিবর্জিত, জেয়, বুকা, শিব্বিফুকে দলা ধ্যান করিয়া জীবগণ বিমৃক্ত হয়। পরাৎপর, পুরনামক শরীর (১) গুহাশয়, অপরিমেয়, অব্যয় বিষ্ণুকে নিরন্তর ধ্যান করিয়া জীবগণ বিমৃক্তি লাভ করে৷ গুভাগুভবিবর্জিত, উর্মি ষট্কের অতীত, (২) কল্যাণস্করণ নির্মাল বৈদ্য সেই বিফুকে নিরন্তর ধ্যান করিয়া জীবগণ সংশারবন্ধন হইতে বিমুক্ত হয়। দর্ববিধ দ্বন্দ্বিনিম্মুক, (৩) দর্ববপ্রকার ছুঃখ বিব-র্জিত, অপ্রতর্ক্য, অবিজ্ঞেয় বিষ্ণুকে নিরন্তর ধ্যান করিয়া জীবগণ মুক্তি লাভ করে। আনন্দমাত্র, অহৈত, চতুর্থ স্থান স্বরূপ প্রমপদ ( ৪ ) দর্শ্বসংহারকারী কৃতী বিফুকে নিরন্তর धान कतिया জीवनन भव्रमभन लां करत। ज्ञभविविर्ष्किठ, সত্যসংকল্ল, শুদ্ধ, আকাশস্বরূপ, কালস্বরূপ বিষ্ণুকে একাগ্র-মনে নিরন্তর ধ্যান করিয়া জীবগণ পরমূপদ প্রাপ্ত হয়। দর্বাত্মক স্বভাব, আত্ম চৈত্যস্তরপ, শুভ্র, একাক্ষর বিষ্ণু:ক (অ = বিষ্ণু) নিরন্তর ধ্যান করিয়া বিমুক্ত হয়। তৃষ্ণাতীত,

<sup>(&</sup>gt;) পুরে শরীবে শেতে ইতি পুরুষ:। বিষ্ণুই ক্ষেত্রস্বরূপ এবং তাহা-তেই সেই বিষ্ণু চৈত্রস্বরূপ অবস্থান করেন।

<sup>(</sup>২) কাম কোধাৰির। (৩) হ্রখ ছংখ, শীত, গ্রীয়া, এইরূপ যুগা যুগ বিচার ভারাবিন বিবাধি ঃ 💃 (৬) উচানিষ হৃক হুর্লেপন। বৈবাধি হ

ত্রিকালজ্ঞ, বিশ্বেশ, লোকদাক্ষী, সর্কোত্তর (১) বিফুকে নির-ধ্যান ধ্যান করিয়া সংসারবন্ধন হইতে বিমুক্ত হয়। অনির্ব্রাচ্য অবিজ্ঞেয়, অক্ষর, আদিম এবং বিশ্বরূপে সংহত (২) অদ্বিতীয়, নির-ন্তর (যাহাতে কাহারও অবকাশ নাই) বিফুকে নিরন্তর ধ্যান করিয়া জীবগণ বিমুক্ত হয়। বিশ্বাদ্য, বিশ্বগোপ্তান্থছৎ, সর্বিকাম-প্রদ, স্থানত্রয়াতিগ, (যিনি বেদাস্তোক্ত পূর্কোক্ত তিন স্থানের অতীত) বিফুকে ধ্যান করিয়া বিমৃক্ত হয়। সর্ববৃত্যুথক্ষ্মকারী দর্মশান্তিকর দর্বপাপহর হরিকে ধ্যান করিয়া জীবগণ বিমুক্তি লাভ করে। যে বিষ্ণুতে এই বিশ্ব প্রতিষ্ঠিত <del>হরি</del>-য়াছে এবং এই বিশেই যে বিষ্ণু প্রতিষ্ঠিত রহিয়াছেন, সেই বিখেশর অজ বিফুকেনিরস্তর ধ্যান করিয়া জীবগণ মুক্তিলাভ করে। সংসারবন্ধন হইতে মুক্তিলাভাকাজিক ব্যক্তিগণ নিঃ-শেষরূপে দর্ব্বকামনা বিদর্জ্জন করিয়া দেই বরদ বিফাকে নিরস্তর ধ্যান করিয়া দংসারবন্ধন হইকে বিমৃক্ত হয়। ব্যাস-(पव विलियन, श्रविकारण नांत्रमकर्खक জिड्डामिक हहेग्रा ব্যভঞ্জ উাঁহাকে যাহা কহিয়াছিলেন, আমি ভোমাকে সেই সমস্তই কহিলাম। অতএব হে পুত্র ! সেই বীজবিরহিত নিক্ষল ব্রহ্মকে শিরস্তর ধ্যান কর, ভাহা হইলেই শাখত পদ নিশ্চয়ই প্রাপ্ত হইবে। সেই ঋষিপ্রবর নারদ ঈশ্বর

গণ, আকাশাদি ইখন পর্যান্ত অক্সান্ত পদার্থকে বিভাগ করিয়া এক ছইজে তিনস্থানে স্থাপন করিয়া শুদ্ধবৃদ্ধ স্বভাৰ প্রমেশ্বরকে চতুর্থ স্থানে স্থাপন করেণ, সেইবুসাদ্ধপ বিষ্ণুকে ধ্যান করিয়া জীবন মৃক্ত হয় এইরূপ অর্থ।

<sup>(</sup> ১) সকলের আবিতে যিনি আছেন (২) মিলিত।

সনিধানে বিফ্র এইরপে প্রাধান্য অবণে প্রমাসিদ্ধি প্রাপ্ত হইয়াছেন।

অন্য যে কোন ব্যক্তি নিত্য নিত্য এই উত্তম স্তব পাঠ করেন, তাহার শতজনাকৃত পাপও বিনফী হয়। মহাদেব-কর্তৃক কীর্ত্তিত বিফুর এই পবিত্র পুণ্যকর স্থোত্র যে নর যত্ন পূর্বক প্রতিদিন পাঠ করেন, সে অমর্জ্বলাভের যথার্থ অধি-কারী হয়। যে ব্যক্তি আপন হৃদয়ে হৃৎপদ্মধ্যে অবস্থিত অনস্ত, উপাদকগণের প্রভু ঈশ্বর শচ্যুত বিষ্ণুকে নিরন্তর ধ্যান করে, সে পরত্মা বৈষ্ণবী দিদ্ধিপ্রাপ্ত হয়।

শুকদেব কহিলেন, হে পিজঃ! বিষ্ণুপরায়ণ ব্যক্তিগণ, নিরন্তর কোন্ মন্ত্র জপ করিয়া সংসার ছঃখবন্ধন হইতে মুক্ত হয়, তাহা আপনি লোকহিতের নিমিত্ত আমাকে প্রকাশ করিয়া বলুন।

ব্যাস বলিলেন, সকল মন্ত্রগণের মধ্যে উত্তম অন্টাক্ষর মন্ত্র আমি তোমাকে বলিব, এই মন্ত্রই জপ করিয়া জীবগণ বন্ধন হইতে বিমৃক্ত হয়। মানব একাগ্রমনা হইয়া হুংপুণ্ড-রীকের মধ্যস্থিত শহাচক্রগণাধর অজ বিফুরেপ নিরন্তর জপ করিবে। একান্তে বিজনপ্রদেশে বিফুর অগ্রে বিফুদেবে চিত্ত প্রণিধান করিয়া নাভিপ্রদেশে অন্টাক্ষর মন্ত্র জপ করিবে। অন্টাক্ষর মন্ত্রের ঋষি স্বয়ং নারায়ণ, ছুন্দঃ দেবী গায়ত্রী এবং দেবতা পরমাত্মা। । 'ওঁ নমো নারায়াণায়' এই সর্ব্বার্থন সমন্তর্র ভঁকার ভ্রেবর্গ, নকার রক্তবর্ণ, মকার ক্রফাবর্ণ, রকার ক্রুমাভবর্ণ, যকার, পীতবর্ণ নকার মঞ্জনাভবর্ণ, যকান বের বর্ণ বিভ্রশ্বরার। এই মন্ত্র জপ করিলে ভক্তগণ স্বর্গ ও

মোক লাভ করিতে সমর্থ হয়। ∫ এই মন্ত্র সকল মন্ত্র মধ্যে উত্য শ্রীমান্ স্কাপাপপ্রনাশন, বেদপুরাণসিদ্ধ এবং সনা-তন। যে শানব সন্ধ্যাবদানে সতত এই অফীক্ষর মন্ত্র জপ করিয়া ভগবান নারায়ণের সারণ করে, সে দর্ববিধ পাপ হইতে মুক্ত হয়। এই পর এই মন্ত্রই পরন্তপ এই মন্ত্রই স্বর্গ এবং এই মন্ত্রই মোক্ষ বলিয়া কথিত হয়। বিফ্লভক্ত মানব-গণের হিতের নিমিত্ত প্রাকালে ভগবান্ বিঞ্ সর্বদেবের গুঢ়তত্ত্ব হইতে এই মন্ত্রই সাররূপে সমুদ্ধার করিয়াছিলেন। जनः मर्स्तराराच मर्सकायन जरे गन्न कीर्डन कतिया जिल्ला । এইরপে বৈক্ষবগণ এই অফাকর উৎকৃষ্ট মন্ত্র জানিতে পারিল। পাপগুলির নিমিত স্নানাত্র শুচি হইয়া প্রিত্র थारनर्भ अहे मल जल कतिरव। मानकारल धमनकारल मकल পর্বন সময়ে কর্মের পূর্বের ও পরে এই নারায়ণ মন্ত্র জপ করিবে। শুচি ও সমাহিত্তিত হইয়া প্রতিদিন সহস্রবার এবং মামে বাদশীতে অযুত্তবার জপ করিবে। যে নর স্নানা-নতার শুচি হইয়া নমো নারায়ণায় এই মন্ত্র শতবার জ্প করে দে অনাময় পর্মদেব নারায়ণকে প্রাপ্ত হয়। গন্ধ-पूष्पानि वाता विख्त बातायना कतिया एव वाक्ति वह मञ्ज জপ করে দে মহাপতকী হইলেও সংসারবন্ধন হইতে মুক্ত इब: अल्लिह नाहै। (य गानव तनव तनव हतितक इत्तर्य করিয়া এই মন্ত্র জপ করে দে তৃতীয় লক্ষ্যে (লঘিমাদিদ্ধিতে) অবস্থান করিয়া স্থিরমতি হয়। (১) সপ্তম লক্ষ্য দারা (বশিত্র

<sup>(</sup>১) অশিনা, মহিমা লখিন। প্ৰাপ্তি প্ৰাকান, ঈশিত্ব বিশাত্ত কানাবশগ্ৰিত্ত মইবিই লক্ষ্য শক্তে ইউল ইইলাভে।

ছারা) পরমেশর বিফার স্বরূপতা প্রাপ্ত হয় এবং অফীম ঁলক্ষ্য (কামাবদায়িত্ব দিদ্ধি) দ্বারা নির্ববাণ মুক্তিলাভ করে! দিজাতিগণ নিজ নিজ ধর্ম্মে নিযুক্ত এবং জাগরক থাকিয়া এই দিদ্ধিকর অফীকর মন্ত্রজপ করিবেন। ছুঃস্বর্র, খরতর পিশার্চগণ, ব্রহ্মরাক্ষদগণ চৌর ও ব্যান্তাদি জন্তুগণ এই নারায়ণ মন্ত্র জপাকারী মানবের নিকটেও গমন করিতে সমর্থ হয় না। বিফাভক্ত ব্যক্তি দুচ্বত, অব্যগ্র ও একাগ্র-মতি হইয়া মৃত্যুভয়বিনাশকারী এই নারায়ণমন্ত্র জপ করি-বেন। ওঁকারাদি এই অটাক্ষর মন্ত্র মন্ত্রগণেরও পরম মন্ত্র; দেবতাদিগেরও পরম দেবতা এবং গুহা বস্তুগণের পরম গুহা। ইহার জপকারী মানবগণ আয়ু, ধন, পুত্র, পশু, বিদ্যা, মহোন্নতি ধর্মা, অর্থ, কাম, গোক্ষ, দকলই প্রাপ্ত হয়। বেদ শ্রুতির প্রমাণবলে এই বাক্য একান্তই সত্য। এই মন্ত্র নরগণের সিদ্ধিকর, তাহাতে সন্দেহমাত্র নাই। খাষিগণ পিতৃগণ দেবগণ প্লবগণ ও রাক্ষদগণ সকলেই এই উৎকৃষ্ট মন্ত্র জানিতে পারিয়া শাস্ত্রানন্তর বিধানে জপ কয়িয়া কালক্রমে পরমাদিদ্ধি লাভ করিয়াছেন।

মকুজগণ অন্তকালে, "নারায়ণায় নমঃ" এই মন্ত্র জপ করিয়া দেই বিষ্ণুর পরমপদ লাভ করে, ইহা তোমাদিগকে পূর্বেই বলিয়াছি। হে পুত্র! হে শিষ্যগণ! শ্রুবণ কর, সভ্য সভ্য, পুনঃ সভ্য এই অফীক্ষর নারায়ণমন্ত্র যে ব্যক্তি নিয়ভই বারন্থার জপ করে সে মুক্তিলাভ করে, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। বেদ অপেক্ষা উৎকৃষ্টভর শাস্ত্র আর নাই এবং কেশব অপেক্ষা উৎকৃষ্টভর দেবভাও আর নাই। সর্বশাস্ত্র সন্দর্শন এবং পুনঃ পুনঃ বিচার করিয়া এই এক স্থনিম্পন্ন বাক্য স্থিরতর হইয়াছে যে, নারায়ণই নিরন্তর ধ্যেয় পদার্থ। এই আমি ভোমার শিষ্যুগণের সন্ধিধানে পুণ্যপ্রদ মহার্থ বাক্য সকল বিজ্ঞাপন করিলাম এবং বিবিধ পুণ্যপ্রদ কথাও কহিলাম। হে পুত্র! তুমি নিয়তই নারায়ণের ভজনা কর। হে মহাবৃদ্ধিমন্ বৎস! যদি তুমি দিদ্ধি লাভে বাসনা কর, তবে এই অফাক্ষর সর্বস্থিঃখ বিনাশন, সর্বভিয়বিদারণ এই নারায়ণ মন্ত্র নিয়তই জপ কর। এই স্তব ব্যাসদেবের বদন স্কুর্বের্জ ইহাে পাঠ করে, সে নির্ধে তি পাগুরপক্ষপট রাজহংদের আয়ে, এই সংসারদাগর নির্দিয়ে পার হইয়া যায়।

### ঊনবিংশ অধ্যায়।

সূত কহিলেন,তপোধনগণের অগ্রগণ্য মহামতি মহাভাগ শুকদেব,কৃষ্ণদৈপায়নের সন্নিধানে,এইরূপ নানাবিধ কল্যাণ-কর, সর্ব্বপাপপ্রনাশন পুণ্যকথা প্রবণ করিয়া শিষ্যগণের সহিত নায়ায়ণপরায়ণ হইলেন। হে দ্বিজ ভরম্বাজ! এই আমি তোমাকে মার্কণ্ডেয়াদি মুনিগণের পাপদ্মী বিচিত্রা কথা প্রবণ করাইলাম, এক্ষণে আর কি শুনিতে বাদনা কর।

ভরদ্বাজ কহিলেন, পূর্ব্বে আপনি বস্থ আদি দেবগণের স্প্তি বিবরণ কহিয়াছেন,কিন্তু অখিনী কুমারযুগল ও মারুত-গণের উৎপত্তির বিষয় বর্ণন করেন নাই। সূত কহিলেন, হে মহামতে ! ভরদাজ ! শক্তি পুত্র পরাশর ঋষি বিষণুপুরাণে মরুদ্যাণের এবং আশ্বিনদেব্যুগলের
উৎপত্তি বিবরণ বিস্তারিতরূপে বর্ণনা করিয়াছেন। ইহাঁদের উৎপত্তিবিবরণ আমি তোমাকে সংক্ষেপে বলিব, শ্রেণ
কর।

দক্ষকন্যা অদিতি, অদিতি হইতে আদিত্য জন্মগ্ৰহণ করেন। বিশ্বকর্মা তাঁহাকে সংজ্ঞা, নাম্মী কন্থা প্রদান করি-লেন। তিনিও বিশ্বকর্মার রূপবন্ধী কন্যা লাভ করিয়া তাহার দহিত রমণ করিতে লাগিলেন। সংজ্ঞা নিদাঘকালে আদিত্যের তাপ সহু করিতে না পারিয়া পিতৃগৃহে গমন করিলে তাঁহাকে অবলোকন করিয়া পিতা কহিলেন, কেন পুত্রি! তুমি ভর্তার স্নেষ্ট বিস্মৃত ষ্টয়া তাঁহাকে উল্লঙ্খন করিয়া এখানে আগমন করিলে ? সংজ্ঞা পিতার এইরূপ বাক্য শবণ করিয়া কহিলেন,ভর্তার প্রচণ্ড তাপ সহ্থ করিতে না পারিয়া এখানে আগমন করিয়াছি। পিতা শুনিয়া কহি-লেন, পুত্রি! ভর্তৃগৃহে গমন কর; স্বামিদেবাই যুবভীগণের শেয়ক্ষর পরম ধর্ম। আমিও কতিপয় দিবসের পর যাইয়া জামাতা আদিতোর উষ্ণাতার ব্যপন্যন করিয়া দিব। পরে তাপক্রেশ ভুলিয়া ভর্তৃগৃহে গমনপূর্ব্দক কতিপয় দিবসমধ্যে আদিত্যসঙ্গম, মনু যম এবং যমী নামে অপত্যতায় প্রদব করিলেন। পুনর্কার দেইরূপ উষ্ণভা সহু করিতে না পারিয়া, আদিত্যের উপভোগের নিমিত্ত প্রজাবলে ছায়া নাম্মী কামিনীর উৎপাদনপূর্ব্বক তথায় স্থাপন করিয়া উত্তর কুরুদেশে গ্রমানন্তর অখারতে তথায় বিচরণ করিতে লাগি-

লেন। আদিত্যও সংজ্ঞা মনে করিয়া ছায়াতে পুনর্কার मलू, भरेन कत ७ ७१ छी अहे छिन अभछा छेदभाषन कति-লেন। ছায়া স্বেচ্ছাপূর্বক আপন অপত্যগণের প্রতি পক-পাত প্রদর্শন করিছে লাগিলেন দেখিগা, যম পিতাকে কহিল, ইহাঁর পক্ষপাত নিবারণ করন। শুনিয়া আদিত্য ছায়াকে কহিলেন, সকল অপত্যগণের প্রতি সমভাব প্রদ-ছায়া পুনর্বার স্বকীয় অপত্যগণের প**ক্ষপাতে** প্রবর্ত্তিত হইলে, যম ও যদী উভয়েই তাহাকে বহুতর অপ্রিয় বাক্য শুনাইলেন। আদিত্যস্ত্রিধানে ভাঁহারা ছায়াকে উল্লাচকে (১)) তর্জন করিতে লাগিলেন, তদর্শনে ছায়া তাঁহাদিগকে অভিশাপ দিলেন যে যম! তুমি প্রেতরাজ হও, যমি ! তুমি যমুনা নামে নদী হও। অনতর আ। দিত্য ও ক্রোধভারে ছায়ার অপত্যদয়কে অভিশাপ দিলেন যে, হে পুত্র শনৈশ্চর ! তুমি জুরদৃষ্টি, মন্দগানী (খঞ্জ) পাপগ্রস্থ হও; তপতি। তুমি তাপী নামে তটিনী হও। অনন্তর আদিত্য ধ্যানপ্রায়ণ হইয়া সংজ্ঞা কোথায় আছেন বিচার कतिया (मिथितन, जिनि উত্তর कू ऋ एमर भ प्या है की इहेगा विह-রণ করিতেছেন, আপনিও তথায় গমন করিয়া অথরপে তাঁহার সহিত সহবাস করিলেন। এইরূপে আদিত্যের উরদে অখীরূপী দংজ্ঞার গর্ভে অশ্বিনী কুমার দ্বয়ের উৎপত্তি रहेल। প্রভাঙিশয়ে তাঁহাদের বপুঃ বিভাজমান হইলে ষয়ং প্রজাপতি দেই স্থলে আগমন করিয়া কহিলেন,তোমরা

<sup>( &</sup>gt; ) टक्कार्थ, छेপत्रिष्टारण नश्चन छेटडालन कतिया।

উভয়েই যজ্ঞভাগী হইবে এবং দেবগণের চিকিৎসক হইবে, ইহা কহিয়া অন্তর্ধান হইলেন। আদিত্যও অশ্বরূপ পরিহার করিয়া, স্বরূপধারিণী নিজভার্য্যা আখ্রী সংজ্ঞাকে সঙ্গে লইয়া স্বস্থানে গমন করিলেন।

বিশ্বকর্মা আদিত্যসিম্বানে আগমন করিয়া বহুবিধ নাম দারা আদিত্যদেবের স্তব করিলেন এবং তদারা তনয়ার প্রতি অপশাস্ত করণান্তর বিবিধ মধুর বঁনে তনয়াকে সাস্ত্রনা করিয়া প্রস্থান করিলেন। ছে মহামতি ভরদ্বাজ আমি তোমাকে আশিনযুগলের উৎপত্তির এই পাপত্মী পুণ্যকরী পরম পবিত্র কথা কহিলাম। দিব্যক্ষপে বিরাজমান স্থরভিষক্ আশিনদ্বয়েব জন্ম বিবরণ যে নর ভক্তিভাবে প্রবণ করে, সে পৃথিবীভাব পরিহার পূর্বক আনন্দ উপভোগ করিতে থাকে।

#### বিংশ অধ্যায়।

ভরষাজ কহিলেন, বিশ্বকর্মা যে যে নাম ছারা আদি তেরে স্তব করিয়াছিলেন, আমি সেই সকল নাম প্রবণ করিতে বাসনা করি।

সৃত কহিলেন, বিশ্বকর্মা যে সকল সর্ব্বপাপবিনাশন সাবিত্র নাম বারা স্তব করিয়াছিলেন, তাহা আমি তোমাকে কহিতেছি প্রবণ কর। আদিত্য, স্বিতা, স্থ্য, খগ, প্যা, গভস্তিমান, তিমিরোম্মধন, শস্তু, ঘটা, মার্ভণ্ড, অংশুমান, হিরণ্যগর্ভ, কপিল, তপন, ভার্গব, রবি, অগ্রিগর্ভ, অদিতি- পুজ, শস্তু, তিমিরনাশন, অংশুমান, অংশুমালী, তমোলী, তেজোনিধি, অধ্যমা, মণ্ডলী ,মৃত্যু, পিঙ্গল, দর্মতাপন, হরি, বিশ্ মহাতেজা, সর্বরত্বভাকর, অংশুগ্ অভিস্তমোভেদী, ঝাগযজুঃ**দামদীপক, ঘনাবিহ্নরণ**, মিত্র, স্বঃপ্রদীপ, মনোভব যজেশ, গোপতি, শ্রীমান্, কৃতজ্ঞ, ক্লেশনাশন, অমিত্রহা, অহঃশিরা, হংস, নায়ক, প্রিয়দর্শন, শুদ্ধ, বিরেচন, কেশী, সহাস্রাংশু, প্রতদ্ন, কল্লরশ্মি, পতঙ্গ, বিশ্বরাট**্ বিশ্ব**নংস্কৃত, ভূর্বিজ্যেগতি, শুর, তেজোরাশি, মহাঘশাঃ, ভ্রাজিফু, ভ্যোতিরীশ, বিফুমৌলি, স্বভাবন, প্রভবিষ্ণু, প্রভাবোথ, জ্ঞানরাশি, প্রভাকর, আদ্য, বিফু, গ্রহাধ্যক্ষ, কর্ত্তা, নেতা, শঙ্কর, বিমল, বীর্যবান্, ঈশ, মোগীশ,যোগভাবন, অমৃতারা, गत, নিত্য, বরেণা, বরদ, প্রভু, ধনদ, প্রাণদ, শেষ্ঠ, স্থগদ, কামরূপধূক্, তরণী, শাখত, শাস্তা, শাস্ত্রজ, তনয়, প্রিয়, বেদগর্ভ, বিভাবস্থ, শান্ত, পাবিত্রী, বল্লভ, ধ্যেয় বিশ্বেশ্বর, ভর্তা লোকাত্মা, মহেশ্বর, মহেন্দ্রু, বরুণ, ধাতা, বিফু, অগ্নি, দিবাকর, এই দকল নাম দ্বারা মহাত্মা বিশ্বকর্মা দূর্য্যের স্তব করিয়াছিলেন। ভগবান্, রবি প্রদন্ন হইয়া বিশ্বকর্মাকে কহি-লেন ভ্রমিযক্তে (শাণে) আরোপিত করিয়া আমার মণ্ডন বিধান কর। আমাকে ভ্রমিযন্ত্রের উপরিস্থ করিয়া ভক্ষণ করিলে আমার তাপের সমতা হইবে। বিশ্বকর্মা তাহা শুনিয়া দেইরূপই করিলেন। সবিতা তাঁহার ছহিতা সংজ্ঞার প্রতি শান্তোফ হইয়া বিশ্বকর্মাকে কহিলেন: তুসি অফৌতুর-শত নামে আমার তাব করিয়াছ; অভএব বর প্রার্থনা কর; হে অন্য! আমি ভোমাকে বরপ্রদান করিব। ভগবান ভাতু-

কর্তৃক বিশ্বকর্মা এইরূপে উক্ত হইয়া কহিলেন; দেব! যদি প্রদান হইয়া বর প্রদান করেন; তবে এই বর প্রদান করুন। এই সকল সম্ভুক্ত নাম দ্বারা যে ব্যক্তি আপনার সন্তোষসাধন করিবে; সেই ভক্তের পাপক্ষয় করিবেন। তাহা শুনিয়া দিনকর তথাস্ত বলিয়া মৌনাবলম্বন করিলেন। বিশ্বকর্মা তন্যা সংজ্ঞাকে বিশোকোও তাঁহার রবিমগুলবাদের উপায় করিয়া দিয়া ভাক্তরের প্রসাদসম্পাদনপ্রঃদর প্রস্থানপর হইলেন।

# একবিংশ অধ্যায়।

সূত কহিলেন; হে দিজসত্ম! সম্প্রতি মারুতগণের উৎপতি বিবরণ কহিতেছি, শুবণ কর। পূর্বকালে দেবাপ্পর যুদ্ধে ইন্দ্রাদি দেবগণ কর্তৃক পরাভূত হইয়া দিতির পূত্রগণ দিগ্লিগন্তরে পলায়ন করিল। দিতি ব্যথিত হইয়া মহেন্দ্রের দর্পহারী পুত্র বাঞ্ছা করিয়া নিজপতি কশ্যপথাষির আরাধনা করিতে লাগিলেন। কশ্যপ; তাঁহার তপে পরিভূষ্ট হইয়া তাঁহার গর্ভাধান পূর্বক কহিলেন; যদি ভূমি শুচি হইয়া শত বৎসর এই গর্ভ ধারণ করিতে পার; তবে তোমার মহেন্দ্রের দর্পহারী পুত্র হইবে সন্দেহ নাই। তাহা শুনিয়া দিতি দেইরূপেই গর্ভধারণ করিতে লাগিলেন। ইন্দ্র তাহা জানিতে পারিয়া রন্ধ্রাহ্মণবেশে আসিয়া দিতির পার্খ দেশে অবস্থান করিতে লাগিলেন। শতবর্ষ পূর্ণ হইতে কিয়ৎকাল অবশিষ্ট আছে; এমত সময়ে দিতি এক দিন পাদ প্রক্ষালন

ना कितियार भियाय आदारिश कितिया शृक्विवर निर्मागठा हरेलान। एमरे विक्रमाणि वामव अवयमत लां कितिया विक्र वां एमरे गर्छ में अभी एक्तन कितिया एक्तिलान। रेक्ट कर्ज् कित्रमान एमरे गर्छ द्वामन कितिया लिलिन। रेक्ट मादामीः (द्वामन किति अने ना) अर्थे कथा किरिया किरिया कितिया एमरे में अथि अथि विद्या किया किरिया कितिया। अर्थे कथा किरिया कितिया। अर्थे अथि अथि में में अथि विद्या किया कितिया। कितिया। विद्या विद्या विद्या विद्या परिया कितिया। विद्या विद्या में विद्या वि

### দ্ব'বিংশ অধ্যায়।

ভরদ্বাজ কহিলেন, আদিসর্গ ও অমুসর্গ এবং বিচিত্র বিবিধ কথা আপনি আমাদিণের নিকট কীর্ত্তন করিলেন; এক্ষণে, মন্তব্য ও বংশামুস্থরিত কথা কীর্ত্তন করিয়া আমাদিণের মনোভীষ্ট সিদ্ধ করুন।

সূত কহিলেন বংশ! অন্যান্য পুরাণে রাজগণের বংশ বিবরণ এবং বংশাকুচরিত ও মন্বন্তর বিস্তারপূর্বক বর্ণিত আছে; আমি সংক্ষেপে কহিতেছি, তুমি এবং যে সকল মুনিগণ শ্রবণ করিতে এখানে আগমন করিয়া অবস্থিতি করি-

তে ছেন সকলেই প্রবণ কর। আদে স্বয়স্কু ব্রহ্মা, ব্রহা হইতে মরীচি মরীচি হইতে কশ্যপ, কশ্যপ হইতে আদিস্তা, আদিত্য হইতে মন্ত্র হইতে ইক্ষাকু, ইক্ষাকু হইতে বিকুন্দি, বিকুন্দি হইতে দ্যোত, দ্যোত হইতে বেণ, বেণ হইতে পৃথু, পৃথু হইতে পৃথুষ, পৃথুষ হইতে অসংহতাম, অসংহতাশ হইতে মান্ধাতা, মান্ধাতা হইতে পুরুকুৎস, পুরু-কুংদ হইতে কৃতধাজ, কৃতধাজ হইতে অতিশস্তু, অতিশস্তু হইতে দারুণ, দারুণ হইতে দগর, দগর হইতে হর্যাশ, হর্যাশ হইতে হারীত, হারীত হইতে খোঞ্তাশ্ব, খোহিতাশ হইতে অংশুমান, অংশুমান হইতে ভগীরথ, ভগীরথ হইতে দোদাস, দোদাস হইতে শত্রুমর্দন, শত্রুমর্দন হইতে অনরণ্য, অনরণ্য হইতে দীর্ঘবান্ত, দীর্ঘবান্ত হইতে অজ, অজ হইতে দশরথ, দশর্থ হইতে রাম ও লক্ষণ, রাম হইতে লব,লব হইতে পদা, পদ্ম হইতে ঋতুপৰ্ণ ঝতুপৰ্ণ হইতে অস্ত্ৰপাণি, অস্ত্ৰপাণি হইতে শুদোন,শুদোনন হইতে বুক্ক,বুদ্ধ হইতে এই বংশের নির্ভি হয়। সূর্য্যবংশোদ্তব ইঁহারাই প্রধানরূপে কীর্ত্তিত হন। এই ক্তিয়গণই পূর্বকালে ধর্মতঃ প্রজাপালন করিয়া পৃথিবী পরিত্যাগ করেন। যে বংশের যশস্বি রাজাগন পুণ্যবলে স্বর্গগামী হইয়াছেন; সেই দুর্য্যবংশ আমি তোমার নিকট কছিলাম, একণে চন্দ্রবংশের নৃপোত্তম গণের জন্ম বিবরণ অবহিত হইয়া প্রবণ কর।

#### ত্ৰহোবিংশ অধ্যায়।

দূত কহিলেন, আদে বিক্ষা; ব্রহ্মার মানদ পুত্র মরিচী; মরীচি, দাক্ষায়ণীতে কশ্যপপুত্র উৎপাদন করেন। কশ্যপ হইতে অদিতিগর্ত্তে আদিত্য; আদিত্য হইতে স্বব-র্চ্চদাগর্ভে মন্থু; মনু হইতে শতরূপা গর্ভে দোম; দোম হইতে রোহিণী গর্ভে বুধ; বুধের ঔরদে ইলাগর্ভে পুরুরবা; পুরু রবার ঔরদে উর্বশী গর্ভে আয়ুঃ; আয়ুঃ হইতে রপবতীগর্ভে নহুষ; নহুষ হইতে পিতৃমতী গর্ভে য্যাতি; য্যাতির ওরদে শর্মিষ্ঠা গর্ভে পৃরু; পৃরু হইতে বংদদাগর্ভে সম্পাতি, সম্পাতি হইতে অনুদত্তার উদরে সার্কভোম; সর্বেভোমের বৈদেহী গর্ভে ভোজ; ভোজের কলিঙ্গাগর্ভে হুম্মন্তর শকুন্তলাগর্ভেরত; ভরতের নন্দার উদরে অজমীঢ়; অজ-মীঢ়ের হৃদেবীগর্ভে রৃষ্টি; রৃষ্টির বহুদেনার পুণ্যঞাবা; পুণ্য-শ্বার বহুরূপাগর্ভে শান্তকু; শান্তকুর যোজনগন্ধায় বিচিত্র-বীর্ষ্য; বিচিত্রবির্যের অন্বালিকায় পাণ্ডু; পাণ্ডুর কুন্তীগর্ভে অর্জ্ব, অর্জ্বনের স্বভ্রাগর্ভে অভিমন্ত্যু; অভিমন্ত্যুর উত্তরায় পরীক্ষিত; পরীক্ষিতের মাতৃবতীর উদরে জনমেজয়; জক্মে-জয়ের বপুষ্টমাগর্ভে শতানীক; শতানীকের পুষ্পাবতীগর্ভে সহস্রানীক; সহস্রানীকের মুগবতীগর্ভে উদয়ন; উদয়েনর বাসবদত্তায়নরবাহন, নরবাহনের মেঘদতায় কেমক; কেমক

হইতে পাওববংশ এবং সোমবংশ নির্ত্ত হয়। যে নর এই রাজগণের অনুত্তম পবিত্র;পুণ্যকর বংশাকুচরিত শ্রণ বা পাঠ করে; অথবা শাদ্ধে পিতৃগণের উদ্দেশে পাঠ করে; সে বিষ্ণু-লোক প্রাপ্ত হয়। এই আমি তোমার নিকট চন্দ্রবংশীয় রাজাদিগের বংশাকুচরিত বর্ণন করিলাম। এক্ষণে চতুর্দশ মন্ত্রপ্রের বিবরণ কীর্ত্তন করিতেছি শুবণ কর।

## চতুৰিংশ অধ্যায়।

সৃত কহিলেন, প্রথমে স্বায়ন্তব মন্বন্তর, তাহার স্বরূপ আমি পূর্বেব কহিয়াছি। স্বারোচিনামে মনু দ্বিতীয়, সেই স্বারোচিষ মন্বন্তরে বিপশ্চৎনামে দেবেন্দ্র; পারাবত সতু- বিতাদিদেবতাগণ; উর্জ্ঞন্তর প্রাণ; দণ্ড; নিখ্বিভ; অধ্বরী; বানীশ্বর; সোম; এই সপ্তর্ষি; স্বারোচিঃমনুর কিম্পুরুষাদি পুত্রগণ,রাজা হন। তৃতীয় মন্বন্তরে উত্তমনামে মনু ; স্বধামাদি; সত্যাদি; প্রতর্জনাদি বস্বাদি; বশবর্ত্ত্যাদি; এই পঞ্চ প্রকার দ্বাদশগণ দেবতা। সশান্তিনামক তাঁহাদের ইন্দ্র; বশিষ্ঠাদি ঋষিগণ সপ্তর্ষি। অজ্য; পরশু; চিত্র; আদি; উত্তম মনুর পুত্রগণ। চতুর্থ মন্বন্তরে তামদনামে মনু ; স্বরূপাদি; হির আদি সত্যাদি স্থান-আদি; সপ্তবিংশতিগণ; দেবতা; এই মন্বন্তরে দেবেন্দ্রের নাম শিখণ্ডী; হিরণ্যরোমা, বৈদ্ধী, উদ্ধ্বিভ, স্বধামা, পর্জ্জ্যাদি মুনিগণ সপ্তর্ষি; জ্যোতিধামা, পৃথু, কবি, প্রার্, বনক

এই তামদ মকুর পুত্রগণরাজাহন। রৈবত মকুপঞ্ম, তাহার মন্বস্তরে, অমিতাদি, বিনতাদি, বৈকুণাদি, অশ্বমেধ। আদি নামে দেবতাদিগের দশগণ, অধ্বরান্তক দেবেক্ত; ধন-বান্বুধ, ভব, সত্যকাদি রৈবত মনুর পুত্রগণ রাজা হন। শান্তেতর, বিদ্বান্, তপস্বী,মেধা, বিশ্ব তপঃ সপ্তর্ষি। চাকুষা নামে মকু ষষ্ঠ, উরু পুরু, শতত্মনাদি তাঁহার পুত্রগণ রাজা আদ্যাদি, প্রসূত ভব্য প্রথিত, মহাতুভাব লেখ এই পঞ্চ পৃষ্টিকাগণ এই মন্বন্তরে দেবতা, ভাঁহাদের ইন্দ্র মনো-জব; সমেধা; বিরজা; ছবিখান্; সন্নত; মধু; অতিনামা; সহিফু; সপ্তর্ষি বৈবস্থত নামে সপ্তম মনু সম্প্রতি বর্ত্তমান আছেন, বৈবস্বত মনুর ইক্ষাকু প্রভৃতি ক্ষত্রিয় পুত্রগণ রাজা ; আদিত্য, বস্তু, রুদ্রাদি দেবপণ; পুরন্দর দেবেন্দ্র, বশিষ্ঠ কশ্যপ, অত্রি, যমদগ্রি, গোতম, বিশ্বামিত্র, ভরদ্বাজ ইহাঁরা সপ্তর্ষি। ভবিষ্যৎ মন্বন্তর দকল কহিতেছি—যথা, আদিত্য হইতে সংজ্ঞা পর্ভে প্রথম মনুর উৎপত্তি হয়, ছায়াগর্ভে যে মনু উৎ-পন হন, তিনিই দিতীয় এই দিতীয় মনুই দাবৰ্নি নামে বিখ্যাত। ইহাঁর পূর্বাজের দবর্ণিত অর্থাৎ মনুস্বরূপ দমান জাতি প্রাপ্ত হন বলিয়া ইহাঁর নাম সাবর্ণি। সেই ছায়া গৰ্জ সাবৰ্ণি ই অফাম মনু তাহাতে স্ত্ৰপাদি দেবগণ, বলি, তাঁহাদিগের ইত্র হইবেন। দীপ্রিমান্ গালক রাম কুপ দ্রোণি, ব্যাদ, ঋষ্যশৃঙ্গ ইহাঁরা সপ্তর্ষি হইবেন। বিরজাঃ অব্বরী, বহু আদি সাবর্ণ মনুর পুত্রগণ রাজা হইবেন। দক্ষ-শাবর্ণ, নবম মনু ছইবেন ; দিতি, ধৃতি; কেতু; পঞ্ছস্ত; নিরা-মন; পৃথু প্রবা আদি দক্ষাবর্ণের পুত্রগণ রাজা হইবেন;

পরে মরীচগর্ভ; মধর্মা; অবিস্মন্ত; এই ময়ন্তরে দেবগণ; স্তুত দেবেক্ত ; সবল; ছ্যাভিমান; হব্য; বস্থমেধা ভিথি; জ্যোভি-খান্; দত্য ইহারা দপ্তবি। একাদাবর্ণ; দশম মনু হইবেন। ইহাতে সথ; চর; বিবুদ্ধাদি; দেবগণ; শান্তি তাঁহাদের ইক্স হইবেন ; হবিস্থান্, স্থক্তি;সদ্য; তপোমূর্ত্তি; নাভাগ; প্রতিমূক সদয়কেতু ইহাঁরা সপ্তর্ষি হইবেন; স্বক্ষেত্র; উত্নোজা; ভূরি; শৈলাদি; অক্ষান্বরে পুত্রগণ রাজা হইবেন। একাদশ মস্বস্তারে মনুধর্মাবর্ণক; বিহঙ্গম; শ্রাম; গম; নির্মাণরুচি নামক দেবগণ;দিবস্পতি নামা দেবেহন; নির্মোহত; ভদশিনি প্রকল্প নিরুৎদ; উদ্ধৃতি; মানব্যয়; স্কৃতপাঃ; ইহাঁরা দপ্তর্মি; চিত্রদেন বিচিত্রাদি ধর্মদাবর্ণের পুত্রগণ ভূমিপাল হইবেন। রুদ্রপুত্র সাবর্ণ দাদশ মন্তু হইবেন। ত্রিধাম; তন্ত্র; হরিত; রোহিত; হুমনা; হুকর্মা; হুবাপ; ইহাঁরা দেবগণ; তপস্বী; হুতপাঃ; তপোমূর্ত্তি; তপোরতি; তপোগ্রতি; তপঃস্মৃতি; ত্তপোধন; ইহারা সপ্তর্ষি; দেববান্; উপদেব; দেবভ্রেষ্ঠানি তাহার পুত্রগণ ভূমিপাল হইবেন। ত্রয়োদশ মকুর নাম রোচ্যমান; সূত্রামান্; স্বধর্ম। ইহারা দেবগণ র্যভ ভাঁছাদের ইন্দ্র হইবেন; অনীধর; অগ্নিতে লা; ব পুলান্; মংশু; বারুণ; অর্কিমান্; অনৰ ভাবী সপ্তর্ষিগণ;স্থবল; সংশ্বা; দেবানীকাদি; রোচ্যমান মতুর পুত্রগণ পৃথিবীশ্বর হইবেন। ভোমা; চতু-र्फ्य मनू इहेरवन; खताति अहे मञ्चलत (न्ट्ट्क् ; हकूशान्; পবিত্র; কনিষ্ঠ; ভ্রাতা; রন্ধ নামে দেবত দিগের গণ; অগ্নি-বাহু; শুচি; শুক্র; মাধব; শিব; অভিজিৎ; শ্বাস; ইহঁ রো দপ্তর্ষি হইবেন; উরগ;তীত্র;ত্রধাদি দেই মনুর স্তুত্রণ ক্ষিতী। বর হইবেন। এই আমি তোমাকে চতুর্দশ ময়ন্তরের বিবরণ এবং ঘাঁহার। পৃথিবী পালন করিয়াছেন ও করিবেন,
দেই রাজগণের রতান্ত মনুগণ, দপ্তর্ষিগণ; দেবর্ষিণণ, ভূপালগণ এবং ইন্দ্রাদি অধিকারিগণের বিবরণ দমন্তই কহিলাম।
দহল দর্গ পর্যান্ত (স্প্তি পর্যান্ত) দিবদকাল চলিতেছে;
পরে তাবৎকাল পর্যান্ত নিশা হইবে। দমুদ্র সংপ্লবে অথিল
ত্রৈলোক্যমন্তল পরিগ্রন্ত হইবে,তথন আদিক্ত দর্বস্তুতস্বরূপ
ভগবান্ বিভু ব্রহ্মারূপধারী জনার্দন নিজমায়া আশ্রয় করিয়া
শেষনাগোপরি শয়ন করিবেন। তদনন্তর পুরুষোত্তম হরি
জাগরিত হইয়া পুনর্বারে পূর্ববিৎ বুগব্যবন্তা এবং স্প্তিক্রিয়া
আরম্ভ করিবেন। এই আমি তোমার নিকট মনুগণের,
মুরগণের, মনুপুত্রগণের, ভূপগণের, ঝিষাণের রতান্ত সমন্তই
কহিলাম। হে দ্বিজ ভরদাজ। এই দমন্তই দেই স্থিতিশীল
মর্যাদায় অবস্থিত জনার্দনের ঐশ্ব্য বলিয়া ভানিবেন।

#### পঞ্চিংশ ভাষাায়।

সূত কহিলেন, অতঃপর শ্রোত্দিগের পাপবিনাশি দোম
পূর্ববংশীয় নৃপতিগণের শুভকর ও মনোহর বংশাকুচরিত
আমি তোমার নিকট বর্ণন করিব। পূর্ব্বে আমি তোমার
নিকট সূর্যবংশোদ্ভব মনুপুত্র ইক্ষাকু নৃপতির নাম নির্দেশ
করিয়াছি, এক্ষণে তাঁহার চরিত আমার নিকট শ্রবণ কর।

পূর্ব্বিকালে পৃথীতলে, সরযুতীরে অযোধ্যানামে, মহা-

সমৃদ্ধিসম্পন্না হ্রশোভনা এক দিব্যা নগরী ছিল। রমণী, পণ্ডিত, সাধু, হস্তী; ভূম্ম; রথ; পত্তি এবং কল্পক্রমসম দান-শীল পৌরগণে এবং প্রাকার; প্রতোলী; কাঞ্চনক্রমোপম তোরণদারা ঐ পুরী আমরাবতীকেও অতিক্রম করিয়াছিল। উহা সর্বত্রেই চতুম্পথে স্থবিভক্ত হইয়া বিরাজমানা হইল। প্রাদাদসকল অভ্যাচ্চ ও মনোরম। বহুতর ভাওভাজন তথায় বিক্রীত হইতে লাগিল। প্রফুল্লিত পদ্মোৎপল্যুত সলিলশোভিবাপীতড়াগগণে তাহার শোভা দম্বর্দ্ধিত করিতে লাগিল। স্থােভিত দিব্য দেবায়তন, বেদশব্দে নিনাদিত হইতে ল।গিল। বীণা; বেণু; মৃদস্ব; মুরজরবে তত্ত্রত্য জনগণের মানস মোহিত হইতে লাগিল। ঐপুরী শাল;তাল; নারীকেল; পলাশ; অমল; ক্রেমুক;জন্তুক; অশোক; অশ্বথ: কপিথাদি বৃক্ষগণে এবং মনোরম আরাম বনে হুশো ভিতা হইল। উহা, সকল ঋতুর পুষ্পফলে নিরন্তর বিরাজিত ছিল: নলিনাগণ নিয়তই প্রফুল্লিত কমলকুলে উহার স্বয়া বিস্তার করিত। মল্লিকা; মালতী; জাতি;পাটল; নাগচম্পক; করবীর: কর্ণিকার: কেতকী কুরুবকাদি পুষ্পাণণে অলম্বতা এবং কদলী; জাতিকদলী; মাতুলঙ্গাদি উৎকৃষ্টফলে এবং রক্তবর্গস্থাচ্য নাগরঙ্গে স্থগোভিতা ছিল। গীতবাদ্য বিচক্ষণ; নিত্যপ্রমুদিত; দিব্যাকৃতি; উৎপললোচন নরনারী-গণ বদতি করিয়া অযোধ্যার শোভা সমৃদ্ধি দম্বদ্ধিত করিত। ঐ পুরী নানাবিধ জনপদে আকীণা এবং ধ্বজ পতাকায় পরি-শোভিত হইয়া ইন্দ্রপুরীকেও উপহাস করিয়াছিল। দেবতুল্য শোভযুক্ত নরপতিগণ; ম্রূপধারিনী বরনারীগণ; হুরগুরুতুল্য

ন্থকবি দ্বিজ্ববর্গণ; কল্ল বৃক্ষোপম পোরগণ; ঐ পুরীর মহিমা ও গোরব বিস্তার করিয়াছিল। উটিচঃশ্রবাসম অশ ও দিগ্-গলোপম মাতঞ্চ এবং এবন্ধিধ বহুত্ব মনোহর ও মহামহিম পদার্থ দ্বারা ইন্দ্রপুরীসম গোরব ধারণ করিল। পূর্ব্বে সেই অযোধ্যানগরী নিরীক্ষণ করিয়া, নারদ্থাঘি শতমধ্যে শ্লোক উচ্চারণ করিয়া কহিয়াছিলেন যে; পদ্মযোনি ব্রহ্মার স্বর্গ স্প্রির্থা হইল; যেহেতু অযোধ্যা স্বর্গ হইতে অধিকতর কর্মভোগদমন্থিতা হইয়াছে।

সেই অযোধ্যা নগরীতে বাদ করিয়া, অভিষিক্ত মহাবল মহীপতি ইক্ষাক্ দর্ব ভূপালগণকে জয় করিয়া বশে আনরন করিলেন। মণি মাণিক্যমুক্টবিরাজিত মণ্ডলেশ্বনগণ (১) ভক্তি ও ভয়ভারা তদীয়পদে এতাবৎ প্রশাম করিত; যে তদ্দারা তাহাতে কীণ জিমাগছিল (২)। ইক্ষাকুর বল অক্ষত এবং তিনি দর্বগাস্ত্রে বিশারদ ছিলেন। তিনি দূর্ব্য দদৃশ প্রতাপবান্, তেজঃ, তাঁহার অস্ত্রেরই দদৃশ। বেদজ্ঞ ব্রাহ্মণগণে পরিব্রত থাকিয়া দেই ধর্মাত্রা নিয়তই ভায়ে ও ধর্মাত্রুদারে সমৃদ্র পর্যান্ত বিস্তীণা এই পৃথিবী পালন করিতেন। বলশালী মহীপাল ইক্ষাকু; স্বতীক্ষ্ম অস্ত্রভারা অথিল অরিনৃপগণকে সমরে পরাজ্য করিয়া তদনন্তর তাঁহার রাজ্যমণ্ডল হরণ করিতেন। দেই প্রভাপবান্ রাজ্য বিবিধ দান এবং ভূরিদক্ষিণ যক্ত ছারা পরলোক জয় করিয়া-

<sup>(</sup>১) এক এ**ক স্**বিস্তুত মণ্ডলনর বিভাগের অধিপ্তিগণ।

<sup>(</sup>२) किंग नाँछो।

ছিলেন। তিনি বাভ্যুগলে বহুধা, জিহ্বাগ্রছারা সরস্বতী এবং ভিজ্যুক্ত চিত্ত দারা মাধবকে ধারণ করিয়াছিলেন। তিনি কি শয়নে, কি উপবেশনে, নিয়তই পিতাম্বর হরির রূপ ভাবনা করিতেন। তিনি নির্মাল চিত্রপটে পুঙ্রী-কাক্ষের রূপ চিত্রিত করিয়া নিরীক্ষণ করিতেন।

তিনি কালত্রয়ে গদ্ধপুস্পানি ঘারা ভগবান্ বিফুর সারা-ধনা করিয়া,তৎপরে চিত্রপটে তাঁহাকে সন্দর্শন করিয়া, খাপনার মনোরঞ্জন করিতেন। কৃষ্ণমেবাত,ভুক্কগেন্দ্রভোগনিবাদা,পুভরী-কাক্ষ, পীতাম্বর কৃষ্ণকে স্বপ্লেও সন্দর্শন করিতেন। তিনি. কুঞ্চবর্ণ মেঘে যেরূপ যত্নাতিশয় এবং কুঞ্চ নামে যেরূপ পক্ষপাতিতা কৃঞ্মুগ এবং কৃঞ্পদ্মেও দেইরূপ যত্নাতিশয় প্রদ র্শন করিতে লাগিলেন। দিন্যাকৃতি কৃঞ্কায় রঙ্গুমুগ্ভাঁহারই যত্নে তাঁহার দম্মুখগত হইতে লাগিল। সেই পার্থিবদতমের তৃকা এইরূপে দর্দ্ধিত হইল। তৃঞা দম্দ্ধিতা হইলে মতিমান্ নুপতি চিন্তা করিতে লাগিলেন,রাজ্যভোগ অদার। গৃহ,দার, হুত, কৈতে এই সমস্ত বস্তুইছু:খপ্রন; বৈরাগ্ডেরানের সদৃশ উৎকৃষ্ট বস্তু জগতে আর নাই। এইরূপ চিন্তা করিয়া ইক্ষাকু তপদায় আসকটেত হটলেন এবং পুরোহিত বশিষ্ঠকে জিজ্ঞাদা করিলেন তপদাার উপায় কিরূপ ? হে মুনে! व्यामि তপোবলে (मर्वम, व्यक्त, नातायन उक्तरक मन्मर्भन করিতে অভিলাষ করিতেছি যামাকে তপদ্যার উপায়নির্দেশ করুন। সর্বাপ্রাণিছিতে রক্ত সর্বজ্ঞ বশিষ্ঠ ঋষি তপদ্যায় আসক্তচিত্ত সেই নৃপতিকে কহিলেন মহারাজ! যদি আপনি পরাৎপর নারায়ণকে দর্শন করিবার অভিলায় করিতেভেন

তবে আপনি নির্জ্জনে অবস্থান করিয়া উত্তমরূপে তপ্স্যার আচরণ করণে। কোনও ব্যক্তি তপ্স্যা না করিয়া দেবদেব জনার্দ্দনকে দেখিতে পায় না, অতএব আপনি তপ্স্যা 
দারা কেশবের আরাধনা করুন। পূর্বিদিক্ষণি দিগুভাগে 
সর্মুভীরে, গালবাদি মুনিগণের আশ্রম, এখান হইতে পঞ্চাের দ্বে অবস্থিত, সেই তপোনন নানাবিধ তরুলতাদি 
দারা আকীর্ণ এবং নানাবিধ কুস্মরাজি বিরাজিত। 
হে মহারাজ! স্থােগ্য মহাপ্রাক্ত নিজ মন্ত্রির উপর রাজ্যভার বিশ্বস্ত করিয়া অথ্য তথায় কর্মকাণ্ডের আচরণ 
কর।

হে অন্য! এখান হইতে গমনানন্তর তদনুসারে গণাধ্যক্ষ বিনায়কের স্তব করিয়া সিদ্ধিলাভ পূর্বক পশ্চাৎ
তপোনুষ্ঠান করিও। তপস্বীবেশ ধারণ করিয়া শাক ফল
ফুল ভক্ষণ পূর্বক ভগবান্ নারায়ণ দেবে ধ্যানপর হইয়া সত্
তই মূলমন্ত্র জপ করিবে। 'ওঁ নমো ভগবতে বাহুদেবায়'
এই সিদ্ধিকর ঘাদশাক্ষর নামক মন্ত্র জপ করিয়া পুরাতন
ফুনিগণ পর্মা সিদ্ধি লাভ করিয়াছেন। ঘাদশাক্ষর মন্ত্রচিন্তক
গঙ্গা চক্র সূর্যাদি গ্রহগণ অদ্যাপি বর্ত্তমান রহিয়াছেন, এখনও
নির্ত্ত হন নাই। বাহ্যেক্রিয়গণে হৃদয়ে নিয়মিত করিয়া
সূক্ষ্ম পরমাত্মায় মানস সংস্থাপন পুরঃসর মন্ত্র জপ করিলে,
মধূদ্দনকে দেখিতে পাইবেন। এই সামি তোমাকে হরিপ্রাপ্তর উপায়স্বরূপ তপস্যার উপায় জিজ্ঞাদিত হইয়া
কীর্ত্তন করিলাম; হে ভূপ! যদি ইচ্ছা হয়, তবে তাহার
আচরণ কর। মুনিপ্রেষ্ঠ বশিষ্টকর্ত্ক এইরপে উক্ত হইয়া

দেই রাজবর্যা (১) ইক্ষাকু মন্ত্রিবরে রাজ্যসমর্পণপূর্বক ত তপদ্যায় স্থিরনিশ্চয় হইয়া নিজমানদে গণপতির স্তুতি করিতে করিতে নিজপুর হইতে নির্গত হইলেন।

# ষ্ড় বিংশ অধ্যায়।

ভরদাজ কহিলেন, হে মহামতে সূত! তপশ্চরণে উদ্যত সেই মহাত্মা মহাপতি কিরপে গণপতির স্তব করিয়াছিলেন, তাহা আমার নিকট কীর্ত্তন করুন। সেই নৃপোত্তম তার্থস্থানে চহুর্থীর দিন অভাজী থাকিয়া রক্তাম্বর-পরিধান ও রক্তগদ্ধানু লেপন এবং রক্তকুদ্ধুম ধারণপ্র্বেক ভক্তিমান্ হইয়া বিনায়কের অর্চনা করিতে লাগিলেন। বিধিপ্র্বিক স্নান করিয়া রক্ত চন্দন ও গদ্ধানুলেপন, রক্তপুষ্প ও রক্তগদ্ধ দ্বারা পূজা করিলেন। তদনন্তর ধুপ, রক্তচন্দন, নৈবেদ্য ও পবিত্র ঘৃত প্রুত শৃত থণ্ড প্রদান করিয়া শক্তরের পূজা সমাপনপূর্বেক বিনায়কের স্তব করিতে লাগিলেন।

ইক্ষুকু কহিলেন, মহাদেবকে নমস্কার করিয়া আমি দেই বিনায়কের সন্তোঘ সাধন করিতেছি। পূর্বেব দৈনা-পত্যে অভিষেককালে কার্যাসিদ্ধির নিষিত্ত যিনি যশোধর, পুণ্দীল, অক্ষাচারী স্কলকর্তৃক স্তুত হইয়াছিলেন, সেই বিনা-য়ক গণপতিকে ন্যস্কার করি। মহাগণপতি, শূর, অজিত, জয়বর্দ্ধন, একদন্ত, দিদন্ত, চতুর্দ্দিন, চতুর্ভুল, তিনিয়ন, শূল-

<sup>(</sup>১) दाश्यक्षे।

হস্ত, রক্তনেত্র, বরপ্রদ, আন্বিকেয়, শঙ্কুকর্ণ, প্রচণ্ড, চণ্ড-নায়ক আরক্তনতী, বহ্নিবকু, হুচপ্রিয়, যিনি অর্চিত হ্ইয়া नतगरगत मर्वकार्या विचितिनाभन करतन, त्महे धनाधाक ভীমরূপী, উগ্র, উমাপুত্রকে নমস্কার করি। মদমতু, বিরূ-পাক্ষ, ভববক্তু সমূদ্তব, কোটীসূর্য্যপ্রতীকাশ, দলিতাঞ্জনচয়াভ, বুধ, প্রনির্মাল, শান্ত, বিনায়ককে নমস্কার করি। গজরূপ-ধারী গণপতিকে প্রণাম করি; মেরুমন্দররূপ কৈলাদবাদী গণপতিকে প্রণাম করি। বিরূপ, স্বরূপ, প্রন্সচারী, ভক্ত-স্তুত, বিনায়কদেবকে নমস্কার করি। আপনিই পুরাকালে সমস্ত দেব্ণের কার্য্যদিদ্ধির নিমিত্ত মাতঙ্গরূপ ধারণ করিয়া নিখিল দানবনিচয়ত্রকে ত্রাদিত করিয়াছিলেন এবং ঋষিগণের ও দেবগণের নায়কত্ব প্রকাশিত করিয়া স্থতীক্ষ্ণার দারা জুগৎ আপুরিত করিয়াছিলেন। নিয়তচিত্ত বিয়তাহার হইয়া রাক্তম্বর পরিধান পূর্ববিক কার্য্যদিদ্ধির নিমিত রক্ত-চন্দন; রক্তপুষ্প ও বারি দ্বারা ত্রিসন্ধ্যা বা এক সন্ধ্যা সর্ব্বজ্ঞ, কামরপী, গণাধ্যক্ষের নিয়ত অর্চনা ও জপ করিলে রাজা রাজপুত্র বা রাজমন্ত্রী, রাজ্যাঙ্গদহিত রাজ্য এই সমস্তই নির্বিদ্ন হয়। হে বিদ্ননাশন! ভক্তিপূর্বক আমাকর্ত্ক এই-রূপ স্তুত বিশেষতঃ পূজিত হইয়া আপনি আমার তপস্তার বিল্ল বিনাশ করুন। সমস্ত ভীর্থন্নানে যে ফল এবং অথিল यक्षां कू ठीरन रय फन; रमवरमव भन्न जिरक खव कतिया मानव, দেই সমস্ত ফলই লাভ করিতে পারে এবং কখন তাহার বিপদ উপস্থিত বা পরাভব হয় না। গণপতির প্রতি যে মানব নিয় তই ভক্তিমান ভাহার কখন কোনও কার্য্যে বিল্ল হয় না

্এবং সে জাতিমার হয়। যে ব্যক্তি নিত্য নিত্য এই গণপতি স্থোত্র পাঠ করে, সে ছয় মাদে বরপ্রাপ্ত হয় এবং সর্কোৎ-দবে সিদ্ধিলাভ করে; ইহাতে কিছুমাত্র সংশয় নাই।

সূত কহিলেন হে দ্বিজোতম ! রাজা ইক্ষাকু পূর্বের এই-ন্ধপে গণপতির স্তুতি করিয়া তাপদবেশ ধার্ণপূর্বক তপদ্যা করিবার নিমিত্ত বনে গমন করিলেন। সেই নৃপোত্ম ভুজঙ্গ-কঞ্কদদৃশ বহুমূল্য বদন বিদর্জ্জন করিয়া কটিদেশে কঠিন তরুত্ব ত্এবং রহাক্রবিদ্ধ বলয়াভরণ ব্যপনয়ন পূর্বক করে স্থগোভিনী পদাক্ষমালা এবং হেমরত্বস্থাভিত সমুজ্জন মৌলিমুকুট পরিহার করিয়া উত্তমাঙ্গে জটাকলাপ ধারণ করিলেন। এইরূপে তপস্বী বেশ ধারণ করিয়া বশিষ্ঠোক্ত তপোবনে প্রবেশ পূর্বক শাকমূল ফলাহারী ছইয়া তপদ্যা করিতে লাগিলেন। মহাতপা নৃপতি গ্রীম্মকালে পঞ্চা-গ্রির (১) মধ্যগত হইয়া তপদ্যা করিতেন বর্ধাকালে নিরা-প্রায় হইয়া এবং হেমন্তকালে সরোবরে অবগাহন করিয়া व्यवस्रोन शृद्धक हे जियु गंगरक स्वत्य नियमिक कतिया ध्वर নারায়ণে মানস নিবেশন পূর্বক দাদশাক্ষর মন্ত্র জপ করিতে লাগিলেন।

অনন্তর মৃপতি চতুমু্থ পর্যোনিকে সম্মুখে আবিভূতি দেখিয়া ভক্তিভাবে প্রণিপাতপূর্বক স্তৃতি দারা পুরিতোষিত

<sup>(</sup>১) চারি কোণে করীষাদি ধারা চারি অগ্নিরাশি প্রজ্জনিত করিয়া তন্মধা-ভাগে উপবেশন করিতে হয়, মধ্যাহ্নে ফ্র্য্য মন্তকোপরি অবস্থান করেন, তাহাতেই পঞ্চাগ্রিহয়।

চরিলেন। হে ত্রন্ধাণ্ডনিশ্বায়ক ! হে হিরণ্যগর্ভ ! হে দর্বে-শাস্ত্রার্থবেদিন্ চতুরানন! তোমাকে প্রণাম করি। জগৎস্রম্ভা প্রজাপতি এইরূপে পরিতৃষ্ট হইয়া পরিত্যক্তরাজ্যন্ত্র প্রশান্ত, তপদ্যানিরত নৃপতিকে কহিতে লাগিলেনু, হে রাজন্! লোক প্রকাশক সূর্য্য তোমার পিতামহ, তোমার পিতা মনু দমস্ত মুনিগণেরও মাননীয়। তোমার পিতা ও পিতামহ সর্ববিধ তপ্স্যার অনুষ্ঠান করিয়া নিস্পৃহ হইয়া-ছেন। হে মহাত্মতে ! হে নরপতে ! তুমি সমস্ত নরপতি-গণের অগ্রগণ্য হইয়া রাজ্যভোগ পরিহার পূর্বক কি নিমিত্ত বিজনবনে ঘোরতর তপোনুষ্ঠান করিতেছ, তাহা **আমার** নিকট প্রকাশ কর। নুপতি প্রজাপতির বাক েশ্রবণ করিয়া। প্রণাম পূর্নবিক কহিলেন, তপশ্চরণবলে শন্ধচক্রগদাধর মধু-স্দুনের দর্শনবাসনা করিয়া তপোত্রেক্সের অনুষ্ঠান করিতেছি। পদ্মজন্মা প্রজাপতি ভচ্ছ্বণে ঈষৎ হাস্য করিয়া রাজাকে কহিলেন, তুমি তপ্দ্যা ছারা বিভু বিশ্বেশ্বর নারায়ণের দর্শন-লাভ করিতে পারিবে না। মাধ্য, ভ্রহ্মদুশ ব্যক্তিগণের ক**র্শনীয় নহেন ই**হা জানিয়া তুমি তপদ্যা হইতে নির্ত হও। मामुन व्यक्तिशन ९ द्वानामान (कमारत मर्मन था थ हन ना। মামি তোমাকে এবিষয়ে পুরাতনী পুণ্যকথা কহিতেছি প্রবণ কর।

প্রলয়কালে, কমলেক্ষণ কমলাপতি, লোকসকল সংহার করিয়া, অনন্তভোগ শয়নে সনকাদি ঋষিগণ কর্তৃক স্তৃয়মান হইয়া যোগনিদ্রা অবলম্বন করিলেন। তিনি স্তপ্ত হইল। তাহার নাভিদেশ হইতে এক মহৎপদ্ম সমুদ্রত হইল। হে ্মহারাজ! সেই পদ্মে পুরাকালে বেদজ্ঞ আমি জন্মগ্রহণ করিয়াছি। জন্মগ্রহণ করিয়া অংশাদিকে দৃষ্টি নিক্ষেপ করিলে, অনন্তভোগ পর্যান্ধে শয়ান সহপ্রফণমধ্যস্থিত, অত্যাপ্রপ্রদাশ, পীত্বাদা, অনন্ত দিব্যরত্নবিভূষিতাল মুকুটাটোপমস্তক, ভিন্নাঞ্জননিভ, দীপ্যমান ভগবান্ কমল-লোচন হরি, আমার দৃষ্টিগোচর হইলেন। ক্ষণমাত্র দর্শন করিয়া আর ভাঁহাকে দেখিতে শাইলাম না। হে নৃপ-মত্তম! তাহাতে আমার মন অছ্যন্ত তুঃখাবিফ হইল। অনন্তর কৌভূহলবশে আমি সেই ছমহৎপদ্ম হইতে জলে অবতরণপূর্ণ্বক অনাময় নারায়ণকে যত্নপূর্ণ্বক অন্তেষণ করিয়া मिनिमार्था पर्मन शाहेलाम ना। भित्रिखां छ हहेशा शूनर्यात সেই পদা আগ্রায় করিয়া চিম্থায়িত হইলাম। বাস্তুদেবের দেই রূপ সন্দর্শন করিবার নিমিত্ত মহৎতপের আচরণ করিতে লাগিলাম। অনন্তর অন্তরাকে অশরীরিণী আকাশবানী উচ্চা-রিত ছইল। হে অক্ষান্। ছুমি র্থা কেন এখন ক্লেশ পাই তেছ ; ভগবান্ বিফু মহতীতপত্থা ছারাও তোমার দশনীয় ছইবেন না। যদি তুমি তাঁহাকে দর্শন করিতে বাসনা কর, তবে তাঁহার আজায় সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হও। নাগপর্যাত্ত থটে শার্স ধরের বিশুদ্ধ ক্ষটিকতুল্য দীণ্ডিমান ভিন্নাঞ্চননিভ যে রূপ দর্শন করিয়াছিলে, যদি তদিধরূপ দর্শনে বাসনা থাকে, তবে বিমানস্থিতপ্রতিমাদয়ে আলস্থ পরিত্যাগ পূর্বক দেইরূপ চিন্তাকর, তবে মাধবকে দেখিতে পাইবে। হে রাজন্! আমি সেই আকাশবাণী এবণ করিয়া অনুত্তম তপশ্চর্য্যা পরিহার পুরঃদর ভূতগণের স্মষ্টিকার্য্য নিযুক্ত হই-

লাম। অনন্তর আমার মানস হইতে প্রজাপতি বিশ্বকর্মা আবিভূতি হইলেন, তিনি অনস্ত এবং কুফের স্থশোভন বিমানস্থিত প্রতিমাযুগল, নির্মাণ করিলেন; আমি পূর্বে करन रयक्र भ क्र पिर्याहिलांग, हेरां अविकल रमहेक्र । অনন্তর আমি দেই প্রতিমান্ধ্যে ভগবান্ বিষ্ণুর অর্জন করিয়া তাঁহার প্রসাদে মুক্তি প্রদ্ নির্বিকার ক্রিগাতাক অকুত্রম জ্ঞান লাভ করিলাম। আমি ভোমাকে সেই কেশবের ও অন-ত্তের মন্দিরস্বরূপ বিমান প্রদান করিব। একণে ভূমি এই ঘোর তপশ্চরণ, বিদর্জ্জন করিয়া দত্তর নিজনগরী প্রতি গমন কর। প্রজাপালনই রাজাদিগের প্রম ধর্ম ও প্রম ভপ্সা। আমি তোমাকে দিলগণ সমন্ত্রিত দিব্য বিমান প্রেরণ করিব। তুমি রাজধানী গনন করিয়া রাজ্যরকার্য ও আপন কল্যা-নের নিখিত মেই স্থানে অহিশগ্রান অনন্তলের নারায়ণের আরাধনা কর। এবং নিজাম হইয়া বজ্ঞাসূতানে ও ধর্মান্তুসারে প্রজাপালন দারা তাঁহার প্রীতি সাধন কর। ভদ্দারা বাস্থদেব প্রদান হইবেন এবং ভাছাভেই সাপনার মক্তিলাভ হইবে। ভাঁহাকে এরপ কহিয়া পিতামহ ত্রন্ধ-লোকে গমন করিলেন।

হে বিজ ভরদ্বাক্ষ ! ইক্ষাকু, পদ্মযোনির বাক্য চিন্তা করিয়া তথায় অবস্থিত রহিলেন। অনন্তর মহীপতির পুরো-ভাগে বিরিঞ্চিদত্ত বিজ্ঞান্তিত কেশব ও অনন্তের শোভমান দিব্যবিমান আবিভূতি হইল। তাহা দেখিয়া নরপতি ভক্তি পূর্বক পুরুষোত্তকে এবং ধাষি ও বিপ্রগণকে নমস্কার করিয়া তাহাতে আরোহণপূর্বক পুরী প্রস্থান করিদেন। পৌর-

জনগণ এবং নাগরীগণ, লাজবর্ষণ করিতে করিতে রাজাকে 'অটুশোভা সময়তে রাজভবনে আনয়ন করিলেন। রাজা আপন হৃবিস্তুত মন্দির মধ্যে, শোভমান বৈষ্ণ্য বিমান সংস্থাপনপূর্বক সেই দ্বিজগণ দ্বারা হরির অর্চনা করিতে লাগিলেন। শোভনাঙ্গী মহিষীগণ হরিচন্দন ঘর্ষণ করিয়া এবং দিব্যগন্ধ বিশিষ্ট মালা গ্রন্থন করিয়া তাঁহার প্রীতি সঞ্য করিতে লাগিল। পৌরগণ কৃষ্ণে ভীখণ্ড, কৃষ্ণু মাক্ত, অগুরু; বস্ত্র; মহীসাথা গুগ্গুলু; বিষ্ণুযোগ্য পুষ্প প্রদান করিয়া রাজার প্রীতিপাত্র হইতে সাগিল। রাজা বৈষ্ণব-স্তোত্র; জপও গন্ধপুষ্পাদি দ্বারা প্রমন্তক্তি সহকারে বিমান-স্থিত হরির ত্রিদন্ধ্যা পূজা করিতে লাগিলেন / এবং দাগীত कारानमकः; मध्यगानिक्यगननः, निमिज्ञागत्रगः, त्रेक्रगः, भारवाक्र ব্রতাদি দ্বারা দার্ঘকালব্যাপি হরির উৎসব করাইতে লাগি-লেন। নিক্ষাম দান ধর্মের আচরণ করিয়া ইক্ষাকু পরম-জ্ঞান প্রাপ্ত হইলেন। যজ্ঞামুষ্ঠান পৃথিবীপালন কেশবা-চ্চন ও পিতৃগণের নিমিত্ত পুজোৎপাদন করিয়া কলেবর পরি-ভ্যাগপুর্বাক নিক্ষলুষ ত্রন্মের ধ্যান পরায়ণ হইয়া পরম বৈষ্ণব-भा थाथ रहेता।

সেই রাজা ইক্ষাকু; অনন্তত্রংখদাগরস্বরূপ সংদার পরিহারপূর্বক বিমল; বিশুদ্ধ; বিশোক; অজ; দম; দদানন্দ; চিদাত্মক বিষ্ণুপদ প্রাপ্ত হইলেন।

### সপ্তবিংশ অধ্যায়।

সূত কহিলেন; ইক্ষাক্র বিকৃক্ষি নামে পুত্র; মহর্ষিগণ দারা পিত্রাজ্যে অভিষক্ত হুইয়া; ধর্মতঃ পৃথিবীপালনি পুরঃ-সর; বিমানস্থ; অনন্তভোগশয়ান অচুতের আরাধনা করিয়া; যাগামুষ্ঠানে দেবতাগণের প্রীতি সম্পাদন পূর্ব্বক আপন পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া স্বর্গারোহণ করেন। তিনি নিজতেজে বিভাজমান হইতেন বলিয়া; পৃথিতলে স্বৰাহ-দ্যোত শব্দে প্রথিত হন। ধর্মাতুদারে সপ্তদ্বীপা পৃথিবो-পালন; পরমাভক্তিরখারা নারায়ণের প্রীতি উৎপাদন এবং নিকামমানদে ভূরিদক্ষিণ যজ্ঞবারা যজেশবের ভৃপ্তিদম্পাদন করিয়া;নিয়ত নিরঞ্জন; শান্ত নির্ব্বিকল্প; পরজ্যোতিঃ;অমৃতাখ্য পরমাত্ম ব্রহ্মের ধ্যানানন্তর তাহাতেই লীন হইয়াছিলেন। তাঁহার পুত্র বেণ; বেণের পৃথু; পৃথুর পৃথীষ; গৃথীখের অসংহ-তাখ; পুত্র উৎপন্ন হয়। এই নৃপতি চতু ইয় ভূরিতেজা-ছিলেন; ক্রমে ধর্মতঃ রাজ্যপালন করিয়া; বহুবিধ ষজ্ঞের অমুষ্ঠানপূর্ব্বক দেবগণের প্রীতি উৎপাদন এবং হরির আরা-ধনা করিয়া স্বর্গলোকে গমন করেন। অসংহতাস্বের মান্ধাতা-নামে পুত্র মহর্ষিগণ দারা রাজ্যে অভিষিক্ত হইলেন। তিনি স্বভাবতই বিষ্ণুভক্ত ছিলেন; তদ্সুদারে বিবিধ যজানুষ্ঠান এবং অনন্তশয়ান অচ্যুত নারায়ণের আরাধনা এবং সপ্তদ্বীপবতী পৃথিবী পরিপালন করিয়া ত্রিদিবগামী হইলেন। সংসারে তাঁহারই শ্লোক গীত হয় যে; —

বিত্তি চন্দ্র ইং বে উদিত।

যতদিন স্থাভিবে রবে প্রতিষ্ঠিত।

যৌবনাশ্ব মন্ধাতার তাবৎ নিশ্চয়।

সুষিবে পবিত্রকীর্তি নাহিক সংশয়॥

তাহার পুত্র পুরুক্ৎস, তিনি দেবতা ব্রাহ্মণগণকে যাগ मानां मि घाता शति कृष्ठे करतन। **कृ**तः कूटन हहेरा मुनम, দৃশদ হইতে অতিশন্তু, অতিশন্তু হইতে দারুণ, দারুণ হইতে দগর, জাঁহার ঔরনে হর্যাখ, হর্যাখ হইতে হারীত, হারীতের ঔরদে রোহিতাখা রোহিতাখের ঔরসে অংশুমান অংশুমান হইতে ভগীরণ জন্মগ্রহণ করেন। এই মহাত্মা মহৎ তপদ্যা দারা সুঁগ হইতে অশেষক্রেশনাশিনী গঙ্গা ভূম-ওলে খানয়ন করিয়াছিলেন। কপিল মহর্ষির শাপনিদ্ধ কর্করীভূত দাগরাখ্য তাঁহার পিতামহুগণ গঙ্গাদলিলদংস্পর্শে यार्ग वारताइन कतिशाहित्तन। ज्जीतथ इटेर्ड निर्वामान. मिरवानाम हहेरछ रमीनाम, रमोनाम हहेर**छ मळ्**खन, मळ-শ্রবাৎ অণরণ্য, অণরণ্য হইতে দীর্ঘবাহু, দীর্ঘবাহু হইতে অজ, অজ হইতে দশর্থ তাঁহারই গুছে রাবণবিনাশন সা-ক্ষাৎ নারায়ণ রামচন্দ্র অবতীর্ণ হইয়াছিলেন। তিনি পিতার আদেশে ভ্রাতা ও ভার্যার সহিত দণ্ডকারণ্যে গমন করেন। তথায় রাক্ষ্য রাবণ, তাঁহার ভার্য্যাপহরণ করিলে অত্যন্ত তুঃথিত হইয়া অনেককোটিবানরনায়ক স্থগ্রীবের সাহার্ফে মহাসমুদ্রে সেতু বন্ধনপূর্কক তদারা লক্ষায় গমন করিয়া कतिया शूननीत अरगांधाय यांगमन कतिल, छत्र छांहारक

াজ্যে অভিষিক্ত করিলেন। রাম রাজা হইয়া বিভীষ্ণকে লক্ষারাজ্য এবং বিমান সমর্পণপূর্বক প্রেরণ করিলেন। বিভীষণের অমুরোধে পরমেশ্বর রামচন্দ্রও বিমানস্থ হইলেন। বিভীষণ তাঁহাকে লক্ষায় লইয়া গিয়া বিধিমতে তাঁহার পূজা, করিলেন। রাম তথায় বাস করিতে অনিচছুক হইলে, চন্দ্রেপ্রকিণীর তটদেশে বিমানস্থ রামচন্দ্রকে লইয়া গেলেন। সেই স্থানে সমুদ্রে অনন্তভোগশয়্যাশায়ী ভগবান্ অবস্থিত ছিলেন। বিভীষণ সেই বিমান লইয়া যাইতে অসমর্থ হইয়া রামের আদেশে লক্ষা প্রতিগমন করিলেন। নারায়ণের সন্ধি ধানহেতু ঐ স্থান মহৎ বৈষ্ণবক্ষেত্র হইল্,ঐ ক্ষেত্র অদ্যাপিও দৃষ্ট হয়।

রাম হইতে লব, লব হইতে পদা, পদা হইতে ঋতুপর্ণ, ঋতুপর্ব হইতে অন্তপাণি, অন্তপাণি হইতে শুদ্দোদন, শুদ্দোদন হইতে বৃদ্ধ, বৃদ্ধ হইতে সূধ্যবংশ নিবর্তিত হয়। এই পুরাতন মহাবল মহীপালগণই সূধ্যবংশের ধ্বজন্মরূপ, ইহারা ধর্মতঃ প্রজাপালন ও যজ্ঞানুষ্ঠান দ্বারা দেবতাগরে প্রীতিসম্পাদন পুরংদর স্বর্গলোকে গমন করেন। এই আমি সূর্যবংশীয় রাজাদিগের অনুচরিত তোমার নিকট বর্ণনা করিলাম।

# অফাবিংশ অধ্যায়।

সূত কহিলেন, সোমবংশোদ্ভব নৃপতিগণের অফুচরিত সংক্ষেপে বর্ণন করিব।

चारि देवलाकामधन वकार्वनेष्ट्र हहेरन विश्व क्ष

্কুক্মিধ্যে রক্ষা করিয়া অস্তোধিদলিলগত নাগভোগ-শয়নে (১) ঋত্ময়, যযুশায়, সামময়, অথক্মিয়, সর্কাময় ভগ-বান্ নারায়ণ যোগনিদ্রার অনুসরণ করিলেন। তিনি হুপ্ত হইলে্তাঁছার নাভিদেশে এক মহৎ পদ্ম উদ্ভূত হইল ; সেই পদের পদাযোনি ব্রক্ষার জন্ম হয়। ব্রক্ষার মানসপুত্র অতি; খাতি হইতে অনসূয়ার গর্ভে চল্কের ঈশা হয়। দোম, প্রজা-পতির রোহিণী আদি অফাবিংশক্তি কন্মাকে ভার্যারূপে গ্রহণ করেন। বিশেষ স্নেহহেতু তিনি জ্যেষ্ঠ ভার্য্যা রোহিণী-গর্ভে বুধ নামে আত্মজ পুত্র উৎপাদন করেন। সর্ব-শাস্ত্রজ্ঞ বুধ প্রতিষ্ঠানু নামক পুরবরে বাস করিয়া ইলার গর্ভে পুরুরবা নামে পুত্র উৎপাদন করেন। পুরুরবা সাতি-শয় রূপবান্ ছিলেন, সেই হেতু উব্বশী স্বৰ্গভোগ পরিভ্যাগ পূর্বক বছকাল তাঁহার ভার্য্যা থাকিয়া আয়ু নামে পুত্র প্রদব করেন। আয়ু ধর্মতঃ রাজ্য পালন করিয়া স্বর্গ গমন করি-লেন। রূপবতীর গর্ভে আয়ুর নত্য নামে পুত্র জন্মগ্রহণ করেন। নত্ব পূর্বে ইন্দ্রত্ব লাভ করিয়াছিলেন। পিতৃ-মতীর উদরে নহুষের য্যাতি নামে পুত্র; র্ফিগণ তাঁহার বংশধর। পুরু পৃথিবীতে ইন্দ্রস্তরপ ছিলেন। বংশদার গর্ভে পুরুর সম্পাতি নামে পুত্র জন্মগ্রহণ করেন। তাঁহার রাজত্ব-কালে পৃথিবী দর্বাশ্যাসংপূর্ণা ও দর্বপ্রকার সমৃদ্ধিতে পরি-পূর্ণা ছিল। ভামুদতায় সম্পাতির সার্বভোম নামে পুত্র, ধর্মানুসারে পৃথিবী পালনপূর্বক ভগবান্ নারসিংহের আরা-

<sup>(&</sup>gt;) ভোগ—ভুজসগণের ফণ বা কারা।

धना ও यांशां पित्र व्यक्त्र्षांन कतिशा मिश्विलाङ करतन। देवरणशै-গর্ভে সার্বভোমের পুত্র ভোজ; পুরাকালে বিষ্ণুর চক্র নিহত কালনেমি দানব, এই ভোজের বংশে কংস হইয়া জন্ম গ্রহণ করেন। র্ফিবংশে জাত বাহুদেব তাঁহাকে নিহত করিয়াছিলেন। দেই ভোজের কলিঙ্গাগর্ভে হুম্মন্তর্; তিনি ভগবান নারিসিংহের আরাধনা করিয়া তাঁহার প্রসাদে নিক্ষ-ণ্টকে রাজ্যভোগ করিয়া স্বর্গলাভ করেন। শকুন্তলাগর্ভে গুলন্তের ভরত নামে পুত্র; তিনি ধর্মাতুদারে পৃথিবী পালন পূর্ববিক ভূরিদক্ষিণ যজ্ঞসমূহের অনুষ্ঠান ও সততই সর্বাদেব-ময় ভগবান্ নারায়ণের আরাধনা করিয়া রাজভার পরিহার পূর্বক পরত্রকোর ধ্যানপরায়ণ হইয়া পরাৎপর বৈষ্ণব-জ্যোতিতে বিলীন হইলেন। ভরতের নন্দার উদরে অজ-আরাধনা করিয়া পুত্র উৎপাদন পূর্ব্বক ধর্মতঃ রাজ্যশাসন করিয়! বিষ্ণুলোকে আরোহণ করেন। স্থদেবী নামী পত্নী-গর্ভে অজমীঢ়ের রুফি নামে পুত্র জন্মগ্রহণ করেন। তিনিও ধর্মানুসারে বহুবর্ষ মেদিনীশাসন করিয়া ছুফ দমন ও শিফ পালনপুরঃসর বিফুলোক প্রাপ্ত হইলেন। উগ্রসেনায় রুফির প্রত্যশ্রবা নামে পুত্র, ধর্মতঃ পৃথিবী পালন পূর্বক জ্যোতি-ফোম যজ্ঞ সমাপনান্তে নির্বাণপদ লাভ করেন গর্ভে তাঁহার শান্তমু নামে পুত্র উৎপন্ন হইল ; তিনি প্রথমে দেবদত স্যান্দনে (১) আরোহণ করিতে শক্ত হন নাই, পরে मगर्थ इडेग्ना हिल्लन।

<sup>(</sup>১) द्राप विमातन वा

ভরদ্বাজ কহিলেন, শান্তনু প্রথমে কিরূপে স্যন্দনারোহণে সমর্থ হন নাই, পশ্চাৎ কোথা হইতেই বা দেই শক্তি প্রাপ্ত হইলেন, তাহার বিবরণ আমার নিকট বিস্তার পূর্বক বর্ণনা করুন।

সূত কহিলেন, ভরদ্বাজ! শান্তনুচরিতসম্পৃক্ত, নরগণের সর্বাপাপবিনাশন পুরাবৃত্ত কহিতেছি, প্রাবণ কর।

পুরাকালে শান্তনু নারসিংহতনুর অনুরক্ত ও ভক্ত ছিলেন, নারদোক্ত বিধানে মাধবের পূজা করিতেন। তিনি একদিন নারসিংহদেবের নির্মাল্য লঙ্ঘন করিলেন। হে বিপ্র! সেই হেতু রাজা তৎক্ষণাৎ দেবদত্ত অত্যুত্তম স্যান্দনে আরোহণ कतिए अनमर्थ इहेटलन। धाकि ! तथ आंद्राहण कतिए করিতে সহসা কেন আমার গতিভঙ্গ হইল ? রাজা তুঃথিত হইয়া এইরূপ চিস্তাকুলচিতে অবস্থান করিতেছেন, এমত সময়ে নারদ ঋষি উাহার নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন, এখন আপনি কিরূপে কাল্যাপন করিতেছেন? শান্তনু कहित्लन, जर्लाधन ! रनवन ज तर्थ आर्त्राह्न कतिराज आभात গতিভগ্ন হইতেছে কেন ? ইহাঁর কারণ জানিতে পারিতেছি না। তাহা শুনিয়া নারদ ঋষি ধ্যানযোগে কারণ জানিতে পারিয়া বিনীতভাবে অএস্থিত শান্তনুকে কহিলেন, আপনি त्रशादाहनकार्या (य (कांन चारन नृमिःहरमरवत निर्मातः (১) লজ্মন করিয়াছেন, দেই হেতুই আপনার গভি ভগ্ন হই-তেছে। মহারাজ ! এ বিষয়ে কারণ প্রবণ করুন।

পূর্ব্যকালে অন্তর্ব্যেদী নগরীতে রবি নামে এক মহামতি

<sup>( &</sup>gt; ) श्र्वन ड श्र्णानि।

মালাকার ছিল। সে, বাটীতে এক উপবন প্রস্তুত করিয়া তদ্মধ্যে বিবিধপুষ্পপ্রদাব তরুগুল্মাদি রোপিত করিয়া বছ্যত্বে বর্দ্ধিত করিতে লাগিল। সে ঐ উপবন পরিক্ষৃত্ব ও পবিত্র করিয়া প্রাচীর দ্বারা রতি প্রদান পূর্বক জ্লের অলঙ্ব্যে করিল। তাহারই অদুরে নিজগৃহ নির্দ্মাণ করিয়া তাহাতেই নিরন্তর বাস করিত; অধিকক্ষণ অন্যত্র অবস্থান করিত না। এইরূপে সেই বৃদ্ধিমান্ মালাকারের উদ্যান, মল্লিকা, মালতী, জাতি বকুলাদি নানাবিধ পুষ্পপুঞ্জে শোভমান হইল এবং ঐ পুষ্পাগন্ধ পরিব্যাপ্ত হইয়া দিল্লগুল আমোদিত করিয়া তুলিল। মালাকার আপন ভার্য্যার সহিত প্রতিদিন পুষ্পাচয়নপূর্বেক প্রয়োজনমত নারসিংহের মালা প্রস্তুত করিয়া কিয়তীমালা দ্বিজ্ঞাণকৈ সমর্পণ করিত; কিয়ৎপরিমাণ বিক্রয় করিয়া সেই মান্যন্ধীবী ভার্য্যা এবং আপনার ভরণপোষণ সম্পাদন করিত।

অনন্তর স্বর্গ হইতে দেবরাজনন্দন অপ্সরাগণের সহিত্ত দ্যান্দনারোহণে রজনীযোগে আগমন করিয়া প্রাইতে স্থান্ধান্ত পুষ্পা সকল আহরণ করিয়া গমন করিতেন। প্রতিদিন পুষ্পাসকল অপহৃত ইইতেছে দেখিয়া মালাকার চিন্তা করিতে লাগিল, অলভ্য্য প্রাকারদংহত এই উদ্যানে প্রবেশ করিবার আর অন্ত পথ নাই; রজনীযোগে সমন্ত পুষ্পা অপহরণে মানবের শক্তি দেখিতে পাই না, যাহাহউক অদ্য অন্তরালে থাকিয়া প্রতীক্ষা করিব। মেধাবী মালাকার এইরূপ চিন্তা করিয়া রজনীযোগে উপবনে লুকাইয়া রহিল। দেবপুত্র পূর্ববিৎ ৃত্যাগমন করিয়া পুত্পাসকল গ্রহণ করিয়া গমন করিল। মাল্যজীবী তাঁহাকে দেবতা দেখিয়া ছঃখিত হইল। অনন্তর মালাকার নিদ্রাগত হইয়া স্বপ্নে নৃসিংহদেবকে দর্শন করিল এবং জাহার ব।ক্যও শ্রবণ করিল যে হে পুত্রক! তুমি আমার নির্মাল্য আনিয়। পুষ্পারাম্বনের মধ্যে নিক্ষেপ কর। নচেৎ সেই ছুফ ইন্দ্রপুত্রের নিবারণের উপায়ান্তর নাই। বুদ্ধিশন্মালাকার নারসিংহের এই বাক্য প্রবণে জাগরিত হইয়া তাঁহার নির্মাল্য আনমনপূর্বক যথাকথিত রূপে নিক্ষেপ করিল। দেবপুত্তও পূর্ববৎ অলঙ্কত রথে আবোহণ করিয়া আগমন পূর্বকে রথ হৈটতে অবতরণ করি লেন এবং পুষ্পারাশি চয়ন, করিয়া সেই নিক্ষিপ্ত নির্মাল্য লজ্ঞন করিলেন। অনন্তর তাঁহার রথারোহণকার্য্যে আর শক্তি হইল না। দারথি কহিল, আপনি রথে আরুঢ় থাকিয়া নারসিংহের নির্মাল্য লজ্মন করিয়াছেন; তজ্জ্মই রথারো-হণে যোগ্যতা নাই। আপনি এই স্থানেই অবস্থিতি করুন, আমি স্বর্গে গমন করিতেছি। সার্থির বাক্য শ্রেবণ করিয়া মতিমান্ হরিনন্দন কহিলেন, ভদ্র । যে কর্ম হারা আমার পাপের মোচন হয়, তুমি তাহা আমাকে কহিয়া সত্তর স্বর্গা-রোহণ কর।

সারথি কহিল, কুরুকেতে রাম্যজ্ঞে গমন করিয়া ছাদশ বৎসর প্রতিদিন ভক্তিপূর্বক দ্বিজগণের উচ্ছিষ্ট মার্জ্জন কর, তবে আপনি নিকল্মষ (১) হইবেন। এইরূপ কহিয়া দিয়া সারথি দেবদেবিত হ্যালোকে গমন করিল।

<sup>(</sup>১) निल्लान ।

ইদ্রূপুত্র সারস্বততটে ক্রুক্তের গমন করিয়া রাম্যজ্ঞে দিজগণের উচ্ছিফ মার্জ্জন করিতে লাগিলেন। দ্বাদশ বৎসর অতীত হইলে ব্রাহ্মণগণ তাঁহাকে কহিলেন, হে মহাভাগ! তুমি কে ! প্রতিদিন উচ্ছিফ মার্জ্জন কর, তুমি এক দিনও ভোজন কর না, অথচ এখানে নিয়ত বাস করিতেছ; ইহাতে আমাদের আত্যন্তিকী আশক্ষা হইতেছে। ইন্তেভন্য বিপ্রগণের ঐরূপ বাক্য প্রবেশ যথাকুক্রমে র্ভান্ত নিবেদন করিয়া রথে আরোহণ পূর্বক ত্রিদিবপুরে গমন করিলেন।

সেই হেতু হে ভূপাল ! আপনিও আদর পূর্বক রামের দাদশবার্ষিক যজে ত্রাহ্মণের উচ্ছিষ্ট মার্চ্ছন করুন। হে রাজন্ ! ত্রাহ্মণের পর সর্বাপাপবিনাশক দেবতা আর নাই। এইরূপ করিলে আপনারও দেবদও স্যাদনে আরোহণপূর্বক গমনে সামর্থ্য হইবে। হে মহীপাল ! এইরূপ প্রায়শ্চিতেই ইহার শোধন হইবে। অতঃপর আর আপনি নির্মাল্য লজ্মন করিবেন না।

এইরপে মহীপাল শান্তনুর রথারোহণে প্রথমে মশক্তি ও পশ্চাং শক্তি জন্মিয়াছিল।

এই আমি তোগাকে নির্মাল্য লজ্মনের দোষ এবং দিজগণের উচ্ছিফমার্জনজন্ত পুণ্যোৎপত্তির বিবরণ কেহিলাম।
যে মানব শুচি ও সমাহিত্তিত হইয়া ভক্তিপূর্বক দিজগণের
উচ্ছিফ মার্জ্জন করে, সে পাপবন্ধন হইতে মুক্ত হইয়া বহুতর গোলানের ফল প্রাপ্ত হয়।

#### ঊনত্রিংশ অধ্যায়।

সূত কহিলেন, যোজনগন্ধারগর্ভে শান্তমুর পুত্র বিচিত্র-বীর্য্য; তিনি হাস্তিনপুরে অবস্থান করিয়া ধর্মানুসারে প্রজা-পালন পুরঃসর যাগদারা দেবগণকে এবং আদ্ধারা পিতৃ-গণকে সন্তুপ্ত করিয়া স্বর্গারোহণ করেন। অস্বালিকায় বিচিত্র বীর্য্যেরপুত্র পাণ্ডু। তিনিও **রা**জধর্মে প্রজালন পুরঃ-সর, মুনিশাপে শরীর পরিহার করিয়া জাতপুত্র হইয়া দেব-लाक थाथ इहेलन। (महे भाषुत क्छी (मवीत অৰ্জ্যনামে পুত্ৰ জন্মলাভ করে। তিনি মহতীতপস্থাদারা শঙ্করের সন্তোষদাধন পূর্বক পাশুপত অস্ত্রলাভ করেন এবং · ত্রিপিষ্টপাধিপতি ইন্দ্রের শক্রু নিবাতকবচগণকে হনন করিয়া, অগ্নির যথারুচি খাগুববন নির্দর্শক্ত তাঁহাকে নিবেদন করিয়া তাঁহার নিকট হইতে দিব্য বরলাভ করিলেন। ন্তর ছর্ব্যোধন রাজ্যহরণ করিলে, ধর্মপুক্র ভীম নকুল সহদেব ও দ্রৌপদীর সহিত বিরাট নগরে অজ্ঞাতবাদের আচরণ করিয়া, গোগৃহে ভীম্ম দ্রোণ রূপ ছুর্য্যোধনাদি মহাবীরগণকে পরাজিত ক্রিয়া অপহত গোধনগণের উদ্ধার সাধনপূর্বক ভাতৃগণের সহিত বিরাটরাক্স্ত পূজা গ্রহণ পুরঃদর বাহ্ন-দেবের দহিত কুরুকেতে ধার্ত্তরাষ্ট্রগণের দহিত বহুতর যুদ্ধ করিয়া, ভীষা, দোণ, রূপ, শল্য, কর্ণাদি স্থরিপরাক্তম ক্ষত্র-গণেরও নানা দেশাগত অনেক রাজপুত্রগণের সহিত ছুর্য্যো-ধনাদি ধার্ত্তরাষ্ট্রগণকে সংহার করিয়া পুনর্ববার রাজ্য প্রাপ্ত

হন এবং ধর্মামুদারে রাজ্যশাদন করিয়া ভ্রাতৃগণের সহিত ম্বর্গারোহণ করেন। প্রভদ্রাগর্ভে অর্জ্জ্নের অভিমন্যু নামে পুত্র জন্মগ্রহণ করেন। তিনি ভারত যুদ্ধে চক্রব্যুহ ভেদ করিয়া অন্তঃপ্রবেশ পুরঃসর বহুতর ভূপতিগণের নিধ্নসাধন করেন। উত্তরা গর্ভে অভিমন্ত্যুর পুত্র পরীকিৎ; তিনি রাজ্যে অভিষিক্ত হইয়া মুগয়ার নিমিত্ত গহনে গম্নপূর্বক ঋষিপুত্র শৃঙ্গিকর্ত্ত্ক শাপগ্রস্ত হন। তিনি ধর্মাতঃ পৃথিবী-পালনপূর্বক স্বর্গারোহণ করেন। মাত্বতীর উদরে পরী-ক্ষিতের জনমেজয় নামক পুত্র জন্মগ্রহণ করেন। জনমেজয় ত্রক্ষহত্যা পাপের প্রশমনের নিমিত্ত ব্যাস শিষ্য বৈশ, ম্পায়নের নিকট হইতে মহাভারত প্রবণ করেন। তিনি রাজধর্মাকুদারে প্রজাপালন করিয়াছিলেন। জনমেজয়ের পুষ্পবতীর উদরজাত শতানীকনামে পুত্র, ধর্মতঃ প্রজাপুঞ্জের পালনানস্তর সংসারত্বংখে বিরক্ত ও শৌনকের উপদেশে নিকাম হইয়া ক্রিয়া যোগদারা সকল লোকনাথ বিষ্ণুর আরাধনা পূর্ব্বিক বৈষ্ণবপদ প্রাপ্ত হন। শতানীকের ফলবতী নাল্লী কামিনী গর্ভে সহস্রানীক পুত্র উৎপন্ন হয়। ভিনি বাল্য-কালেই রাজ্যে অভিষিক্ত হইয়া নারসিংহদেবে সাতিশয় ভক্তিমান হইয়া উঠিলেন। দেই ভক্তিমানের চরিত পরে বর্ণন করিব। মৃগবতী যুবতীর উদরে সহস্রানীকের উদয়ন নামে পুত্র জন্মগ্রহণ করেন। তিনিও ধর্মের অসুসরণপূর্বক প্রজাপালন করিয়া যাগদারা নারায়ণের আরাধনানন্তর স্বর্গ-পুর প্রাপ্ত ছইলেন। বাদবদন্তার উদরে উদয়নের নরবাহন নামে নন্দন জন্মগ্রহণ করেন। তিনিও ন্যায়তঃ রাজ্যপালন

করিয়া ত্রিদিবপুরী প্রাপ্ত হইলেন। অখনেধদতা নামী পত্নীগর্ভে নরবাহনের এক পুত্র হয়; তিনি রাজ্যাভিষিক্ত হইয়া প্রজাপালন পূর্বক মোহাভিস্ত জগৎ পরিহারপূর্বক পুণ্য-ধাম প্রাপ্ত হইলেন।

যে মানব, প্রদ্ধাবান্ ইয়া, এই হরিভক্ত মহীপতিগণের বংশাকুচরিত পাঠ বা প্রাবণ করেন, তিনি সন্তানগণের সহিত বিশুদ্ধ উৎসবানন্দ অনুভব পূর্ব্বক চিরকাল স্থী হইয়া জগতীতলে বাস করিতে থাকেন।

ইতি নাবসিংহ পুরাণে বংশামূচর্ক্তি কথা সমাপ্তা।

#### ত্রিংশন্তম অধ্যায়।

সূত কহিলেন, হে দ্বিজসত্য! অতঃপর আমি ভোমার নিকট সমস্তাৎ পর্বত ও নশীদার। অকীর্ণ স্থালের বিবরণ দংক্ষেপে বর্ণন করিব।

জমু, প্লক্ষ, কুশ, ক্রোঞ্চ, শাক, শালালি, পুদ্ধর নামক সপ্তদীপ। ইহাদের পরিমাণ পুদ্ধর হইতে আরম্ভ করিয়া ক্রেমশঃ দ্বিগুণ; জমুদ্বীপের পরিমাণ লক্ষ যোজন। এই দ্বীপ চারিভাগে বিভক্ত। লবণ-ইক্ষু হুরা সর্পি-দধি-ত্রশ্ধ ফচ্ছোদক এই সপ্ত সমুদ্র। ইহাদের পরিমাণ স্বচ্ছোদক হইতে আরম্ভ করিয়া ক্রেমে একৈকের দ্বিগুণ। এই সপ্ত সমুদ্র বলয়া-কারে সপ্তদ্বীপ বেইটন করিয়া রহিয়াছে। প্রিয়ত্ত চনামে মন্ত্র যে পুত্র সপ্তদ্বীপের ক্ষধিপতি হন, ভাঁহার ক্ষয়ীপ্র মাদি

দশজন পুত্র উৎপন্ন ইয় টু; তিশাধ্যে তিনজন প্রজ্যাশ্রম (১) অবলম্বন করেন। অবশিক্ট্রীপুত্র দিগকে পিতা অগ্নীপ্র জম্মু দ্বীপ মধ্যক্ত কেতুমালাদি নববর্ষ বিভাগ করিয়া দিয়াবন প্রবেশ করেন। হিমাহবয়ের অধিপতির ঋষভ নামে পুত্র উৎপন্ন হয় ; ঋষভ হইতে ভরত, ভরত দীর্ঘকাল ধর্মাসুদারে এই ভারতবর্ষ পরিপালন করেন। ইলারতের মধ্যে ছবর্ণ-নাভ মহামেরুগিরি, তাহার উচ্ছায় চতুরশীতিসহস্র গোজন, অধোভাগে যোড়শদহত্র যোজন অথগাহন করিয়া রহিয়াছে. বিস্তার তাহার বিশুণ। তাহার মধ্যভাগে একার পুরী, পূর্বভাগে অমরাবতী, অগ্নিকোণে অগ্নির তেজোময়ীপুরী, দিক্ষিণে ষমের সংযমনীপুরী, নৈখাতিকোণে নিখাতির ভ্রক্ষরী নালা পুরী, পশ্চিমদিকে বরুণের রদাবতী, বায়ুকোণে বায়ুর গন্ধবতী, উদীচীভাগে (২) দোমের বিভাৰতী পুরী বিভাজ-মানা রহিয়াছে। নববর্ষাম্বিত জমুম্বাপ, পুণ্যকর পর্বত পংক্তি দারা এবং পবিত্রসলিলানিমগানিকরে স্থগোভিত।

কিম্পুরুষাদি বর্ষ দকল পুণ্যবানগণের ভোগস্থান।
ভারতবর্ষ চতুবর্ণ বিশিষ্টা দাক্ষাৎ কর্মান্ত্রমি, এই স্থানেই কর্মা করিয়া মানবর্গণ স্বর্গগমন করেন। নিজ্ঞাম, মনুজগণ জ্ঞান কর্মা বারা এই স্থানেই মুক্তিলাভ করিতে পারেন। হে বিপ্র! পাপকারিমানবর্গণ এই স্থান হইতে স্বধোগমন করেন। দাহারা পাপকারী, তাহার' পাতালতলে কোটি কোটি নরক ভোগ করিয়া থাকে।

<sup>( &</sup>gt; ) म्यागाच्य शहन करतन। ( > ) डेबीही - डेइत ।

অনন্তর কুলপর্বতের বিবরণ কহিতেছি প্রবণ কর। মহেন্দ্র গিরি, গলয়গিরি, দহপর্বতি, শক্তিমান্ ও ঋক্ষবান্, বিদ্ধা,পারি পাস্ত্র এই গাতটী কুলপর্বত। নর্মানা, হুরসা, ঋষকুল্যা, ভীমরথী কৃষ্ণবেরা, চন্দ্রভাগা, তাত্রপর্ণী এই সাতটী নদী জানিবে। গঙ্গা, যমুনা, গোদাবরী, তুঙ্গভদ্রা, কাষেরী এই মহানদী সকল পাপ হারিণী। জন্মামে বিখ্যাত এই জন্দ্রীপ স্থানোভন ও পুণ্যপ্রদ, লক্ষযোজন বিস্তীণ হইশা রহিয়াছে। তন্মধ্যে

প্রকাণিদ্বীপে জনপদ সকল প্রতিত। তত্ততা জনগণ নিকাস, স্বধর্মে নারসিংহের যাগপৃজ্ঞাদির অনুষ্ঠান করিয়া অধিকারক্ষয়ে মুক্তিলাভ করে। সেই স্থানে নদী নয়্চী। স্বচ্ছোদকান্ত সপ্তোদ্ধি এই দ্বীপ সমূহকে বেইটন করিয়া আছে।

তাহার পরভাগে স্বর্ণময়ী ভূমি, তৎপরে লোকালোক পর্বত, তৎপরে তমঃ তৎপরে ব্রহ্মাণ্ডের অও কপাল এই ভূলোক; স্বর্গমন্ত বিস্তা। অস্তরীক্ষ লোক, থেচর গণের বিচরণ ভূমি; তদূর্দ্ধে স্বর্গলোক। স্বর্গ মহাপুণ্য স্থান; আমি বিশেষরূপে বর্ণন করিতেছি, অবধানপূর্বক শ্রেণ কর। ভারতবর্ষে যাঁহারা পুণ্য সঞ্চর করেন, এই স্থান তাঁহাদিগের ও দেবতাদিগের আলয়! পৃথিবীর মধ্যে. অদ্রীশ্বর ভাষান্ হির্ণয় মেরুগিরি, চতুরশীতিসহত্র যোজন উদ্ভায় বিশিষ্ট এবং অধোভাগে ধোড়শসহত্র যোজন অবনীতে প্রবিষ্ট হইয়া রহিয়াছে। চতুর্দিকে পৃথিবীর পরিমাণ যে পর্যন্ত বিস্তৃত, ঐ পর্বতও তাবৎ প্রমাণ প্রদারিত।

নের শৃঙ্গত্তারে মন্তকে স্বর্গ প্রতিষ্ঠিত আছে। ঐ শৃঙ্গতার নানাবিধ তরুলভায় আকীর্ণ এবং বিবিধ সমুজ্জ্বল রত্নে পরি-শোভিত। মধ্যম, পশ্চিম, পূর্বন, মেরুর এই তিনটী শৃঙ্গ; মস্তক সমুন্নত করিয়া শোভা পাইতেছে। ছুই শৃঙ্গের মধ্য-ভাগে মধ্যমশৃঙ্গক্ষ।টিকময়, বৈদ্ধ্য ও কনকে পরিশোভিত; পূর্ব্বশৃঙ্গ ইন্দ্রনীলময় এবং পশ্চিমশৃঙ্গ মাণিক্যময়। পূর্ববিও পশ্চিম শৃঙ্গের পরিমাণ প্রত্যেকে সহস্রযোজন; মধ্যে শৃঙ্গের পরিমাণ, নিযুত যোজন। এই মধ্যম শৃংকর উপরে ত্রিপি**উপ স্বর্গ প্রতিষ্ঠিত আছে। উহা ছ**ত্রাকৃতি, পূর্বা ও পশ্চিম শৃঙ্গের প্রযুক্তবোজন অন্তরে অবস্থিত। মধ্যম শৃঙ্গে ত্রিপিষ্টপ, নাকপৃষ্ঠ, অপ্নর, শান্তি, নির্নতি, আনন্দ, প্রমোদ এই দপ্তস্থৰ্গ; পশ্চিমশূলে শেত, পৌষ্টিক, জপ, শোভন, মনাথ, আজাদ, স্বর্গরাজ্য এই সপ্ত এবং পূর্বাশ্লে নির্মান, নিরহস্কার, সৌভাগ্যা, অতি নির্মাল, সৌথা, মঙ্গল, পুণ্যাহ এই সপ্তস্বর্গ; এইরূপে মেরু মস্তকে একবিংশতি স্বর্গ প্রতি-ঠিত আছে।

যাঁহারা অহিংসা, দান, যজ্ঞ, তপঃ এই সকল পনিত্র পুণ্য কার্য্যের অমুষ্ঠান করেন, তাঁহারাই সেই সেই স্বর্গে বাস করেন। তথাকার জনগণ ক্রোধবর্জিত, জলপ্রবেশ আনন্দ অমুভব এবং বহ্নিপ্রবেশ প্রমোদপ্রকাশ ও পর্বতের অভ্যুক্ত ভ্রুদেশ হইতে পতনে স্থামুভব করিয়া থাকে। সন্যাস-ধর্মে সত্তই অনুরক্ত; তাঁহারা মরণাত্তে, ত্রিপিন্টপ স্বর্গে গমন করিয়া থাকে।

্যজ্ঞকারী নাকপৃষ্ঠ ভাগিহোত্রী নির্হি, তড়াপকুপকর্তা,

পোঞ্চিক, স্বর্ণদায়ী, দোভাগ্য এবং মহাতপা ব্যক্তিগণ স্বর্গ লাভ করে। দর্কবিধ জীবগণের হিতের নিমিত্ত যে মানব শীতকালে অগ্নিরাশি প্রদান করে, তিনি আপ্সরম্বর্গ লাভ कतिया थारकन। हित्र प्रभाम, ज्यामान त्रामान हाता त्य নরগণ অহংকারশূন্য হইয়াছেন এবং ষুদ্ধে অপরাগ্রুখ হইয়া কলেবর পরিহার করিয়াছেন, তাঁহারা শান্তিনামক অর্গপদ প্রাপ্ত হন ৷ রোপ্যদান করিলে নরগণ নির্মাল, অশ্বদানে, পুণ্যাহ, কন্যাদানে মঙ্গল স্বৰ্গপ্ৰাপ্ত হয়। ভক্তিপূৰ্বক নম-কার, বস্ত্রদানাদি দারা দ্বিজগণের তৃষ্টিসাধন করিয়া শ্বেত-বর্গ স্বর্গে গমন করে, তথায় পমন করিলে কোনও প্রকার শোক তাহাকে স্পর্শ করিতে পারে না। মনুজগণ পিতৃগণের উদ্দেশে কপিলাগোদান এবং বুষত দান করিয়া মম্মথ े স্বর্গ লাভ করে। মাস মাসে নদীস্লাগ্রী এবং তিলধেনুপ্রদ এবং ছত্র দাতা ও উপানৎদাত্গণ, উপশোভন স্বর্গ প্রাপ্ত হয়। দেবায়তননির্মাভা, দেবদেবাপর ও তীর্থযাত্রাপর নর-গণ স্বর্গরাজ্য প্রাপ্ত হইয়া পূজিত হইয়া থাকে এবং একা-হারী, প্রত্যই নক্তমাত্রভোজী, উপবাদত্রতী, ত্রিরাত্রাদি ব্রতানুষ্ঠায়ী মানবগণও শাস্ত শুভদ স্বর্গরাজ্য লাভ করেন। নণীস্নায়ী, জিতক্রোধ, ত্রহ্মচারী, দৃঢ়ত্তত এবং সর্ববিধ প্রাণি-গণের হিত্নিরত ব্যক্তিগণ নির্মাল স্বর্গলাভ করেন। যে त्मधावी मानव विमानान करतन, उँक्षाता नित्रहक्षात वर्ग लाश इन। (य (य मानव (य (य वर्ग वामना क तिया (य (य ভাবে যে যে छान धनान करतन महे महे यानव महे महे স্বৰ্গ প্ৰাপ্ত হন দলেহ নাই। যিনি আক্ষণগণকে সৰ্ব্যবিধ

দানদ্রব্য প্রদান করেন তিনি অনাময় ছ্যালোক প্রাপ্ত হইয়া তথা হইতে আয় নিবর্তিত হন না।

পশ্চিমভাগে বৈ শৃঙ্গ বিদ্যমান রহিয়াছে, তাহ। স্বয়ং এজাপতি বৈং পূর্ববিশ্নে স্বয়ং বিষ্ণু ও মধ্যমশৃঙ্গে স্বয়ং মহা-দেব অবস্থিতি করিতেছেন।

হে বিপ্র! অতঃপর শ্রহ্মাবান হইয়া আমার এই সকল বাক্য শ্রেবণ করুন। মেরুগিরির মন্তকে কতকগুলি বিমল ও বিপুলশুঙ্গ উপযুর্তপরি সংস্থিত পাছে। প্রথমশুঙ্গে কুমার-গণ দ্বিতীয়ে মাতৃগণ তৃতীয় শৃঙ্গে দিদ্ধগন্ধর্বগণ, চতুর্থে বিদ্যাধরগণ পঞ্চমে নাগরাজ, ষষ্ঠে বিন্তাপুত্র গরুড়, সপ্তমে দিব্যপিতৃগণ, অন্টমে ধর্মরাজ, নবমে দক্ষ, দশমে আদিত্য খবস্থিতি করেন। ভূর্নোক হইতে শতসহত্র যোজন উদ্ধে ভাক্ষরদেব বিচরণ করিতেছেন। ভূলোকের সহস্রযোজন অন্তরে নক্ষত্রগণসমন্থিত সৌরবিশ্ব পরিমাণে ভূর্লোকের তিন গুণ। যখন চন্দ্র ও সূর্য্যের বিভাবতী নগরীর মধ্যাক্ তথ্য ভাস্করদেব অমরাবতীতে উদিত হন। যথন অমরা-বতীর মধ্যাত্র, তথন যমের সংযমনপুরে প্রভাকর উদিত হই-তেছেন, দেখিতে পাওয়া যায়। সবিতা, ধ্রুবাধার (১) রথ-্রখাদি ছারা সর্ববদাই মেরুগিরি প্রদক্ষিণ করিয়া দীপ্তি পাইতেছেন।

তৎপরে দোমমণ্ডল পরিমাণে সূর্য্যমণ্ডলের দ্বিগুণ। তথা হইতে শতসহত্রযোজন অন্তরে নক্ষত্রমণ্ডল। নক্ষত্রমণ্ডলের

<sup>(</sup>১) निक्त उ अविनाभी आधात तथापि।

লক্ষ যোজন অন্তরে বুশের স্থান; বুধ হইতে তিন লক্ষ যোজন দূরে উশনা শুক্রাচার্যা; তথা হইতে তৎপরিমাণ অন্তরে মঙ্গলগ্রহ অবন্ধিত আছেন। নুমঙ্গলের তুইলক্ষ্ট্রোজন দূরে, স্থরগুরু রহস্পতির অবস্থান। তথা হইতে দিলক যোজন অন্তরে শনৈশ্চর; শনৈশ্চর গ্রহের লক্ষ যোজন উদ্ধে সপুর্বিমণ্ডল; সপুর্বিমণ্ডল ইইতে একলক্ষ যোজন উদ্ধে জ্যোতিশ্চক্রের মেধাস্বরূপ (১) স্বর্ভানু (২) অবন্ধিত থাকিয়া উদ্ধিভাগে কিরণ বিকিরণ শুক্রিক যুগে যুগে ত্রিলো কের কালসংখ্যা নিরূপণ করিতেছেন।

হে ম্নিক্জর! বিফুশক্তি দারা প্রদীপিত হইয়া প্রজাপতি ব্লার মাদেশে লোকপ্রকাশক প্রভাকর জন, তপ সত্য, এই সকল লোক দী,ধিতি দারা (৩) প্রদীপিত করিতেছেন। তমানাশক, পাপপ্রনাশন, ভিতুবনভর্তা সূর্য্য ছত্রবৎ একনণ্ডল হইতে দিগুণ প্রমাণ ভূতনাথপ্রতিষ্ঠিত মণ্ডলান্তরে বিচরণ করিতেছেন এবং কার্ত্তিমান্ সেই দেবপ্রবর স্বর্গে বাস করিয়া ইল্রের বিফুদ্ত ত্রৈলোক্যরাজ্য লোকপালগণের সহিত ধর্মতঃ প্রতিপালন ও রক্ষণ করিতেছেন।

হে ভরদ্বাজ ! ইহার অধোভাগে স্বয়ম্প্রভ পাতালপুর, দেখানে সূর্য্য কিরণ বিতরণ করেন না, তথায় রাজি ও নিশাকর কিছুই নাই। পাতালস্থ জলরাশি দিব্যরূপ ধারণ

<sup>(</sup>১) (मधी- मधाकार्ध, त्मरेकार्वे, त्कलान्ड जूकार्धानि ।

<sup>(&</sup>gt;) র:ছগ্রছ।

<sup>(</sup>n) fran 1

পুরঃসর নিজতেজ্যে দীপামান হইয়া তথায় তাপ প্রদান করে।

স্বলোকের উপরিভাগে কোটিযোজন আয়তনবিশিষ্ট মহলোক অবস্থিত আছে। যোজনপরিমাণে মহল্লোকের ত্রিগুণনগুল বিশিষ্ট মুনিদেশিত পঞ্চম জনলোক তত্পরি শংস্থিত
এবং তাহার উপর চারি কোটি যোজন পরিমিত তপোলোক
প্রতিষ্ঠিত রহিয়াছে। অনন্তর পঞ্চকোটি যোজন পরিমিত
স্বাপেক্ষা স্থরহৎ সত্য লোক অবস্থিত। ভূবনের উপর
ভূবনোপরি সংস্থিত এই সকল লোকের আকৃতি ছত্রভুল্য
প্রতিভাত হয়। ত্রক্ষালোক হইতে দ্বিগুণপ্রমাণ বিফুলোক
ব্যবস্থিত আছে। লোকচন্তিক মুনিগণ কর্তৃক কারাহপুরাণে
তাহার মাহাত্ম বিশেষরূপে কথিত হইয়াছে। তাহার পর
ভ্রক্ষাণ্ডের কণ্ডকপাল। ত্রক্ষাণ্ডের পর সাক্ষাৎ নির্লেপপুরুষ
অবস্থিত আছেন। তাহার উপাদনা করিলে জ্ঞানসমন্থিত
হইয়া স্থরাস্থরনরগণ মৃক্তিলাভ করিতে সমর্থ হন।

হে অন্য দ্বিজ্বর ভ্রদ্বাজ ! এই আমি আপনার নিকট ভূগোলের সংস্থিতির বিবরণ বর্ণন করিলাম। যে নর এই বিবরণ সম্যক্রপে হৃদয়ঙ্গম করিছে পারে, সে প্রমণ্ডি লাভ করিতে সমর্থ হয়।

সর্বলোকের সংস্থিতির হেতুভূত, অপ্রমেয়, বিষ্ণু, নর-দেবপূজিত ভগবান্ নৃসিংহদেব যুগে যুগে অনাদিমূর্ত্তি অব-লম্বন করিয়া ছুইটগণের দমনপূর্বক এই অথিল বিশ্বসংসার প্রতিপালন করিতেছেন।

## একত্রিংশ অধ্যায়।

ভরদ্বাজ কহিলেন, হে মহামতে সূত! সম্প্রতি শার্স-ধারী নারায়ণের অবতারগণের বিষয় এবং নৃপোত্তম সহস্রা-নীক চরিত প্রবণ করিতে বাসনা হয়, আপনি তাহা বর্ণন করিয়া চরিতার্থ করুন।

সূত বলিলেন, আমি তোমার নিকট, ধানান্ সহস্রানী-কের আচরিত এবং ভগবাৰ হরির স্বতারগণের বিবরণ বর্ণন করিব, শ্রেবণ কর।

নৃপোত্তম সহস্রানীক, দিজোত্মগণকর্ত্ব নিজরাজ্যে অভিধিক্ত হইয়া ধর্মাতুসারে প্রজাপালন করিতে লাগিলেন। সেই সদুদ্ধিশালি রাজপুত্র এরূপ ধর্মপরায়ণ হইং। রাজ্য শাসন করিতে লাগিলেন যে, এই কলিকালে পাপিগণের তাঁহার দর্শনলাভ অত্যন্ত চুর্লভ হইয়া উঠিল।

একদা জিনি মহর্ষি ভৃগুকে কহিলেন, ভগবন্! আমি দেবাধিদেব সনাতন নারসিংহমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া আরাধনা করিতে অভিলাষ করিতেছি, তাহার বিধান সমস্ত প্রকাশ করিয়া বলুন এবং দেবদেব ভগবান চক্রধারীর সেই সমস্ত পবিত্র ও পুণ্যকর অবতার দকল আপনার নিকট হইতে শুনিতে বাদনা করি, অনুগ্রহপূর্বক আমার কোতৃহল চরিতার্থিকরুন।

ভৃগু কহিলেন, হে ভূপ! ভুমি আমার পুত্রভুল্য, ভূমি

ইহা প্রবণ কর। বৎস! কলিয়ুগে কোনও মানব ভগবান্
নারায়ণে ভিত্তিমান্ নহে, কিন্তু তুমি যে নৃসিংহদেবে ভিত্তিমান্ হইয়াছ, ইহা অত্যন্ত আনন্দের বিষয়। দেবোত্তম
নার সি হে যাহার ভক্তি স্বভাবতই সমুখিত ও সম্প্রদারিত
হয়, তাহার মানসী ব্যথা সমস্তই বিনষ্ট হইয়া থায় এবং
তাহার সকল কার্য্যই সিদ্ধ হয়। তুমি পাগুরংশে উৎপন্ন
হইয়া সজ্জনগণের অগ্রগণ্য এবং দেবাদিনেব নরহরি
হরির (১) ভক্ত হইয়াছ; সেই হেতু আমি তোমার নিক্ট
তংসমুদায়ই কার্ত্তন করিব, স্বাহিত হইয়া প্রবণ কর।

যে ব্যক্তি ভক্তিমান্ ইইয়া ভগবান্ নারিসিংহের স্থানাতন মনোহর মন্দির নির্মাণ করিয়া প্রতিষ্ঠা করে, সে দর্ববি-পাপে বিনিম্মুক্ত ইইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়। যে মানব ভক্তিপূর্বক দর্বলক্ষণসম্পন্ধা নারিসিংহ প্রতিমা স্থাপন করেন, সে দর্বপাপে পরিমুক্ত ইইয়া বৈকুণ্ঠধামে বসতি করিয়া থাকে। হে নরশার্দ্দুল। যে ব্যক্তি নিহ্নাম ইইয়া নৃসিংহদেবের যথাবিধি প্রতিষ্ঠা করে, সে হেক্তব্দ্ধ ইইতে নিম্মুক্ত ইইয়া নির্বাণ মুক্তি লাভ করিতে সমথ হয়। সকাম ইইয়া প্রতিষ্ঠা করিলে নারিসিংহলোক লাভ করিয়া নির্মাণ আনন্দ লাভ করে এবং বহুমন্বন্তর তথায় অবস্থান করিয়া জ্ঞানলাভানন্তর মোক্ষ প্রাপ্ত হয়। যে নর নারিসিংহের প্রতিমা প্রতিষ্ঠা করিয়া পুজা করে, তাহার সমস্ত কামনাই সফলা হয় এবং পৃথীতলে তাহার পুজ্রপোক্রাদিগণ সনাতন

<sup>(</sup>১) नत-मानव । हर्ति-निःह । नतहति-नृनिःह । नृनिःहक्षणी हत्रित ।

ধর্মরত হইয়া দর্বতোভাবে সমৃদ্ধিলাভ করে। হে রাজন্! পুরাকালে ব্রহ্মাদি দেবতাগণ ভগবান্ বিষ্ণুর আরাধনা করিয়া কেশবের প্রসাদে যে লোক লাভ করিয়াছিলেন, মান্ধাতা চ্যবনাদি নৃপবরগণও বিষ্ণুর আরাধনা করিয়া এন্থান হইতে সেই সেই স্বর্গপদ ও মোক্ষপদ লাভ করিয়াছিলেন। যে মানব নিভাই হুরেশ্বর নারিসিংহের পূজা করে, দে স্বর্গবাসী ও মোক্ষভাগী হয়, তদিষয়ে সন্দেহ বা বিচারণার প্রয়োজন হয় না। দেই হেতু একমনা হইয়া প্রতিজ্ঞাপূর্বক যাব-জ্জীবন যে মানব প্রমপুরুষ নারসিংহের অর্চনা করে, দে আপনার বাঞ্জিত নিশ্চয়ই লাভ করিয়া থাকে। যে মানব জনার্দিন নারসিংহমূর্ত্তি নির্মাণ করাইয়। বিধিপূর্বক স্থাপন করে, হে নৃপ! বিষ্ণুলোক হইতে তাহার নির্গমন আমরাও অবগত নহি। স্থরাহ্র যাঁহার পাদপক্ষজ নিয়তই পূজা করিয়া থাকে, সেই খনস্তবিক্রম ত্রিবিক্রম নারসিংহকে শ্রেদাপূর্বক সংস্থাপন করিয়া যে মানব বিধিপূর্বক পূজা করিয়। থার্টেন্ডিসেই পুণ্যবান মানব সাক্ষাৎ পরমেশ্বর হরিকে প্রাপ্ত হয়।

#### দাত্রিংশত্তম অধ্যায়।

রাজা কহিলেন, ভগবন্! আমি আপনার প্রদাদে হরির অর্চনা বিধি বিশেষরূপে প্রবণ করিতে বাসনা করি, আমার নিকট তাহা বিস্তারপূর্মকে কীর্ত্তন করুন। নৃসিংহদেবের মন্দির সমার্জনে ও গোময়লেপনে যে পুণ্যসঞ্য হয় এবং শুকোদকদারা কেশবকে সান করাইলে যে ফল লাভ, ক্ষীর, দিবি, মধু, মৃত এবং পঞ্চাব্য ইহাদের প্রত্যেক দারা সান করাইলে যে যে পৃথক্ পৃথক্ ফল হয়, প্রতিমা প্রকালন পূর্বক ভক্তির সহিত স্তব পাঠে, বিস্থাপত্র চন্দন ও পীঠদানে কুশ পুষ্পোদক দারা উদ্বৰ্জনানস্তর স্থানে এবং ছেমর ত্রামু, গদ্ধ পুষ্পাম্মু কপূর ও অগুরু মিশ্রিত তোয় স্নানে, অর্য্যাননে পাদ্যাচমন দানে মস্ত্র স্নানে; বস্ত্র দানে, শ্রীথও কুন্ধুম, পুষ্পা ও ধূপ, দীপ, নৈবেদ্য ও প্রদক্ষিণ নমস্কার এবং স্থোত্র গীত দ্বারা অর্চনা করিলে; তালর্স্ত, চামরধ্বজ, শশু প্রদান করিলেই বা কি ফল লাভ হয়, তৎসমস্তই পৃথক্ পূথক্ রূপে এবং অন্য যাহা কিছু প্রদান করিলে যে যে ফল লাভ হয় মার্জ্জনাদি করিয়া তৎসমস্ত কীর্ত্তনানন্তর স্থামার মনোভীফ দিদ্ধ করুন। হে তপোধনবর! আমি কেশবের ভক্ত, আমার প্রতি আপনি কুপাকটাক্ষে স্বলোকন করিয়া চরিতার্থ করুন।

সূত কহিলেন, হে বিপ্রবর! ভগবান্ ভ্রু, মহস্রানীক নৃপতি কর্তৃক এইরপে সঞ্চোদিত (১) হইয়া তৎকালে, মার্কণ্ডেয় মুনিকে তৎকথনে নিয়োজিত করিয়া যথেচ্ছ স্থানে গমন করিলেন। মার্কভেয় ঋষি, ভ্রু কর্তৃক আদিই হইয়া, কৌতৃহলাক্রাস্ত, বিশেষতঃ হরিভক্ত নৃপতিকে তৎসমুদার বলিতে আরম্ভ করিলেন।

মার্কণ্ডেয় কহিলেন, রাজন্! আপনি পাণ্ডুবংশজ বিষ্ণু-

<sup>(</sup>১) সংজ্ঞাবিত /

ভ ভ , অতএব আমি আপনার নিকট হরিপ্জাবিধির ক্রম সমস্তই বর্ণন করিব, অবহিত হইয়া শ্রেবণ করুন।

যে মানব, প্রতিদিন নারিসিংহের গৃহ সম্মার্জন করে, সে সর্ব্বপাপে বিমুক্ত হইয়া বিষ্ণুলোকে সভেই সানন্দমনে বাস করিতে থাকে।

যে নর, গোময়, মৃত্তিকা, জল ছারা নার সিংহ গৃহ উপ লেপন করে, সে চান্দ্রায়ণের ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে অবস্থান করিয়া মাহাত্মাবান্ হয়। পূর্ববিপ্রদত্ত পুষ্পাদির অপনয়নপূৰ্বক তোয় (১) মাত্ৰ দারা ন রসিংহকে স্লান করা-ইলে সর্ব্বপ্রকার পাপ হইতে বিমৃক্ত হয় এবং গোপ্তদানের ফল প্রাপ্ত হইয়া দিব্যাম্বরশোভিবিমানে আরোহণ করিয়। নারসিংহপুর প্রাপ্ত হইয়। অক্ষয় কাম সভোগে সভুপ্ত হইতে থাকে। হে নারসিংহ! ইহাগচ্ছ ইহাগচ্ছ (এই স্থানে আম্বন) এইরূপে আগাহন করিয়া অক্ষত পুস্পাদি ষারা পূজা করিলেও সর্কবিধ পাপ হইতে মুক্ত হয়। হে तारकतः । चामन, चर्चा, भाग ও चाठभनी ॥ এই मभछ त्नवः দেব নারসিংহকে বিধিপূর্বক প্রদান করিয়া মানব সর্ব্বপাপ পাপ হইতে পরিযুক্ত হয়। মহামতি মানব ভক্তিপূর্বক নারসিংহকে তোয় দারা স্নান করাইয়া সকল প্রকার পাপ হইতে বিমুক্ত হয় এবং বিষ্ণুলোকে গমন করিয়া পরিপূজিত हरेंगा थारक। पित घाता প্রতিদিন বিষ্ণুকে স্নান করাইলে, নিৰ্দাল ও প্ৰিয়দৰ্শন হইয়া বিষ্ণুলোক প্ৰাপ্ত হয়, সেখানে

<sup>(</sup>১) ভোষ কল্।

ন্তরাত্তমগণ তাঁহার সেবা করিয়া থাকে। যে ব্যক্তি মধু 
রারা স্নান করাইয়া বিষ্ণুর অর্চনা করিয়া থাকে, সে অগ্নিলোকে দম্বংদর অবস্থান করিয়া পুনর্বার বিষ্ণুলোকে বদতি
করে। য়ত ছারা স্নান করাইলে বিশেষরূপে সর্ব্যপ্রকার
কাম্যবস্তর লাভ হয়। শন্ধনিঃম্বন ও ভেরিনিনাদ ছারা
নারসিংহের প্রীতিসম্পাদন করিলে, মানবগণ ভুজস্পগণের
জীর্ণিছচের তাায় পাপ কঞ্চুক উন্মোচন করিয়া দিব্য বিমানে
আরোহণ পূর্বক বিষ্ণুলোকে গমন করিয়া নির্মাল আনন্দ
উপভোগ করিতে থাকে।

যে ব্যক্তি পঞ্চাব্য দারা শ্রদ্ধাপৃথ্যক সর্বশক্তিমান্
ভগবান্ নারায়ণ নারসিংহকে স্নান করাইয়া থাকেন, তিনি
ব্রহ্মকুর্চ বিধান দারা বিফুলোকে গমন করিয়া পূজা প্রাপ্ত
হন। যব গোধ্ম চূর্ণ অক্ষিত করিয়া উষ্ণ বারি দারা প্রাক্ষণলাক প্রাক্ত লন প্রঃসর যে মানব স্নান করান, তিনি বারুণলোক প্রাপ্ত
হইয়া থাকেন। যে নর প্রদ্ধাপৃথ্যক পাদপীঠ প্রদান করে,
থেন কর্মপাপ হইতে মুক্ত হয়। কুন পুস্পোদকে স্নান করাইয়া ব্রহ্মলোক, রত্মোদকে সাবিত্রলোক এবং হেমবারি দারা কোবেরলোক (১) প্রাপ্ত হয়। কপূরাগুরুবারি দারা নারসিংহকে স্নান করাইয়া প্রথমে ইন্দ্রলোকে পরমানন্দ সম্ভোগের পর পন্চাৎ বিফুলোকে বাদ করে। যে নরোভম পুস্পোদকে পুরুষোভ্য নারসিংহকে স্নান করায়, সে

<sup>(</sup>১) कुरवरदत्र दशकः।

প্রথমে সাবিত্রলোক প্রাপ্ত হইয়া পশ্চাৎ বিষ্ণুলোকে পূজা প্রাপ্ত হয়। ভিলিপূর্বাক বিচিত্রিত বস্ত্র পরিধান कताहैया हस्सत्नाटक त्रमनानस्तत विकूरलाटक माहाजा লাভ করে। হে রাজেন্দ্র: কুস্কুমাগুরু শ্রীখণ্ড চন্দন দারা অচ্যুতের আকৃতি আলেপন করিয়া মানবগণ কল্লকোটিকাল হরির দহিত বাদ করে। মলিকা, মালতী, জাতি, কেতকী, অশোক, চম্পক, পুমাগ, নাগ, বছুল, পদা, উৎপল, ভুলদী, করবীর, পলাশ, রস্তি, কুজক ইত্যাদি ও অন্যান্য প্রশন্ত কুত্বম দারা অচ্যুতের পূজা করিয়া ত্রিদিবলোক লাভ করে। এই সকল প্তপাবলীর মালা গ্রন্থন করিয়া যে মানব অচ্যু-তের অর্চনা করে, দে দিব্য বিমানে বিষ্ণুলোকে গমন করিয়া কল্লকোটি শতকাল মানন্দ উপভোগ করে। যিনি অথণ্ডিত নিশ্ছিদ্র বিল্পত্র এবং তুলদী দ্বারা যত্নপূর্ব্বক নার-ি সিংহের পূজা করে, তিনি সর্ব্বপাপে বিনিশ্মু<sub>ক</sub>ে, সর্ব্বভূষণ ভূষিত হইয়া কাঞ্চনবিমানে থারোহণ পূর্বক বিষ্ণুলোকে গমন করিয়া পূজিত হইয়া পাকে। যে মানব মহিয়াখ্য গুগ্গুলু ও মৃতযুক্ত শর্করামিশ্রিত ধূপ,ভক্তিপূর্বক নারিসিংহকে প্রদান করে, দে দর্বপাপ হইতে মুক্ত এবং দমস্তাৎ (১) প্রধৃপিত হইয়া অপারাগ্ধণযুক্ত বিরাজিত বিমানে আরোহণ-পূর্বক বায়ুলোকে গমন করিয়া থাকে এবং তথা ছইতে विक्ट्रालाटक भवन कतिया शृका आधि इय। तय नत्र, श्रुठ বা তৈল দার। বিষ্ণুপ্রীতির নিমিত্ত বিধিপূর্বকে দীপ স্থালন

<sup>(</sup>३) हादिनिदक।

করে, তাহার পুণ্যকথা শ্রবণ কর। সর্ববপাপ পরিত্যাগ পুৰ্বক সহঅদ্গ্যসদৃশ তেজস্বান্ হইয়া জ্যোতিমান্ বিমান ্বার বিষ্ণুলোকে গমন করিয়া পূজা প্রাপ্ত হয়। যে নর শর্করামিশ্রিত ও মৃত্যুক্ত শালিধান্তের যাবক অথবা পায় গান্ন নারসিংহকে প্রদান করে, দেই বৈষ্ণবশ্রেষ্ঠ ঐ পায়সা-নিতে যাবৎদংখ্যক তণ্ডুল বিদ্যমান থাকে, তাবৎকল্প বিষ্ণু-লোকে মহাভোগ উপভোগ করিয়া থাকেন। হরিমন্দিরের গ্রিদিকে অক্ষতমিশ্র বলিপ্রদান করিলে ঐ গৈষ্ণববলি দার। ান্তৃপ্ত হইয়া মাতৃগণের ও লোকপালগণের সহিত সমস্ত দেব-গণ, তাঁহাকে শান্তি, ঞী ও ভারোগ্য প্রদান করেন। দেবদেব गांत्रिनिः ट्रित मन्मित अक्वात श्रमिन कतित्व एय क्न इय, তাহা প্রবণ কর। হে নৃপাজ্জ ! দেই মানব পৃথিবী প্রদ-ক্তিণের ফলপ্রাপ্ত হইয়া বৈকুণ্ঠলোকে গমন করিয়া থাকেন। ন্মকার; সর্কোত্ম যজ্ঞ বলিয়া উক্ত হইয়াছে; এক-দান্তীঙ্গনমস্কার দ্বারা মানবগণ কেশবকে প্রাপ্ত হয়। যে नत, त्मवाद्य दिखां ७ ७ जभ बाता भधूमृम्दनत खर करत, तम ার্মবিধ পাপ হইতেনিমুক্তি এবং সর্বভূষণে ভূষিত ও খ্রীমান্ **१६ेग्रा हर्जुर्फ्ग हेस्क्काल शर्गुछ हेस्स्तलाटक** वाम करत्र। যে মানব, নারায়ণকে পয়স্থিনী কপিলাগাভী দান করে, দে াহস্র গোদানের ফল প্রাপ্ত হয় এবং সর্ব্বপাপবিরহিত ও ার্কাভরণে বিভূষিত হইয়া হরিকে প্রাপ্ত হয়। স্থারাধনার যোগ্য যে কিছু উত্তম দ্রব্য আছে, তাহা নারসিংহকে প্রদান দরিলে বিষ্ণুলোক লাভ হয়।

পূজা করে, দে স্বর্গ এবং অপবর্গ (১) প্রাপ্ত হয়, সন্দেহ নাই। যে ছানে নৃপগণ বিষ্ণু নারসিংহের এইরূপে পূজা করে, সে স্থানে ব্যাধি ত্রভিক্ষ রাজচৌরাদির ভয় কিছুই থাকে না। মানবগণ যে আমে বিধিপূর্বক তিলহোম দারা নিয়ত নারদিংহের ভৃপ্তিদাধন করে, দেই আমে কোনও স্থানে ভূতের ভয় থাকে না। অবান্থপ্তি, মহামারী, রাজভয়, চৌরভয় উপস্থিত হইলে, বেদশারণ আক্ষাণ দারা নার-সি<sup>'</sup> হের আবাধনাপূর্বক যে গ্রামে লক্ষহে।মক্ত হয়, সেই আম হইতে সেই সেই ভয় অপগত হয়। ছুফ উপ-দর্গ দারা আপনার প্রজাগণের মারণ উপস্থিত হইলে, স্যাক্ আরাধনার নিমিত নার্দিংহের মন্দিরে অথবা শঙ্করের আয় তনে সংযত বিপ্রগণ দার। কোটিছোম এবং সদক্ষিণ ব্রাক্ষণ ভোজন করাইবে; তাহা হইলে নারসিংহের প্রসাদে প্রজা-গণের উপদর্গাদিজনিতমরণভয় প্রশমিত হইবে। ছুঃস্বপ্লদর্শনে বা ঘোরতর গ্রহপীড়ায় উক্তপ্রকারে পূজা ও হোম কর।ইলে সমস্তই প্রশান্ত হয়। প্রতিমা হাস্যময়ী, বিশেষতঃ প্রচলন भीना वा প্रायमयूका, व्यववा প্রতিমার মন্তকে সন্ততপ্রয়েদ-ধার। দৃষ্ট হয়, ভাহা হইলে নৃপাণ আপনাকে মহাগ্রহগ্রন্ত জানিয়া দ্বিজগণ দারা নারসিংহের হোম ও ত্রাহ্মণভোজন कत्राहेटल ममल ट्रांबर विनक्षे इया व्ययनकाटल, विष्व সংক্রমণে বা চক্রসূর্য্যের গ্রহণে নারসিংহের ভারাধনা করিয়া লক্ষ হোম করাইলে সেই স্থানবাদী দিগের শাত্তি लां इय ।

<sup>(&</sup>gt;)-- मूकि अभवर्ग।

হে ভূপতিপুত্র! নারসিংহের অর্চনা করিলে এই সকল ফল লাভ হয়, যদি সদগতিলাভে বাসনা কর তবে ভক্তিভাবে নিরন্তর নারসিংহের অর্চনা কর। ইহা অপেক্ষা স্থামাক্ষ-ফলপ্রদ উৎকৃষ্টতর কর্মা আর কিছুই নাই দেবদেব নারায়ণের পূজন দরিদ্রদিগেরও স্থেকর। দেখ, উদ্যানে'ও বনেফল, মূল, পত্র, পূজা, নদী'ও তড়াগ জল ইত্যাদি আরাধনার সামগ্রী সর্বত্রই হলভ; যে মানব এক মনকে আরাধনার দামগ্রী সর্বত্রই হলভ; যে মানব এক মনকে আরাধনাকার্য্যে নিয়মিত করিতে পারেন, মুক্তি, ভাঁহার হস্তেই সন্মন্ত রহিয়াছে।

মহর্ষি ভ্গুদারা আদিফ হইয়া, এই আমি ভোমার নিকট অচুটতের অর্চনাবিধি কীর্ত্তন করিলাম। হে সহস্রানীক! আপনি প্রতিদিন বিফুপূজা করুন। আপনার অভ্য আর কি শুনিতে বাসনা হয় বলুন।

## ত্ৰয়স্ত্ৰিংশ অধ্যায়।

রাজা কহিলেন, হে মুনিসতম! আমি আপনার নিকট হইতে বিষ্ণুর আরাধনাজনিত ফল সমস্তই শ্রেবণ করিলাম। আমার বোধ হইল যে, যাহারা বিষ্ণুর অর্চনা করে,না, তাহার মৃততুল্য। আপনার প্রসাদে নারদিংহের অর্চনার ক্রেম শ্রেবণ করিলাম; অতপর তাহার বিধিবৎ পূজা করিব। এক্ষণে কোটি হোমেরবিধি বিস্তারপূর্বক বর্ণন করন।

মার্কণ্ডেয় কহিলেন, মহর্ষি ভৃগু কর্তৃক জিজ্ঞাদিত হইয়া

শোনক ঋষি যাহা কহিয়াছিলেন, জামি তোমাকে তাহাই বলিব, শ্রবণ কর।

একদা ভৃত্তমূনি অ্থাসীন শোনক ঋষিকে জিজ্ঞাদা করি-লেন; লক্ষহোমের এবং কোটিহোমের ভূমির স্থরূপ এবং বিধি যথামুহ কার্ত্তন করুন।

মাকণ্ডেয় কহিলেন, ভৃগুকর্তৃক উক্ত হইয়া, শোনক, লক্ষ হোমাদির বিধি এবং ভূমির লক্ষণ বলিতে আরম্ভ করিলেন।

শৌনক কহিলেন, লক্ষ হোমের ভূমি ও বিশেষ বিধি কহিতেছি প্রবণ করুন। যজ্ঞ কর্মে যে ভূমি প্রশস্ত হয়. তাহার লক্ষণও এই প্রকার। সংস্কৃত স্থিয় ভূমিতে পূর্ব্ব দিনে প্রচুর পরিমাণে জল ঢালিয়া দিয়া পরে ঐ ভূমি छेक পরিমাণে খনন করিয়া বিশেষরূপে শোধনানস্তর, বরাহ-ক্ষত মৃত্তিকাদারা উত্তমরূপে লেপন করিবে। ঐ গর্ত্ত, কুণ্ডের লক্ষণাক্রান্ত হইবে। উহার দৈর্ঘ্য প্রস্থের পরিমাণ বাহু-মাত্র। সূত্রহারা উহা চতরত্র (১) ও চতুকোণ করিয়া লইবে। তাহার উপরিভাগে চতুরত্র স্বস্তি চতুরস্কুলমাত্র ; উচ্ছিত, সূত্রহারা পরিমিত করিয়া মেথলা প্রস্তুত করিবে। অনন্তর यक्तमान, त्वनधायनगान रिविनककर्यक्रम विश्वनगरक यथाविधि আহ্বান করিবেন। ত্রহ্মচর্য্য ত্রতাবলম্বী ত্রিরত্রকারী দিজো ভ্রমণণ অহোরাত্র উপবাদ করিয়া অযুত গায়ত্রীমন্ত্র জপ করিবেন। ঐ আক্ষাণগণ, নিরাহর, শুচি ও সন্তুষ্ট থাকিয়া স্নান, শুক্ল বস্ত্র পরিধান ও গন্ধাচ্যমালা ধারণপূর্বক, সংঘতে

<sup>( &</sup>gt; ) বর্ণকেতাকার।

জিয়ে, কুশাসনে আদীন অতব্জিত ও একা গ্ৰমান্দ হইয়া যতু-• পূর্বিক হোমগন্ত উচ্চারণ করিতে আরম্ভ করিবেন। ভূমি আলিম্পন ও অভাকণ (১) করিয়া বহ্লি স্থাপন করিবেন। গৃহি ব্যক্তি, উক্ত বিধিদারা এই হোম করাইবেন। আদৌ আজ্যদারা (২) হোম আরম্ভ করিবে। প্রথমে গায়ত্তীদারা যব ধান্স তিলমিশ্র আহুতি প্রদান করিবে। বোধবানু বিপ্রা. একচিতে স্বাহাকার দ্বারা হোম করিবেন। প্রক্রাযোগি বেদ-মাতা গায়ত্রী ঐ মন্ত্রের ছন্দ: এবং দেবতা সবিতা : গায়ি বিশ্বামিত্র। পশ্চাৎ ব্যাহ্নতিগণ দ্বারা আহুতি যুক্ত হোগ করিবে। যেপর্যান্ত লক্ষদংখ্যক বা কোটিদংখ্যক হোম সমা-পন না হয়, তাবৎ প্রতিদিনই অচ্যুতের অর্চ্চনাপুর্বাক হোগ করিবে। যে পর্যান্ত হোম মমাপন না হয়, ভাবৎ যজ-गानगर्। होन बनार जनगर्क रञ्जूर्यक ८७. जन अहर कि বেন। হোম সমাপনাত্তে ঋত্বিক্গণকে শ্রদ্ধাপৃৰ্বক দক্ষিণা-मान এবং यथौरयां जा जामान कतिर्वत । आरमत मधा स्था বিশেষতঃ ব্যাধিগ্রন্তগণকে শান্তিবারিদারা সিক্ত করিবে।

হে মহাভাগ ! এইরূপে হোমকর্ম অনুষ্ঠিত হইলে, রাজ-গণের গ্রাম পুর নগর জনপণাদি সকলেরই সর্ববাধা প্রশমনী শান্তি, সর্বাদাই সর্বাত বিরাজ করিবে।

মার্কণ্ডেয় কহিলেন, ছে নৃপনন্দন! এই আমি, শৌন-কোক্ত একান্ত শান্তি প্রদ লক্ষ্যোমবিধি তোমার নিকট কীর্ত্তন

<sup>(</sup>১) छन्। मन्।

<sup>(</sup>১) আল্লা—রুড।

করিলান। উৎকৃষ্ট হোমবিধি, দ্বিজকর্ত্ক মন্ত্রদারা কৃত

হইলে, গো, অখ, ভৃত্য ওভূপতিগণের সহিত, গ্রামে গৃহে
পুরে বা রাজ্যে সর্ববিই মানবগণের শান্তি বিরাজ করিবে।

## চতুস্ত্রিংশ অধ্যায়।

भक्ति । क्रिक्त क्रिलन, ८६ महीशाल । अक्ररण वामि (प्रव দেৰ চক্ৰধারী নারায়ণের পবিত্র পাপনাশন অবতারগণের বিবরণ বর্ণন করিব প্রাবণ কর। ভগবান নারায়ণ যেরপে মহীয়ানু মৎস্থারপ ধারণ করিয়া বেদের উদ্ধার সাধন এবং মধুকৈটভ নামক দৈত্যদয়ের বিনাশ সাধন করেন, যেরূপে কৃশ্মশরীর স্বীকার করিয়া পৃষ্ঠে মন্দর ধারণ করেন, যেরূপে মহাবরাহের দেহ ধারণ পূর্বক দন্ত দারা পৃথী ধারণ করিয়া-ছিলেন এবং ভদ্ধারা মহাবল ভয়ঙ্কররূপী, দিতিপুত্র হিরণ্যা-ক্ষের নিধনসাধন করেন, যেরূপে নারসিংহ আকার স্থীকার করিয়। ত্রিদশারিছি নাকশিপুর প্রাণদংহার করেন, যেরূপে বামনমূর্ত্তি পরিষ্কৃত্ করিয়া বলিরাজকে বন্ধন এবং ইন্দ্রকে ত্রিভুবনের আধিপত্য প্রদান করিয়াছিলেন, যেরূপে রাম-রূপ স্বীকার করিয়া, দেবকণ্টক রাক্ষদরাজ্ঞকে স্বগণের সহিত সংহার করেন; যেরূপে পুরাকালে পরশুরামরূপী নারায়ণ দৈত্যগণের নিধন ও কৃষ্ণমূর্ত্তিমারা কংসাদি দৈত্য রাক্ষদগণকে সংস্থার করিয়াছিলেন, যেরূপে কলিকাল পূর্ণ হইলে, কল্কি

রূপ ধারণ করিয়া ম্লেচ্ছনিচয়ের নিধন করিয়াছিলেন, সেই-সমস্ত কথাই আপনার নিকট বর্ণন করিব।

যে নরপতি অবহিত চিত্তে মছুক্ত এই হিনির রণপরাক্রম প্রবণ করে, দে দর্ববিপাপে বিমুক্ত হইয়া বিষ্ণুর উদাবপদ প্রাপ্ত হয়।

#### পঞ্চত্রিংশ ভাধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন,মহাত্মা অচ্যুতের অবতারগণের বিব-রণ আমুলাৎ বিস্তারিতরূপে বর্ণন করিবার শক্তি কাহারও নাই, আমি সংক্ষেপে তাহা কীর্ত্তন করিতেছি, প্রবণ কর।

পুরাকালে জগৎ অন্তা ভগবান্ পুরুষোত্তম, অনন্তভোগশরনে যোগনিদ্রা অনুভব করিতেছিলেন। সেই দেবদেব
শাঙ্গর মুরারি প্রযুপ্ত হইলে তাঁহার কর্ণগুগল হইতে স্বেদবিন্দুদ্র নিপতিত হইল; তাহাতে মধুকৈটভ নামে ছই
মহান্তর জন্মগ্রহণ করিল। তাহারা মহাকায়, মহাবীর্য্য,
মহাবল ও মহাপরাক্রম। অনন্তর প্রযুপ্তপুরুষোত্তমের নাভিদেশ হইতে এক মহৎ পদা উদ্ভ হইল, তাহাতেই ব্রহ্মা
জন্মগ্রহণ করিলেন। হে রাজন্! ভগবান্ বিষ্ণু ব্রহ্মাকে
আদেশ করিলেন, হে মহামতে! ব্রহ্মন্! তুমি প্রজা স্প্তি
কর।

কমলোন্তব অহ্না, জগনাথ যথা আজ্ঞা করিতেছেন। এইরূপে তাঁহার বাক্য স্বীকার করিয়া বেদশাস্ত্রবলে প্রজা-স্প্তি করিতে উদ্যত হইলেন। সেই সময়েই মধুকৈটভ নামক অন্তর্বয় জন্মগ্রহণ করিল। ঐ বলদর্পিত অন্তর্বয় ক্লণমধ্যে ব্রহ্মার সমীপে আগমন করিয়া বেদশাস্ত্রার্থবিজ্ঞান বলপূর্বকি অপহরণ করিয়া লইয়া গেল। তদনন্তর পদ্মোন্তব ব্রহ্মা ক্লণকালের নিমিত্ত জ্ঞানহীন হইলেন। পরে ছু:খিত হইয়া চিন্তা করিলেন, "প্রজ্ঞা স্থজন কর" এই বলিয়া নারায়ণ আমাকে আদেশ করিলেন, কিন্তু আমি এক্ষণে জ্ঞান হীন হইয়া কিরূপে প্রজা স্থজন করিব। এইরূপ চিন্তা করিয়া লোকপিতামহ ব্রহ্মা তুঃখার্ত হইলেন এবং স্মরণ করিয়াও বেদশাস্ত্র জানিতে পারিলেন না। অনন্তর ব্রহ্মা একাগ্রমানদে সেই দেবদেব পুরুষ্ঠেত্মের স্তব করিতে আরম্ভ করিলেন।

ব্রহ্মা কহিলেন, "ওঁ বেদনিধয়ে শাস্ত্রনিধয়ে নমঃ" বেদনিধি ও শাস্ত্রনিধি নারায়ণকে নমকার। যজ্ঞনিধি ও কর্মনিধি নারায়ণকে নিয়তই প্রণাম করি। বিদ্যাধর যোগস্বরূপ, যোগাশ্বকে নিয়তই নমকার করি। সচিচদাত্মা নিত্য, সর্বজ্ঞানাত্মা পরমপুরুষকে প্রণিপাত করি। হেমহাবাহাে! আপনি ঋণ্মূর্ত্তি এবং যজ্ঞমূর্ত্তি ও অক্ষয়। সর্বাদান সর্বরূপধারিন্! আপনিই সামমূর্ত্তি। আপনিই সর্বাজ্ঞান-ময়, কৃতজ্ঞান ও অচ্যত। আমাকে সর্ববিধ্বিজ্ঞান প্রদান করুন। হে দেবদেব! আমি তোমাকে নমকার করি।

মার্কণ্ডেয় কহিলেন, এইরূপে ব্রহ্মা কর্ত্ব স্তত হইয়া শঙ্কাচক্র গদাধর, বিশ্বেশ্বরব্রহ্মাকে কহিলেন, তোমাকে উত্তম জ্ঞান দান করিব। এই কথা কহিয়া,নারায়ণ তথন চিন্তা করি লেন, ব্রহ্মার বিজ্ঞান কিরূপে কোন্যাক্তি অপহরণ করিল ং মধ্কৈটভ দমন্ত হরণ করিয়াছে জানিয়া জনার্দন জগৎপতি বহুযোজন আয়ত জ্ঞানময় মৎস্থমূর্ত্তি ধারণপূর্বক দাগরজল দংক্ষোভিত করিয়া তাহাতে প্রবেশ করিলেন। পাতালে প্রবেশিয়া দেখিলেন যে, মধুকৈটভ অন্তর্নম তথায় প্রস্থুও রহিয়াছে। তিনি তাহাদিগকে মায়াদারা বিমোহিত করিয়া বেদশাস্ত্র ও বিজ্ঞান গ্রহণ পূর্বক, মুনিগণকর্তৃক সংস্তৃত হইয়া আনয়নানন্তর ব্রহ্মাকে প্রদান করিলেন এবং মৎস্তর্রপ পরিত্যাগপূর্বক সেই পুরাতন মুনি, যোগনিদ্রার বশঙ্গত হইললেন।

এ নিকে সেই মধুকৈটভ অন্তর্বয় জাগরিত হইয়া
কোধানিত হইল এবং আগমনানন্তর দেই অন্যয় দেবদেব
শয়ান রহিয়াছেন, দেখিতে পাইয়া কহিল; এই সেই ধূর্ত্ত
পুরুষ আমাদিগকে মায়ামোহিত করিয়া, বেদশান্ত্র দকল
আনয়নপূর্বকি সাধুর ন্থায় এই স্থানে শয়ান রহিয়াছে। ইহা
কহিয়া সেই মহাঘোরতর মধুকৈটভ নামক অন্তর্বয়, যোগ
নিজাগত নারায়ণকে সত্বর জাগরিত করিয়া কহিল, আমরা
তোমার সহিত যুদ্ধ করিতে আগিয়াছি; সম্প্রতি গাত্রোথান করিয়া যুদ্ধদান কর।

হে নৃপোত্ম! কেশব যুদ্ধার্থী অহরবয়ের দেই বাক্য শ্রেণ করিয়া কহিলেন, তাহাই হউক। অনন্তর শাঙ্গ-শ্রাসনে গুণারোপণ পূর্বক অবলীলায় জ্যাখোষ, শ্রীরশন্দ ও শহুধ্বনিতে দুণিগ্বিদিক্ পরিপুরিত করিলেন। অনন্তর দেই মহাবার্য্য ভয়ন্ধর অহরমুগলও জ্যাশন্দে দিল্লাওল প্রতিধ্বনিত করিয়া হরির দহিত যুদ্ধ করিতে আরম্ভ করিল। জ্ঞাৎপতি নারায়ণ, অবলীলায় তাহাদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। মধুকৈটভও অস্ত্রবর্ষণপূর্বক ঘারতর যুদ্ধ করিতে লাগিল। কেশব শার্জ বিমুক্ত অগ্রিশিখাসম শরজালে তাহাদের অস্ত্র সকল তিলকাগুবৎ ছেদন করিলেন। সেই রণছুর্মাদ অস্তরদ্বয়, দীর্ঘকাল কেশবের সহিত যুদ্ধ করিল। অনস্তর শ্রীকৃষ্ণ, শাঙ্গ নিম্মুক্ত শরদারা তাহাদিগকে বিনাশ করিলেন।

হে রাজন্! পদ্মযোনি জ্রন্ধা দেই মধুকৈটভের মেদোদ্বারা মহীর স্থান্ত করিলেন; সেই হেডুই এই বস্তন্ধরা
"মেদিনী" নামে বিখ্যাত হইয়াছে। হে ভূমিপ! এইরূপে
প্রজাপতি, কেশবপ্রসাদে বেদসমূহ লাভ করিয়া বেদদৃষ্ট
কর্মবারা প্রজা স্কন করিলেন।

যে মানব, হরির এই প্রাত্মভাব বিবরণ নিত্য নিত্য পাঠ করেন, তিনি হরিপুরে বসতি করিয়া বেদবিৎত্রাহ্মণত্ব লাভ করিতে সমর্থ হন।

হে ভূমিপতে! লোক স্থিতির নিমিত্ত ভগবান্ বিষ্ণু, বিদ্যাময় ত্রৈগুণ্য সমন্থিত ভয়ক্ষর যে এই মৎস্থাময়বপুঃ ধারণ করিয়া মুনিগণ কর্তৃক স্তুত হইয়াছিলেন তুমি সেই মীনশরীর স্মরণ কর।

ইতি নারসিংহ প্রাণে মৎস্থাবতার বৃত্তান্ত সমাপ্ত।

# ষট্তিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, পুরাকালে অস্ত্রগণের দহিত দেব-গণের মুদ্ধ সংঘটিত হয়। সেই যুদ্ধে দেবগণ পরাজিত হইয়া ক্ষীরদাগরশায়ী নারায়ণের শরণ লইয়া ব্রহ্মানি দেবতাগণ স্থোত্রদারা কৃতাঞ্জলিপুটে জগৎপতির স্তৃতি করিতে লাগি-লেন।

দেবগণ কহিলেন, হে লোকনাথ! দেবদেব! শাঙ্কিন্! আপনাকে নমস্কার। হে পদ্মনাভ! দর্বকুঃখহারিন্! মংস্ত-রূপ ধারিন্! আপনাকে নমস্কার। হে মধুকৈটভনাশন! কেশব! আপনাকে নমস্কার। হে দর্বদেবময়! মহাবল ভয়ন্তর অহ্যরগণকর্তৃক পরাজিত হইয়া দেবগণ যাচ্ঞা করি-তেছে, আপনি অহ্যরগণের পরাজয়ের উপায় উপদেশ কর্মন! হে বিষ্ণো! আপনাকে নমস্কার।

দেবদেব জনার্দ্দন, এইরপে দেবগণকর্ত্ব স্তৃত হইয়া
সমাপাগত দেবতাগণকে কহিলেন,হে হ্ররবর্গ! তোমরা দেই
স্থানে গমন কর এবং মন্দরপর্বতকে মন্থনদণ্ড, বাহ্নকিকে
নেত্র, (আকর্ষণরজ্জু) করিয়াও সমস্ত ওয়ধি (১) সমুদ্রজলে
নিক্ষেপপূর্বক দানবগণের সহিত সন্ধিবন্ধন পুরঃসর মিলিত
হইয়া ক্ষীরসাগর মন্থন কর। আমিও সেই বিষয়ে দেবতাগণের সাহায্য করিব। তাহাতে অমৃত উৎপন্ন হইবে,
সেই অমৃতপানে পূর্বাপেকা বলবান্ হইয়া, অমৃতপ্রভাবে
অহ্রেজায়ে সক্ষম হইবে। ইন্দাদি তোমরা সকলেই অমৃত
লাভ করিয়া ভূয়িপ্রকশালী ও মহোৎসাহসম্পন্ন হইবে এবং
দানবজ্বে সমর্থ হইবে সন্দেহ নাই।

**(**त्वराहित कार्य कर्जुक अद्येतरा छेक इहेग्रा ( त्विश्रा)

<sup>(</sup>১) तबनीकारन मोश्रिमणी नंदा।

জগৎপতিকে প্রণাম করিয়া স্বস্থ আলারে গমন করিলেন এবং দানবগণের সহিত সন্ধি করিয়া সকলে ক্ষীরাদ্ধি সন্থনের নিমিত্ত মহোদ্যোগ করিতে লাগিলেন। বিষ্ণুর আদেশে ফণি-পতি অনস্ত মন্দরগিরি উৎপাটিত করিয়া একাকীই উহা ক্ষীরসাগরে নিক্ষেপ করিলেন। অন্তার দেবদৈত্যগণ, মিলিত ইয়া হুগা সমুদ্রে, ও্যথি সকল নিক্ষেপ করিলেন। বাহ্নকি, নারায়ণের আদেশে সেই স্থানে স্মাগত হইলেন। সম্য হুরগণের হিতের নিমিত্ত ভগবান্ বিষ্ণু স্বয়ং আগমন করিলেন।

অনন্তর বিষ্ণুর আদেশে হ্বর ও অহ্বর্গণ সকলেই ফ্রিনাদসমূদ্রতটে মৈত্রভাবে মিলিত হইলেন। মন্দরপর্বত মন্থন দণ্ড ও বাহ্বকি আকর্ষণরজ্জু হইলেন। তদনন্তর শীঘ্রই অমৃত মন্থন করিতে আরম্ভ করিল। বিষ্ণু, দানবদিণকে বাহ্বকির মুখভাগে ও দেবতাগণকে পুচ্ছভাগে মন্থনার্থ নিয়োজিত করিয়া দিলেন। হে রাজন্! অনন্তর মন্দরপর্বত আধারহীন হইয়াছে,দেখিয়া সর্বলোকের হিতের নিমিত্র কূর্মারূপ গ্রহণপূর্বক মধুসূদন,!মন্দরগিরির অধোদেশে প্রবেশ করিয়া ধারণ করিলেন। কেশব পৃষ্ঠদেশে মন্দরগিরি ধারণ করিয়া থারণ করিলেন। কেশব পৃষ্ঠদেশে মন্দরগিরি ধারণ করিয়া তাহাকে হির করিয়া রাখিলেন, বিপর্যন্ত হইতে দিলেন না। জনার্দন, দেবতা ও অহ্বর্গণের সহিত নাগরাজকে বহন করিতে লাগিলেন। অনন্তর বলবান্ হ্বরাহ্বর্গণ হ্বান্থিত হইয়া যথাশক্তি ক্ষীর্গাগর মন্থন করিতে লাগিলে।

व्यवस्था मध्यम की तो नम्यूष रहे एक अथर महे व्यक्त स्थ

ছংসহ কালক্টাখ্যবিষ উথিত হইল। নাগগণ ঐ বিষ গ্রহণ করিল, অবশিষ্ট কালক্ট মহাদেব গ্রহণ করিলেন। সেই হেছু তিনিই নারায়ণের আজায় নীলক্ঠ নামে বিখ্যাত হইলেন।

হে রাজন্! আমরা শুনিয়াছি, বিতীয় আবর্ত্নে নাগেন্দ্র থ্রাবত, তুরঙ্গেন্দ্র উচ্চৈঃপ্রবা উৎপন্ন হয়। তৃতীয় আবর্ত্নে হুশোভন অপ্সরোগণ, চতুর্থ আবর্ত্নে মহারক্ষ পারিজাত, উথিত হইল; পঞ্চমাবর্ত্তনে হিমাংশু উৎপন্ন হইল, মহাদেব তাহাকেনারীগণের স্বস্তিক(১) ধারণের ন্যায় নিজমস্তকে ধারণ করিলেন। অনন্তর ক্ষীরসাগর হইতে নানাবিধ রত্ন ও দিব্য আভরণ ও সহত্র সহত্র গন্ধর্বিগণ সম্থিত হইল। এই সমস্ত উথিত হইতে দেখিয়া হার ও অহ্ররগণ সকলেই পরম হর্ম প্রাপ্ত হইলা দেবপক্ষে অল্ল অল্ল বর্ষণ করিতে লাগিল এবং বায়ু হ্ররগণের অভিমুখে মন্দ মন্দ বহিতে লাগিল। বাহাকির বিষ্নিশ্বাদ বায়ু দ্বারা মার্ত্তের প্রচণ্ড তাপে পরিক্রিন্ট হইয়া দৈত্যগণ নিবীর্ষ্য ও নিস্তেজ হইয়া পড়িল।

অনন্তর সেই ক্ষীরোক্সাগর হইতে নিজতেজে দিংছাওল উদ্যাসিত করিয়া করে কমল ধারণপূর্বক বিরাজমান হইয়া কমলাদেবী উথিত হইলেন। হে অরিন্দম! তৎপরে তীর্থো-দকে স্থান করিয়া দিব্য বস্ত্র, দিব্য আভরণ, দিব্যুগদ্ধানুলেপন ও দিব্যুপুপা দ্বারা পরিশোভিতা হইয়া দেবপক্ষ অবলম্বন-

<sup>(</sup>३) डिनक डिवामि।

পূর্বকি ক্ষণকাল অবস্থিতি করিলেন, অনন্তর সেই কমলালয়া হরিক্তঃস্থলে স্থান প্রাপ্ত হইলেন।

অনন্তর ধয়ত্তরি পয়েবিধি হইতে পরিপূর্ণ অমৃত্বট গ্রহণ করিয়া উথিত হইলেন। তাহা দেখিয়া দেবগণ পরম প্রীতি প্রাপ্ত হছলেন। দৈত্যগণ কমলাদেবীকে না পাইয়া অত্যন্ত তুঃথিত হইয়াছিল; একণে অমৃত্বট গ্রহণ করিয়া যথে ছিদিকে সত্তর গমন করিল। অনন্তর লোকহিতের নিমিত্ত হরি দর্বলক্ষণসমন্তি স্ত্রীরূপ ধারণ করিয়া অন্তর-গণের অভিমুখে গমন করিলেন। স্ক্রান্থিষণণ নারায়ণের সেই মোহিনীমূর্ত্তি অবলোকন করিয়া মোহিত হইল এবং হেমময় অমৃত পূর্ণ কলদ ভূমিতলে স্থাপন করিয়া তথকাণং স্মরণরে পরিপীড়িত হইল।

হে মবনীপতে ! সেই পুরুষোত্তম মোহিনীবেশে অস্ত্রগণকে বিমোহিত করিয়া অমৃতভাজন গ্রহণ পূর্বক দেবগণকে প্রদান করিলেন। কেশবপ্রসাদে অমৃতপান করিয়।
দেবগণ মহাবীর্যা ও বলবান্ হইয়া ঘোরতর মহাস্তরগণকে
পরাজিত করিলেন।

হে রাজন্ ! এই আমি শ্রোতার ও পাঠকের পুণ্যদায়িনী হরির কৃর্মবেভারের কথা ভোমার নিকট বর্ণন করিলাম।

লোকহিতের নিমিত্ত অন্তত্তকর্মাকালী অনস্তবর্চা (১) নারায়ণের পরতর পবিত্র কৌর্ম্যারূপ আপনার নিকট কীর্ত্তিত হইল।

<sup>(</sup>१) बश्चिम (७वाः।

#### সপ্তত্তিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, হে নরাধিপ! অতঃপর আমি তোমার নিকট হরির পবিত্রপুণ্যকর বারাহ অবভারের বিবরণ বর্ণন করিব, অবহিত্তিভি শ্রবণ কর।

প্রজাপতির দিনক্ষয় হইলে, প্রলয়ের অবান্তরকালে ব্রহ্মরাণী জগৎপতি বিষ্ণু অথিল ত্রৈলোক্যমণ্ডল পয়োধিজলে প্রাবিত করিয়া, সমস্ত প্রজাপুঞ্জ ও ভূতগ্রামের বিনাশ সাধনপূর্ব্বক একার্ণকজলে সহস্রফাশোভিত অনন্তভোগশয়নে শ্যান হইয়া যোগনিদ্রা অমুভব করিতেছিলেন। আমরা শ্রেনিয়াছি, ঐকালে দিতির গর্ভে কশ্যপের হিরণ্যাক্ষ নামে মহাবলপরাক্রম এক পুত্র জন্মগ্রহণ করিয়াছিল। ঐ দৈত্য পাতালতলে অবস্থান করিয়া দেবগণকে অবরুদ্ধ করিত। এবং ভূতলে জীবগণের অপকারের নিমিত্ত যত্ন করিত।

অনন্তর হিরণ্যাক বিবেচনা করিল যে, মানবগণ ভূমির উপর অবস্থান করিয়া দেবতাগণের উদ্দেশে যজ্ঞ করিয়া থাকে, দেবগণ তদ্ধারা বল বীর্যা ও তেজঃ প্রাপ্ত হয়। এই-রূপ চিন্তা করিয়া দেই মহাহ্রর প্রজাপতিকৃত মার্গ দারা ভূমিধারণশক্তি হরণ করিয়া ভোয়মধ্যে রসাতলতলে প্রবেশ করিল। শক্তিহীনা স্থতরাং জগতী ও রসাতলে প্রবেশ করিল।

অনন্তর দর্বাত্মা জগতীপতি নারায়ণ নিদ্রাবদানে চিন্তা

করিলেন যে, মেদিনী কোথায় রহিয়াছে ? অনন্তর যোগবলে জানিতে পারিলেন যে মেদিনী রদাতলে অবস্থিত আছে।
অনন্তর বরাহমূর্ত্তি পরিগ্রহ করিলেন। হে নরাধিপ! বেদচতুষ্টয় তাঁহার পদ, যূপ (১) তাঁহার দং ট্রা (২) যজ্ঞ তাঁহার
মুখমণ্ডল, অগ্নি তাঁহার জিহ্বা, শ্রুক্ (৩) তাঁহার তুণ্ড, চন্দ্রসূর্য্য তাঁহার নয়নদ্বয়, পুণ্য ও শর্মা তাঁহার লোচনয়ুগল,
সামবেদ তাঁহার নিঃস্বন, দর্ভ তাঁহার কেশ, যজ্ঞসাধক মন্ত্র
তাঁহার সন্ধিস্থল। নক্ষত্রতারকা তাঁহার হার, স্বর্গমণ্ডল
তাঁহার ভূষণ, পরিমাণে তিনি অনন্ত। এইরূপে সর্ব্বেদময়
সেই মহাদত্র পবিত্র ও পুণ্যকর হইলেন।

এইরপে বারাহবপুঃ ধারণপূর্ণক ভগবান্ র্যাকপি সনকাদি মুনিগণকর্তৃক স্তত ইইয়া পাতালতলে প্রবেশ পূর্বক যুদ্ধে হিরণ্যাক্ষের প্রাণ সংহার করিলেন। মহর্ষিগণ তাঁহার স্তুতি করিতে লাগিলেন। দংখ্রাগ্রহারা রদাতল হইতে ধরণীর উদ্ধার দাধন করিয়া পূর্ববিৎ স্থাপন করিলেন।পর্বত সকল যথাস্থানে স্থাপন করিয়া বারাহমূর্ত্তি পরিত্যাগ করিলেন এবং বৈশুবদিগের হিতের নিমিত্ত কোক নামে বিখ্যাত স্থাতি পুণ্যকর পবিত্র ক্ষেত্তে ব্রহ্মরূপ পরিগ্রহ করিয়া পুন্ববির সৃষ্টি করিতে শারম্ভ করিলেন।

ভগবান্ বিষ্ণুই এই জগৎ প্রতিপালন করিতেছেন,জনা-দিন বিষ্ণুই রুদ্ররপী। সেই বেদাস্তবেদ্য র্ষাকপির এই

<sup>(</sup>১) যঞ্য মন্ত্রপৃত সংস্ত কাষ্ঠ। (২) বৃহদ্তা।

<sup>(</sup>৩) অ:হতি कैদানমার্থ সম্পুত হতাক্তি কাইণও।

পবিত্র পুণ্যকথা, যে মানব ভক্তিপূর্বক শ্রবণ করে, সে নারায়ণের যজ্ঞতমুতে দৃঢ়মতি এবং দর্বপাপ পরিহারপূর্বক হরি প্রাপ্ত হয়।

### চতুব্রিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, এই আমি বারাহমূর্ত্তির বিবরণ আপ নার নিকট কীর্ত্তন করিলাম, এক্ষণে নার্মিণ্ছের অবভারকথা কীর্ত্তন করিতেছি, শ্রেবণ কর।

পুরাকালে দিতির পুত্র মহাবীর্য্য হিরণ্যকশিপু, নিরাহার থাকিয়া বহুসহত্র বৎসর তপস্যা করিতেছিল। তাহার তপে সম্ভুষ্ট হইয়া ত্রহ্মা হৈত্যরাজকে কহিলেন, হে দান-বেক্র ! তোমার মনোগত বর প্রার্থনা কর। প্রজাপতির সেই বচন প্রবণ করিয়া, হিরণ্যকশিপু যে যে বর বরণ করিল তৎসমস্তই প্রবণ কর।

হিরণ্যকশিপু বলিল, ভগবন্! যদি আমাকে বরদান করিতে প্রবৃত্ত হইয়াছেন, তবে আমি যাহা বরণ করি, তৎ সমস্তই প্রদান করিতে হইবে। আপনার প্রসাদে শীত, রৌদ্র, বায়ু, বহিং, জল, কার্ছ, কীলক, পাষাণ, আধুধ, শৃঙ্গ, শৈল, ভূমি অথবা দেব, অহ্বরু গন্ধর্কে রাক্ষ্য, মামুষ, যক্ষ, বিদ্যাধর, ভূজসম,করী,মৃগ ভূতাদি অভ্য কোন মরণের হেভূদিবা রাত্রি, অভ্যন্তর,বাহ্য এই সমস্ত দারা কিছুতেই আমার মৃহ্য হইবে না।

মার্কণ্ডেয় কহিলেন,দৈত্যরাজকর্ত্ব এইরূপে উক্ত হইয়া

পদাযোনি তাঁহাকে প্রত্যুত্তর করিলেন, হে দানক্রে! তুনি মহতী তপস্থা দারা আমাকে সম্ভুষ্ট করিয়াছ, অতএব এই সমস্ত বর অদ্ভুত ও তুর্লভ হইলেও আমি ভোমাকে অর্পন করিলান। যাহা অন্থ সকলেরই অশক্য, তুমি এরূপ তপের আচরণ করিয়াছ, অতএব হে নৈত্যেশ্বর! তোমার প্রার্থিত সমস্ত বরই প্রদান করিলাম। হে মহাবাহো! তুমি এই তপস্থাজ্জিত ফল ভোগ কর।

প্রজাপতি দৈত্যরাজ হিরণ্যকশিপুকে এইরপ বর প্রদান করিয়া অনুভ্রম ব্রহ্মধামে গমন করিলেন। ব্রহ্মদান্তবর দিপিত দৈত্যপতিও ইন্দ্রাদি দেবতাগণকৈ রণে পরাজিত করিয়া ভূতলে বিতাড়িত করিল এবং সর্বাশক্তিসম্পন্ন হইয়া স্বয়ং দেবরাজ্য শাসন করিতে লাগিল। হে নৃপন্দন ! ইন্দ্রাদি দেবগণও তাহার ভয়ে ভীত হইয়া মানুষী তমু ধারণপূর্বকৈ ভদ্র নামক অখে আরোহণ করিয়া অবনিতলে বিচরণ করিতে লাগিলেন।

পুরাকালে হিরণ্যকশিপু এই ত্রৈলোক্য রাজ্য প্রাপ্ত হইয়া ভুবননিবাসি সকলকেই আহ্বান করিয়া কহিল, তোমরা কেহই দেবতাদিগের উদ্দেশ্ যজ্ঞ, দান, হোম, পূজাদি কিছুই করিবে না; আমি ত্রৈলোক্যের অধিপতি; তোমরা সকলেই আমার প্রজা; যজ্ঞদানাদি কর্ম্মে আমার রই পূজা কর। প্রজাগণ তচ্ছ বণে দৈত্যভয়ে ভীত হইয়া তদ্রুপেই যাগাদি করিতে লাগিল। চরাচর ত্রেলোক্য, এইরূপ করিলে, সকলই অধর্মদংযুক্ত হইল। স্বধর্ম লোপ হেতু সকলেরই পাপর্দ্ধি হইতে লাগিল। এইরপে বহুকাল গত হইলে, ইন্দ্রাদি দেবতাগণ, বিনয়াশ্বিত হইয়া, সর্বশাস্ত্রতত্ত্ত, নীতিজ্ঞানসম্পন্ন রহম্পতিক জিজ্ঞাদা করিলেন, হে মুনিসভম! তৈলোক্যহারী দুন্টাচরিত হিরণ্যকশিপুর বধোপায় শীস্ত্রই বলুন, নচেৎ আমরা বিনষ্ট হইলাম।

রহস্পতি বলিলেন, হে হারগণ! নিজ নিজ পদ লাভের নিমিত্ত আগার বাক্য প্রবণ কর। মহাহ্মর হিরণ্যকশিপুর ভোগ শেষ প্রায় হইয়া আসিয়াছে; কাল নিমিত্ত আকিরা সকলেরই ক্ষয়সাধন করিতেছে; বুধগণ সর্বত্রই এইরূপ কহিয়া আকেন। অচিরকাল মধ্যেই ঐ হুফ দৈত্য বিন্ত হইবে। দেবতারাও স্বপদপ্রাপ্তিরূপ প্রমাসিদ্ধি প্রাপ্ত হইবে। দেবতারাও স্বপদপ্রাপ্তিরূপ প্রমাসিদ্ধি প্রাপ্ত হইবেন। হিরণ্যকশিপুর বিনাশ হইবে, ইহা শকুনগণ (১) আমাকে কহিতেছে। অত এব দেবগণ! অবিলম্বে তোমরা সকলে ক্ষীরোদ্যাগরের উত্তর তীরে গমন করিয়া কেশবের স্তব করা। তোমরা স্তব করিলেই ভগবান্ ভৎক্ষাৎ প্রসন্ধ হইবেন, তিনি প্রদন্ম হইলে দেই হুফ দৈত্যের অবশ্যাই বধ সাধন হইবে।

বৃহস্পতির দেই বাক্য শ্রবণ করিয়া স্থরগণ সাধু সাধু বাক্যে তাঁহার প্রশংসা করিয়া প্রস্থানের নিমিত্ত উদ্যোগ করিতে লাগিলেন। পুণ্যাহে, পুণ্যতিথিতে, শুভলগ্নে, তাঁহারা মুনিবরগণকর্তৃক স্বস্তিবাচন সমাপিত করাইয়া ছুইট দৈত্যের বিনাশের নিমিত্ত এবং নিজ নিজ ঐশ্বর্যা লাভার্থ

<sup>(</sup>১) পক্ষিগণ, আকার প্রকারাদি দ্বারা গুলাওড নিমিত্ত স্থানা করে।

প্রস্থান করিলেন। ক্ষীরসাগরের উত্তরতটে গমন করিয়া দেবতাগণ, ভগবান্ বিফু, জিফু, জনার্দনিকে বছবিধ স্থোত্র গার স্থেব করিতে লাগিলেন।

ভগণান্ ভবও ভিভিপূর্বকি একাপ্রমানদে বিবিধ পুণ্যকর নাম ঘারী ভগবান্ জনার্দানের স্তব করিতে লাগিলেন।

শঙ্কর কহিলেন, হে মধুদ্দন! আপনি বিফুও জিফু; আপনিই যজেশর ও যজ্ঞপালক; আপনিই প্রভবিফু, (১) গ্রদিফু, (২) লোকেশ্বর, লোকপাবন, কেশব, কেশিহা, ভব্য, क्रुड, कात्रगकात्रग, कान्यकर्त्ता, कलारभभ, वाञ्चरम्ब, शूकः ফুত, আদিকর্ত্তা, বরাহ, মাধব, মধুসূদন, নারায়ণ, নর, অংশ, বিখক্দেন, হুতাশন, জ্যোতিখান্, হ্যাতিমান্, শ্রীমান্, পুরুষোত্রম, বৈকুণ্ঠ, পুগুরীকাক্ষ, কুফ, সূর্য্য, হুরাচিচ্ত, নার দিংহ, মহাভীম, বজ্রদংষ্ট্র, নখায়ুধ, আদিদেব, জগৎকর্ত্তা, যোগেশ, গরুড়ধ্বজ, গোবিন্দ, গোপতি, গোপ্তা, ভূপতি, ভুবনেশ্বর, পদ্মনাভ, হৃষীকেশ, দাতা, দামোদর, হরি, ত্রিবি ক্ষম, ত্রিলোকেশ, ত্রক্ষপ্রতিবিবর্দ্ধন, সন্ন্যাসী, শাস্ত্তভ্,জ, মন্দারগিরিকেতন, বদরীনিলয়, শান্ত, তপস্বী, বিচ্যুৎপ্রভ, ভূতাবাদ, গুহাবাদ, শ্রীনিবাদ, শ্রীপতি, তপোবাদ, দয়াবাদ, সত্যবাস, সনাতন, পুরুষ, পুঞ্র, পুণ্য, পুরুরাক্ষ, মহেশ্বর, পूग्रम्र्वि, পतानन, পूग्रन, পूग्रवर्क्षन, मञ्जी, ठळी, शनामात्री, लाञ्जली, प्रती, हली, कितीपी, कृखली, हाती, त्रथली, करही,

<sup>(</sup>२) প্রভবিষ্ণ - প্রভাবশালী।

<sup>(</sup>२) अनिकृ-आनकाती वर्षाय शनवकाती।

ধ্বজী, যোদ্ধা, ছেতা, মহাবীর্য্য, শক্রহা, শক্রতাপন, শাস্তা, শাস্তিকর, শাস্ত্র, শক্তর, শান্তিমত্তনু, সারথি, সাজিক, শান্ত, শাস্ত্র, শান্ত্রমম, শরণ, সাদিক (১) সক্তর, সম্পূর্ণাঙ্গ, সমৃদ্ধিন নান্, স্বর্গদ, কামদ, শ্রীদ, কীর্ত্তিদ, কীর্ত্তিনায়ক, মোক্ষদ,পুণ্ডর-কাক্ষ, ক্ষরাদ্ধিকতকেতন, হ্রাহ্রপুজ্য, সর্বন্ধেনমস্কৃত, পুরুষোত্তম, তুমি যজ্ঞ; তুমিই বষট্কার, তুমিই ওঁকার, তুমিই আয়ি, তুমিই স্বাহা, তুমিই স্বধা। হে দেবাতিদেব! হে বিফো! হে শাশ্বত! তোমাকে নমস্কার। হে অনত্ত! হে অপ্রদেয়। হে গরুড্বাজ! তোমাকে নমস্কার করি।

মার্কণ্ডেয় কহিলেন, এই পুণ্যকর নামদারা স্তত হইয়া পুরুষোত্তম মধুদ্দন প্রকটীভূত হইয়া দেবগণকে ক্হিলেন। হে দেববর্গ! তোমরা এবংমহাত্মা মহেশ্বর,কি নিমিত্ত আমার স্তৃতি করিলে বল, তাহা প্রবণ করিয়া আমি তোমাদিগের সমস্ত কার্যাই সম্পন্ন করিব।

দেবগণ কহিলেন, হে দেবদেব! হে ছামীকেশ! হে পুণ্ডরীকাক্ষ! হে মাধব! হে হরে! হে অনঘ! কি নিমিত্ত স্তত হইলেন, তাহা আপনিই জানেন, জিজ্ঞানা করিলেন কেন ?

ভগবান্ কহিলেন, হে অন্ধরবিমর্দনগণ! হিরণ্যকশিপুর বধের নিমিত্ত তোমরা আমার নিকট আগমন করিয়াছ এবং তন্ধিনিত্ত শঙ্কর কর্তৃকও তোমাদিগের কর্তৃক স্তৃত হইলাম, এই সমস্তই আমি অবগত আছি। হে অনব! ভব! আমি

<sup>(:)</sup> कत्र-थड़्ल-उरत्रदर्खमान विनि।

তোমা কর্ত্ব পুণ্যকর সহস্রনামদারা স্তত হইলাম। হে নহামতে! এই সকল নামদারা যে মানব যেখানে, সেখানে আমার স্তব করিবে, হে শঙ্কর! তদ্ধারা তুমিও পূজিত হইবে এবং ঐ মানব, পরমাগতি প্রাপ্ত হইবে। হে শস্তো! আমি প্রীত হইলাম তুমি গমন কর, আমি তোমার স্তবে তুই হইয়া হিরণ্যকশিপুকে নিহত করিব। হে অমরনিকর! একণে তোমরা নিঃশঙ্ক হইয়া স্বস্থানে প্রতিগমন কর। আমি ইন্দের ইন্দ্রন্থ দিন্ধির নিমিত্ত এবং তোমাদিগের স্ব অস্থ্যাও তোমাদিগের জয় ও অস্তরগণের পরাজ্যের নিমিত্ত অদ্যই হিরণ্যকশিপুর বিনাশার্থ গমন করিব।

মার্কভেয়ে কহিলেন দেবগণ নারায়ণকর্তৃক এইরূপেউক্ত হুইয়া প্রণিপাতপুরঃদার স্ব স্থানে প্রতিগমন করিলেন।

দোনবদিবের ভায়য়র অতি রোজ তর, মহাকায় মহানেত্র, মহাবজ্র, মহাদংষ্ট্র মহানথ, মহাবজ্ঞ, মহাপাদ, কালায়িসদৃশ দাস্তানন নারিদংহ আকার স্বীকার করিলেন। অনন্তর ত্রিক্রিম বিষ্ণু মুনিগণকর্ত্তক স্তুত হইয়া হিরণ্যকশিপুর পুরোভাগে গমন করিয়া ভীমনাদে দিঘাগুল নিনাদিত করিতে লাগিলেন। অনন্তর দৈত্যগণ আসিয়া তাহাকে বেফীন করিল। অসামান্ত পৌরুষ ও পরাক্রমদারা তিনি তাহাকের সকলেরই প্রাণ সংহার করিলেন এবং হিরণ্যকশিপুর দিব্যসভা ভাঙ্গিয়া ফেলিলেন। যে যে দৈত্যভটগণ, আগন্মন করিয়া তাঁহাকে নিবারণ করিতে লাগিল, ক্ষণার্জের মধ্যেই তৎসমস্তকেই বিনাশ করিলেন।

ভগবান্নারসিংহ তথায় যে যে কার্য্য করিলেন, সেই মহং আশ্চর্য্য কার্য্য সকল অবণানন্তর হিরণ্যকশিপু ক্রোধা-য়িত হইয়া প্রধান প্রধান দৈত্যদিগকে রণগমনে আদেশ করিল। তাহারা দকলে নারিদিংহের নিকটে গমন করিয়া অস্ত্র শস্ত্র বর্ষণ করিতে আরম্ভ করিল। তদর্শনে প্রতাপ-वान् नात्रिश्ह निरमय मरधाहे त्महे मकरलतहे विनामाधन করিয়া মহানাদে দিছাওল পরিপুরিত করিলেন। এবং পুন-ব্যার দৈত্যবাজের স্থশোভিনা সভা ভগ্ন করিয়া ফেলিলেন। দেই সমস্ত দৈতা হত হইয়াছে জানিয়া হিরণ্যকশিপু পুন-র্বার অন্টাশীতিসহস্র দানবদৈত্য সমরে প্রেরণ করিলেন। তাহারা আদিয়া চারিদিকে নারসিংহকে অবরোধ করিয়া যুদ্ধ করিতে আরম্ভ করিল, নরকেশরী দেই সমস্ত দৈন্সকেই সংহার করিয়া সিংহনাদ করিতে লাগিল। ভাহারাও সমরে নিহত হইয়াছে প্রবণ করিয়া, দৈত্যরাজ মহাক্রোধে লোহিত लाइन इरेल धावर जलकारा मर्कीरमना मम्बिन्गारात. বলদপিতি দানবগণকে "মার্মার্ধর্ধর্" এইরূপ কহিতে কহিতে বহিৰ্গত হইল। তাহা শুনিয়া দৈত্যগণ নার-দিংহের দহিত বিষমবিক্রমে যুদ্ধ করিতে আরম্ভ করিল। করালকেশী নরকেশরী অবলীলায় তাহাদের সংহারদাধন করিয়। উৎকটম্বরে সিংহনাদ করিতে লাগিলেন। হতশেষ দৈত্যগণ প্রাণভয়ে পলায়ন করিল। এইরূপে রোদ্র্নৃতি নারদিংহ কোটি কোটি দৈত্যদৈত্যের সংহার করিলেন। এই সময়ে ভগবান্ মার্ত্ত, স্বীয় প্রচণ্ড রশ্মিজাল সংহরণ পুরঃদর অস্তাচলের চূড়াবলম্বন করিলেন।

হিরণ্যকশিপু রোষভারে নারসিংহের প্রতি প্রচণ্ডবেগে অন্ত্রশস্ত্র নিক্ষেপ করিতে লাগিল। মহাবল নার্সিংহ সন্ধ্যা-কালে, সভাষারে বলপূর্বক হিরণ্যকশিপুকে ধারণ করিয়া প্রথর নখর দ্বারা তাহার বক্ষঃস্থল ছিন্ন ভিন্ন করিয়া বিদারিত করিতে লাগিলেন। তাঁহার তীক্ষাগ্র নথরদকল তদীয় বক্ষঃস্থলে নিমজ্জিত হইয়া রহিল। হ্রণ্ডকশিপু হুষুপ্ত হইয়া রহিল। তদ্দর্শনে নার্সিংহ বিস্মিত হইয়া মনে করিতে লাগিলেন, আমার এই সমস্ত কার্য্ট বিফল হইল। হে রাজেন্দ্র । মহাবল নার্সিংহ এইরূপ চিন্তা করিয়া কর-ছয় উদ্ধে উত্তোলন করিয়া কম্পিত করিতে লাগিলেন। অনন্তর হিরণ্যকশিপুর শরীর খণ্ডখণ্ডীকুত হইয়া রেণুর খায় ভূতলে পতিত হইতে লাগিল, তদৰ্শনে ভগবান্ নার দিংহ সঞ্জাতসভোষ হইয়া হাস্থা করিতে লাগিলেন। দেব-গণ, ত্রন্দর্বিগণ প্রীত হইয়া গেই স্থানে আগমন করিয়া তাঁহার মন্তকে পুষ্পা বর্ষণ ও নারিসিংহ দেবের পূজা করিতে লাগিলেন। প্রজাপতি ব্রহ্মা দৈত্যপুত্র প্রহলাদকে দৈত্য-রাজ্যে অভিষিক্ত করিলেন। প্রহলাদ বাল্যকাল হইতেই নারায়ণ পরায়ণ, উদারচরিত ও পরম ভাগবত ছিলেন। কুষ্ণনাম ভাবণ করিলে প্রেমভরে তাঁহার নয়নযুগল হইতে প্রেমাশ্রু বিগলিত হইত, হরি নামে তিনি প্রমত্ত উন্মত হইতেন; হরিনামে তাঁহার এরূপ বিশাদ যে,তাহাতে প্রমত হইয়া দলিলভয়, অনলভয়, দপ্ভয় কুঞ্জরভয়াদি সমস্ত ভয়ই অন্ত:করণ হইতে দুরীভূত করিয়াছিলেন। তিনি বালদলে মিলিত হইয়া হরিনাম গানে প্রমত হইতেন ও তাহাদিগকে

প্রমত্ত করিয়া তুলিতেন। জোধ, হিংসা, দেষ তাঁহাকে দর্শন করিয়া দূর হইতেই পলায়ন করিত। রাজ্য, ঐশ্ব্যা, রয়াভরণ কিছুতেই তাঁহার আসক্তি ছিল না, কেবল একনাত্র নারায়ণেই আসক্তি, ধর্মই তাঁহার অলফার ছিল। সেই পরমভাগবত প্রহলাদের প্রজা সকল একাত্ত প্রমিরত হইল। দেবদেব নারায়ণ, দেবগণের সহিত দেবরাজ ইন্দকেশ স্থারাজ্যে প্রতিষ্ঠিত করিলেন। ভগবান্ নার্সিংহও স্ক্রিলের হিতের নিমিত্ত শীশৈলশিখরে গমন করিয়া অমর্বাণকর্ত্তক পূজিত হইয়া বিখ্যাত হইলেন।

হে রাজেন্দ্র । যে মানবপ্রবর নারসিংহের এই মাহাত্ম।
কথা শ্রবণ বা পাঠ করেন, তিনি দর্ববিধ পাপ হইতে
বিমুক্ত হন।

ভগবান্ হরি লোকস্থিতির নিমিত্ত এবং চরাচরত্রিলোক-মণ্ডলের হিত্যাধনের নিমিত্ত আত্ম নায়া দারা এইরূপে নর-দিংহ আকার ধারণ করিয়া ত্রিলোকের ক্লেশকর হিরণ্যকশি-পুকে খর নথর দারা ছিন্ন করিয়াছিলেন।

## ঊনচত্বারিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, হে রাজন্! পুরাকালে বলিযজ্ঞে যিনি সহত্র সহত্র দানবের সংহার সাধন করেন, সেই বামন-দেবের পরাক্রম সংক্ষেপে শ্রেবণ কর।

পূর্বকালে বিরোচনপুত্র, মহাবলপরাক্রম দৈত্যরাজ বলি দেবতাগণের সহিত দেবরাজকে স্বর্গ হইতে নির্বাসিত করিয়া সমস্ত দৈত্যগণের সহিত ত্রৈলোক্য রাজ্য ভোগ করিতে লাগিল এবং দেবতাদিগকে যজ্ঞভাগ না দিয়া আপ নারাই গ্রহণ করিল। দেবগণ তল্পিতি ছুঃখিত হইয়া কুশতর হইতে লাগিলেন। হে নৃপোত্তম! প্রিয়নন্দন ইন্দ্রদেবকে হুতরাজ্য ও শীর্ণতিকু সন্দর্শন করিয়া দেবসাতা অদিতি কঠোরতর তপস্থা করিতে আরম্ভ করিলেন। তিনি প্রণিপাত পূর্বাক দেবদেব জনার্দ্রনের স্তব করিতে লাগিলেন। তপস্থা ও স্তুতি দ্রা সম্ভূট হইয়া মধুসূদন অদিতির পুরোভাগে অবস্থানপূর্বাক কহিলেন, হে স্কুলেণ! হুরজননি! আমি ভোমার গর্ভে জন্মগ্রহণ করিয়া বিরোচন পুত্র বলির দর্প চুণ করিব। ইহা কহিয়া তিনি স্বস্থানে গমন করিলেন। অদিতিও আপন গৃহে চলিয়া গেলেন।

অনন্তর কালবশে কশ্যপের উরসে অদিতির গর্ভদঞ্যর হইল। ভগবান্ বিশেশর বামনাকারে জন্মগ্রহণ করিলেন। লোকপিত।মহ ব্রহ্মা আদিয়া তাঁহার জাতকর্মাদি সমুদায় ক্রিয়া সম্পাদন করিলেন। বামনদেবের উপনয়ন সম্পান হইলে তিনি ব্রহ্মচারী হইলেন। বামনদেব নিজমাতা অদিতিকে না জানাইয়াই বলিরাজের যজ্ঞশালায় গমন করিতিকে না জানাইয়াই বলিরাজের যজ্ঞশালায় গমন করিতলেন। গমনকালীন পদবিক্ষেপে অথিল অবনীমগুল টলটলায়মান হইতে লাগিল। বলিরাজের যজ্ঞে যে যে দানবিগণ যজ্ঞভাগ গ্রহণ করিতেছিল, ভাহাদের হৃদয় কম্পিত হইয়া উঠিল। যজ্ঞামি প্রশান্তভাব অবলম্বন করিল, ঋত্বিগ্রণ আহুতি মস্ত্র ভূলিয়া যাইতে লাগিলেন।

এইরূপ বিপরীত ও আশ্চর্য্যভাব সন্দর্শন পুরঃসর মহা-

বলী বলিবাজ, শুক্রাচার্য্যকে কহিলেন তপোধন! অস্তর-, বরগণ যজহবিঃ গ্রহণ করিতেছেন না কেন! কি হেতুই বা বহুং শান্ত হইলেন! কি কারণেই বা পৃথিবী বিচলিতা এবং আমার ঋত্বিগ্ দ্বিজ্ঞগণ মন্ত্রভান্ত হইতেছেন!

শুক্রাচার্য্য বলিরাজের বাক্য শ্রবণ করিয়া কারণ অমুক্র সন্ধান পূর্বক অবগত হইয়া বলিকে বলিতে আরম্ভ করিলনে। হে দানবেন্দ্র! ভূমি অবহিত হইয়া আমার বাক্য শ্রবণ কর। ভূমি দেবগণকে দূরীভূত ও অপমানিত করিয়াছ, তাঁহাদিগকে রাজ্য প্রদান করিবার নিমিত্ত অদিতিগর্ভকাত অচ্যুক্ত, জ্বাদ্যোনি নারায়ণ বামনরূপে অবতীর্ণ হইয়াক্রেন। তিনি তোমার যজ্ঞে আগমন করিতেছেন, তাঁহার পাদবিভাগে প্রপীড়িত হইয়া এই অথিল বস্তন্ধরা বিচলিত হইতেছেন! হে অস্তরভূপতে! সেই বামনাশমন হেতুই অস্তরগণ যজ্ঞে হবির্ভাগ গ্রহণ করিতেছেন না। তল্লিমিত্তই আপ্রগণ যজ্ঞে হবির্ভাগ গ্রহণ করিতেছেন না। তল্লিমিত্তই আপ্রগণ যজ্ঞাগ্রি শান্তভাব ধারণ করিতেছেন, তলিমিত্তই এক্ষণে খান্তিক্রণণ হোমনন্ত্র বিস্মৃত হইতেছেন। হে দৈত্য-পতে! এই কারণ হইতেই এক্ষণে অস্তরগণের শ্রীনাশ এবং স্থরগণের উত্তমা সমৃদ্ধি অনুমিত হইতেছে।

নীতিজ্ঞপ্রধান কবিবর শুক্র চার্য্যের এই বাক্য প্রবণ করিয়া দৈত্যরাজ কহিতে লাগিলেন, হে ব্রহ্মন্! ধীমান্ বামন খামার যজ্ঞে আগমন করিলে, বিনয়পূর্দ্রক তাঁহার কিপ্রকার সৎকার কর্ত্ব্য, হে মহাভাগ! আপনি তাহা আমাকে এক্ষণে উপদেশ করুন। যেহেতু আপনিই আমা-দিগের পরমগুরু। বলিরাজকর্ত্ব এইরূপে সম্প্রেরিত হইয়া . শুক্রাচার্য্য বলিরাজকে প্রত্যুত্তর করিলেন,হে দৈত্যেন্দ্র ! বামন-দেব দেবগণের উপকারের নিমিত্ত এবং আপনাদিগের সং-ক্ষয়ের নিমিত্তই আগমন করিতেছেন, সন্দেহ নাই। অতএব বামন আগমন করিলে এই সমস্তই আপনাকে অর্পণ করি-लाम विलिश अक्रोकांत्र कविरवन ना । जारा अनिशा वलवान् গণের অগ্রগণ্য বলিরাজ অপসন পুরোহিতকে স্থােভিনী कलागमाधिनी वानी विलिट्ड जातः कतितन । ८ छत्। ! মধুদুদন বামন আগমন করিলে কোনও দান অস্থীকার ক রিতে পারিব না। আমি ক্স্মিনকালেও অন্য কোন জন্তুকে দান অস্বীকার করিতে পারি নাই; এক্ষণে স্বয়ং বাস্তদেব শাঙ্গ ধারী বামন এখানে আগমন করিতেছেন, আমি কিরূপে অস্বীকার করিব। হে দ্বিজ্বর! বামন আগমন করিলে আপনি বিশ্ব আচরণ করিবেন না। যে যে দ্রব্য প্রার্থনা করিবেন, তাহা আমি তৎক্ষণাৎ প্রদান করিব। হে মুনি-বর! যদি বামনদেব আগমন করেন তবে আমি কৃতাথ হইব: কেশব আগমন করিলে আপনি বিস্নাচরণ করিবেন না

বলি এইরপ বলিতেছেন এমত সময়ে বামনদেব বলি যজ্ঞের প্রশংসা করিতে করিতে যজ্ঞশালায় প্রবেশ করি লেন।

হে রাজন্ ! দানবেক্স বলি সহসা বামন সন্দর্শন করিয়া বিবিধপ্রকারে তাঁহার সৎকার করিয়া কহিলেন হে দেব দেব ! আপনি ধনরত্বাদি যাহা কিছু প্রার্থনা করিবেন, আমি তৎসমন্তই অর্পণ করিব । হে বামন ! আপনি যাহা ইচ্ছ যাচ ঞা করুন।

বলিরাজকর্ত্ক এইরূপে উক্ত হইয়া বামনদেব "ত্রিপাদ ভূমি" যাচ্ঞা করিলেন। আমার ধনরত্নে ও অর্থে প্রয়ো-জন নাই। বলিরাজ বলিলেন যদি ত্রিপাদভূমিমাত্তেই আপনার তৃপ্তি হয় তবে তাহা আমি এখনি প্রদান করি-লাম। বামন কহিলেন যদি ত্রিপাদ ভূমি প্রদান করিলেন, তবে আমার করে দলিল অর্পণ কর। বলিরাজ তৎক্ষণাৎ দলল হেমকলদ গ্রহণ করিয়া ভক্তিপূর্বাক যেমন বামন করে ভোয় দান করিতে উদ্যত হইলেন অমনি শুক্রাচার্য্য কল্পে প্রবেশপূর্বক জলধারা অবরোধ করিলেন! অনন্তর বামন বেব জুর হইয়া নিজমোঞ্জিময় পবিত্ত ছারা জলপতন দারে শুক্রাচার্য্যের অফি বিদ্ধ করিলেন। শুক্রের একচফু ্বিদ্ধ হইলে তিবি অপস্ত হইলেন; তৎক্ষণাৎ জলধার। নিৰ্গত হইয়া বামনকরে নিপ্তিত হইল। হেমকল্ন হইতে দেই প্ৰিত্তবারি করে নিপ্তিত হইবামাত্র বামনদেব তৎ-ফণাৎ আপন দেহ বৰ্দ্ধিত করিতে লাগিলেন। এক পদ ধারা নিথিল মহীতল; বিতীয় ঘ'রা অন্তরীক্ষণ্ডল এবং তৃতীয় দ্বারা গুরলোক আক্রান্ত করিলেন। এইরূপে তাঁহার তিন পদ দারা ত্রিভুবন পরিব্যাপ্ত হইল। তদ্দর্শনে দৈত্য-গণ ক্রোধভরে পৌরুষ(১)প্রকাশ করিতে লাগিল। বামনদেব ভাহাদের সকলকেই বিনাশ করিলেন; বহুতর দানবের বিনাশ করিয়া ত্রিভুবন হরণানন্তর পুরন্দরে ত্রৈলোক্যরাজ্য ন্মপ্ৰপূৰ্বক বলিকে বলিলেন যে, তুমি ভক্তিপূৰ্বক আমার

<sup>াঃ)</sup> নিজ বীৰ্ষ্যপ্ৰভাবে ৰামনদেৰকে অংজমণ কৰিল। এই ভাৰ।

় করে সলিল সমর্পণ করিলে তিমিমিত একণে উত্তম পাতাল স্বর্গ তোমাকে প্রদান করিতেছি। সেই স্থানে গমনপূর্বক মহাভোগ সম্ভোগ করিয়া বৈবস্বতমসুর কাল অতীত হইলে আমার প্রসাদে তুমি পুনর্বার ইন্দ্রত্ব লাভ করিবে।

বামনদেব প্রদান হইয়া দানবরাজকে এইরপে কহিলে বলি তাঁহাকে প্রণাম করিয়া পাতালে বিবিধ ভোগ্য প্রাপ্ত হইলেন। সেই বলিই যথাকালে স্বর্গারে!হণ করিয়া দেব-গণে পরিবেষ্টিত হইয়া বামনপ্রদাদে তৈলোক্য শাসন করি বেন। শুক্রও স্তোত্র দারা ভক্তিপূর্বকি বিফুর আরাধন করিয়ান্টনেত্র পুনঃপ্রাপ্ত হইলেন।

যেমানব, প্রাতঃকালে গাত্রোখান করিয়া বামনের এইকথা স্মরণকরেন, তিনি সর্কবিধ পাপ হইতে নিমুতি হইয়া ব্যুফুলোকে গমন করিয়া থাকেন।

পুরকালে পুরাণ পুরুষ স্থাতিইরপে বামনরপ ধার করিয়া বলিরাজের নিকট হইতে ত্রৈলোক্যরাজ্য হরণ করিয় অমর রাজইন্দ্রকে প্রদান পূর্ব্বকপ্যোধি প্রতিগমন করিলেন

## চত্বারিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, পূর্বকালে যিনি ব্রাহ্মণকুলে জন্ম গ্রহণ করিয়া ক্ষত্রকুল নির্মাল করিয়াছিলেন, আমিএক্ষণে তোমারনিকট সেই যামদগ্যের অবতারকথা বর্ণন করিতেরি প্রাকালে ক্ষীরোদ সাগরে দেবগণ ও মহাভাগ ঋদিগণ ভগবান্ বিষ্ণুর স্তবকরিয়া ছিলেন। অনস্তর সর্ক লোকে প্রভুপুরু যাত্তম পরশুরাম নামে বিখ্যাত হইয়া ভুষ্টগণের দমন করিবার নিমিত্ত যামদগ্যরূপে অবতীর্ণ হই-লেন।

সেইকালে কৃত্বীর্য্য নামে এক রাজা ছিলেন, ভাঁহার উর্বেদ কার্ত্তবীর্য জন্মগ্রহণ করিলেন। কার্ত্তবীর্ষ্ দ্রাত্তেয় ঋষির মারাধনা করিয়ার জচ্জাবিত্বপ্রাপ্ত হইলেন।

দেই মহীপাল একদিন চতুরঙ্গ বলের সহিত যমদগির আশ্রমে আগমন করিলেন। মহর্ষি যমদগি সদৈত্যে তাঁহাকে আগমন করিতে দেখিয়া মধুরব্চনে, সাদর সম্ভাষণে, মহাবল কার্ত্তবীর্য্যকে কহিলেন আপনি ও আপনার সৈত্যগণ অন্য আমার অতিথি অমাদি সমস্ত প্রয়োজনীয় প্রদান করিতেছি, ভোজনাদি সমাপন করিয়া এই স্থানেই অবস্থান করন। মহামুভাব কার্ত্তবিধ্য কৃপতি, মুনিবাক্যের গৌরব রক্ষা করিয়া দেই স্থানেই অবস্থিতি কহিলেন।

মহর্ষি যমদ্য অনিন্যুকীর্ত্তি নৃপতির আমন্ত্রণ করিয়া কান্ত্রা ধেতু দোহন করিতে লাগিলেন। হস্তিশাল: ও আশ্বশালা এবং নরগণের নিমিত্ত স্ক্রিধ অন্নসমন্থিত উন্নত তোরণ বিচিত্ত গৃহ, সামন্ত্যোগ্য ম:নারম নিকেতন, রাজ্যাগ্য প্রাসাদ এবস্থিধ সমস্ত প্রয়েজনীয়, প্রকামরূপে দোহন করিয়া কহিলেন, হে রাজন্! গৃহাদিসমন্তই প্রস্তুত হইয়াছে প্রকেশকরুন। আপেনার এই মন্ত্রিগণ, এবং যাবতীয় মহানু মানবর্গণ এই দিব্যুগ্রে প্রবেশ করুন।

হস্তি অশ্বাদিগণ, এই শালাগে হৈ, ভত্যাদি ও অফান্য মানব-বর্গ এই সমস্ত গৃহে প্রবিষ্ট হউক। মুনিবাক্য প্রবণ করিয়া রাজা স্থাতন গৃহেপ্রবেশ করিলেন এবং অভান্য রাজ-পুরুষ বর্গ যথাযোগ্য গৃহে গৃহে প্রবিষ্ট হটলেন।

মুনিবর পুনর্বার নৃপবরকে কহিলেন, হে ভূপেন্দ্র ! এইপরিদৃশ্যমান দমস্ত উত্তম বস্তই প্রজাপতির পরিকল্পিত, আপনি ইলু, এই দিব্য দরদীজলে অবগাহন করুন। তাহা শুনিয়া দেই স্থরেন্দ্রকল্প নৃপতি, তাহাতে অবগাহন করিতে লাগিলেন, চতুর্দিকে নৃত্য, গীত ও স্থমধুর বাদ্যধ্বনি হইতে লাগিল। অনন্তর মুনি, তাহাকে স্থাভন বদনমুগল অর্পণ করিলেন,রাজা বদন পরিধানপূর্বাক উত্রীয়ধারণে শোভমান হইয়া বিফুপূজা দমাপন করিলেন। অনন্তর যমদ্যিমুনি,নূপতি ও তাহার ভ্তাগণকে তুর্ধাশ্লময় মহাগিরি প্রদান করিলেন। হেরাজেন্দ্র ! দেই দদৈন্যভ্তা ভূপতি, ভোজন দমাপন করিলে, ভগবান্ আদিত্যদেব অন্তর্গিরিশিখরে আরোহণ করিলেন। রজনীযোগে রাজা গীতাদিদ্বার। বিনোদিত হুইয়া মুনিনির্দ্রিত মনোরম গৃহে শয়ন করিলেন।

অনন্তর স্থনির্মাণ প্রভাতকাল অবলোকন করিয়া, অবনী-পাল যমদ্যির অনুত্তম আশ্রয় হইতে নির্গত হইয়া কিঞ্চিৎ ভূভাগ অতিক্রমনানন্তর চিন্তা করিতে লাগিলেন; এই মহা তপোধনের কি মহীয়দী তপঃদিদ্ধি। হে পুরোহিত্বর! ঐ মুনিবরের দর্বার্থদায়িণী যে স্থর্ন আগেছেন, তাঁহারই এই দেবস্পৃহনীয়া মহীয়দী শক্তি। এ বিষয়ে আপনি কি বলেন। রাজার বাক্য প্রবণ করিয়া পুরোহিত কহিলেন, মুনির দামর্থ মহৎ এবং তাঁহার এই ধেনুক্রনিত দিন্ধিও আছে। হে নরাধিপ! তথাপি আপনি লোভপরবশ হইয়া এই ধেনু হরণ করিবেন না। যদি আপনি এই ধেমু বলপূর্বক হরথ করেন, তবে আপনার দৈলগণের বিনাশ স্থানশ্চিত জানিবেন। অনন্তর মন্ত্রিবর কহিলেন,মহারাজ! ব্রাহ্মণ, ব্রাহ্মণর প্রের প্রের, তাঁহার সপক্ষের পোষণজন্ম রাজকার্য্য পরিদর্শন করেন না। হে রাজেন্দ্র! আপনি নিজ্ঞান্ত হইলে, সেই স্থরভি বিবিধগৃহ ও সে সমস্ত স্থর্বপাত্র শয়নাদি সমস্ত ঐশর্যাই তৎক্ষণাৎ উপদংহার করিলেন। আমরা তাহা অবলোকন করিলাম। সেই উত্তমা ধেমু আপনারই যোগ্য, যদি অভিলাষ করেন, তবে আমরা তথায় গমনপূর্বক আন্রন করি; পুরোহিতের প্রবোধান্তি বিফলা জানিবেন। মন্ত্রির বাক্য প্রবণ করিয়া রাজা তাহা স্থাকার করিলেন। মন্ত্রির তথায় গমন করিয়া স্থরভিকে হরণ করিবার উদ্যম করিলেন। ভার্যার সহিত যমদ্যা মূনি, মন্ত্রিকে নিবারণ করিতে লাগিলেন।

মন্ত্রী কহিলেন, হে মুনে ! এই স্থরভি রাজনোগ্যা, আমাদের মহারাজকে প্রদান করুন। আপনি ত শাকমূলফলাহারী ব্রাহ্মণ, এবিধি কামত্বা ধেকুতে আপনার প্রয়োজন
কি ! ইহা বলিয়া মন্ত্রী বলপূর্বেক ধেকু হরণ করিবায় উপক্রেম করিলেন। পুনর্ববার পত্নীরসহিত মুনিবর তাঁহাকে
নিবারণ করিতে লাগিলেন। অনন্তর হুরাত্মা মন্ত্রী, মুনিকে
হনন করিয়া ব্রহ্মবধপুরঃসর ধেকু লইয়া চলিলেন স্থরভি
আকাশপথে স্থরলোকে গমন করিলেন। রাজাও ক্রুক্রহৃদয়
হইয়া নিজরাজধানী মাহিশ্বতীপুরে প্রতিগমন করিলেন।

মুনিপত্নী দাতিশয় ছুঃখভরে কাতরা হইয়া উচ্চৈঃস্বরে

ব্রোদন করিতে লাগিলেন। তিনি ছঃখকোধে ব্যাকুল। হইয়া বিলাপ করিতে করিতে একবিংশতিবার আপন কুক্ষি-দেশে করতাড়না করিলেন। পরশুরাম রোদনধ্বনি প্রবণ করিয়া ব্নভূমি হইতে সমিৎপুষ্পা আহরণ করিয়া করে কারলকুঠার ধারণপূর্বকি মাতৃসলিধানে আগমন করিয়। কহি-লেন, মাতঃ! আমি নিমিত্তবশাৎ (১) সমস্তই অবগত হই-য়াছি। পুরাত্মা হুষ্টচরিত কার্ত্তবীর্ষ্যার্জ্জনকে সমরে শীঘ্রই নিহত করিব। আপনি একবিংশতিবার ছুঃখভরে কুক্ষি-তাড়ন। করিয়াছেন। সেই হেতু আমিও একবিংশতিবার পৃথিবী নৃপতিশৃত্য করিব। এইরূপ প্রতিজ্ঞা করিয়া, করে কুঠার ধারণপূর্বক মহীম্মতীপুরে গমন করিয়া কার্ত্তবীর্ঘকে আহ্বান করিলেন। অর্জ্বও অনেক অক্ষেচিণীদেনা সমভি-ব্যাহারে রণভূমে আগমন করিলেন। শর, অসি, প্রাস, তোমরাদি সহস্র সহস্র শস্ত্রদারা উভয়ের ঘোরতর রোম-হর্ষণ ভয়ঙ্কর সংগ্রাম হইল।

অনন্তর অচিন্ত গ্রা, প্রজ্যোতিঃ মূর্ত্তিনান্ বিফুস্বরূপ প্রভূত প্রাক্তম ও অন্ত্তবিক্রম যামদগ্য প্রশু দারা বহুতর ক্ষত্রগণের সহিত কার্ত্তবিক্রম যামদগ্য প্রশু দারা করিয়া ভূমিতলে নিপাতিত করিলেন এবং রোমভরে কার্ত্তবীর্য্যের ভূজবনচ্ছেছদন করিয়া ফেলিলেন। কুঠারচ্ছিন্ন সহস্র বাহু শালতরুর ভায় ভূতলে নিপতিত হইলে, প্রশু দারা কার্ত্ত-বীর্য্যের মন্তক চ্ছেদন করিলেন। বিফুহন্তে মৃত্যু লাভ

<sup>(&</sup>gt;) देववमल्युङस्ट हर्दकांत्रव वटल ।

করিয়া সেই রাজচক্রবর্তী কার্ত্তবিধ্যার্জ্জন দিব্যরূপ ধারণ পূর্বক শোভমান হইয়া, দিব্যগন্ধানুলেপিত দিব্যবিমানে আরোহণ পূর্বক বিষ্ণুলোকে গমন করিলেন।

অনস্তর মহাবলবিক্রম জামদগ্য পরশু দ্বারা অবনিমণ্ডলে একবিংশতিবার ক্ষত্রিয়রাজগণকে হনন কঁরিলেন।
এইরূপে পরশুরাম অমর্গভরে ত্রিসপ্তবার পৃথিবী ক্ষত্রশৃষ্ঠ করিয়া ভূভার হরণ করত মহাত্মা কাশ্যপকে পৃথিবী প্রদান পূর্বিক মহেন্দ্র পর্বিতে গমন করিলেন।

এই আমি আপনার নিকট পরশুরামের অবতার কথা বর্ণন করিলাম। যে মানব ভক্তিপূর্বক ইহা প্রবণ করে, দেস বিবিধ পাপ হইতে বিমৃক্ত হয়।

সাক্ষাৎ হরি, পরশুরামরূপে অবনীতলে অবতীর্ণ হইয়া ত্রিসপ্তবার ক্ষিতিপতিগণের সংহারপূর্বক ক্ষাত্রতেজঃ বিস-জ্লনপূর্বক, অন্যাপি মহেন্দ্র পর্বতে তপস্থা করিতেছেন।

## একচত্বারিংশ অধ্যায়।

মার্কত্তেয় কহিলেন, যিনি দেববৈরি দেশাননকে স্বাহ্মবে নিখন করিয়াছিলেন, এক্ষণে দেই বিফুর অবভার কথা বর্ণন করিভেছি, প্রবণ কর।

পুলস্ত্য নামে মহামুনি এক্ষার মানসপুত্র ছিলেন। পুল-স্তের বিপ্রধা নামে এক রাক্ষসপুত্র উৎপন্ন হয়। উ।হা হইতেই মহাবীগ্য লোকরাবণ (১) রাবণের উৎপত্তি হয়।

<sup>(</sup>১) লোকে রাবণ বীর্য্যের রব যার, অথব। দে কঠোরদৌরায়ো লোক। শণকে অর্ত্তিবর করাইয়াছিল।

রাবণ অতি কঠোর তপক্তা দারা ব্রহ্মার নিকট বরলাভে ছর্জ্জয় হইয়া কৈলোকামগুলী সন্তাপিত করিয়া তুলিল। দেই ছুফীজা পুরন্দরদহিত দেবগণ, গন্ধর্বগণ, কিমরগণ, যক্ষগণ, দানবগণ, এই সকলকেই পরাজিত করিয়া বিবিধ রত্ন ও ব্রৈলোক্যলক্ষী হরণ পূর্বকি নিজস্ব করিল।

८ नतािथल ! वत्रमिश् तांचन, तत्न यक्ततां कृत्वत्रत्क নির্জ্জিত করিয়া ভাঁহার মনোমুগ্ধকরী লঙ্কাপুরী ও শোভমান পুষ্পক বিমান হরণ করিল। রাক্ষ্মগণের অধিপতি হইয়া দশানন লঙ্কাপুরে রাজধানী স্থাপন করিল। তাঁহার বহুতর অমি ততেজা পুত্র উৎপন্ন হইল। মহাবল বিক্রমশালী কোটি কোটি রাক্ষ্য রাবণাশ্রয়ে ছর্দ্ধর্য ইইয়া লক্ষানগরীতে বাস করিতে লাগিল। দেব, ঋষি, মানব, বিদ্যাধর ও যক্ষ-গণকে দিবারাত্র সংহার করিতে লাগিল। চরাচর জগং রাবণভায়ে কম্পান্থিত হইতে লাগিল। সমস্ত জীববর্গ আত্য-স্তিক ছু:খভরে অভিভূত হইল। সেই কালে বিগতবীর্ঘ্য हैक्कानि (नवर्गन, महर्षिशन, मिक्कशन, विन्ताधन्नशन, शक्कर्वर्गन, কিম্রগণ, গুহুকগণ, হুজঙ্গমণণ, যক্ষণণ এবং অন্য যে কেহ স্বৰ্গনিবাদী ছিল, দকলেই মিলিত হইয়া, প্ৰজাপতি ব্ৰহ্মা ও শঙ্করদেবকে অত্যে করিয়া ক্ষীরসাগরের পবিত্র তীরে গমন করিলেন। হারগণ সেই ছলে দেবদেব নারায়ণের व्यक्तिका कित्रा कक्षिण वस्तनभूक्वक मधायमीन दिहिलन। ত্রক্ষাও গন্ধপুষ্পাদি মারা বিষ্ণুর আরাধনা করিয়া অঞ্জলি-বন্ধনপূর্বক সংযতচিত্তে নার্মসংহের স্তব করিতে লাগি (मन।

ত্রন্ধা কহিলেন, হে ক্ষীরাদ্ধিনিবাদ! নাগপর্য্যক্ষশায়িন্! कमना श्रीकत मः ऋषे! मियाभान! विष्या! व्याभनात्क নমস্কার করি। হে যোগনিদ্র! হে যোগাঙ্গ! ভাবিতা-অনু ! গরুড়াদন ! যোগজ লেব ! ভূতভাবন ! গোবিল ! আপনাকে নমস্বার করি। হে ক্ষীরাদ্ধিকল্লোলদ হৃষ্ট-গাত্র! শার্সিন্! অরবিন্দপাদ! পন্মনাস্থ ভক্তার্চিত-পাन! ठांकु कुछ। विष्ठा। जांशनारक नगकांत कति। হে শুভাঙ্গ! হে স্থানতা! হে স্থানটি! হে স্থাকেশ! হে इट्टब्स ! (इ इस्ताम ! (इ इद्युक्त ! (इ इद्युक्त ! (इ হৃক্ত ! হে হৃক্ত ! হে হৃক্ত ! হে হৃত্ত ! হে চার্দ্দ ন্ত ! হে চারুদেহ! আপনাকে প্রধাম করি। হে মাধব! হে ठिकिन्! ८१ **टी** थत! ८१ शनाधत! ८१ भात्रिन्! निया কেশব! আপনাকে নমস্বার করি। হে ধর্মপ্রিয়! দেব! বামন। আপনাকে নমস্কার করি। হে অম্বরত্ন। হে উগ্র! ट्र क्राक्रमनाशिन ! (इ एनवक्यंकांत्रिन (लाकनाथ ! ८इ রাবণান্তকারিন ! আপনাকে নমস্কার করি।

মার্কণ্ডেয় কহিলেন, হ্নষীকেশ পরমেষ্ঠী প্রজাপতির স্তৃতিবাক্যে সন্তুষ্ট হইয়া নিজরূপ প্রদর্শন করিয়া লোক-নাথে কহিতে লাগিলেন, হে পিতামহ! কি নিমিত্ত দেব-গণের সহিত এখানে আগমন করিয়া আমার স্তৃতি করিলে, তাহা আমার নিকট প্রকটিত কর।

প্রভবিষ্ণুবিষ্ণু কর্তৃক অভিহিত হইয়া প্রজাপতি দেব-গণের সহিত জনার্দনকে কহিতে লাগিলেন, হে বিভো! চুফী জা রাবণ অখিল জগৎ বিনাশ করিল, ইস্রাদি দেবতা গণকে দে বছবার পরাজিত করিয়াছে; রাক্ষণেরা মাসুষ্ণাণকে ধরিয়া নিরন্তর ভক্ষণ করিতেছে; তাহাতে সকল যজ্ঞই বিনষ্ট হইয়াছে। শত শত সহত্র সহত্র দেবকতা বলপূর্বক হরণ করিতেছে। হে পুগুরীকাক্ষ! আপনি বিনা দেই ছুর্ছর্ষ রাক্ষ্যকে বধ করিবার সামর্থ্য কাহারও নাই; আপনি রাবণের বধসাধন কর্মন।

বিষ্ণু কহিলেন, হে এক্ষান্! যে হিতকর বাক্য কহি-তেছি, অবহিত হইয়া স্থারগণসহিত প্রাণ কর।

পৃথবীতলে স্য্যবংশজাত, দশরথনামে বিখ্যাত শ্রীমান্
ওধীমান্ মহাবীর্য্য রাজা আছেন। আমি, রাবণ বিনাশের
নিমিত্ত, চারি অংশে বিভক্ত হইয়া তাঁহার পুত্ররূপে জন্মগ্রহণ করিব। হে দেবতাগণ! তোমরা দকলে, নিজ নিজ
অংশে বানররূপে অবনিতলে অবতীর্থ হও। এইরূপেই
রাবণের বিনাশ দাধন হইবে।

লোকপিত।মহ জ্রন্ধা, স্থরগণের সহিত নারায়ণকে প্রণাম করিয়া স্ব স্থ'নে প্রস্থান করিলেন। অনস্তর দেবতাগণ, নিজ নিজ অংশে অবনীতলে অবতরণ করিলেন।

অনন্তর রাজা দশরথ পুত্র প্রাপ্তির নিমিত্ত বেদপারগ মুনিগণ ছারা পুত্রেষ্টি নামক যজের অনুষ্ঠান করিলেন। তদনন্তর, দেবপ্রেরিত ভূতবিশেষ, স্থবর্ণ পাত্রস্থ চরু অন্ন গ্রহণ করিয়া সত্তর অগ্নিক্ও হইতে উত্থিত হইল। মুনিগণ, মোই অন্ন গ্রহণ পূর্বেক তদ্বারা চুইটা পিও প্রস্তুত ও অভি মন্ত্রিত করিয়া কৌশল্যা ও কৈকেগ্রীকে প্রদান তরিলেন। উভয়ে যথন সেই চরুপিও ভক্ষণ করিতে ছিলেন, দেইসময়ে স্থমিত্রা ভাগিনীকে অল্ল অংশপ্রদান করিলেন। তাঁহারা.
তিনজনেই যথাবিধি দেই চরু অল্ল ভক্ষণ করিয়া তৎপ্রভাবে
তিন রাজপত্নীই গর্ভ বতী হইলেন। যথাকালে তিন
মহিষী চারি পুত্র প্রসব করিলেন। এইরূপে জগতী
পতি জনার্দন, দশরথের উরসে চারি মংশে বিভক্ত হইয়া,
রাম, লক্ষ্মণ, ভরত শক্রম্ম এই চারিমূর্তিধারণ পূর্বাক অবনী
তলে অবতীর্ণ হইলেন। মুনিগণকৃত জাতকর্মাদিসংস্কার
প্রাপ্ত হইয়া বালকগণ বিশ্বিত হইতে লাগিলেন। রাম ও
লক্ষ্মণ নিয়ত একত্র আহার বিহার ও বিচরণ করিতেন।
জন্মাদিসংস্কার সম্পন্ন হইয়া মহাবীর্যবান্ রামলক্ষ্মণ,
পিতার প্রীতিকর হইয়া রিদ্ধি পাইতে লাগিলেন। তাঁহারা
বেদ ও ধ্মুর্বেদ অধ্যয়ন করিয়া প্রতিষ্ঠা লাভ করিলেন।

এইকালে মহাতপাঃবিশ্বামিত্র, মধুসূদনের প্রতির নিমিত্ত বিধিপূর্বক যজারস্ত করিলেন। বহুতররাক্ষসগণ, তাঁহার মজে বিদ্ন উৎপাদন করিতে লাগিল। তিনি যজ্ঞরক্ষার্থ রামলক্ষণকে,লইয়া যাইকার নিমিত্ত দশরথভানে উপনীত হইলেন।মহামতি দশরথ,তাঁহাকে দর্শন করিয়া,গাত্রোল্খান পুরসর বিধিপূর্বক পাদ্য অর্য্যাদিদ্বারা মহর্ষির পূজা করিলেন। তপোনিধি বিশ্বামিত্র, পূজিত হইয়া রামসনিধানে রাজাকে কহিলেন, রাজন্ যে নিমিত্ত আপনার নিকট আগমন করিয়াছি, কহিতেছি প্রবণ করুন। বহুতর ছুর্দ্ধর্য রাক্ষস মিলিত হইয়া আমার যজ্ঞ বিঘাত করিতেছে, আমার যজ্ঞরাক্ষার্থ, রামলক্ষণকে আমার সহিত প্রেরণ করুন।

मभात्रथ विश्वािमारज्ञ तम हे वाका खावन कित्रमा विषम् वमस्य

্মহর্ষিকে কহিলেন, হে মহামুনে ! আমার বালক পুত্র যুগ-লেরদারা আপনার কি কার্য্য দাধিত হইবে ? আমি আপ নার সহিত গমন করিয়া বলপূর্বেক যজ্ঞ রক্ষা করিব। বিখা মিত্র পুনশ্চ কহিলেন, রাক্ষসগণ রামেরই সাধ্য, আপনার নহে। অত্রব রামকে আমার সহিত প্রেরণ করুন, চিন্তা করিবেন না। ধীমান্ বিশ্বামিত্র এই কথা কহিলে, রাজা ठाँहात ভয়ে क्रगकाल जूष्टी छार्व व्यवस्थन कतिया প्रक्रां । কহিলেন, হে মহর্ষিপ্রবর! আমি যাহা কহিতেছি, প্রসন্ম হইয়া শ্রেণ করুন। রাম অভ্য কালক, আমি ইহার সহিত গ্যন করিব কিন্তু ইহার জননী ইহার বিরহে জীবন বিস্ঞ্জন করিবেন। অতএব আমি চতুরঙ্গবলের সহিত গমন করিয়া রাক্ষসকুল বিনাশ করিব, এইরূপ মানস করিভেছি। বিখা মিত্র পুনর্বার অপ্রমিততেজঃসম্পন্ন মহারাজকে কহিলেন, রাজন্! আপনি রামচন্দ্রে অজ্ঞ বা অক্ষ মনে করিবেন না; ইনি সর্বজ্ঞ ও পর্বেশক্তিমান্। তোমার এই তনয়-ষুগল, নরনারায়ণ; ভাহাতে কোনও সন্দেহ নাই। হে নরেশ্র! চুষ্টগণের দমনের নিমিত্ত ও শিষ্টগণের প্রতি-পালনের নিমিত্নারায়ণ আপনার গৃহে অবতীর্ণ ইয়াছেন। আপনি বা ই হার জননী ইহার নিমিত্ত শোক করিবেন না। আমি আপনাকে পুনশ্চ আনিয়া দিব। দশরথ তাঁহার শাপ ভয়ে রামশক্ষণকে প্রেরণ করিবেন স্থীকার করিলেন। বিশা-মিত্র অনুজনহিত রামচন্দ্রকে দঙ্গে লইয়া দিদ্ধাশ্রমে গমন করি বার নিমিত্ত প্রস্থান করিলেন। মহর্ষিকে প্রস্থানপর দেথিয়া, কৌশল্যার সহিত নৃপতি সঞ্জলিবন্ধনপূর্বক মুনিবরকে কহি-

লেন, হে মহামুনে ! আমি পূর্কে অপুত্র ছিলাম, বছকটে যজ্ঞ কর্মবারা মুনিগণের প্রদাদে একণে পুত্রবান্ ইইয়াছি; আমার বিশেষতঃ ইহার জননীর পুত্রবিরহ সহ্ছ হয় না। আপনি করুণা করিয়া শীঘ্রই ইহাদিগকে আনিয়া দিবেন।

কৌশিক কহিলেন, আমি দত্য করিয়া কহিতেছি, আপনার তন্যযুগলকে আনিয়া অর্পণ করিব, আপনি চিন্তা করিবিনা নান তাহা শুনিয়া রাজা অনিচ্ছুক হইলেও মুনিশাপ ভয়ে লক্ষণসহিত রামচন্দ্রকে প্রেরণ করিলেন। বিশানিত্র তাহাদিগকে লইয়া অযোধ্যা হইতে নির্গত হইলেন। এবং পর্যুতীরে গমন করিয়া রামলক্ষণকে ক্ষুৎপিপাদা প্রশমনী বল ও অভিবল নামে ছই বিদ্যা মন্ত্রের সহিত প্রদান করিবলন এবং বহুবিধ দমন্ত্রক অন্ত্র শাস্ত্র শিক্ষা দিলেন। রামলক্ষণ মন্ত্রন্থ ও বিবিধ অন্ত্র শাস্ত্র প্রাপ্ত হইয়া পর্ম প্রীতি প্রাপ্ত হইলেন।

বিশ্বামিত্র উদারাত্মা মহর্ষিগনের মনোরম, দিব্যাপ্রম ও পুণ্য প্রদন্থান সকল প্রদর্শন করিয়া ও সেই সেই স্থানে কিয়ৎকাল অবস্থিতি করিয়া নৃপাত্মজযুগলকে সঙ্গে লইয়া চলিলেন। ক্রেমে গঙ্গা এবং শোণ পার হইয়া রামলক্ষণ মুনি, ধার্মিক দিদ্ধগণকে সন্দর্শন করিতে করিতে গমন করি-লেন। অনস্তর কালেরকরালবক্তের হুটার ভাড়কার ঘোর-তর ভয়ঙ্কর বন দৃষ্টিপথে নিপতিত হইল। সেই বনে গমন করিয়া মহতপাঃ কৌশিকঋ্যি, অক্লিইকর্মা রামচক্রকে কহিলেন, হে মহাবাহো! রামভ্যা ভাড়কানাল্লী রাক্ষ্মী রাবণের শাদেশে এই মহাবনে বাস করিয়া থাকে, সেই বিভীষণা রাক্ষদাঙ্গনা বহুতর মনুষ্য ও ঋষিপুত্রগণকৈ সংহার করিয়া ভক্ষণ করে, অতএব তুমি ইহাকে বধ কর। রামচন্দ্র স্থং হাস্ত করিয়া কহিলেন, মহাত্মন্! আমি অদ্য কিরুপে স্ত্রীবধ করিব। মনিষীগণ স্ত্রীবধে মহাপাপ নির্দেশ করিয়াছেন। বিশ্বামিত্র কহিলেন, ইহার নিধন হইলে, অখিল জনগণ নিরাকুল স্বাস্থালাভ করিবে সেই হেতু ইহার বধ পুন্যপ্রদ।

মুনিবর বিশ্বামিত্র এইরূপ কহিলে, বির্তাননা, মহাঘোরা তাড়কা নিশাচরী,ঘোররবে আগমন করিতে লাগিল।
রাম তাহাকে ব্যায়তাননা দর্শন করিয়া মুনির আদেশে শরাসনে শরসন্ধান করিয়া মহাবেগে রাক্ষণীর উরন্থলে শর
নিক্ষেপ করিলেন। তাড়কা শরাঘাতে দ্বিধা বিদারিত হইয়া
ভূতলে পতিত হইয়া প্রাণত্যাগ করিল। তাড়কা নিহত
হইলে বিশ্বামিত্র রামচন্ত্রের প্রশংসা করিতে লাগি লেন।

অনন্তর বিশ্বামিত্র রামলক্ষান্কে আপন সিদ্ধাশ্রমে আন্

য়ন করিলেন। ঐ মনোরম আশ্রমন্থান, নানামুনিজনসেবিত্ত
ও নানাবিধ তরুলতায় আকীর্ণ। নানাবিধ কুস্থমনিচয়,
তাহার শোভা সম্বন্ধিত করিতেছে; শৈলমালা চতুর্দিকে
বেফীন করিয়া রহিয়াছে; নির্মাল নির্মারিণাগণ প্রবাহিত হইয়া
তাহার শীতলতা সম্পাদন করিতেছে; বহুবিধ মুগপক্ষীগণ
সানন্দে বিচরন করিছে; মুনিজনোচিত শাক মূল-ফলসমন্তিত
সেই রম্যবনে প্রবেশ করিয়া রামলক্ষ্মণ স্বর্গন্থ অনুভব
করিতে লাগিলেন।

विश्वामिक कहिरलन, तामहत्ता । अहे वन धानिक अ

যোজনতায় বিস্তীর্ণ; এই স্থানে আমি যজ্ঞকার্য্যের অনুষ্ঠান করিব, আপনি ইহার রক্ষণাবেক্ষণ করুন। রামচন্দ্র কহি-লেন, হে মহামুনে! আপনি এই স্থানে যজ্ঞানুষ্ঠান করুন, আমি রক্ষা করিলে কেহই ইহার বিদ্ন করিতে সমর্থ হইবেন।

মার্কণ্ডেয় কহিলেন, অনস্তর বিশামিত্র শ্রেদাবি।বন্মন্থিত হইয়া ঋত্বিক্ মুনিগণের সহিত যজ্ঞারস্ত করিলেন; রামলক্ষণ শরাসন উদ্যমিত করিয়া সেই স্থানে অবস্থিতি করিতে লাগিলেন। রামচন্দ্র রজনীযোগে মুনির যজ্ঞ রক্ষা করিয়া জাগরিত থাকিতেন। ষষ্ঠ দিবস সমাগত হইলে সংশিতত্রত (১) মহর্ষিগণ যজ্ঞবেদী স্থাপন করিয়া মন্ত্র উচ্চারণ করিতে লাগিলেন। উপাধ্যায় ও ঋত্বিক্গণ যজ্ঞকার্য্যে প্রের্ভ ইইলেন। এই সময়ে গগনপ্রদেশে বর্ষাকালীন নীরদ্দরতারের গর্জ্জনসদৃশ মহাশব্দ শ্রুত ইইতে লাগিল। অনস্তর অনুচরগণের সহিত মারাচ ও স্থবাছপ্রভৃতি রাক্ষসেরা মায়া অবলম্বন করিয়া ধাবিত ইইল।

রুধিরধারাবর্ষী রাক্ষসগণ আগমন করিতেছে দেখিয়া রাজীবলোচন রামচন্দ্র লক্ষাণকে কহিলেন, দেখ লক্ষাণ! বক্রনিনাদী মারীচ ও স্থবাহু রাক্ষদ এই স্থানে আগমন করিতেছে। অনন্তর অস্ত্রবিশারদ রামচন্দ্র রোষভরে স্থান্দ হুর উরঃস্থলে এক শাণিত অস্ত্র নিক্ষেপ করিলেন। স্থবাহু আহত হইয়া অবনীতলে নিপতিত হইল। প্রস্তর অস্থি-

<sup>(</sup>১) অধ্যবসায় সহকারে অবলম্বিতএত।

শোণিতবর্ষী সারীচকে ভল্লাস্ত দারা বিতাড়িত করিলেন।
প্রলয়কালের জলধরতুল্যশন্দকারী মারীচ দূরে নিক্ষিপ্ত
হইল। অবশিষ্ট রাক্ষ্সগণকে রাম ও লক্ষ্মণ ক্ষণকাল
মধ্যেই সংহার করিয়া ফেলিলেন। মহাযশা বিশ্বাসিত্তের
যক্ত এইপ্রপে সংরক্ষিত হইল। মহার্ষ বিধিপুর্বিক যক্ত সমাপিত করিয়া যথাবিধানে সদস্যগণের ও দ্বিজ্ঞানের পূজা
করিলেন। ভক্তিপূর্বিক রামলক্ষ্মণের স্তৃতি প্রশংসা ও পূজা
করিলেন। দেবগণ যক্তভাগ প্রাপ্তি দ্বারা পরিভুক্ত হইয়া
রামভদ্রের মন্তকে পূক্সা রৃষ্টি করিতে লাগিলেন।

রামলক্ষণ রাক্ষণভয় নিবারণপূর্বক দেই যজ্ঞ দমাপিত করিয়া মুনিদিয়িধানে নানাবিধ পুরাতনী কথা শ্রাবন করিতে লাগিলেন। অনন্তর বিশ্বামিত্র বিনীতাত্মা রামচন্দ্রকে অহল্যা-সমিধানে লইয়া গেলেন। অহল্যা, ইন্দ্রের ব্যভিচারবশাৎ স্থামিশাপে পাষাণস্তা হইয়া তথায় পড়িয়াছিলেন। রাম-দর্শনে শাপমূকা হইয়া গৌতমের উদ্দেশে প্রস্থান করি-লেন।

অনন্তর বিশ্বামিত্র চিন্তা করিলেন কমললোচন রামচন্দ্রকে বধুর সহিত পিতৃভবনে লইয়া গেলে উত্তম হয়।
অতএব জনকরাজের নিকেতনে গমন করিব। এক্ষণে
সীতার স্বয়ন্থর সময় উপস্থিত হইয়াছে। এইরূপ চিন্তা
করিয়া মহর্ষি বিশ্বামিত্র শিষ্যগণে পরিবৃত হইয়া রামলক্ষ্মণের সহিত মিথিলা যাত্রা করিলেন।

হে রাজন্! সেই সময়ে নানা দিপেদশীয় মহাবার্য্য রাজ-পুত্রগণ জানকীর লাভ লালদায় জনকভবনে উপনীত হই- লেন। জনকরাজও তাঁহাদের যথাযোগ্য পূজা করিতে লাগিলেন। জনকরাজ সীতার সহিত উৎপন্ন স্থচিত্রিত বিচিত্র অট্রশোভাসমন্বিত, অর্চিত, স্থমহৎ মাহেশ্র ধনু অতিবিস্তুত রঙ্গস্থলে সংস্থাপিত করিয়া রাখিয়া দিলেন

অনন্তর স্বয়স্বরসময় সমুপস্থিত হইলে রাজা জনক উচ্চিঃ-স্বরে রঙ্গস্থলে কহিতে লাগিলেন, ভোঃ ভোঃ নৃপনৃপাত্মজ-গণ! এই শরাসনে জ্যা মোজনা করিয়া আকর্ষণপূর্বিক যিনি ইহা ভগ্ন করিতে পারিবেন, এই সর্কাস্পোভনা সীতা ভাহারই ধর্মপত্নী হইবেন।

হে রাজন্! মহাত্মা জনক এইরূপ, প্রতিজ্ঞাবাণী প্রবণ করাইলে, নৃপতিগণ ধসুকে গুণযোজনা করিবার নিমিত্ত উথিত হইলেন এবং সামর্থ্য সহকারে গুণারোপণে যত্ন করিতে লাগিলেন। নৃপতিগণ সকলেই জ্ঞাে জ্যে কাম্ম্ক বেগে বিভাড়িত ও কম্পিত হইয়া ভূতলে পতিত হইতে লাগিলেন। রাজগণ অত্যন্ত লজ্জিত হইয়া রঙ্গন্ত উপ-বেশন করিলেন।

দেই ভূপালবর্গ ভগ্ননোরথ হইলে, মিথিলাপতি সেই শরাগন সংস্থাপিত করিয়া বীরাগ্মনের প্রতীক্ষা করিতে লাগিলেন।

সেই সময়েই মহর্ষি বিশ্বামিত্র মিথিলাপতি জনকরাজের নিকেতনে আগমন করিলেন। জনক, রামলক্ষণত শিষ্য-গেণের দহিত বিশ্বামিত্রকে গৃহাগত দেখিলা যথাবিধানে তাঁহার পূজা করিলেন এবং রতিপতিপ্রতিম লাবণ্যগুণ্যুত, শীলাচারদম্বিত, বিজ্ঞাণের অনুগ্র রাম লক্ষ্মণের যথাবিধি পূজা করিলেন। অনস্তর জনকরাজ পুর্টপীঠোপবিষ্ট (১)
মুনি শিষ্যগণে পরিরত বিশ্বামিত্রকে কহিলেন, তপোধন!
আপনি এক্ষণে আমাকে কি আদেশ করিতেছেন ? ধীমান্
মুনি তাঁহার বাক্য শ্রবণ করিয়া কহিলেন, এই মহাবাহ্
রাম, দাক্ষাৎ লক্ষ্মীপতি বিষ্ণু, ইনি দেবগণের রক্ষার নিমিত্ত
দশরথ গৃহে জন্মগ্রহণ করিয়াছেন; তবগৃহে অবতীণা অরিক্রা দীতা ই হাকে দমর্পণ কর। হে রাজেক্র ! দীতা
বিবাহে শিবশরাসন ভঙ্গরূপ আপনার প্রতিজ্ঞা আছে, তাহা
আমরা অবগত আছি,অতএব সত্তর দেই হরধনু আনয়ন কর।

রাজা জনক মহর্ষির বাক্য প্রাবণে, বহুতর নৃপগণের মধ্যে দেইশিবধকু আনিয়া সংস্থাপিত করিলেন। অনন্তর বিশ্বামিত্র, আদেশ করিলে, কমললোচন, রামচন্দ্র, দেই নৃপগণের মধ্যে উত্থিত হইয়া, বিপ্রগণও দেবগণে প্রণামপূর্ষক শরাসন গ্রহণ করিয়া গুণারোপণ করিলেন এবং জ্যাশব্দে দিগ্নগুল পূরিত করিতে লাগিলেন। অনন্তর বলপূর্ষক আকর্ষণ করিয়া দেই মহাশরাসন ভগ্ন করিয়া ফেলিলেন। সীতাও শোভনা মালা গ্রহণ করিয়া রামের গলদেশে অর্পণ করিয়া সমস্ত ক্ষত্রিয়গণের সরিধানে ভাঁহাকে বরণ করিলেন।

অনস্তর ক্ষত্ররাজগণ, কোধান্বিত হইল। তাহারা রামের সন্ধিনে গমন পূর্বক ভীমরবে গর্জ্জন করিতে করিতে তাঁহার উপর শরবর্ষণ আরম্ভ করিল। তদ্দর্শনে

<sup>(</sup>१) शूरुष - प्रव. शूरुष भीर्द्धा प्रविष्ट. प्रवीदिक प्राप्तीत ।

রামচন্দ্র, সত্বর ধনুগ্রহণ পূর্ববিক জ্যাশব্দে রাজগণকে কম্পাথিত করিয়া তাহাদের সমস্ত শরজাল ধনুঃ ও পতাকা
অবলীলায় ছেদন করিতে লাগিলেন। তদনন্তরমিথিলাথি
পতি, নিজসৈত্য সজ্জিত করিয়া রণে জামাতার রক্ষণ
পূর্ববিক পাঞ্চিগ্রহ (১) ইইয়া অবস্থান করিতে লাগিলেন। মহাবীর লক্ষ্মণও যুদ্ধে নৃপগণকে বিতাড়িত করিয়া
তাহাদের হস্তি-অশ্বরথ-বাহনাদি কাড়িয়া লইলেন। রাজগণ
ভীষণরণে বাহনাদি পরিত্যাগ করিয়া পলায়নপর হইল।
লক্ষ্মণ, তাহাদিগকে হননকরিবার নিমিন্ত পশ্চাৎ পশ্চাৎ
ধাবমান হইলেন। কোশিক ঋষি ও মিথিলাপতি তাহাকে
নিবারণ করিলেন। জিতসৈত্য, আত্সমন্বিত, মহাবাহ্
রামচন্দ্রকে সঙ্গে লইয়া জনকরাজ, স্বকীয় স্থশোভন ভবনে
প্রেশ করিলেন।

অনস্তর মিথিলাধিপতি কৌশিকের আদেশে দশরথের
নিকট দৃত প্রেরণ করিলেন। মহারাজ দশরথ দৃতমুথে
সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া পুলকিত হইলেন এবং মহিঘীগণের সহিত, হস্তিঅশ্বরথ ভ্তাগণে সঙ্গে করিয়া সসৈতে
মিথিলানগরে গমন করিলেন। রাজা জনক, যথাবিধানে
তাঁহার সৎকার করিলেন এবং দশরথের অনুমতি অনুসারে
রামচন্দ্রকে বীর্যান্তক্রা দীতা সমর্পণ করিলেন। দশরথের
লক্ষ্ণাদি অপর পুত্রগণকে আপনার রূপবতী অলঙ্ক্ষতা ক্যা-

<sup>(</sup>১) रेश्टनात वा त्याद्वात शन्दावर्षी वाका।

, ত্রেয় সম্প্রদান করিয়া আপনাকে কৃতকৃত্য মনে করিতে লাগিলেন।

এইরপে কমললোচন রামচন্দ্র মাতাপিতা ও ভাতৃগণের সহিত বহুবিধ ভোজনাদিদ্বারা প্রমোদিত থাকিয়া কতিপ্র দিন সেই স্থানে অবস্থিতি করিলেন। তদনস্তর দশরথ, স্তগণের সহিত অযোধ্যা গমনে সমুংস্থক হইলে, মিথিলা পতি নিজতন্য়া দীতাকে বহুবিধ ধনরত্ব অর্পণ করিলেন। তিনি রামচন্দ্রকে বহুতর দিব্যরত্ব ও স্থাভান বস্ত্র, হতী আশ্ব কর্মযোগ্যাদাদা এবং বহুতর দ্বীরত্ব দান করিলেন।

অনন্তর শী গংশুণী গলা, বহুর দ্বি হা, স্থরপা, দীতাকে রত্ন ছুষিত রথে আরে।পিত করিয়া, বৈদনির্ঘাষ দারা
বহুবিধ মাঙ্গলিককার্য্য সমাপনান্তর অযোধ্যাপুরী প্রেরণ
করিলেন।

রাজা জনক, দশরংকে সুষা (১) সমর্পণানন্তর বিশা-মিত্রকে নমস্কার করিয়া প্রতিনির্ত হইলেন। মিথিলা-পতির ভাগ্যবতী পত্নীগণ ছুহ্ত্গণকে স্বাচার স্চারিত্রের শিক্ষা প্রদান করিয়া শ্রশ্রগণে স্মর্পণপূর্বক পুরপ্রবেশ করিলেন।

রামচন্দ্র নিজ সৈতা সমভিব্যাহারে অংযাধ্যা প্রস্থান করিতেছেন প্রবণ করিয়া পরশুরাম তাঁহার পথরোধ করি লেন। রাজা দশরথ ও রাজ শুরুষগণ উল্পলোচন জাম-দগ্রকে নিরীক্ষণ করিয়া তুঃথে ও শোকে পরিপ্লুত হইলেন।

<sup>(&</sup>gt;) श्रुष পুखनधू।

রাজপরিবার ও রাজমহিষীগণ ভার্গবভয়ে কম্পমান হইতে, লাগিলেন। মহর্ষি বশিষ্ঠ, দেই দময়ে দকলের অগ্রে কহিতে লাগিলেন, রামচন্দ্রের পিতা, মাতা, পরিজন কেইই যেন রামের নিমিত্ত হুংখ না করেন। রামচন্দ্র দাক্ষাৎ বিফু ও জগতের প্রাণনাথ, হে নৃপতে! ইনি বহুপুণ্যফলে আপনার গৃহে জন্মপ্রহণ করিয়াছেন, দন্দেহ নাই।

অনন্তর পরশুরাম অগ্রন্থিত দশর্গনন্দন রামকে কহি-লেন, তুমি আপনার রামনাম পরিত্যাগ কর; নচেং আমার সহিত যুদ্ধ কর। তাহা শুনিয়া রঘুকুলোজ্জ্বল রামচন্দ্র স্মিতমুখে মার্গাবরোধক ভার্গবিকে কহিলেন, ক্ষত্র হইরা যুদ্ধ-ভয়ে কিরূপেই বা নাম পরিত্যাগ করিতে পারি, স্থির হউন, আপনার সহিত যুদ্ধই করিব। অনস্তর কমললোচন বীরপ্রবর রামচন্দ্র বীরবরের অগ্রভাগে একাকী থাকিয়া, মেক্রী (১) শব্দে কানন ভূমি কম্পান্থিত করিতে লাগিলেন। তদনন্তর বিষ্ণুতেজ পরশুরামের দেহ হইতে নির্গত হইয়া সর্বসমক্ষে রামমুখে প্রবিষ্ট হইল। তদর্শনে ভার্গবরাম প্রসম্বদনে রাঘ্য রামকে কহিতে লাগিলেন, রাম! আপনি মহাগান্ত; আপনি রাম তাহাতে সন্দেহ্মাত্র নাই। আপনি ভগবান বিষ্ণু, ভূতলে অবতীৰ্ণ হইয়াছেন, তাহা অদ্য আমি জানিতে পারিলাম। আপনি যথেচ্ছ গমন করিয়া ছুটের দমন ও শিষ্টের পালনপূর্বক দেবকার্য্য সম্পাদন করুন। আপনি যথেচছ গমন করুন, আমি

<sup>(&</sup>gt;) भोक्ती-धम्रत खन।

.ভপোবনে গমন করিব। ইহা কছিয়া যামদগ্ন্য মুনি রাম-চন্দ্রের পূজা করিয়া তাপদগনে পরিশোভিত মহেন্দ্র পর্বতে গমন করিলেন।

অনন্তর দশরথ, রামচন্দ্রের পুনর্জন্ম বিবেচনা করিয়া পোরগরে সহিত তথা হইতে পুরী প্রস্থান করিলেন। শহ্ম ভূর্য্যাদির নিঃস্থনে দিল্পগুল নিনাদিত করিয়া রামের সহিত ভাযোধ্যা নগরী প্রাপ্ত হইলেন এবং অট্টশোভা সম-স্থিত রাজভবনে প্রবেশ করিলেন। মহামুনি বিশ্বামিত্র, রামলক্ষ্মণকে সন্ধিধানে নিরীক্ষণ করিয়া প্রেমভরে পুল্কিত হইলেন এবং দশরথের ও বিশেষতঃ মাতৃগণের সম্মুথে রাম-লক্ষ্মণকে সমর্পণ করিয়া, দ শরথের পূজা গ্রহণ করিলেন।

অন ন্তর মুনিবর বিশ্বামিত্র অকুজ ও ভার্য্যাসহিত পিতার একমাত্র বল্লভ রামচন্দ্রকে সমর্পণ করিয়া শ্লাঘাদহকারে হর্ষ-ভরে পুনঃ পুনঃ হাস্ত করিয়। শিষ্যগণের সহিত দিদ্ধাশ্রমে গমন করিলেন।

## দ্বিচত্বারিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, কমণলোচন মহাতেক্সা রামচন্দ্র,
দারপরিগ্রহ করিয়া মাতা পিতা এবং জনগণের পরমা প্রীতিউংপাদন পূর্বক দর্বসজ্ঞোগ্য বস্তুর রদাস্থাদন পূরঃদর জ্বোধ্যানগরীতে জ্বস্থান করিতে লাগিলেন। রঘুপতি রামচন্দ্রের প্রতি অ্যোধ্যা বাসিজনদাধারণ দকলেই প্রীতি ও মানন্দ প্রকাশ করিতে লাগিল। অনন্তর, ভরত, শক্রম্ম

ভাতার দহিত মাতুলভবনে গমন করিলেন। তদনন্তর রাজা দশর্থ, পুত্র রামচন্দ্রকে যুবা শোভন দর্শন, স্থাতি বলশালী मन्दर्भन क्रिया हिन्छ। क्रिट्रन्न ८ए. त्रामहन्द्रक অভিষিক্ত করিয়া, আমি পরাৎপর বৈফাবদ প্রাপ্তির নিমিত্ত প্রযন্ত্র পর হইব। এইরূপ চিন্তা করিয়া রাজা গল্পর মন্ত্রী, ভূত্য, প্রজাও মহীপালগণকে আদেশ করিলেন যে, ঋষি-সম্মত যাহাকিছু অভিষেক্ত্রেরে প্রয়োজন ত**্স**াস্তই সত্বর আহরণ করিয়া আনায়ন কর। দূতগণ,আমার আদেংশ নৃপালগণকে সৎকারপূর্বক নিমন্ত্রণ করিয়া শীত্রই ফিরিয়া শাহ্রক। অযোধ্যাপুরী সাতিশয় শোভাষিতা হইয়া-বিরাজ-মানা হউক। জনগণ, সর্বাত্তেই নৃত্যুগীত বাদ্য ও আনন্দ ধ্বনিতে প্রতিনাদিত করণ্ক। যাহা, পুর্বাসীগণের পর্মানন্দ मन्भानन कतिरव अवः योष्टा (मनवांनिश्रास्त्र ७ विश्रशास्त्र পরমাপ্রীতি উৎপাদন করিবে, সেইরামের রাজ্যাভিষেক, কল্যপ্রাতে নিষ্পন্ন হইবে জানিও। সন্ত্রিগণ, মহারাজের এইরূপ মনোহরবাকা প্রবণ করিয়া প্রণিপাতপূর্বক কহি-লেন, রাজন্! আপনি ষে হংশোভনকাক্য বলিলেন, তাহা আমাদিগের দকলেরই পরম্প্রীতিকর। তাঁহাদেরবাক্য ভাবণ করিয়া রাজাদশরথ পুনর্বার কহিলেন, আমার আদেশে সত্ত্রই অভিবেক সামগ্রীসন্তার আহরণ কর। এই অযোধ্যা-পুরী সর্বত্ত শোভাষিত অটুরাজি ও যাগমগুপে হুষমা ধারণ করিয়া বিভাজমানা হউক। রাজা পুনঃ পুনঃ এইরূপ উদীরণ করিলে মন্ত্রিগণ সত্তর হইয়া সেই সকল কার্য্যই সম্পন্ন করিলেন। রাজা হ্রান্তিত হইলা শুভদিনের প্রতীকা

করিতে লাগিলেন। কোশল্যা,লক্ষাণ,স্থাত্রা, এবং নাগরিকজনগণ, রামাভিষেক আকর্ণন করিয়া পরম হর্ষ প্রাপ্ত হইলেন। শ্বন এবং শ্বন্তরের সম্যক্ শুক্রাশালিনী জনকনিদিনী ভর্তার মাঙ্গলিক শোভনবাণী প্রবণ করিয়া হ্র্যন্তিতা
ও আহ্লাদিতা হইলেন।

কল্পপ্রতিংকালে উদারাত্মা রাম্চন্দ্রের রাজ্যাভিষেক হইবে, জানিয়া, কৈকেয়ীর মন্থরা নাল্লী কুজরূপিণীদাসী, আপনস্বামিনী কেকয়নন্দিনীকে কহিডেলাগিল; হে স্থানাভিনে স্থানার বাক্য শ্রেবণ করুন। ভানার পতি মহারাজ অযোধ্যাপতি, তোমারই সর্বনাশে উদ্যত হইয়াছেন, জানিতে পারিতেছ না। রাজা কোশল্যাপ্রামকে কল্যপ্রাতংকালেই কোশলরাজ্যে অভিষ্কিকরিয়া হত্তী, অখ, রথ, বাহন, কোষ, ভ্তা রাজ্যাদি সমস্তই সমর্পণ করিতেছেন। ঐ সমস্তই রামের হইবে, হায়! তোমার ভরতের কিছুই হইবেনা; ভরত অকিঞ্চন হইবেন। ভরতও এক্ষণে দূরদেশস্থ মাজুলকুলে গমন করিয়াছেন। হায় কি কন্ট। তুমি এমন মন্দভাগিনী, যে তোমাকে সপত্নীর আজ্যাকরী কিন্ধরী হইতে হইল।

কেকরী মন্থরার সেই বাক্য প্রবণ করিয়াই কহিলেন,
মন্থরে! অদ্যই এইস্থানে আমার প্রভাব পরিদর্শন কর।
হে বিচক্ষণে! যেরূপে অথিলরাজ্য ভরতেরই অধিকারভুক্ত
ও রামের সদ্যই বনবাদ হইবে, তদ্বিধয়ে যত্নবতী হইলাম।
এই বলিয়া তৎক্ষণাৎ অঙ্গ হইতে অলঙ্কার, বসন, পুপ্রাল্যাদি উন্যোচন করিয়া, স্থলগলিনছিয়বদন পরিধানয়ুর্বাক

বিরূপিনী কৃষ্ণা ও কশালাকী (১) ভস্মধূলিধূদরিতত্তু, মান-বদনা, স্ত্রংখিতা ও অশ্রুস্থী হইয়া দীপপ্রভা প্রশামনপূর্বকি দক্ষ্যাকালে পৃথীতলে শ্য়ান হইয়া রহিলেন।

রাজা দশর্থ সন্ধ্যাকালীন উপাদনা সমাপনপূর্বক, মভা প্রবেশ করিলেন। তথায় মন্ত্রিগণের সহিত সকল বিষয়ের মন্ত্রণাপূর্ব্বক বশিষ্ঠাদি ঋষিগণদারা পুণ্যাহে স্বন্তিবাচনপুরং শর, সর্কানন্তারপূরিত সর্কভূষ্যনিনাদিত শন্তা কাহাল িঃস্বন সমন্বিত, নৃত্যগীতসমাকীর্ণ মঙ্গলামণ্ডপে রুদ্ধিজাগরণের নিমিত রামচন্দ্রকে স্থাপিত করিয়া, স্বয়ং তথায় কিছুকাল অবস্থানপূর্ব্বক প্রীত হইয়া, জরৎপরিরক্ষিত (১) কৈকেয়ীর গৃহস্বারে উপনীত হইয়া কহিলেন, অদ্য রামাভিষেকজনিত হর্ষভারে নীচগণও মহোৎদাবে আপন আপন ভবনমণ্ডপ অল-ক্লত করিয়াছে, অয়ি! অনিন্দিতে! তুমি কেন গৃহ দকল অলঙ্কত কর নাই। এই বলিয়া নূপতি, প্রদীপজালিয়া গৃহপ্রবেশপূর্বক দেখিলেন, নিজকামিনী কেকয়রাজনন্দিনী, মলিনাঙ্গী হইয়া ভূতলে পতিত রহিয়াছেন। তদ্দর্শনে রাজা কহিলেন, প্রিয়ে! ইহা কি তোমার অপ্রিয় ? এই বলিয়া তাঁহাকে ভূতল হইতে উত্তোলন করিয়া আলিঙ্গন প্রদান-পূर्विक कहित्लन, (मिन ! आमात वाका ध्वेवन कत। एह স্থােভনে ! রামচন্দ্র নিয়তই আপন জননী অপেকা তোমার প্রতি অধিকতর ভক্তি করিয়া থাকে। কল্য প্রাভঃকালে

<sup>(</sup>১) कषानाशी-मनिनाशी।

<sup>(</sup>२) জর -- জী वजन तृक।

দেই রানচন্দ্রের রাজ্যাভিষেক হইবে, তুমি সানন্দে সর্বকার্য্য অনুসান্ধ কর। রাজা এইরূপ কহিলে, অভভকারিণী কৈকেয়া কিছুই উত্তর প্রদান করিলেন না। কেবল রোষভরে দীর্ঘ ও উষ্ণনিশ্বাদ পরিত্যাগপূর্বক মৃত্যুবনে রোদন করিতে লাগিলেন। রাজা স্বকীয়কর্য্গলন্ধারা তাঁহাকে উত্থাপিত করিয়া রোষপ্রকাশপূর্বক কহিলেন, ভোমার কি তঃখের ফারণ উপস্থিত হইয়াছে বল। হে অংশাভনে! বস্ত্র, আভরণ, ধন, রত্র যাহা কিছু মাভিলায কর, তৎসমুদায়ই নিঃশঙ্ক চিত্রে ভাণ্ডার হইতে গ্রহণ করিয়া অ্থিনী হও। মহাত্মা রামচন্দ্রের রাজ্যাভিষেকে বহুমান প্রদর্শন কর।

নৃপতি প্রবর এইরপ কহিয়া বিরত হইলে, পাপলকণা নিমুণা, কুমতি গ্রস্তা কুজাশিক্ষিতা কৈকেয়া, নিজপতি নরপতি প্রতি অতি নিষ্ঠু রাক্ষর জুরবাক্য কহিতে লাগিল, হে রাজন্! আপনার যাহা কিছু রত্ন ধন, তাহা আমারই, ভাহতে দলেহ নাই। দেবাহ্যরগণের মহাযুদ্ধে বিক্ষত হইলে আমার শুক্রায় স্বাহ্যলাভ করিয়া প্রতি প্রকাশ পূর্বক পূর্বে আমাকে হুই বর প্রদান করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন, এক্ষণে তাহা আমাকে প্রদান করুন। তাহা শুনিয়া রাজা প্রেয়সীকে কহিলেন, তোমার শুক্রষায় প্রতি হইয়া আমি, পূর্বের ছুই বর দিতে প্রতিশ্রুত আছি, ভাহা কি ভোমাকে প্রদান করি নাই। হে কল্যাণি! তক্ষন্য আর তোমাকে হুখ করিতে হইবে না। ছুমি অনর্থক শোক পরিহার কর, রামাভিষেক্ষনিত হর্ষ ভজনা করিয়া গাত্রোখানপূর্বক স্থানী হও।

রাজার এই বাক্য প্রবণ করিয়া কলহপ্রিয়া কৈকেয়ী, রাজার মরণকারণ অত্যন্ত কঠোর বাক্য কহিতে লাগি-লেন, হে বিভো! পূর্বিদত্ত বরষয় যদি আমাকে প্রদান করেন, তবে কল্য প্রাতঃকালেই কোশল্যাপুত্র রাম, দণ্ডকা-রণ্যে গমন করিয়া দ্বাদশ বংদর অবস্থিতি করুক এবং ভর-তের রাজ্যাভিষেক সম্পন্ন হউক।

রাজা কৈকেয়ীর এই ঘোরতর অপ্রিয়ণ্চন প্রবণানন্তর জ্ঞানহীন হইয়া ভূতলে পতিত হইলেন। কৈকেয়ীও আপন অঙ্গ বিভূষিত করিলেন। প্রভাত হইবামাত্র কৈকেয়ী হুমন্ত্র দূতকে কহিলেন, মহারাজের আজ্ঞায় সহর রামকে এখানে আনয়ন কর। রাম পুণ্যদিনে দ্বিজগণকর্তৃক কৃত-সন্তায়ন ও শন্থভূর্য্যরবাবিত হইয়া যাগমগুপে উপবিষ্ট ছিলেন। দৃত তথায় গমন করিয়া প্রণিপাতপূর্বক কছিল, হে রামচন্দ্র ! আপনার পিতা কেকয়নন্দিনীর ভবনগমনে আদেশ করিতেছেন। তাহা শুনিয়া রামচন্দ্র সম্বর গাতো খান পুরঃসর ত্রাহ্মণগণের অফুজ্ঞা গ্রহণপূর্ব্বক কৈকেয়ীভবনে গমন করিলেন। রামকে গৃহে প্রবেশ করিতে দেখিয়া নিম্ব্লা কেক্য়ী কহিতে লাগিল, হে বৎস ৷ তোমার পিতার মত যেরূপ, তাহা আমি কহিতেছি, প্রবণ কর। হে মহা-বাত্। তুমি ঘাদশ বৎসর বনগমন কর। হে বীর! তপস্থায় নিশ্চিতমতি হইয়া এখনি বনগামী হও, বিলম্ব করিও না। বংদ! তুমি মানদে ইহার বিচার করিও না পিতৃগৌরবে আদর প্রদর্শন পূর্বক সত্তর ইহা সম্পন্ন কর। কমললোচন রাসচন্দ্র পিতার এই আদেশবাক্য,কৈকেয়ী-

মুথে প্রবাণ করিয়া "তাহাই করিব" এইরূপ অঙ্গীকারপূর্ব্বক উভয়ের চরণে নমস্কার করিয়া কৈকেয়ীর গৃহ হইতে নির্গত হইলেন এবং গৃহে গমন করিয়া শরাসন গ্রহণ পূর্ব্বক কোশী ল্যার ও স্থমিত্রার চরণযুগলে প্রণিপাতপূর্বক গমনোদ্যত হইলেন তচ্ছবণে পৌরগণ আত্যন্তিক ত্রঃখণোকে পরি প্লুত হইল। সৌমিত্রি, কৈকেয়ীর প্রতি ক্রোধান্বিত হইয়া যুদ্ধার্থ সমুখান করিলেন। ধর্মজ্ঞ, মহামতি রামচন্দ্র লোহিত লোচন লক্ষ্মণকে বহুবিধ ধর্মসমন্ত্রিত বাক্য দ্বারা নিবারিত করিলেন।

অনন্তর রাজীবলোচন রাঘবৰন্দন তত্ত্ব বৃদ্ধগণে ও মহর্নিগণে প্রণাম করিয়া বনগমনের নিমিত্ত সত্বর রথে আরোহণ করিলেন। উদ্ভূতযৌবন রামচন্দ্র সর্বভোগবিস্জ্জন করিয়া পিতার আদেশ প্রতিশালন পূর্বক বনগমনে উদ্যত ছইলেন। আত্মীয়স্তজনগণে আমন্ত্রণ করিয়া এবং শ্রহ্মার সহিত ব্ৰাহ্মণগণকে বিবিধ বসন প্ৰদান পূৰ্বকি বালক খ্ৰা এবং সংজ্ঞাহীন শ্বশুরকে আমন্ত্রণানন্তর রোরুদ্যমান পৌর-জনগণকে দন্দর্শন করিতে করিতে জনকত্বহিতা দীতা সম্বর রথে আরোহণ করিলেন। (রামচন্দ্র দীতার দহিত রথারো হণে গমন করিতেছেন, দেখিয়া স্থমিতা হুঃখভরে নিজপুত্র লক্ষাণকে কহিলেন, ছে গুণাকর স্বাদ্যনন্দন! ভূমি রাস্ চক্রকে দশরথ এবং জনকাত্মজা দীতাকে স্মিত্রাজননী विलग्ना जानित्व अवः आर्याधार्युती अवेवी विलग्ना अवशव <u>হও। হে পুজক! তুমি ইহাদের সহিত বনগমন কর।</u> স্তন্যাক্তদেহা স্মিত্রা এইরূপ কহিলে, ধর্মাত্রা লক্ষণ মাতৃ-

চরণে প্রণাম করিয়া মনোরম স্থান্দন-বন্দনপুরঃসর তাহাতে. ভারোহণ করিলেন।

রামলক্ষাণ ও পতিব্রতা দীতা, অভিষেক হটতে বিচ্ছিন্ন হইরা বনপ্রস্থান করিলেন। রাজীবলোচন রাম অযোধ্যা হইতে নিজ্ঞান্ত হইলে মন্ত্রিগগণ, পোরমুখ্যগণ ও পুরোহিত-গ্র মত্যন্ত তুঃথিত হইয়। রামের অনুগমন করিলেন এবং রামদ্দিধানে গ্রম করিয়া কহিতে লাগিলেন, হে মহাশাহ রামচন্দ্র ! আপনি বনগমনের যোগ্য নহেন, হে রাজপুত্র ! নির্ত্তহও; আমাদিগকে পরিত্যাগ করিয়া কোথায় যাই-তেছেন ! রযুকুলধুরন্ধর সত্যত্তত রামচন্দ্র তাঁহাদের বাক্য প্রাবন করিয়া কহিলেন, হে অমা তাবর্গ পৌর রা ও পুরো-হিতগণ ! অপ্পনার। গতব্যথ হইয়া প্রতিগমন করুন। অপুমি দাদশবৎসর দণ্ডকারত্যে বাস করিয়া পিতার সত্যত্তত প্রতি-পালন পূর্ব্বিক পিতৃগণের ও মাতৃগণে র চরণযুগল অবলোকন করিবার নিমিত্ত সত্বর আগগমন করিতেছি। সত্যপরায়ণ রামচন্দ্র তাহাদিগকে ইহা কহিয়া গমন করিতে লাগিলেন। পোরজনগণ পুনর্কার তাঁহার পশ্চাদ্গামী হইলে কোশল্যা-নারা অযোধ্যানগরী প্রতিগমনপূর্বক তথায় অবস্থিত হইয়া পিতা, মাতা, ভরত শক্রম ও তত্রস্থ সমস্ত প্রজা প্রতিপালন করুন, আমি তপস্থার্থ বনবগমন করিব।

পোরগণ মন্ত্রিগণ ও জানপদগণ রোদন করিতে করিতে প্রতিনির্ত্ত হইলে, রামচন্দ্র লক্ষ্মণকে কহিলেন ভাতঃ! দীতাকে মিথিলাপতি জনকরাজের নিকট রাখিয়া মাইদ, .জানকী জনকজননীর বশবর্তিনী হইয়া অবস্থিতি করুন। তুমিও পিতামাতার আজ্ঞানুবর্তী হইয়া অযোধ্যায় অবস্থিতি কর। আমি বন গমন করিব। তাহা শুনিয়া, ভাতৃবৎসল ধর্মাত্ম। লক্ষণ কহিতে সাগিলেন, প্রভো! আমার প্রতি করুণা করিয়া এরূপ খাজা করিবেন না। আপনি যেখানে গমন করিবেন, আমিও তথায় গমন করিয়। স্থা হইব। লক্ষাণ এই বাক্য বলিলে, রামচক্র সীতাকে কহিলেন, হে শোভনাননে জানকি! আমার আদেশে তুমি জনকের নিকট গমন কর; অথবা স্থমিত্রাগৃহে বা কৌশল্যাভবনে গমন করিয়া আমার পুনরাগমনপর্য্যন্ত তুহিতার আয় অবন্থিতি তাহা শুনিয়া দীতা পদাক্টাুলনিভকরযুগলে অঞ্জলি বন্ধনপূর্বক কহিতে লাগিলেন, হে মহাত্রত অরিন্দম! আমিও আপনার সহিত দেই স্থানে অবস্থিতি করিব। হে সত্যদন্ধ! আমি আপনার বিয়োগযাতনা সহ্য করিতে পারিব না। অতএব প্রার্থনা করি, আমার প্রতি করুণ। প্রকাশ করিয়া অমুমতি করুন, আমি আপনার অমুগামিনী হইব। বিনয়নমবচনে জানকী এইরূপ বলিতে বলিতে তাঁহার বদন অধাকর মান হইয়া উঠিল, তদর্শনে ধর্মবিৎ রামচন্দ্র সীতাকে আর নিকারণ করিলেন না।

অনন্তর রামচন্দ্র পৃষ্ঠভাগে অবলোকন করিয়া দেখিলেন, নানাবিধ যানবাহন দঙ্গে লইয়া বহুতর পুরাবাদিগণ ও জান পদগণ ও অবলাবর্গ তাঁহ।দিগকে বনগমনে নির্ত্ত করিছে আসিয়াছে, তিনি সত্ত্বর হইয়া কহিলেন, হে জানপদ্বর্গ আপন র। অযোধ্যাপুরী প্রতিগমন করন। আমি তপস্থায় কুতনিশ্চয় হইয়া সত্য কহিতেছি,লক্ষ্মণ ও নিজ ভার্য্যা জানকীর সহিত দণ্ডকারণ্যে দাদশবংদর বাস করিয়া, সহর এখানে আগমন করিব। দীতা কহিলেন, হে পতিব্রভা পুরকামিনীগণ! আপনারা গৃহে প্রতিগমন করুম, আমি ভর্তার সহিত বনগমন করিয়া দ্বাদশ বংসর ঘতীত হইলে আপনাদিগকে দর্শন করিয়া স্থানা হইব। তাহা শুনিয়া পোরজনপদ্রগণ ও পুরনারীগণ কি করিবেন, অগত্যা অব্যাধ্যার প্রতিনিব্রত হইলেন।

পোরগণ প্রতিনির্ভ হইলে রামচন্দ্র গুহকের আশ্রমে গমন করিলেন, গুহক স্বভাবতই রামভক্ত ও বৈফব, সে অঞ্জলিক্সনপূর্বক কহিল, রাম! আমি তোমার কোন্কার্য্য সাধন করিব ? এই বলিয়া কুতাঞ্জলিপুটে দভায়মান রহিল।

রামচন্দ্র গুহকের দহিত পুণ্যস্থানে গমন করিলেন।

ঐ পবিত্র ভূমি, আপন পূর্বপুরুষ ভগীরথকর্তৃক মহতা তপস্থা

ঘারা আনীতা শুভদায়িনী দর্বপাপহারিণী গঙ্গার মৎদ্যমকরসঙ্কলক্ষাটিকনিভউর্মিগালায় আকুলা ও বহুতর তপোধনগণে অধ্য্যিতা (১)। গুহক নৌকা আনয়ন করিলে
রামচন্দ্র দীতা ও লক্ষ্মণের সহিত গঙ্গাপান্ন হইয়া ভরবাজ
মুনির পুণ্যাশ্রমে গমন করিলেন। তাঁহারা ভক্তত্য প্রথাগ
তীর্থে যথাবিধি স্নান দ্যাপনানন্তর ভরম্বাজ কর্তৃক পুজিত

<sup>(</sup>১) इटाधिवामा।

দ্ইয়া নির্দাল প্রভাতকালে মুনির অনুমতিগ্রহণপূর্বক তদ্ধিত পথে নানামুনিজনদেবিত, বিবিধপাদপপুষ্পালতা সমাকার্ণ, নির্দাল নিঝরনিনাদিত অন্ত্রম (১) পুণ্যতীর্থ চিত্র-কৃট পর্বতে উপনীত হইলেন।

ভাতাঁ ও ভার্যার সহিত রঘুকুলোজ্জ্বল রামচন্দ্র তপষিবেশ ধারণপূর্বক জহ্নুক্যা অতিক্রম করিয়া গমন করিলে
সার্থি স্থমন্ত্র স্বত্বঃথিত হইয়া নক্ষশোভা নারবা শৃত্যমন্ত্রী
অযোধ্যাপুরী প্রতিগমন করিল। রাজা দশরথ পুত্রশোকে
অভিদন্তপ্ত হইয়া দেহপরিহারপূর্বক দেবলোকে গমন
করিলেন। কোশল্যা, স্থমিত্রা ও কন্টকারিণী কেক্য়ী মহা
রাজকে বেইন করিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন।
রাজার মৃত্যুসংবাদ প্রবণে পৌরগণ সন্ত্রীক হইয়া শোকভরে
রোদন করিতে করিতে কহিতে লাগিল,পতিঘাতিনী কৈকে
মীর মনোরথ পরিপূর্ণ হইল।

অনন্তর সর্বধর্মবিৎ পুরোহিত বশিষ্ঠদেব মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিয়া রাজার মৃত কলেবর তৈলদ্রোণীতে নিক্ষেপ পূর্বক ভরতসন্ধিধানে দূত প্রেরণ করিলেন। ভরত শক্রম্মহিত যে স্থানে উপবিফ ছিলেন, দূতপ্রবর তথার গমনপূর্বক সমস্ত র্তান্ত নিবেদন না করিয়া কার্য্যগৌরব বিজ্ঞাপনপূর্বক তাহাদিগকে সম্বর অযোধ্যায় আন্যুন করিল। ভরত ভাতার সহিত পথিমধ্যে বহুবিধ অমঙ্গল-সূচক ছুর্নিমিত্ত দর্শন করিয়া মনে মনে চিস্তা করিতে লাগি-

<sup>(</sup>১) नारे উভम याश श्रेराज, तम अञ्चय। नान्ति डेखामा समार।

লেন, অংযোধ্যা নগরী নিশ্চিতই বিপরীত ভাবাপর হই-

অনন্তর ভরত বিগতশোভা, নির্গতলক্ষী, কেক্য়ীবহ্নিন্দ্রা, শ্নাময়ী হুংখ শোকসমন্ত্রতা অযোধ্যাপুরী প্রবেশ করিলেন। সমস্ত মানবগণই তাঁহাদিগকে দর্শন করিয়া উচ্ছলিত হুংখভরে "হা তাত! হা রাম! হা জানকি! হা লক্ষন।" পুনঃ পুনঃ এই বলিয়া অধিকতর রোদন করিতে লাগিল। ভরত শক্রেম্ম সহিত হুংখিত হইয়া রোদন করিতে লাগিলেন!

অনন্তর ভরত এই সমস্ত অকার্য্য কৈকেয়ীকর্ত্ক সংঘটিত হইয়াছে অবগত হইয়া জোধান্তি হইলেন এবং তিরস্কার করিয়। মাতাকে কহিলেন, তুমি ভাত। লক্ষণ ও ভার্যা জনকজার দহিত রামচন্দ্রকে গহনবনে নির্বাদিত করিয়া অতিশয় তুক্টবুদ্ধির কার্য্য করিয়াছ। তুমি নিজকুতকর্মারারাই এক্ষণে স্বল্লভাগ্য হইয়াছ, কে ভোমাকে এরূপ বিগহিত কার্যোর উপদেশ প্রদান করিল। তুমি মনে করিয়াছ, পতিব্রতা দীতাও উদারাতা লক্ষণের সহিত লোকাভিরাম রামচন্দ্রকে নির্মাদিত করিয়া, আপনপুত্র রামকে রাজা করিবে। তুমি নিতান্তই তুষ্ট ও নক্টভাগ্য, আমি কদাচই এ রাজত্ব করিব না; নরপ্রবর পদ্মপতায়তেকণা ধর্মজ্ঞ, দৰ্কাশান্ততত্ত্বজ্ঞ, দৰ্শবজ্ঞ, বন্ধুবৎদল রামচন্দ্র এবং নিয়মত্তত্ত্ত চারিণী, সৌভাগ্যশালিনী পিতৃগণের হিতকারিণী, পভিত্রতা জনকত্বহিতা এবং মহাবীষ্যা, গুণবান, ভাতৃবৎসল, উদার-হৃদ্য লক্ষ্য ইহার। যে স্থানে গ্রমন করিয়াছেন। কৈকেয়ি!

আ। মি সেই স্থানেই গমন করিব। জননি ! তুমি মহৎপাপ করিয়াছ। মতিমান্গণের অগ্রগণ্য জ্যেষ্ঠ ভ্রাতা রামচন্দ্র স্থিব। রাজা হইবার যোগ্য আমাকে নিশ্চিতই তাঁহার কিঙ্কর বলিয়া জানিবেন।

ভরত নিজজননা কৈকে নীকে এইরপে কহিয়া হা রাজন্! হা পৃথিবীপাল! হা তাত! আমাকে পরিত্যাগ করিষা কোথায় গেলেন; আজা করুন, একণে আমি কি করিব ? এই বলিধা তু:খভরে রোদন করিতে লাগিলেন। হায়! বিত্দমান করণানিধান রামভদ্র, আনার জ্যেষ্ঠভাণা, দীতা বেবা আমার মাতৃতুল্য, উদার হৃদয় প্রান্দমান লক্ষ্মণ, কোথায় গেল এইরপ বিলাপ করিতে করিতে ভরত শোক-ভরে ভূমিতলে পতিত হইয়া রোদন করিতে লাগিলেন।

অনন্তর,মন্ত্রিগণের দহিত ভগবান্ বশিষ্ট কালকর্ম বিভাগালুদারে কহিলেন, বৎদ। ভরত গাজোখন কর, আর শোক করিওনা। কালবংশ কর্মবশে তোমার পিতা স্বর্গান্ত্রণ করিয়াছেন তাঁহার সংস্করাদি কর্মদকল সম্পাদন কর । জগতীপতি ভগবান্ নারায়ণ, রামচন্দ্র হুষ্টেরনিধন ও শিক্টের পালন নিমিত্র নিজসংশে মানবরূপে অবনীতলে অবতার্ণ ইইয়াছেন। তিনি কর্মদারা প্রেরিত ইইয়া যেস্থানে লক্ষাও দীতার দহিত গমন করিয়াছেন তথায় তাঁহাদের কর্ত্তাকর্ম রহিয়াছে। দেই কার্যাসম্পন্ন করিয়া, কমল-লোচন রাম পুন্ধার এখানে আগমন করিবেন মহাত্মা বশিক্তের এই কথা প্রাণ্ণ করিয়া ভরত, বিধিপুর্বক পিতার দহ্লা করিয়। অয়িহাত্রাদি সমাপনপূর্বক পিতার দেহ,

দগ্ধ করিলেন। শত্রুত্বসহিত সর্য তোয়ে স্থান করিয়া উদকাঞ্জলি অর্পণ করিলেন। অনন্তর ভ্রাত্বস্থু মন্ত্রিসামন্তনায়কগণের
সহিত পিতার উদ্ধি দৈহিক কার্য্য সমাপন করিলেন।

পরে, জাত্বৎদল মহামতিভরত, হস্তা, অখ, রথ পত্তি দমভিব্যহারে, রামাবলন্বিত মার্গে, রামের অন্বেষনার্থ নিগতি হইলেন। রামের বিরোধি মহতীদেনা আগমন করিতেছে শুনিয়া রামভক্ত গুহক, মহাবল পরিবারগণের সহিত পথমধ্যে ভরতকে অবরোধকরিয়া কছিল, রে ছুইট-চেষ্টি হ ছুরাক্মন্! ভ্রাতা ও ভাগার সহিত মসস্বামী রামভদ্রকে বনে প্রেরণ করিয়া ইদানীং তাঁহাকে বিনাশকরিবার নিমিত দেনার সহিত করিতেছিদ্। নৃপনন্দন ভরত, গুহকের সেই বচন প্রাণ করিয়া বিনীতবচনে কুতাঞ্জলিপুটে কহিলেন; হে মহামতে তুমি যেরূপ রামভক্ত, মামিও তাঁহার প্রতি দেইরূপ ভক্তিমান্। আমি স্থানান্তরে অবস্থান করিতেছিল।ম সেই সময়ে কৈকেয়া এরূপ বিগর্হিত কার্য্য করিয়াছে। হে নরো-ত্য! এক্ষণে আমি রামকে আনয় নর নিমিদ্ধ গমন করি-তেছি। সত্য কহিতেছি, আমাকে পথ প্রদান কর। এই-রূপে গুহের বিশ্বাদ উৎপাদন পুরঃদর ভরত তদত্ত নৌকা দার। গঙ্গাপার হইয়া তজ্জলে অবগাহন পূর্বক ভরদাজের জাশ্রমে গমন করিয়। প্রণিত পুর: সর মুনিবরকে সমস্ত त्रकान्ड निर्वापन क्रिलिन।

ভরবাজ কহিলেন, কালবশে এরূপে ঘটিয়াছে, রামের নিমিত্ত তোমার মার হৃঃধ করা কর্ত্তির নয়। সভ্যপরায়ণ রামচন্দ্র চিত্তকৃট পর্বতে অবস্থান করিতেছেন, তুমি তথায় গমন করিলে বোধ করি তিনি পুনরাগমন করিবেন না। তথাপি তুমি তথায় গমন কর, তিনি যেরূপ বলিবেন,তাহাই তোমার কর্ত্ব্য।

ধীনান্ভরদাজের এইরূপে বাক্য প্রবণ করিয়া ভরত
যমুনা উর্রণপূর্বকি মহামহাধর চিত্রক্টে গমন করিলেন।
রাম দীতার দহিত স্থাভেন বিশ্ববিরহিত বনথণ্ডে অবস্থান
করিতেছিলেন। মহানীর্য্য লক্ষাণ বিশ্ববিরহিত বনথণ্ডে অবস্থান
করে ভিছিলেন। তিনি দূর ছইতে, ইটতরদিকে অস্থলি
নির্দেশ পূর্বক রামচন্দ্রকে কহিলেন, এইদিকে বিশেষ কলরব প্রতে হইতেছে। দোমিত্রি, রামের আজ্ঞায় রুক্ষে
আরোহণ করিয়া যত্রপূর্বকি নিরীক্ষণ করিয়া দেখিলেন,
হস্তি সম্বর্থদংযুক্ত এক মহতী চমু আদিতেছে। তদ্দর্শনে
রামচন্দ্রকে কহিলেন, হে ভাতঃ! আপনি স্থির হইয়া দীতার
পাথে উপবেশন করুন; কোনও বলবান্ রাজা ছস্তি অধ্
রথপতির সহিত এই দিকেই আগমন করিতেছে।

ধীর ও বীরপ্রবর কামচন্দ্র মহাত্মা লক্ষণের সেই বাকা শ্রুবণ করিয়া কহিলেন, জ্রান্ডঃ! ভরত আমাদিগের দর্শনাথ আগমন করিতেছে। ইহারই অধিকতর সম্ভাবনা দেখি তেছি। এই বলিয়া দূরপরিণামার্শী বিদিতাত্মা রামচন্দ্র উপবিষ্ট রহিলেন। অনতিবিলম্বে সেই মহতী সেনা দূরে সংস্থাপিত করিয়া বিনয়ান্তিত ভরত আক্ষণ ও মন্ত্রিগণের সহিত রোদন করিতে করিতে আগমন করিয়া লক্ষ্মণসন্মি ধানে রাম ও জানকীর পদতলে নিপ্তিত হইলেন। শোক কাতর মন্ত্রিণ মাত্বর্গ ও স্লিপ্রবন্ধুগণ রামচন্দ্রকে বেইটন করিয়া ছংখভরে রোদন করিতে লাগিলেন। রাজা স্বর্গার্
হইয়াছেন, শ্রবণ করিয়া রাম, সাতা ও লক্ষ্মণ সাতিশয় ছংখিত
ও শোকাষিত হইলেন। অনন্তর কলুষ্বিনাশী বিমল তীর্থ
জলে অবগাহন করিয়া সলিলাঞ্জলি প্রদান করিলেন। পরে
মাত্রগণকে অভিবাদনপূর্বক ছংখিত চিত্তে উপবেশন করিলে,
ভরত রামচন্দ্রকে কহিলেন, হে রঘুনন্দন! মহারাজ ব্যতিরেকে
অযোধ্যাপুরী অনাথা হইয়া রহিয়াছে, আপনি সত্তর তথায়
গমন করিয়া প্রতিপালন কর্জন। ভরতের বাক্য প্রবণ
করিয়া রামচন্দ্রক হিলেন, পিতার নিয়োগবশে আমি দ্বাদশ
বৎসর বনে বাদ করিব; তুমি তথায় গমন করিয়া প্রী
প্রতিপালন কর্ব।

তাহা শুনিয়া ভরত, রাজীবলোচন রামচন্দ্রকে কহিলেন, হে পুরুষপ্রবর! নিশ্চিতই জানিবেন, তোমা ব্যতিরেকে আমি কদাচই নগর গমন করিব না। আপনি মৈথিলী
ও লক্ষ্মণ যেন্থানে গমন করিবেন, আমিও তথায় গমন
করিব। তচ্ছুবলে রামচন্দ্র সম্মুখন্থিত ভরতকে পুনর্বার
কহিলেন, জ্যেষ্ঠভাতা মানবগলের পিতার সমান; তুমি
নিজধর্মের অসুবর্ত্তন কর। যেমন আমি পিতৃমুখবিগলিত
আদেশবচন লজ্জন করি নাই; হে মনুজসত্তম! তুমিও
সেইরূপ আমার বাক্য লজ্জন করিও না। তুমি আমার
আদেশে এন্থান হইতে সহর অযোধ্যা প্রতিগমন করিয়া,
প্রজাবর্গের প্রতিপালন কর। আমি পিতার নিদেশ প্রতিপালনপূর্বক দ্বাদশবৎদর অরণ্যে বাদ করিয়া তোমার নিকট
গমন করিব এবং অন্যান্য সকলেই এইকথা কহিবে। ভামি

আদেশ করিতেছি, তুমি গমন কর ? আমার নিমিত্ত তুমি কিছুমাত্র তুঃথ করিও না। তাহা শুনিয়া ভরত বাস্পাক্ল-লোচনে কছিলেন, পিতা যেরূপ, আপনি আমার সেইরূপ সন্দেহ নাই। আপনার আদেশ প্রতিপালন আমার অবশ্য কর্ত্তব্য। আপনি স্বকীয় পাতুকাযুগন আমাকে প্রদান করুন, আমি নন্দিগ্রামে বাস করিয়া,এই পাতুকাযুগলের অর্চনা ক রিতে করিতে দ্বাদশবৎদর ত্রতধারণপূর্ব্বক প্রজাপালন করিব ! আপনার মাজ্ঞাপালন আমার মহাত্রত হইবে। দাদশবৎ সর অতীত হইলে যদি আপনি পুরী প্রতিগমন করেন, ভবেই নিশ্চিতই এই কলেবর প্রজ্জ্জালিত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিয়া জীবন বিসর্জ্জন করিব। ভরত এইরূপ প্রতিজ্ঞা করিয়া হুত্রুংখিতচিত্তে রামচন্দ্রকে বারস্থার প্রদক্ষিণ ও নমস্কার করিয়া শিরোদেশে পাছকাযুগল সংস্থাপনপূর্বক ধীরে ধীরে নন্দীগ্রামে গমন করিলেন। তথায় অবস্থান করিয়া ভাতার আদেশ প্রতিপালনপূর্বক রাজ্যশাসন করিতে লাগিলেন।

জিতেন্দ্রিয় অনিশিতাত্বা রাজপুত্র ভরত, তপদী নিয় তাহার ও শাকমূলফলভোজী হইয়া, মন্তকে জটাকলাপ ও কটিদেশে তরুত্বচ্ ধারণপূর্বক রামের অদেশ প্রতিপালন করিয়া রামশোকে নিয় এই নিশ্বাস ত্যাগপুরঃসর পৃথিবীপালন করিতে লাগিলেন।

## ত্রিচত্বারিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, ভরত গমন করিলে, দীতাও লক্ষাপের সহিত রামচন্দ্র শাকমূলফলাহারী হইয়া, মহারণ্যে
বিচরণ করিতে লাগিলেন। এক দিবস, চিত্রকূটের বনস্থানে
প্রতাপবান্ রামচন্দ্র, দীতার সহিত শয়ন করিয়া নিদ্রিত
হইয়াছেন, এমত সময়ে এক ছফটচেষ্টিত কাক, দীতার স্তনয়ুগলের মধ্যভাগ বিদীর্ণ করিয়া রক্ষে আরোহণ করিয়া
রহিল। কমললোচন রামচন্দ্র, জাগরিত হইয়া জানকীর
প্রেমারান্তরে রুধির দর্শন করিয়া, হতঃখিতা দীতাকে কহিলেন,প্রিয়ে! তোমারস্তনান্তরে শোণিতসম্পাতের কারণ কি,
বল। দীতা বিনীতবচনে প্রিয়তমকে কহিলেন, রাজেন্দ্র!
দেখুন, যে ছফটচেষ্টিত বায়স, রুক্ষাণ্ডে অবস্থিত রহিয়াছে,
সাপনি নিদ্রিত হইলে, ঐ কাকই এই কার্য্য করিয়াছে।

র ম সেই ছুফাচেষ্টিত বায়সকে দর্শন করিয়া, ক্রোধাবিন্ট হইলেন এবং ঐষীকাস্ত্র গ্রহণপূর্বক অভিমন্ত্রিত করিয়া,
কাকের উদ্দেশে নিক্ষেপ করিলেন। কাকও ভয়বিহলল হইয়া
প্রধাবিত হইল। হে রাজন্! সেই কাক ইন্দ্রের পুত্র,
ফতরাং সে ইন্দ্রলোকে প্রবেশ করিল। প্রদীপ্র রামশায়ক
জলিতে জ্বিতে বাসবপুরে প্রবিষ্ট হইল। দেবরাজ
জানিতে পারিয়া, সমস্ত দেবগণের সহিত মন্ত্রণাপূর্বক রামের
স্পকারক সেই ছুফা কাককে বাহির করিয়া দিলেন।

ইন্দ্রাদি দেবগণকর্ত্ব বহিদ্ধৃত হইলে, সেই বায়স রামচন্দ্রের শরণাগত হইল। (হে মহাবাহো! রামচন্দ্র, আমাকে পরি ত্রাণ করন, আমি অজ্ঞানে আপনার অপকার করিয়াছি। তাহা শুনিয়া,কমললোচন রামচন্দ্র তাহাকে কহিলেন,আমার অস্ত্র অমোঘ, তুমি আমার অস্ত্রকে একটি চক্ষু প্রদান কর। রে মহাপকারিন্! ছুফাশয়! তাহা হইলে তুমি প্রাণদান প্রাপ্ত হইতে পার। তাহা শুনিয়া ঐ কাক অস্ত্রকে আপনার একটা নেত্র প্রদান করিল। অস্ত্রবর ঐ নেত্রকে ভুগী শুত করিয়া শান্ত হইল। তদবিধি সমস্ত বায়সগণের এক এক নেত্র হইল;) সেই হেতু বায়সগণ, একনেত্রে দর্শন করিয়া থাকে।

তপষিবেশধারী রামচন্দ্র স্থাচিরকাল চিত্রকৃটে অবস্থিতি করিয়া, ভ্রাতা ও ভার্যার সহিত নানামনিজননিমেবিত দশুকারণ্যে গমন করিলেন। অনন্তর মহাশরাসনপাণি মহাবল মেধাবী, রঘুনন্দন রামচন্দ্র, তত্রস্থিত সমারভক্ষী সলিভক্ষী, পর্ণাশী, পঞ্চাগ্রিমধ্যাগত, উগ্রতপশ্চারী, চতুর্থী ষ্ঠী-অন্টমী তিথিতে অনশনাদিব্রতাবলম্বী, এবম্বিধ বহুত্ত তপস্বিবর্গকে দর্শন করিয়া ভূমিতলে জামুপাতনপুরঃসর প্রণাম করিলেন। মুনিগণও রামভদ্রের যথোচিত পূজা করিলেন। অনন্তর অথিলকানন-দর্শনমানসে, সাক্ষাৎ জনার্দিন রামচন্দ্র, স্থী ভ্রাতা ও ভার্যার সহিত বনে বনে ভ্রমণ করিতে লাগিলেন এবং কৃষ্ণমিত স্থাণাভন নানাবিধ্যাশ্চর্য্য সমন্থিত কানন সকল, সীতারে প্রদর্শন করিতে করিতে চলিতে লাগিলেন।

তদনন্তর পথিমধ্যে কৃষ্ণাঙ্গ লোহিতনেত্র, শ্রেনস্থন (:)
শঙ্কর্ন, শুল্রদং দ্রু, মহাবাহ্ন, মহাবীর্য্য, সন্ধ্যাকালীন জলধরতুল্য শিরোক্রহশালী, মেঘগন্তীরস্বর বিরাধনামক রাক্ষদকে
দেখিতে পাইলেন। অন্সের অবধ্য সেই মহাত্রমু নিশাচরকে
তীক্ষশরে নিহত করিয়া, গিরিগর্তে প্রক্ষেপপূর্বক শিলাদারা
আচহাদিত করিয়া শরভঙ্গমুনির আগ্রমাভিমুখে প্রস্থান করি
লেন। পথিমধ্যে বিরাধকথায় সন্তুন্ত থাকিয়া ক্ষণকাল
বিশ্রাম করিলেন। অনন্তর তাঁহার আশ্রমে গমনপূর্বক
মহামুনি শরভঙ্গের সহিত সাক্ষাৎ করিয়া, অভিবাদন করিলেন। অনন্তর তৎপ্রদর্শতিপথে অগস্ত্যমুনির আশ্রমপ্রদ
উপনীত হইয়া তাঁহার চরণে প্রণাম করিলেন। তাঁহার
আশ্রমে অবস্থিতি করিয়া রামচন্দ্র পরম প্রীতিলাভ করিলেন। মুনিবর তাঁহ কে অক্ষয়ত্ব ও অক্ষয় বৈফ্রবান্ত্র প্রদান
করিলেন।

অনন্তর অগস্যাশ্রম হইতে নির্গত হইয়া, দীতা ও লক্ষা নের সহিত গোদাবরীর সনিধানে পঞ্চবটীবনে বাস করিলেন। তথায় জটায়ুন মে এক গৃপ্রবর বাস করিত; সে রামচন্দ্রের নিকট আগমন করিয়া, প্রণিপাতপুরঃসর কুশল জিজ্ঞাগা করিল। রামও তথায় তাহাকে দেথিয়া, সমস্ত আতারতান্ত বিজ্ঞাপনপূর্বক কহিলেন, হে সহামতে! তুমি দীতাকে রক্ষা কর। তাহা শুনিয়া জটায়ু আদরপূর্বক রামচন্দ্রকে আলিক্ষন করিয়া কহিল, হে রঘুনন্দন! আপনারা যথন

<sup>(</sup>১) (श्रम्यक्तित कृत्य तनकाती

কার্যাবশে বনান্তরে গমন করিবেন, তখন আমি সীতাকে রক্ষা করিব। সীতাদেবী এই স্থানে অবস্থিতি করুন। এই বলিয়া জটায়ু নিজালায় প্রস্থান করিল। রামচন্দ্র নানাপক্ষিনিষেবিত দক্ষিণাপথের সমীপন্থ বনখণ্ডে সীতা ও লক্ষাণের সহিত অবস্থিতি করিতে লাগিলেন।

অনন্তর এক রাক্ষদী সেই স্থানে আগমন করিয়া দীতার সহিত সমাদীন, মন্ম্যাকৃতি রামচক্রকে অবলোকন করিল। ঘোরাকৃতি সূর্পনথা, রামকে দর্শনকরিয়া মায়ারূপধারণ পূর্বক নিঃশঙ্কচিত্তে রামচন্দ্রকে কহিতে লাগিল; হে কান্ত! আমি তোমাতে অনুরক্তা হইলাস, আমাকে ভজনা কর। বেশুরুষ, ভদ্দানা কল্যাণী কামিনীকে ভদ্দানা করে দে তাবার প্রত্যাথ্যান জনিত মহানোধে লিপ্ত হয়। কামার্ত্রা সুর্পন্থার সেই কথা ভাবণ করিয়া কহিলেন, দেখ, আমার ভার্য্যা দল্লিধানে বিদ্যানার আছেন, ভোষাতে আমার প্রয়ো-জন নাই। তাহা শুনিয়া কামরূপিনী রাক্ষদী পুনর্কার কহিল, হে কমনীয়! আমি রতিকর্মে অত্যন্ত নিপুণা; এই অনভিজ্ঞা দীতাকে পরিত্যাগ করিয়া আমাকে ভজনা কর। তচ্বেণে রামচন্দ্র পুন বার কহিলেন, আমি ধর্মতঃ পরস্ত্র:-গমন করি না, তুমি এগান হইতে লক্ষণের নিকট গমন কর। বনস্থলে, তাহার ভাষ্যা নাই, সে তোমাকে গ্রহণ করিতে পারিবে। তাছা শুনিয়। পুনর্কার কহিল, হে রাজীবলোচন! লক্ষা যাহাতে আমাকে ভার্য্যারূপে গ্রহণ করে, এরূপ এক পত্র আমাকে প্রদান করুন। সূর্পনখার সেই বচন প্রবণ করিয়া क्रमत्तिकन तः महत्त्व, भज्ञ निथिशा पितनन, रय अहे ब्रुक्तीत

নাদিকা ছেদন কর। দুর্পনিখা পত্র লইয়া ছফচিতে মহাত্ম।
লক্ষণের নিকট গমন করিয়া ভাঁহাকে পত্র প্রদান করিল।
ভাহাকে দর্শন করিয়া লক্ষণ কহিলেন, রামের বচন আমার
অলজ্যা; তুমি কার্যের নিমিত্ত আমার সহিত অবস্থান কর।
ভদনত্তর তীক্ষ্রতাদি গ্রহণ পূর্বিক দুর্পনিখার নাদা কর্ণ ভিলকাগুবৎ ছেদন করিলেন।

কর্ণনাদা ছিন্ন হইলে দূর্পনিখা, দাতিশয় ছুঃখিত হইয়া
রোদন করিতে লাগিল। বিলাপ করিতে করিতে কহিতে
লাগিল, হে ভাতঃ! দর্বদেববিমর্দ্দকদশানন! হা! কুস্তুকর্ণ!
এক্ষণে তোমরা কোথায় রহিয়াছ! আমি অত্যন্ত শঙ্কটে পড়িয়াছ। হা গুণনিধে! মহামতে! বিভীষণ! তোমরা কোথায়
রহিয়াছ! দামান্য মানব আমার নাদি চাচ্ছেদন করিল!
এইরূপে রোদন করিতে করিতে দূর্পনিখা; খর, দূষণ ও
তিশিরার নিকট আপনার পরাভব রতান্ত নিবেদন করিল
এবং কহিয়া দিল যে রাম, দাতা ও লক্ষ্মণের দহিত জনস্থানে
পঞ্চবটীবনখণ্ডে বাদ করিয়া আছে।

দেই সুফারাক্ষদী,ছংখার্তা হইয়া এইরপ বিলাপ ও পরিতাপ করিলে, তাহারা ক্রোধাষিত হইয়া চতুর্দণ সহত্র বলবান্ রাক্ষদদৈন্য যুদ্ধের নিমিত্ত স্থদজ্জিত করিয়া তিন জন
রাক্ষদনায়ক অত্যে অত্যে গ্রন্ন করিতে লাগিল। উহারা পূর্বের
বারণকর্ত্বক আদিট হইয়া মহাবলশালি পরি গরগণের সহিত্ত
জনস্থানে আগমনকরিয়া বসতি করিতেছিল। এক্ষণে রাবণ
ভগিনীকে ছিম্নাসা, ছংখার্তা ও রোরুদ্যমানা অবলোকন
করিয়া প্রভূত ক্রোধভরে প্রচন্তইয়া উঠিল, এবং বাংমর

স্থিত যুদ্ধকরিবার নিমিত্ত স্পর্দ্ধাপূর্ব্বিক রণস্থলে উপনীত হইতে লাগিল।

বীরবর রামচন্দ্রও রাক্ষসগণের সেই বলবতী মহতীদেনা সন্দর্শন করিয়া সাতার রক্ষণার্থ লক্ষণের নিয়োজনপূর্বক সংগ্রামে গমন করিলেন। অতুলবলবীর্য্যালী মহাবীর, রাঘক, অগ্নিশিখাসম হতীক্ষ শরনিকর দ্বারা, রাক্ষসগণের চহুর্দিশসহত্র বলদর্শিত মহতীচমু, ক্ষণকালমধ্যে বিনাশ করি লেন এবং প্রথরবীর্য্যালী থর, দ্বণও মহাবল ত্রিশিরাকে রণে নিহত করিয়া স্বকীয় আশ্রমে প্রবেশ করিলেন।

ভদনন্তর দূর্পনথা রোদন করিতে করিতে, লক্ষায় গমন করিয়া রাক্ষদরাজ রাবণকে খরদূষণ প্রস্তৃতি রাক্ষদগণের সংহার বার্ত্তা, নিবেদন করিল। দশানন, ভগিনীকে ছিন্ননাস। দর্শন এবং রাক্ষদগণের সংক্ষয়বার্ত্তা প্রবণ করিয়া ক্রোধানলে প্রজ্ঞানত হইয়া উঠিলেন এবং ছুর্ব্বাদ্ধিতার বশবর্তী হইয়া মারীচকে আহ্বানপূর্বক, তাহার সহিত সীতাহরণের মন্ত্রণ করিয়া কহিল, হে মাতুল ! তুমি আমি,ছুই জ্বনেই পুপ্পকরণে আরোহণ পূর্বক জনস্থান সন্নিধানে গমন করিয়া, অবস্থান করিব। তুমি, স্বর্ণমূগ রূপ ধারণ পূর্ব্বক দীতা যে স্থানে অব-স্থিতা আছেন, সেই স্থান দিয়া মন্দ মন্দ গমন করিবে। দীতা স্বর্ণম্গশাবকের স্পৃহনীয় মনোহররূপমাধুরী নিরীক্ষণ 🗆 করিয়া, তোমাকে গ্রহণ করিতে লোলুপ হইবে এবং মৃগ-ধারণের নিমিত প্রেরণ করিবে। রাম সীভার বাক্যে তোমার অনুগ্মন করিবে, হে মহাবুদ্ধে ! তাহাকে দুরে লইবার নিমিত তখন তুমি মহাবেগে গহনবনে ধাবিত হইবে। সেই বালে

আমিও পুষ্পকবিমানে আরোহণ পূর্বক মায়ারূপ পরিগ্রন্থ রিয়া তদাসক্তচিত্তে দীতাকে হরণ করিয়া আনিব। তুমি, স্বেছাপূর্বক পশ্চাৎ আগমন করিবে। রাবণের বাক্য প্রাবন করিয়া মারীচ কহিল রে পাপিষ্ঠ। তুমিই তথায় গমন কর, আমি দে স্থানে বাইব না। পূর্বের বিশ্বামিত্র ঋষির ব্দুপ্রস্থলে, রাম আমাকে বড়ই ব্যথা দিয়াছিলেন।

রাবণ, মারীচের বাক্য শুনিয়া ক্রোধভরে মৃচ্ছিত হইল;
এবং মারীচকে বধ করিতে উদ্যত হইল। তর্দ্ধনে মারীচ
কহিল,ভগিনীস্থত! তোমার হস্তে মরণ অপেক্ষা,রামের হস্তে
মৃত্যু বরং শ্রেরস্কর; অত এব তুমি যথায় গমন করিতে ইচ্ছা
করিতেছ, আমিও তথায় গমন করিব।

অনন্তর উভয়ে পুল্পকরথে আবোহণপূর্বক জনস্থানে গমন করিল। মারীচ সোবলী মৃগমূর্ত্তি ধারণ করিয়া যে স্থানে জনকাত্মজা দীতা। অবস্থান করিতেছিল, দেই স্থান দিয়া গমন করিতে লাগিল। দীতা, স্থ্যবর্ণময়ী মৃগাক্তি দন্দর্শনে রামচন্দ্রকে কহিলেন, হে আর্য্যা! দয়ত! আমাকে এই মৃগ ধরিয়া প্রদান করুন, আমি এই মৃগশাবক অয়োধ্যায় লইয়া গিয়া চিত্তবিনোদন নিমিত্ত নিজগৃহে রক্ষা করিব। রামচন্দ্র দীতার দেই বাক্য শ্রেণ করিয়া, দীতার রক্ষণার্শ লক্ষ্মণকে তথায় রাখিয়া মৃগের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। রাম মৃগের অনুগমন করিলে, মায়াম্গ মহাব্রেগ কাননাভিমুখে অভিধাবন করিল। রাম শর দারা দেই মৃগ বিদ্ধ করিলেন। আহত হইবামাত্র মৃগ পর্বতান্ধার রাক্ষসরূপ পরিগ্রহ করিয়া হা লক্ষ্মণ! হা লক্ষ্মণ!

এই বলিয়া মহীতলে নিপতিত হইয়া প্রাণত্যাগ করিল। সেই শব্দ শ্রবণ করিয়া সীতা লক্ষ্মণকে কহিলেন, দেবর! যে স্থান হইতে এই শব্দ উত্থিত হইল, তথায় তুমি সম্বর গমন কর; বৎদ! এই স্বর তোমার জ্যেষ্ঠভাতার কণ্ঠ-ধ্বনির স্থায় বোধ হইতেছে। হে মহামতে ! প্রায়ই আমি রামের প্রতি সংশয় লক্ষ্য করে। লক্ষ্যণ অনিন্দিতা জানকীর দেই বাক্য প্রবণ করিয়া কহিলেন, রামের প্রতি সন্দেহ বা ভয় কুত্রাপি দেখিতে পাই না। দৌমিত্রির বচন প্রবণে দীতা অবশাস্তাবিকার্ব্যের বশবর্ত্তিনী হইয়া বিরুদ্ধ চনে প্রত্যুত্তর করিলেন যে, রামচন্দ্র প্রাণ পরিত্যাগ করিলে, তুমি আগাকে গ্রহণ করিবার অভিলাষ করিতেছ, দেই হেতুই দ্রুতগমনে অনিচ্ছুক হইতেছ। বিনীতালা নৃপালনন্দন জান গীর দেই অদহ্ অপ্রিয় বচন প্রবণ করিয়। রামের অস্বেষণে নির্গত হইলেন। তুরাত্মা রাবণও সন্ন্যাসি বেশ ধারণপূর্বক জনকজার পার্খ দেশে আগমন করিয়। কহিল, হে বৈদেহি ! গ্রীমান্ মহামতি ভরত অযোধ্যা হইতে আগমন করিয়া রামের সহিত সম্ভাষণপূর্বক কাননে অব-স্থান করিতেছেন, রামচন্দ্র আমাকে এই বিমানের সহিত প্রেরণ করিলেন। আপনি এই বিমানে স্মারোহণ করিয়া রামের সহিত অযোধ্যা প্রতিগমন কর। ভরত রাম-চল্রকে প্রদন্ন করিয়াছেন, তিনিও অযোধ্যা গমনে সমুৎ হৃক হইয়াছেন। আপনার জীড়ার্থ দেই মুগপোতক ধরিয়া রাথিয়াছেন। আপনি নৃপনন্দিনী হইয়া বহুকাল এই ঘোর অরণ্যে কেণ ভোগ করিয়াছেন, এক্ষণে আপনার ভর্তা রাম-

চক্র অযোধ্যার রাজ্য গ্রহণ করিলেন, ইহাতে আপনার ক্লেশের অবসান হইল। বিনীতাত্মা লক্ষ্যণও এই বিমানে আরোহণ করিয়া গমন করুন।

দরলহাদয়। শীতা, দশাননের দেই কপট বচন প্রবণ করিয়া বিমানে আরোহণ করিলেন। পুষ্পাক বিমান মহা-বেগে দক্ষিণদিকে ধাবমান হইল, দেখিয়া শীতা শুহুঃখিতা ও ভয়বিহ্বলা ইয়া বিলাপ করিতে লাগিলেন। মহাতমু রাবণ তথন নিজরূপ ধারণ করিয়া দাতিশয় রোদনলীলা রথ-শিতা দীতার কেশাগ্রে ধারণ পূর্বক লইয়া চলিল। জানকী মহাকায় দশগ্রীব রাবণকে নিরীক্ষণ করিয়া হা রঘুনন্দন! হা আর্ত্তনপরিত্রাণ! হা অরন্দম! হা রামচন্দ্র! আমি ভীত ইয়াছি, সত্তর আদিয়া পরিত্রাণ কর। ছয়রূপী ঘোরতর ভয়য়র রাক্ষণ আমাকে বঞ্চনা করিয়া হরিয়া লইয়া যাইতেছে, সত্তর আদিয়া রক্ষা কর। হে মহাবাহ্ লক্ষণ! ছয় রাক্ষণ আমার হরণ করিতেছে, আমি অতিণয় আকুল ও ব্রিয়ানা ইয়াছি শীত্র আদিয়া পরিত্রাণ কর।

সতা এইরপে উচৈত্বরে বিলাপ করিতেছেন, শ্রেবন করিয়া, গৃধরাজ জটায় তথায় আগমনপূর্বক দশাননকে তর্জ্জন করিয়া কহিল, রে ছরাত্মন্ রাবণ! তুই সীতাকে শীদ্রই পরিত্যাগ কর্; নচেৎ রে ছফট! তুই থাক্ থাক্, আমি তোকে সমৃতিত শান্তি প্রদান করিব। এই বলিয়া বীর্যান্ জটায়ুং ক্রোধভরে ছফ্ট রাক্ষাসকে পক্ষ ঘারা তাড়না করিতে লাগিল। জটায়ু প্রথর নথর ও তীক্ষ তুণ্ডের প্রহার ঘার রাবণকে সাতিশন্ন পীড়িত করিতে লাগিল। ছফ্টাত্মা

নাবণ মহাবেগে লক্ষ প্রদানপূর্বক চন্দ্রহাস খড়গ দ্বারা ধর্মন্চারী জটায়ুকে আঘাত করিল; জটায়ুক্ষীণচেতন হইয়া মহীপুষ্ঠে নিপতিত হইয়া কহিল, রে ছফীজেন্! রাক্ষদাধম! দশানন! আমি তোমার বীর্ষ্যে হত হই নাই, এই চন্দ্রহাদের বীর্ষ্য দ্বারা হত হইয়াছি। অধম ব্যতিরেকে নিরায়ুধ ব্যক্তিকে আয়ুধ দ্বারা কোন্ব্যক্তি নিহত করিয়াথাকে। যাহাই হউক, রে রাক্ষদাধম! এই সীতা হরণই তোর্ মৃত্যুক্তরপ জানিদ্। রে ছকী রাবণ! রাম তোকে নিশ্চয়ই বধ করিবেন, সংশয় নাই।

অনন্তর হুঃখ শোকার্ত্তা রুদতী জানকী পক্ষিরাজ জটায়ুকে কহিলেন, হে দ্বিজোতম! আমার নিমিত্তই তোমার
মৃত্যু সংঘটিত হইল, এই নিমিত্ত রামচন্দ্রের প্রসাদে তুমি
বিষ্ণুলোক প্রাপ্ত হইবে। আর যে পর্যান্ত রামের সহিত
তোমার মিলন না হয়, ভাবৎ তোমার প্রাণ বহির্গত হইবে
না। এই বলিয়া আপনার অঙ্গ হইতে আভরণ সকল
উন্মোচন করিয়া বস্ত্রে বন্ধনপূর্বক "রামের হস্তে প্রদান
করিবে" এই বলিয়া হুঃখিত চিত্তে ভূমিতলে নিক্ষেপ
করিলেন।

নিশাচর রাবণ এইরপে জটায়ুকে ভূতলে পাতিত করিয়া পুষ্পাকবিমানে আরোহণপূর্বক সীতাকে লইয়া সত্তর লঙ্কা-পুরী প্রস্থান করিয়া অশোকবিনিকা মধ্যে সীতাকে রাখিয়া দিল এবং বিক্তাননা রাক্ষসীগণকে তাঁহার রক্ষণকার্য্যে নিযুক্ত করিয়া নিজ্জবনে গমন করিল। লঙ্কানিবাদী জন-গণ পরস্পার কহিতে লাগিল, এই তুরাত্মা রাক্ষ্যের রাবণ- পুরী বিনাশের নিমিত্তই ইহাঁকে এখানে আনিয়া রাথি-য়াছে।

বিরূপা বিক্তাননা বিকটনশনা রাক্ষ্যাঞ্চনাগণ দীভাকে চারিদিকে বেইনপূর্বকে রক্ষা করিতে লাগিল, জানকী ছঃখ শোকে সাতিশয় কাতরা হইয়া তন্মধ্যে বাস করিতে লাগিললেন। তিনি নিয়ত রামের ধ্যানে নিরত থাকিয়া কখনও বেলান, কখনও বিলাপ, কখনও নয়ননিমীলন, কখনও শ্রুনয়নে অবলোকন করিয়া কালাতিপাত করিতে লাগিলেন। স্থাবিভ্তা বানরগণ যে স্থানে রাবণের সহিত জটায়ের মহাযুদ্ধ হয়, সেই স্থানে সীতানিক্ষিপ্ত বস্ত্রবদ্ধ আভরণপ্রীল দেখিতে পাইয়া তুলিয়া লইল এবং লইয়া গিয়া সহাত্মা স্থাবির হস্তে অর্পণ করিল।

এ দিকে রামচন্দ্র সায়ায়গরূপ মারীচকে নিহত করিয়া নিরত্ত হইলেন এবং পথিমধ্যে লক্ষ্মণের সহিত মিলিত হইয়া আশ্রমে প্রত্যাগত হইলেন। রামচন্দ্র সীতাকে আশ্রমে দেখিতে না পাইয়া তঃখভরে উচ্চঃস্বরে রোদন করিতে লাগিলেন। মহাতেজা লক্ষ্মণও সাতিশয় তঃখিত হইয়া রোদন করিতে লাগিলেন। রামচন্দ্র বছবিধ বিলাপ করিতে করিতে ভূতলে পতিত হইলেন। ধীমান্ লক্ষ্মণ তাঁধাকে আশ্রাদিয়া কহিতে লাগিলেন। মহারাজ! ভবৎসদৃশ মহাত্মাণা, এতাদৃশ অতিবেল শোকের বশীভূত হন না। আপনি ধৈর্যাধারণপূর্বক গাত্রোপান করিয়া অরণ্যে সীতার অন্তেষণ করেন। রামচন্দ্র সমস্তবন, গিরিগুহা, সাকুষ্বান, কৃপ্পবন, ম্নিগণের অশ্রমন্থান, তৃণ, লতা, ভূরি ভূরি গহন, নদীত ট

বিবর প্রভাভ বছতর স্থান, তন্ধ তন্ধ করিয়া নিরীক্ষণ করি। লেন কিন্তু কোন স্থানেই সীতাকে দেখিতে না পাইয়া, উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন।

প্রিয়তমার অদর্শনে রামচন্দ্র, নিতান্ত ছুঃখিত ও একান্ত কাতর হইয়া অমণ করিতে করিতে বিগতচেতন জটায়ুকে দেখিতে পাইয়া কহিলেন, অহো! কে আপনাকে হনন করিয়াছে, আপনি এরূপ ছুদিশাগ্রন্ত হইয়াও প্রাণত্যাগ না করিয়া জীবিত আছেন। হে ক্ছিণে র! একে আমি প্রিয়া বিরহে একান্ত কাতর হইয়াছি, তাহাতে আবার আপনার ঈদৃণা দশা দর্শন করিয়া একান্ত বাাকুল হইলাম। আপনি ইহার বিবরণ সমস্তই আমার নিকট কীর্ত্তন করুন।

রামচন্দ্র ইহা কহিবামাত্র বিহপপ্রবর অতি কটে তখন
মৃত্যুমধুরবচন উদগীরণ করিয়া কহিতে লাগিলেন, হে রঘুনন্দন! যাহা যাহা দেখিয়াছ ও করিয়াছ, তৎসমস্তই প্রবণ
করুন। মায়ারূপধারী ছুন্টায়া দশানন, প্রবঞ্চনাপূর্বক সীতাকে
উত্তমবিমানে আরোপিত করিয়া, দক্ষিণাভিমুখে গমন করিল।
সীতা, ভীতাও ছুঃখিতা হইয়া বিলাপ ও রোদন করিতে
লাগিলেন। আমি সীতার কণ্ঠম্বর অবগত হইয়া, তাঁহার
বিমোচনের নিমিত্ত সম্বর এখানে আগমন করিয়া রাবণের
সহিত মুদ্ধ করিলে, রাক্ষদাধম আমাকে বলপূর্বিক খড়গদারা
আহত করিয়াছে। দীতার অমোদশাক্যে, এখনও আমার
দেহে প্রাণবায়ু সঞ্চরিত হইতেছে; মাপনার দর্শনলভোনন্তর
প্রাণ বিস্ক্রিন করিব। হে ভূমিপ! আপনি ছুক্ট নৈশ্তি

গণকে (১) সগণে নিপাতিত করিয়া অপাৎশুলা মৈথিলীর শোকশল্য অপনয়ন করুন।

রামতন্দ্র জটায়ুর বাক্য শুনিয়া, শোকদন্তপ্রহৃদয়ে কহিলেন, হে বিজবর! তোমার মঙ্গল হউক, তুমি উত্তম গতি
লাভ কর। অনন্তর জটায়ুনিজদেহ পরিহার করিয়া দিব্য
বিমানে আরোহণপূর্বক, স্বর্গলোকে গমন করিয়া অপ্রাগণে
দেব্যনান হইয়া যথাস্থে বাদ করিতে লাগিলেন। রামচন্দ্রও জটায়ুর দেহ অয়িসাং করিয়া স্নানান্তর ভাঁহাকে
জলাঞ্জলি প্রদান করিলেন।

অনস্তর রামচন্দ্র সাতিশয় ছঃখিত ছইয়া সীতার অয়েয়ণ নিমিত্ত বনে বনে ভ্রমণ করিতে করিতে ভয়য়রী বির্তাননা, মহোক্ষাভা, উগ্রচন্তা, গোমুখীকে দেখিতে পাইলেন। ঐ চত্তরপাী দর্শনমাত্রই প্রাণিগণের প্রাণ বিনাশ করে, রামচন্দ্র তাঁহাকে নিপাতিত করিয়া বনান্তরে গমনপূর্বক দীর্ঘন্ত, ভয়য়র, ভীষণানন, দীর্ঘদন্ত, তালজ্জ্ম, পাষাণবক্ষা শালক্ষম করম রাক্ষসকে দেখিতে পাইলেন, সে সম্বর আসিয়াই পথরে ধ করিল দেখিয়া রামচন্দ্র তাহাকে নিহত করিয়া অনলে দয়্ম করিলেন। সে দয় হইতে হইতে দিব্যারাপ্রপ্রক রামচন্দ্রকে কহিল, হে মহাবাছ রামচন্দ্র ! আপনি আমার বিরূপ তমু বিনাশ করিয়া বহুপকার সাধন করিলেন। আমি এক্ষণে আপনার প্রসাদে ধয়্ম ও কৃতক্ত্য হইয়া স্বর্গ গমন করিব, সংশয় নাই। আপনি সীতাপ্রাণ্ডির

<sup>(:)</sup> रेनभं डगन्टक-ब्राक्त्रग्रान्टक ।

নিমিত বানরেন্দ্র সূর্যান্থত স্থানির সাইত স্থাসংস্থ পন ক্রুন, তিনি আপনার হৃদয়ঙ্গম স্থা হইবেন। হে নৃপবর! আপনি ওাঁহার সহিত স্থিতা সংস্থাপননিমিত ঋষ্যমূক পর্বতে গমন করুন।

এই বলিয়া সে স্বর্গ গমন করিলে, রঃমচন্দ্র লক্ষাণের সহিত মুনিগণের সঙ্গে পুণ্যাশ্রমে প্রবেশ করিলেন। সেই স্থানে একতাপদী বাদ করিতেন, তাঁহার দহিত দম্ভাষণ করিয়া তথায় অবহিতি করিলেন। দেই তপস্থিনী, রামচন্দ্রকে কহিলেন, আপনি দীতা পুনঃ প্রাপ্ত হইবেন। অন্তর তিনি রামচন্দ্রের পূজা করিয়া স্বকীয় অবস্থা নিবেদন-পূর্কাক অনলে প্রবেশিয়া স্বর্গাতা হইলেন।

খনন্তর বিনীত পুণ্যাম্বিত জগদেকনাথ রামচন্দ্র, প্রিয়া বিয়োগে স্বতঃখিত হইয়া ভাতার সহিত পম্পাদরোবরে গমন করিলেন।

## **চতুশ্রো**রিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় কহিলেন, রামচন্দ্র লক্ষাণের দহিত দেই ইন্দীবর স্থানেভিত পম্পাদরোবরে প্রিয়ার অস্ত্রেষণ করিয়া বিচরণ করিতেছিলেন, বানররাজ স্থানি দূর হইতে তাঁহাদিগকে
দেখিতে পাইলেন। স্থানি বালিকর্ত্ব হুতদার ও হুর্দিশাগ্রস্ত হইয়া, বালির অগম্য ঋগ্যমুক গিরিছুর্গে সমস্ত বানরগণের দহিত বাদ করিতেছিলেন। তিনি প্রন্তন্ম হন্মানকে, কহিলেন, এই জটাবক্ষলধারী ধুমুস্পাণি মানব্যুগল

কাহার দূত, মায়ারূপ ধারণ করিয়া তাপদগণের আশ্রমস্থানে অবস্থিত হইয়া,প্রফুলিত-পদ্মোৎপলদল-শোভিত-দিব্য পদ্পাদ্রাবরের শোভা দশর্দন করিতেছে। আমার বোধ হয়, ইহারা বালিরই প্রেরিত হইবে,এইরূপ নিশ্চয় করিয়া বানরগণের সহিত নির্গমন পূর্বক আশ্রমস্থানের দূরে অবস্থিতি করিয়া হমুমানকে রভান্ত জানিবার নিমিত প্রেরণ করিলেন। স্থাবি কহিলেন, বীর হনুমন্! তুমি তপস্থিবেশ ধারণপূর্বক ইহারা কি হেতু এখানে অবস্থিতি করিতেছে, জানিয়া সত্তর আগমনপূর্বক আমার নিকট নিবেদন কর।

হুগ্রীবের দেই বাক্য প্রবণানস্তর মনোরম প্রস্পাতটে গ্রম করিয়া, ভিক্ষুকরূপী হ্যুমান্, দলক্ষাণ্যাচন্দ্রকে কহি-লেন, হে মহামতে ! আপনি কে ? এই ঘোরতর নিজ্জনবনে আগমনের প্রয়োজন কি ? ইহার তথ্য প্রকটিত করুন। হনুমানের বাক্য প্রবণ করিয়া, লক্ষ্মণ রামের আজ্ঞায় কহিতে লাগিলেন; রামচন্দ্রের র্তাস্ত আমার নিকট অবহিত হইয়া শ্রবণ কর। অযোধ্যা নগরীতে দশর্থ নামে ভুল্ন'ব্দিত এক রাজা ছিলেন, ইনি তাঁহারই পুত্র এবং আমার অগ্রজ। ইহাঁর রাজ্যাভিষেক আরদ্ধ হইলে, কৈকেয়ী তাহাতে বিম্ব-কারিণী হইয়া তাহা আর সম্পন্ন হইতে দিলেন না। আমার জ্যেষ্ঠ এই মহাত্মা রামচন্দ্র, পিতৃসত্যপালনার্থ নিজভার্যা জনকজা ও আমার সহিত নানা মুনিজনসমন্বিত দণ্ডকারণ্যে প্রবিষ্ট হইলেন। তথায় জনস্থানে বাদ করিতেছিলেন, কোনও ছুরাত্মা ইহাঁর দয়িতা দীতাকে অপহরণ করিয়াছে; वह कमलानावन सामवस्त उँ।शांतरे वास्त्रविश्वतिक विश्व,

জুমি কি সেই তপশ্বনী জনকনন্দিনীকে কোথাও দেখিয়াছ ।" এই বলিয়া বনে বনে ভ্ৰমণ করিতেছেন।

মারুতনন্দন হমন্।ন্, মহাত্মা লক্ষণের সেই সত্যবাণী প্রবণ করিয়া বিস্ময়ান্তিত হইালন এবং কহিতে লাগিলেন, হে রঘুপতে রামচন্দ্র! আপনি আমার স্বামী, আমি আপনার চরণ বন্দনা করিতেছি, এই বলিয়া সাফীল্পে প্রণিগাত-পুরংসর কৃতাঞ্জলিপুটে সম্মুখে দণ্ডান্থমান রহিলেন। অনন্তর স্থাবের নিকট গমনপূর্বক তাঁহাকে আশাসিত করিয়া, উভিন্নের স্থা সংস্থাপন করিয়া দিলেন। বানরেন্দ্র স্থারণ করিয়া মধুরবচনে কহিলেন, হে প্রভা! আদ্যা হইতে আপনি আমার স্বামী এবং সমস্ত বানরগণের সহিত আমি আপনার ভ্তা, তাহাতে সংশয় নাই। আজি হইতে আপনার শক্ত, আমারও শক্ত, আপনার মিত্র আমার মিত্র হইবে। আপনার স্থত্থে আমারও শক্ত, আপনার মিত্র আমার মিত্র হইবে। আপনার স্থত্থে আমারও শক্ত, আমারও স্থত্থে আমার স্থিত্থে আমারও স্থত্থে আমার স্থিত্থে আমারও স্থত্থে আমার স্থিত্থে আমারও স্থত্থে আমার স্থিত্থে আমারও স্থত্থে আমারও স্থিত্থে আমারও স্থত্থে আনিবেন।

পুনণ্চ কহিলেন, আমার এক মনোছঃথ প্রবণ করুন।
বালীনামে মহাবল পরাক্রান্ত আমার এক জ্যেষ্ঠল্রাতা
আছেন। সেই ছফীল্পা মন্মথাসক্তচিতে আমার ধর্মপত্নী
হরণ করিয়াছে, হে পুরুষধ্যাত্র! তোমা ব্যতিরেকে তাহার
বিনাশকারী কাহাকেও দেছিতে পাই না। হে রঘূত্রম মহাবাহো! রামদেব, আপনি তাহাকে বিনাশ করুন। রাম
শুনিয়াই কহিলেন, আমি তোমার দারাপহারী ছুরাশয় কপীশ্বর বালিকে বধ করিয়া তাহার পত্নী ও রাজ্য তোমাকে
প্রদান করিব। ত্রীব কহিলেন, পুরাণ ঋষিগণ কহিয়াছেন

যে, যে বীরবর সপ্ততালতর একবারে বিদ্ধ করিতে পারিবে, দেই মহাবীর বালিরাজকে বধ করিতে সমর্থ হইবে। তাহা শুনিয়া রামচন্দ্র তৎক্ষণাৎ তাঁহার প্রত্যয়ার্থ দীমান্তস্ত স্বর্হৎ দপ্ততালতর অর্দ্ধাকৃষ্টশরদার। একবারে বিদ্ধ করিয়া কহি-লেন, তুমি অবিলম্বে গমন করিয়া বালির সহিত যুদ্ধ কর।

সূর্য্যপুত্র বানররাজ হৃগ্রীব রামচল্ডের দেই শুবণমধুর মনোহরবাক্য শ্বণানন্তর তৎক্ষণাৎ গমন করিয়া, বালির দহিত যুদ্ধ করিতে লাগিলেন। বীর্যাবান রামচন্দ্রও হথায় গমন করিয়া এক শাষ্ত্রকে বালিকে বিদ্ধ করিলেন। বালী ভূমিতলে পতিত হইয়া প্রাণত্যাগ করিল। অনন্তর ধর্মাত্মা কমললোচন রামচন্দ্র, বালির রাজ্য ও বনিত। তারাকে হু গ্রীবছত্তে সমর্পণপূর্ব্বক বিনয়ান্তিত বিপুলবিক্রম সমরশৌও বালিপুত্র অঙ্গদকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন। সূর্য্য-তনয় স্থাবিকে পুনর্কার কহিলেন, তুমি সত্তর রাজ্যদর্শন-পূর্ব্বিক কপিদৈন্মদারা সীতার অন্বেষণে যত্ন কর। হুগ্রীব কহিলেন, হে রঘুনন্দন! একণে দাতিশয় বর্ধাকাল পড়ি-য়াছে, প্রভিনিয়তই বারিবর্ষণ হইতেছে, বানরগণ এখন तिभविष्म ज्ञान कतिराज मार्थ इहेरव ना । दह वारक का ! বর্ধাকাল গত হইলেই নির্মাল শরৎকাল উপস্থিত হইবে, তখন বানরগণকে দীতার অবেষণার্থ চারিদিকে প্রেরণ করিব। ইহা কহিয়া কপীশ্বর স্থতীব রামলক্ষাণের চরণবন্দনপুরঃদর পম্পাপুরে প্রবেশ করিয়া, তারার সহিত বিহার করিভে नाशितन्।

অন ন্তর রামচন্দ্র,শৈলদাকুন্থিত পুষ্পারাজিবিরাজিত,কদম্ব

কৃষ্ণাত্য, মহাবনে শৈলোপকণ্ঠে বাদ করিতে লাগিলেন।
কইত্যেই বর্ধাকাল বিগত হইল। শরৎকাল সমাগত হইলে
সীতাবিয়োগতা থিতভাত্বৎদল রামচন্দ্র স্থতীবের বিলম্বন
দর্শনপূর্বক রোষভরে কহিলেন, দেখ লক্ষাণ, ঐ ছুই কপিনামক স্থতীব, এখনও আদিল না। দে এক্ষণে তারার সহিত
রতিদন্তোগে প্রমন্ত হইয়া রহিয়াছে। তুমি, সেই ছুইকে,
সমস্ত কপিদেনার দহিত, অত্যে করিলা আমার নিকট আনয়ন
কর। স্থতীব রাজ্যলাভ করিয়া এক্ষণে যদি আমার নিকট আগলমন না করে, তাহা হইলে তুমি তাহাকে বলিও রে! অনৃতভাষিন্ ছুইবানর! রামচন্দ্র যে বাবে বালিরাজাকে বধ করির
সাছেন তাহা অদ্যাপি রামের হস্তেই বিদ্যমান আছে। ইহা
জানিয়া রামের হিতবাক্যের অনুসরণ কর। লক্ষণ যে আজা
বলিয়া প্রণামপুরঃসর, সত্বর স্থতীবের অধিষ্ঠানভূমি পম্পাশ্রের গমন করিলেন।

লক্ষণ, তথায়, কপীশ্বরস্থাবকে দর্শন করিয়া কহিলেন, তুমি তারাদস্ভোগে সমাসক্ত থাকিয়া রামের কার্য্যে একান্তই পরাজ্ম থ হইয়া রহিয়াছ; তুমি রামের অথ্রে যে কোনও স্থানে থাকুন' সীতার অয়েষণ করিয়া দিব বলিয়া যে প্রতিজ্ঞা করিয়াছিলে, ভাহা কি বিস্মৃত হইয়াছ, রে ছর্মতে! বালিকে নিহত করিয়া যিনি ভোমাকে রাজ্য প্রদান করিয়াছেন, তিনি ব্যতিরেকে অন্যে কি তোমাকে তাহা দান করিতে পারিত; ভার্যাহীন রামচন্দের সাহায্য করিব বলিয়া তুমি,দেবতা, অগ্রিও সলিল সমিধানে প্রতিজ্ঞা করিয়া কহিয়াছিলে যে, হে রাজ্মন, যে যে ব্যক্তি আপনার শক্র বা মিত্র, সেই সেই ব্যক্তি

নিয়তই আমারও শক্ত বা মিত্র হইবে দন্দেহ নাই। হে রাজন্!
আমি বহুতর হরিদৈন্য (১) দমভি ্যাহারে দীতার অস্বেষণ
করিব রামদন্দিধানে এইরূপ দত্য করিয়া রে ছফ্ট পাপমতি!
তোমা ব্যতিরেকে কোন্ ব্যক্তি তাহার অন্যথা করিতে পারে?
রে ছফ্ট বানর! রামচন্দ্র তোমার নিজরাজ্যের উদ্ধার করিয়া
দিয়া লোকচিওজ্ঞা, দর্বজ্ঞা, মহাত্ম-ঋষিগণের বাক্য দত্য
করিলেন। ঋষিগণ কহিয়া থাকেন—

না দেখি তাহারে লোকে পেয়ে উপকার।
শোধে তার উপকার করি পুনর্বার॥
কার্য্য দিদ্ধ হৈলে মতি অন্তর্রপ হয়।
ভ্যক্তে বৎস মায়ে তাঁর হৈলে ক্ষীরক্ষয়॥
শাস্ত্রেও নির্থি মহাপাপির নিস্তার।
কিন্তু কৃতদ্বের কভু নাহি দেখি পার॥

তুমি রামদিরধানে দেইরূপ প্রতিজ্ঞা করিয়াছ, কিন্তু
এক্ষণে তাহার অভাগাচরণ করিলে তোমারমহতী কৃতমতা
হইবে। অতএব আইদ! দেই শরণাগতপালক হিতকর
রামচন্দ্রের শরণ গ্রহণ কর। যদি তুমি, রামচন্দ্রের এই বাক্য
শ্রেণ করিয়া তাঁহার নিকট গমন না কর, তবে বালির
ভায় তোমারেও মৃত্যুসির্নধানে গমন করিতে হইবে, নিশ্চিত
জানিও। যদ্ধারা বালিরাঙ্গা নিহত হইয়াছে, দেইশর অদ্যাপি
আমাদের নিকট বিদ্যমান আছে।

কপিনায়ক স্থাীব সৌমিত্রির সেই বাক্য ভাবণপূর্বক

<sup>(</sup>১) বানর সৈতা।

মৃত্রিগণ কর্তৃক প্রেরিত হইয়া সম্বর নির্গত হইলেন এবং উদারাত্মারামানুজের চরণযুগলে প্রণাম করিয়া কহিতে লাগিলেন, আমি, অজ্ঞানতঃ এই পাপাচরণ করিয়াছি, অতএব আমার সেই অপরাধ মার্জ্জনা করুন। আমি, অভিতেজস্বী রামচন্দ্রের দহিত যে প্রতিজ্ঞা করিয়াছি, তাহা লজ্ঞন করিতেছি না। হে নৃপনন্দন! আমি অদ্যই নিথিলবানর-গণের সহিত দিয়লিত হইয়া আশানার সহিত রামসিমিধানে গমন করিব,সন্দেহ নাই। তাহার সংহিত সাক্ষাৎ হইলে তিনি যাহা যাহা আজ্ঞা করিবেন, তৎসমুদায় মস্তকে ধারণপূর্বক তৎসম্পাদনে সম্বর যত্রবান্ হইব। তাহা শুনিয়া লক্ষ্মণ কহিলেন, আইস এক্ষণে শীঘ্রই রামের নিকট গমন করিব। হে বীর! তুমি শীঘ্রই বানরসৈয়প্ত ভল্লুক্রৈম্য সংগ্রহকর। যেহেতু, তদ্দর্শনে রামচন্দ্র তোমার প্রতি প্রীত ও প্রসম হইবেন।

বীর্যবান্ সূর্যতেনয় স্থাবি, লক্ষাণের বাক্য প্রবেণকরিয়া পাশ ছিত যুবরাজ অঙ্গদকে সঙ্কেতে আদেশ করিলেন, সেও নীলাদি সেনাপতির সহিত নির্গত হইয়া,শিবিরস্থিত,গুহাস্থিত, তরুস্থিত কোটি কোটি বানরগণ ও ঋক্ষগণকে (১) সংগ্রহ করিল। অনন্তর স্থাবি,সেই সমস্ত বারণাকার (২) ভামবিক্রম ভল্লু ক্বানরগণের সহিত রামচন্দ্রের নিক্ট স্ত্রর আগমন

<sup>(</sup>১) अक-- अज्ञ ।

<sup>(</sup>२) বারণ—হন্তী।

করিয়া চরণবন্দনা করিলেন। লক্ষাণও নমস্কারপূর্বক রাম-চল্রকে কহিলেন, হে নৃপ এক্ষণে প্রদাহউন, স্থারিক, বিনীত হইয়া কোটি কোটি বানরদৈনের সহিত আপনার নিকট আগমন করিয়াছেন।

রাষচন্দ্র, অনুজের সেই প্রশান্ত বচন প্রবণ করিয়। হ্নগ্রীবিকে কহিলেন, হে মহাবীর্যাহ্নগ্রীব আগমন করিয়। ছ, তোমার সর্বাদ্ধীন কুশল ত ? রামের সেই মধুর বচন প্রবণ করিয়া হ্নগ্রী বিঃশঙ্ক হইয়। কহিলেন, হে প্রভো! তবদয়িতা জনকাত্মজা সীতাদেবীর অস্বেষণ, সফলহইলেই আমার কুশল জানিবেন। হ্নগ্রীবের বাক্যসমাপিত হইলে, মরুতনন্দন হনুমান্ রামের চর: পরণাম করিয়া কপীশ্বর হ্নগ্রীবকে রামের সমক্ষে কহিতে লাগিলেন, হে বানরেন্দ্র: এই রাজা, অত্যন্ত হুংথান্বিত হইয়াছেন, সীতার বিয়োগে ইনি ফলম্লাহার পরিহার করিয়াছেন, ইহারই হুংখে, লক্ষ্মণ নিয়তই সাতিশয়- হুঃথিত রহিয়:ছেন। ইহাদিগের হুঃথের অবস্থা অবলোকন করিয়া আপনারও আমাদিগেরও মনে অত্যন্তহুংথ হইতেছে। একণে বিলম্ব না করিয়া সম্বর সীতার অন্বেষণ কর্ত্ব্য।

মারুতির মহার্থানন প্রবণ করিয়া,অতিতেজন্মী নীতিমান্
জান্ধুবান, রামচন্দ্রের সন্মুখন্থ হইয়া নীতিসম্পৃত্তবাক্য
কহিলেন, তাহাতে বিশেষরূপে অবহিত হইয়া তদমুষ্ঠানে
যত্নবান্হও। হেরামচন্দ্র ! সোভাগ্যবতী পতিত্রতা,যশন্ধিনী,
আপনার ধর্মপত্নী জনকনন্দিনী, অদ্যাপি সচ্চারিত্র্যসম্পন্না
আছেন, ইহা আমি নিশ্চিত বোধ করিতেছি। সেই শোভন

চ্রিতা দীতার পরাভব, ভুবনতলে অবলোকন করি না। ছে স্থাবি! আপনি দম্বই বানরগণকে প্রেরণকর্পন। স্থাবি জাম্বতের দেই বাক্য প্রবণ করিয়া প্রীত হইলেন, এবং রাম্ভার্যা জানকীর অম্বেষণে, মহাবল পরাক্রান্ত বানরগণকে পশ্চিমদিকে প্রেরণ করিলেন। ধর্মান্তা স্থাবি দীতার অম্বেষণের, নিপুণতর বানরগণকে উত্তরদিকে ও পূর্ব্বদিকে প্রেরণ করিলেন। অনন্তর বুদ্ধিমান্ত্রীব, বালিপুত্র অঙ্গদকে কহিলেন, হে বৎদ। তুমি দীতার অম্বেষণ নিমিত্ত দক্ষিণদেশে গমন কর। জাম্বান্, হকুমান্, মহেন্দ্র, দেবেন্দ্র, নলনীলাদি মহাবল পরাক্রান্ত বানরগণ, আমার আদেশে তোমার অসুগমন করক। তোমরা, স্থান, রূপ, বিশেষতঃ শীলতাদ্বারা যশম্বিনী সীতাকে দর্শন করিয়া, কে লইয়া গেল, কোথায় বা আছেন, এই দকল অবগত হইয়া শীঘ্রই প্রত্যাগমন কর।

মহাত্মা পিতৃণ্যকর্ত্ক এইরপে আদিই ছইয়া, যুবরাজ অঙ্গদ সম্বর উত্থান করিয়া তাঁহার আদেশ শিরোধার্য্য করি-লেন।

অনস্তর নীতিমান্ জামুবান্ দত্তর উথিত হইয়া রাম,
লক্ষণ, স্থীব ও হতুমানকে কহিতে লাগিলেন, অন্থান্য
বানরগণকে অন্যান্য দূরদেশে সীতার অম্বেষণার্থ প্রেরণ
করুন এবং হনুমান্কে কেবল দক্ষিণদিকে প্রেরণ করুন।
এই বাক্যে যদি শাপনাদের অভিক্রতি হয়,তবে এইরূপ অনুঠানই কর্ত্ব্য। কারণ, রাবণ যথন জনস্থান হইতে সীতাকে
হ্রণ ক্রিয়া গমন করে, তখন পক্ষিরাজ জটায় তাঁহাকে

দেখিয়া দশাননের সহিত ঘোরতর যুদ্ধ করিয়াছিল এবং জানকীদেবীকে অঙ্গ হইতে আভরণ সকল উন্মোচন করিয়া নিকেপ করিতে দেখিয়াছিল। হে রাজেন্দ্র ! জটায়ুর বাক্য मठा विलया अवधारण करून। এই कावरण निन्छि हे त्वाध হইতেছে, যে জনকাত্মজা বারণ কর্ত্তক হতা ও নীভা হইয়া-ছেন, সন্দেহ নাই। হে মহাবাহো! তিনি একণে, লঞ্চায় অবস্থিত থাকিয়া হুঃখহুঃথে কুশাঙ্গী হইয়া মনে মনে আপ-নাকেই ধ্যান করিতেছেন। হে রঘুনন্দন! সেই সদাশ্যা, জনকতনয়া, যত্নপূর্ব্বক আপনার সচ্চারিত্র্য রক্ষা করিভেছেন, দেই শুভাননা আপনার প্রাপ্তির আশয়েই প্রাণধারণ করিয়া আছেন। অতএব হে রাজন্! রামচন্দ্র! জলধিলংঘনক্ষম-বায়ুনন্দন হন্মানকেই এই কার্যে নিযুক্ত করুন। হে স্থগীব! আপনিও এই কার্য্যে প্রনপুত্রকে নিযুক্ত করুন। যেহেতু বানরগণের মধ্যে হন্মান্ ব্যতিরেকে সমুদ্রলজ্ঞনের সামার্থ্য, অন্ত কাহারও নাই। যদি অভিক্ষচি হয় তবে,আমার এই পণ্য ও হিতকর বাক্য প্রবণ করিয়া কার্য্যাসুষ্ঠান করুন্।

জামবতের এই নীতিগর্ভ সত্যাক্ষরসংযুক্ত মহার্থবাক্য শ্রেণ করিয়া, বানররাজ স্থাবি সম্বর আসন হইতে উথিত হইয়া মারুতি সমিধানে গমনপূর্বক কহিতে লাগিলেন, হে বীর! হন্মন্! এই ইক্ষাকুকুলতিলক সর্বলোকে সর্বাজ্যস্ক্রপ, প্রতাপবান রাজা সাক্ষাৎ ধর্মক্রপী মানবমূর্ত্তিমান্ মধুসূদন রামচন্দ্র, পিতার আদেশ শ্রুতিপালন পুরঃস্বর, ভাতাও ভার্যাসমভিব্যাহারে দওকারণ্যে প্রবেশ করিয়াছেন। কোন স্কীত্মা, ইহার ভার্যা হরণ করিয়াছে,

ভাঁহার বিয়োগছঃথে কাতর হইয়া বনে বনে অস্বেষণ করিয়া বেড়াইতেছেন। হে প্রতাপবান্ বীর! প্রথমে তোমারই সহিত বন প্রদেশে এই নৃপতির সহসা সাক্ষাৎ হয়। অনন্তর আমি, ইহার সহিত স্থ্যভাবে সম্বন্ধ হইয়া প্রতিজ্ঞাবদ্ধ হই-য়াছি। এই রামচন্দ্রই, আমার প্রবলশক্ত মহাবল বালি-রাজকে নিহত করিয়াছেন, ইহাঁরই প্রসাদে আমি একণে রাজত্ব প্রাপ্ত হইয়াছি। আমি রামের সাহায্য কার্য্যে যে প্রতিজ্ঞা করিয়াছি, হে মারুতাত্মজ! তোমার সামর্থ্য-প্রভাবেই তাহা সম্পন্ন করিবার অভিলাষ করিতেছি। হে বীর ! হুস্তর পারাবার উত্তীর্ণ হইয়া, অনিন্দিতা দীতাদন্দর্শন পুরঃদর পুনর্বার এখানে আগমন করিবে। বানরগণের মধ্যে তোমার তুল্য বলশালী ও ভক্তিমান্ আর কাহাকেও দেখিতে পাই না ৷ হে মহামতে ! তুমিই স্বামিকার্য্যসাধন করিতে জান; তুমিই বলবান, মতিমান্ ও ভৃত্যকার্য্যে একান্ত দক্ষ।

মহাত্মা স্থাীবের এই বাক্য প্রবণ করিয়া হনুমান্ কহিলেন, হে রাজেন্দ্র ! আমি স্থামির নিমিত্ত কোন্ কার্য্য সাধন
করিতে না পারি ! তাহা আর বারস্থার কহিবার প্রয়োজন
নাই । এই বলিয়া বায়ুপুজ্ঞ বিরত হইলে, রামচন্দ্র বাষ্পপূর্ণ লোচনে অগ্রন্থিত প্রনপুজ্ঞকে কহিলেন, হে অমিত্রজিং ! সীতাকে স্মরণ করিয়া আমি শোকহুঃখে অত্যন্ত
কাতর হইয়াছি । সমুদ্রতরণাদির ভার তোমাতেই আরোপিত করিয়া স্থাীব আমার সহিত এই হানেই অবস্থিত রহিলেন । হনুমন্! তুমি আমার ও বিশেষতঃ স্থাীবের প্রীতির

নিমিত্ত সীতাবেষণে গমন কর। আমার বোধ হইতেছে বে সেই ছুইমতি রাক্ষণাধিপতি রাবণই সীতাকে হরণ করি-যাছে। হে বীর! একণে যেহানে জানকী অবস্থিতি করিতে-ছেন, তুমি সেই স্থানে গমন কর। বোধ হয়, তিনি আমার আকারপ্রকারাদির কথা জিজ্ঞাস। করিবেন, তামনিত তুমি এক্ষণে আমার ও অনুজ লক্ষ্মণের আকৃতি প্রকৃতি উত্তমরূপে নিরীক্ষণ করিয়া লও। এইরূপে সমস্তই অবপত হইয়া গমন কর, নচেৎ বোধ হয়,তিনি তোমাকে বিশ্বাস করিবেন না।

প্রভঞ্জনপুত্র মহাবল হনুমান্ রামচন্দ্রের বাক্য প্রবণ করিয়া দণ্ডায়মান হইলেন এবং কৃতাঞ্জলিপুটে কহিলেন, আমি আপনাদের উভয়েরই লক্ষণ সকল বিশেষরূপে অবগত আছি। আমি কপিগণের সহিত গমন করিতেছি; হে প্রভো! আপনি শোক করিবেন না। হে পুগুরীকাক। আপনি অন্য কিছু অভিজ্ঞান প্রদান করুন, যদ্ধারা আমার প্রতি বৈদেহীর বিশ্বাদ দৃঢ়তর হইতে পারে। তাহা শুনিয়া রামচন্দ্র, আপনার নামচিহ্তিত অসুরীয়ক অসুলি হইতে উল্লোচন করিয়া মারুতির করে অর্পণ করিলেন। হন্মান্ তাহা গ্রহণ করিয়া বানরেগণের সহিত প্রস্থানোদ্যত ইইলেন।

অনন্তর বানররাজ স্থাীব গমনোদ্যত বলদর্গিত বানর-গণকে কহিতে লাগিলেন, তোমরা সকলেই আমার শাসন-বাক্য প্রবণ কর। পর্বতাদি কোনও স্থানে তোমরা বিলম্ব করিবে না; শীঘ্র অস্বেষণ করিয়া শীঘ্রই আগমন করিবে। "মহারাজ! যেরপে আজ্ঞা করিতেছেন" এই বলিয়া
যাহার। পশ্চিমাদিদিন্তাগে গমন করিল, তাহারা সমস্ত গিরিনিতম, নিখিল নদীতীর, মুনিগণের আশ্রম, সমস্ত কন্দর,
বন, উপবন, রক্ষমূল, গুলা, গুহা, শিলাতল, সহ্ ও বিদ্যাচলের পার্মাদেশ প্রভৃতি স্থান সকলে, হিমাচলে কিম্পুরুষ,
সপ্তমানবক, মধ্যদেশ, অখিলকাশ্মীরদেশ, পূর্কদেশ, সমপ্রদেশ, কোশলপ্রভৃতি দেশসমূহে, সমস্ত তীর্থস্থানে ও সপ্তকোল্পনকদেশে যত্রপূর্বক সীতার অধ্যেষণ করিয়া সত্তর আগ্রমন পূর্বক রামলক্ষাণ ও হুগ্রীবের পদতলে প্রণিপাতপূর্বক
কহিল, আমরা অব্যেষণ করিয়া কমললোচনা, সীতাদেবীর
দর্শন পাইলাম না। এই বলিয়া তাহারা দেই স্থানে অবস্থিত রহিল।

তদনন্তর কণীশ্বর প্রত্রীব প্রত্থাথিতচিত্তে রামচন্দ্রকে কহিলেন, আপনার জনকজা দক্ষিণ দিগ্ভাগেই আছেন, বানরসিংহ (১) বায়ুপুত্র ধীমান্ হন্মান্ সীতাকে দর্শন করিয়া আসিবে, সন্দেহ নাই। হে মহাবাহো! আপনি স্থির হইয়া অবস্থান করুন, আমার এই বাক্য নিঃসংশয়ে সত্য হইবে। লক্ষণ কহিলেন, এই বাক্য সত্য বোধ হই-তেছে, হন্মান্ সীতাকে দর্শন করিয়া আগমন করিবে। এইরূপে আশ্বাসিত হইয়া রাম, লক্ষ্মণ ও প্রত্রীব তথায় অবস্থিতি করিতে লাগিলেন।

<sup>(</sup>১) বানরসিংহ—বানরশ্রেষ্ঠ। সিংহ, বাান্ত, কুঞ্চরাদি শব্দ শ্রেষ্ঠব-বাচক।

হে রাজন্! যে যে বানরোত্মগণ যুবরাজ অঙ্গদকে অগ্রে করিয়া গমন করিয়াছিল, তাহারা যত্নপূর্বকি ঘশস্বিনী সীতার অম্বেষণ করিয়। তাঁহার দর্শন প্রাপ্ত হইল না। অনন্তর তাহারা আহারবর্চ্জিত হতরাৎ ক্ষুৎপিপাদায় প্রপীড়িত হইয়া ভ্রমণ করিতে করিতে নিবিড়মরণ্যমধ্যে এক আশ্রমস্থানপ্রাপ্ত হইয়া. গুহানিবাদিনী, অনিন্দিতা, দিদ্ধা, স্বয়ৎ প্রভা এক ঋষিপত্নীকে দেখিতে পাইল। তিনি বানরগণকে আশ্রমাভিমুখে আগ মন করিতে দেখিয়া কহিলেন, তোমারা কে ? কি নিমিত্ত বা এই নির্জ্জন বনে ভ্রমণ করিতেছ ? তাহা শুনিয়া মহা-মতি জামুবান্ সেই সিশ্ধাকে প্রভ্যুক্তর করিল, হে শোভন-চরিতে ! আমরা বানররাজ স্থাীবের ভৃত্য, দীতার অহেষণ-कार्या नियुक्त इहेग्रा त्रयूनम्पन तामहत्त्वत कार्या माधुनार्थ এখানে আগমন করিয়াছি। আমর। জনকাত্মজার দর্শন পাই নাই এবং নিরাহার থাকিয়া ক্রুৎপিপাদায় একান্ত কাতর হইয়াছি। জামুবানের বাক্য প্রাবণ করিয়া সেই শোভন-চারিত্র্যবতী সিদ্ধা পুনর্কার তাহাদিগকে কহিলেন, আমি রাম, সীতা ও লক্ষণকে জানি; হে বানরেশরগণ! তোমরা রামচন্দ্রের কার্যো প্রবৃত্ত, অতএব আমার পকে তোমরা রামেরই সমান। এই বলিয়া দেই তপস্বিনী যোগবলে অন্ন স্থজন করিয়া বানরগণকে যথেষ্ট আহার প্রদানপূর্বক কহিলেন, পক্ষিরাজ সম্পাতি সীতার অবস্থান স্থান অবগত আছেন। তিনি এই মহেন্দ্র পর্বতে বাদ করেন। এই পথ দিয়া ভোমরা গমন কর। সেই দূরদর্শী থগবর ভোমা-দিগকে দীতার কথা কহিয়া দিবেন। তৎপরে প্রনপুত্র

প্রদর্শিত পথে গমন করিয়া অবশ্যই জনকতনয়া সীতাকে দৈখিতে পাইবে।

কশিগণ তপস্থিনীর দেই বাক্য প্রবণ করিয়া প্রমা প্রীতি প্রাপ্ত হইল এবং সম্ভূষ্ট হইয়া প্রণামপূর্বক প্রস্থান করিল। বানরগণ সম্পাতির দর্শনিবাসনায় মহেক্রপর্বতে গমন করিয়া দেখিল, খগবর সম্পাতি পর্বতোপরি আসীন হইয়া কালহরণ করিতেছেন।

বিহগবর সম্পাতি বানরগণকে দর্শন করিয়া কহিলেন, তোমরা কে? কাহার চর, কি নিমিত্রই বা এখানে আগন্মন করিয়াছ? বানরগণ যথাক্রেমে র্ত্তান্ত বর্ণন করিয়াকহিল, আমরা রঘুনন্দন রামচন্দ্রের দূত, বানররাজ স্থাবিক্রিক সীতার অন্থেষণকার্যে প্রেরিত হইয়াছি। তপম্বিনীর বচনামুসারে আপনার নিকট আগমন করিয়াছি। হে মহান্মতে! মহাভাগ! আপনি আমাদিগকে সীতার অবস্থান স্থান কহিয়া দিলে, এই ভ্রমণজনিত মহৎ কট হইতে পরি-ত্রোণ পাইব এবৎ কার্য্যদিদ্ধর পত্যাও উদ্যাটিত হইবে।

বানরগণের বাক্য শুনিয়া সম্পাতি স্থবিশাল পক্ষযুগল প্রসারিত করিয়া আকাশমার্গে উড্ডীন ইইলেন এবং দক্ষিণ দিক্ নিরীক্ষণ করিয়া দেখিলেন, লঙ্কানগরীতে অশোককাননে সীতা অবস্থিতা আছেন। বানরগণকে সেই সংবাদ প্রদান করিলে তাহানা প্রফুলিত ইইল এবং তদীয় জ্রাতা পক্ষি-রাজ জটায়ুর মৃত্যুসংবাদ সম্পাতিকে প্রদান করিল। তাহা শুনিয়া সম্পাতি জ্রাভার উদক্তিয়া করণানস্তর যোগ অব-জ্বলম্বনপূর্বক নিজদেই বিস্তুলন করিলেন। বানরগণ ওঁাহার দেহ দ্য করিয়া উদকাঞ্জলি প্রদানপূর্বক সংহত্ত পর্বত হইতে সমুদ্রাভিয়থে প্রস্থান করিলেন।

বানরগণ সমুদ্র দর্শন করিয়া, পরস্পর বলিতে লাগিল, कुछ मगाननहे तामहत्त्वत जानकी हत्व कतिशाह मत्नह নাই। সম্পাতির বচন দারা আমরা তাহা নিশ্চিতরূপে অবগত হইলাম। বানরগণের মধ্যে কোন ব্যক্তির এমত-শক্তি আছে, যে, লবণ জলধি উতীর্ণ হইয়া লক্ষা প্রবেশপুর: সর, यनश्विनी त्रभभन्नो জनकनिमनीरक पर्मन कतिया, भूनर्वात উদ্ধি উল্লভ্যনপূর্বক আগমন করিতে পারে। জামুবান্ कहिरलन, जरून वान तन्न है, मामर्था गानी वर्छ, किन्छ छमित्र উল্লুজ্বনক। ব্য অন্যঙ্গনে সম্ভাবিত হয়। সে বিষয়ে হনুমানই वक, আমার মনের বিশাদ এইরূপ জানিবে। আর কালকয় कर्त्वरा नय, मार्टिक्कमान गठ इहेल उथापि क्लीयंत्रगंव, रितान-হীর দর্শন লাভ না করিয়া গমন করিলে, বানররাজ হুগ্রীব আমাদের নাসা কর্ণ ছেদন করিয়া দিবেন। অভএব হন্-মানের নিকট প্রার্থনা কর। তাহা শুনিয়া সম্প্র রন্ধ বানর-গণ বলিল, তাহাই একান্ত কর্ত্তন্য হইয়াছে।

অনস্তর তাহারা সমধিক বেগসম্পন্ন, মহাপ্রাজ্ঞ,কার্য্যদক্ষ, প্রবাশ্বজ হন্মান্কে কহিল, হে মহাবল! রামের দোত্য-কার্য্যের নিমিত্ত এবং বারণের ভয়জননার্থ তুমিই গমন কর। হে অঞ্জনানন্দন! তুমি এই কার্য্য সাধন করিয়া অথিল বানর-কুলের রক্ষা কর। তাহা শুনিয়া হন্মান্, তাহাই হউক বলিয়া স্বীকার করিলেন।

नामहक्त ७ निकथ इ स्थी रक ईक नियुक्त अवः गरहस्

পর্বতে কপিগণকর্তৃক প্রেরিত হইয়া অজনানন্দন হন্মান্ নীরনিধির লজ্মনপূর্বকে নিশাচরনিকেতনে গমন করিবার মানস করিলেন।

## পঞ্চত্বারিংশ অধ্যায়।

মার্কপ্রেয় কহিলেন, হন্মান্ দশানননীতা সীতার অবে যণার্থ রাবণাবলম্বিত পথে গমন কলিতে অভিলাষ করিলেন। তিনি অঞ্জলিবন্ধনপ্রঃসর প্রাধ্ম থ ইয়া, অক্সযোনি, সমী রণকে মনে মনে বন্দনা করিয়া, মহারথ রামলক্ষাণ, হৃত্রীব, সাগর ও সরিলাণকে প্রণিপাতপুর্বক জ্ঞাতিগণকে আলিঙ্গন ও প্রদক্ষিণ করিলেন। "তুমি পুনরাগমনের নিমিত্ত গমন কর, মুনিসেবিত পবিত্রপথ ভোমার কল্যাণকর হউক" এই বলিয়া জ্ঞাতিগণ ভাঁহাকে আশীর্কাদ ও পূজা করিলেন।

অনন্তর বীর্ণাবান্ হনুমান্, তেজঃ, সত্ব ও বীর্যাদারা আত্মাকে উত্তেজিত করিয়া, দূর হইতে উর্জিদিকে দৃষ্টিনিক্ষেপ পূর্বক গমনমার্গ অবলোকন করিতে লাগিলেন এবং আপনাকে পক্ষিত্ররপ ভাবনা করিয়া, মহেন্দ্রগিরির শিখরদেশ নিপীড়নপূর্বক লক্ষদিয়া অম্বরদেশে উৎপতিত হইলেন। ধীমান্ প্রননন্দন, রামচন্দ্রের কার্য্য সাধনার্থ গমন করি-তেছেন দেখিয়া, সাগর, মারুতির বিশ্রামার্থ মৈনাকপর্বতকে প্রেরণ করিলেন। মৈনাক লবণসমুদ্রে মস্তকোত্তলনপূর্বক দণ্ডায়মান হইলেন। কপীশ্বর সেই অদ্রিরাজকে দর্শন করিয়া, সম্ভাবণ ও স্থাগত জিল্ঞানা করিলেন এবং করম্বারা ভাঁহাকে

স্পর্শ করিয়া আকাশমার্গে গমন করিতে লাগিলেন। পথি,মধ্যে নাগমাতা সিংহিকার সহত তাঁহার সাক্ষাৎ হইল;
সিংহিকা স্বকীয় ভীষণ বদন বাদদন করিয়া, বায়পুত্রকে প্রাস
করিতে উদ্যত হইল। হন্মান্ নিজদেহ স্মৃদ্ধিত করিতে
লাগিলেন; সিংহিকাও অধিকতররূপ বদন বিস্তারিত করিতে
লাগিল। অনন্তর হন্মান্ অতিশয় ক্ষুদ্রাকার ধারণপূর্বক
তাহার উদরে প্রবিষ্ট হইলেন এবং তৎক্ষণাৎ কর্ণপথে বহিগমনপূর্বক আকাশপথে প্রস্থান করিতে লাগিলেন।

অনন্তর প্রনপুত্র সাগর উল্লব্জন পূর্ব্বক, মনোহর লঙ্কা-পুরে পর্বতজাত রক্ষাদির উপর নিপতিত হইলেন। সেই পর্বতের উপরিভাপ দিবসের শেষভাগে যাপিত করিয়া সন্ধ্যাবসানে রজনীযোগে ক্রমে ক্রমে লক্ষা নগরে পমন করিলেন নীতিমান প্রনাত্মক অনেকরত্বশালিনী, বহুতর আশ্চর্য্যমন্বিতা, লঙ্কা নগরী প্রবেশ পূর্বক, রাক্ষদগণ প্রস্থু ছইলে, রাবণের সমৃদ্ধিমান্ ভবনে প্রবিষ্ট হইলেন। দেখিলেন, মহারত্বপচিত সমুস্থান শয়নতলে শয়ান রহিয়াছে: নিঃখাদ প্রখাদকালে নাদাবিবর হইতে ঘোরতর ঘোৎকারশব্দ উত্থিত হইতেছে, তথায় দশানন স্থদীর্ঘ দং ষ্ট্রাগণে ভীষণতর হইয়া রহিয়াছে নানাবিধ আভরণ-ভূষিতা সহস্র সংস্র কামিনীগণ তাহাকে পরিবেউন করিয়া निजा याहेरछरह। इन्मान् त्रावनगृद्ध मी डा ६ मवीरक (मथिरङ পাইলেন না। তাহার পার্যদেশে রাক্ষ্যায়কগণের শত শত গৃহ অ্সজ্জিত রহিয়াছে। অঞ্জনানক্ষন, জানকীর দর্শন না পাইয়া হু:খিত হইয়া চিন্তা করিতে লাগিলেন।

. অনন্তর সম্পাতির বচন তাঁহার স্মরণপদ্মে উদিত ছইলে,
তিনি সত্বর সংশোকবনের অন্থেষণে প্রবৃত্ত হইয়া দেখিলেন,
বহুবিধ পুপ্রসমন্থিত সুসয়ের মনোহরস্থান্ধমন্দ্রাতে শাখাপ্রভাগে ঈষম্মিত, অশোকবন স্পোভিত হইতেছে। তিনি
ভাহাতে প্রবিষ্ট হইলেন এবং শিংশপার্কে আরোহণ
করিয়া, রাক্ষসীগণে স্থাক্ষিতা অনকছহিতা, রামদ্য়িতা
সীতাকে দেখিতে পাইলেন। অনশ্বর প্রস্তুতপুস্পপল্লবশালী
এক অশোক রক্ষে আরোহণ পূর্বক উপবিষ্ট হইয়া নিরীক্ষণ
পূর্বক নির্দাণন স্মরণ করিয়া সমে মনে চিন্তা করিলেন,
ইনিই সেই জনকাজ্যজা সীতা হইকেন।

অনিল তনয় হনুমান্ যখন সীতা দেবীকে দর্শন করি-তেছিলন, সেই সময়ে রাক্ষণরাজ বারণ রমণীগণে পরিরত হইয়া তথায় আগমন পূর্বক সীতাকে কহিতে লাগিল, হে প্রিয়ে জানকি! আমি ভোমার প্রতি একান্তই আগত হইয়াছি এবং ভোমার দর্শনজনিতকামশরে নিজান্তই ব্যাকুল হইয়াছি, অতএব হে দেবি! তুমি আমাকে ভজনা কর। হে বিদেহরাজনন্দিনি! বিবিধরত্বাভরণে বিভূষিত হইয়া রামান্তক মন পরিত্যাগ কর। রাবণের সেই কঠোয়তর বাক্যান্কলী প্রেবণ করিয়া সীতাদেবী, আপম অন্তরে রামচন্তকে ধ্যান করিয়া জোধভরে কাঁপিতে কা

দীতার দেই শ্রুতিকটোর বক্সবাণী শ্রুবণ করিয়া রাক্স-

রাজ রাবণ রাক্ষদীগণকে ভর্মনা করিয়া কহিতে লাগিল, আর অধিককাল বিলম্ব না করিয়া ছুই মাদের মধ্যেই দীতাকে বশাভূতা কর। তাহা না হইলে, ইংগরে খড়গদারা ছেদন করিব, তোমরা এই মানুষীকে ভক্ষণ করিও। ছুফাল্লা রাবণ এই বলিয়া নিজনিকেতনে গমন করিল।

অনন্তর রাক্ষনীগণ দীতাকে কহিল, কল্যাণি! তুমি অতিশয় ঐশ্বর্যান্ রাবণকে ভলনা করিয়া চিরস্থিনী হও। দীতা কহিলেন, প্রভূতবিক্রম রানচন্দ্র দারর আগমনপূর্ণকি রাবণকে স্বগণসহিত নিহত করিয়া, আমাকে লইয়া ঘাই-বেন। রে নিশাচরি! রঘূত্রম রাম আমার স্বানী, আমি তিনি ভিন্ন অন্য কাহারও ভার্যা নহি। তিনিই এখানে আগমন করিয়া দশাননের নিধনসাধনপূর্বক আমাকে প্রতিপালন করিবেন। দীতার এই বাক্য প্রবণ করিয়া রাক্ষ্যারা ভয় দেখাইয়া কহিল, ইহাকে সত্তর বিনাশ কর এবং সম্বরই গ্রাদ করিয়া কেল।

তাহাদের এই বাক্য প্রাবণ করিয়া অনিন্দিতা ত্রিজটা কহিল, রে ছুফরাক্ষদীগণ! রাবণের বিনাশবাণী প্রাবণ কর্। আমি স্বপ্ন দেখিয়াছি, সমস্ত রাক্ষদগণের সহিত রাবণ নিহত হইয়াছে এবং রামলক্ষ্মণের কয় হইয়াছে এবং সীতাদেবী নিজপতি রামচন্দ্রকে প্রাপ্ত হইয়াছেন।

ত্রিজটার বাক্য অবণানস্তর রাক্ষদীগণ ভয়ত্রস্ত হটয়।
দীতার পার্থ পরিত্যাগপ্র্বিক দুরে পলায়ন করিল। সেই
অবসরে অঞ্জনানন্দন দীতার নিকট দমস্ত র্ভাস্ত কার্ত্তন করিলেন এবং রামচ:ন্দ্র নাম চিছ্লিত অঙ্গুরীয়ক প্রদান করিয়া

তাঁহার বিশ্বাদ ছাপন করিলেন। হন্মান্ রামলক্ষাণের যথাযথ বিবরণ, পুনঃ পুনঃ কীর্ত্তন করত দীতাদেবীর শীর্ণদেহ কিয়ৎকালের নিমিত্ত প্রফুল্লিত করিয়া তাঁহাকে সম্যক্রপে আশ্বাদিত করিয়া কহিলেন, হে শোভনচরিতে! দেবি! রামচন্দ্রের পরম্মিত্র বানররাজ ছ্রীব, মহতীদেনাদম্ভিক্রাহারে রামের সহিত মিলিত হইক্লা, অবিলম্বেই এই স্থানে আগমন করিবেন এবং স্বগণসহিত্ত রাবণকে সংগ্রামে নিহত করিয়া, তোমাকে উদ্ধার ক্যিয়া লাইয়া যাইবেন।

হনুমানের শ্রুতিমধুর বচন পরক্ষারা শ্রুবণ করিয়া জানকী দুঢ়তর বিশ্বস্তা হইলেন এবং বীণাবিনিন্দিতক্ষামশ্বরে বায়ু-পুত্রকে কহিলেন,হে বীর! তুমি এই মহাদমুদ্র উল্লেজনপূর্বক কিব্রূপে এখানে আগমন করিলে • তাহা শুনিয়া কপিপ্রবর পুনর্বার কহিলেন, রোষভরেই আমি এই মহাসমুদ্র উল্লঙ্খন कतिशाष्टि। ८१ रिटामिश भागिन जुःथार्गर निमय हरेशा-ছেন, কিন্তু সততই হৃষ্থির থাকিবেন; আমি সভ্য কহিতেছি, আপনি সম্বরই রামচন্দ্রের দর্শন পাইবেন। এইরূপে স্বন্থ:-থিতা সীতাকে আখসিত করিয়া কাকপরাভব প্রবণানস্তর, জানকীর চূড়ামণি গ্রহণপূর্বক সীতার চরণকমলে নমস্কার করিয়া প্রতিগমন করিতে মানস করিলেন। অনন্তর মনে মনে বিবেচনা করিলেন, আমার আগমন সংবাদ রাবণকে श्रमान ना कतिया गमन कता इहेरव ना। अहेक्रश हिन्छा कतिया, वीर्यापान् भवनां प्राक्त त्महे मत्नादम व्यापाक्तन उप कतिएक नागिलन। "तामहास्त्रत क्या, तामहास्त्रत क्या" वात्रयात উरेक्टः यदत्र अहे ऋश भक्त कति एक गागिरनन ; व छ-

তর রাক্ষস ও পঞ্চন সেনাপতির প্রাণ বিনাশপূর্বক অক্ষয়-কুমারের নিধন সাধন করিয়া, হস্তি-অখ-রথির সহিত বছতর দৈনিকগণকে নিহত করিলেন।

দম্মুখগমনে মানদ করিয়া তদীয় পাশবন্ধন গ্রহণপূর্বক রাব-ণের পুরোভাগে উপনীত হইলেন এবং মহাবীর্য্য রামলক্ষণ ञ् और वत्र खन की र्खन शृक्ष क लक्षा भूती निः रभर व पहन कति रालन এবং ছুরাচার রাবণকে ভর্মনা করিয়া, পুনর্কার দীতার সহিত সম্ভাষণ পুরঃসর সমুদ্র পার হইলেনএবং জ্ঞাতিগণের সহিত সন্দর্শন ও আলিঙ্গন করিয়া সীতার বার্তা অবেদনা नखत (महे वांनतगर्गत महि**छ পুन्**र्यात लक्कांगमनश्रुतःमत गहर मध्यन विश्वष्ठ कतिया छळ्डा ममस मध्यानपृद्धक, বানরগণের সহিত, দধিমুখ নামক রাক্ষদকে সংহার করি-লেন এবং লক্ষপ্রদানপূর্ব্ব আকাশে উত্থিত হইয়া, সমুদ্র লজ্ঞনপূর্বক রামলক্ষণের সন্ধিধানে উপনীত হইলেন। অন-ন্তর রামলক্ষণ ও স্থগ্রীবের পদতলে প্রণামানন্তর আদি हरेट **बा**त्र कतिया मग उ त्ठा उ निरंगन पूर्वक कहिरलन, পতিব্ৰতা, স্বহঃখিতা, রামদয়িতা, দেখানেও দণাচারসম্পন্না ও সদৃত্তশালিনা হইয়া অবস্থিতি করিতেছেন। আমি দর্বত चार्यम् कतिशा. चत्रारा चार्याकत्रिकांगर्या क्रमककात দর্শন প্রাপ্ত হইয়া সম্ভাষণানন্তর নিদর্শন প্রদানপূর্পক সমস্ত वृ डांख निर्वन कतिलाम। मीका विश्व इहेशा निषर्भन প্রদর্শনার্থ আপনার মুকুটমণি অর্পণ করিয়াছেন, এই বলিয়া অञ्चनानमन भी जानल रमहे भुक्षेत्रनि अमान कतिरमन। जात

তিনি আপনাকে ইহাও কহিয়া দিয়াছেন মে, হে প্রভো!
চিত্রকৃটপর্বতে আমি স্বর্প্ত হইলে, হুইমতি বায়স অপরাধ
করিলে, তাহাকে সেই স্বল্ল অপরাধেও ব্রহ্মান্ত নিক্ষেপ
করিয়া কিরূপ দণ্ড বিধান করিয়াছিলেন, তাহা একণে পারব
করেন। হুইমতি দশানন এখনও জীবিত রহিয়াছে ? এইরূপে বহুতর বিলাপ করিয়া, আমার নিকট রোদন করিতে
লাগিলেন। হে রঘুপতে ! স্বজ্বিছা দীতার উদ্ধারার্থ দৃঢ়তর যত্ন করেন।

রামচক্র হন্যানের নিকট সেই দীতাবচন প্রবণ এবং সীতাদত মুকুট্যণি সন্দর্শন করিয়া রোদন করিতে লাগি-লেন। অনন্তর হন্যানকে দৃঢ়তর আলিঙ্কন প্রদানপূর্ধিক আশন আ্রাফাগে গ্যন করিলেন।

# े यहे हुन जिश्म अक्षाता।

মার্কণ্ডেয় কহিলেন, মারুতিকীর্ত্তিপ্রেয়বার্তা প্রাণ করিয়া, রামচন্দ্র কানরগণের সহিত সমুদ্রত ট গমনপূর্বক তালতরুগণে স্থাণোভিত, সাগর হটে সংখ্যাতীত, সংহৃষ্ট স্থানীবাদি বানরগণে পরিবৃত হইয়া, নক্ষত্রপরিবেষ্টিত চন্দ্র-মার স্থায় স্থাণোভিত হইলেন এবং সরিৎপতির সন্দর্শনপুরঃ-সর তথায় অবস্থিতি করিতে লাগিলেন।

এদিকে লক্ষাপুরে বাবণসহোদর মহাবৃদ্ধি বিভীষণ, রাম-

চক্রকে দীতাসমর্পণার্থ দদ্যুক্তিপ্রদান ও দাধুপথ প্রদর্শন, করিলে, ছুরু দ্বি নিক্ষাপুত্র পাদপ্রহার ও ভংগনাপুর্বক নিরাকৃত করিল। বিভীষণ শাস্ত্রজমন্ত্রিগণসহ লক্ষা হইতে নির্গত হইয়া, ভক্তবংগল জীধর, মহাদেব নারিসিংহ রাম-চল্রে অচলা ভক্তি ধারণপূর্বক তাঁহার চরণতলে আগমন করিয়া, অঞ্জলিবন্ধনপূর্বকি করিলেন, হে মহাবাহু কমল-লোচন ! দেবদেব জনার্দন ! মধুসূদন রামচন্দ্র ! আমি রাবণ-দোদর বিভীষণ, অদ্য আপনার শরণাগত হইলাম, আপনি আমাকে রক্ষা করুন, এই বলিয়া রামের চরণকমলে নিপ-তিত হইলেন। রামচন্দ্র সমস্ত র্ভান্ত অবগত হইয়া, মহা-মতি বিভীষণকে উত্থাপিত করিলেন এবং "এই সমস্ত লঙ্কা-রাক্য তোমার হইল" এই বলিয়া সমুদ্রদলিলদ্বারা বিভীষণের অভিষেক কার্য্য সম্পাদনপূর্ব্যক মিত্র বলিয়া আলিঙ্কন করি-লেন। বিভীষণ কহিলেন, আপনি ভুবনেশর বিষ্ণু, ভগবান্ দাগর আপনাকে পথ প্রদান করিবেন, আপনি ভাঁহার নিকট যাচঞা করুন।

জনার্দন রামচন্দ্র বিভীষণের সেই মহার্থ বাক্য প্রবণ করিয়া সেতৃ বন্ধননিমিও বানরসন্থিত অনশন থাকিয়া সিন্ধু-কূলে শয়ন করিলেন। তিনরাত্রি গত হইল, তথাপি সাগর দর্শন দিলেন না। তদর্শনে অমিত্রাতি জ্ঞগৎপতি রাম ক্রোধে আরক্তলোচন হইয়া, সমস্ত সমুদ্রজল শুক্ষ করিবার নিমিত্র আয়োক্ত গ্রহণ করিলেন। লক্ষ্মণ সত্তর হইয়া ক্রোধান্তি রামচন্দ্রকে কহিলেন, হে মহামতে। এই প্রলয় কাল তুল্য ক্রোধ সংহরণ করুন। হুরগণের রক্ষার নিমিত্র ন্থাপনি অবনীতলে অবভীর্ণ হইয়াছেন। হে দেবদেবেশ। ক্ষমা করুন, এই বলিয়া তাঁহার হস্ত ধারণ করিলেন।

তিন রাত্রি গত হইলে, রাষচন্দ্র কুদ্ধ হইয়া আয়েয়য় ধারণ করিলেন, দেখিয়া, দাগর সন্তুত্ত হইয়া নিজস্তি ধারণপুর:দর রামের অত্রো উপনীত হইয়া কৃতাঞ্জলিপুটে কহিলেন, হে মহাদেব! আমি পরাধীন, আমাকে রক্ষা করুন, আমি পথ প্রদান করিলাম, এক্ষণে কর্ত্ব্য প্রবণ করুন। সেতুকর্মে কুশল নল নামে আপনার এক মহাবল দেনানায়ক আছেন, তিনিই মদীয় থক্ষে যথেচ্ছ বিস্তীর্ণ দেতু নির্মাণ করিবেন, এই বলিয়া দাগর অন্তর্হিত হইলেন।

অনস্তর নির্মাণকুশল নল রামচন্দ্রের আজ্ঞা পাইয়া ভামিতবীর্য্য বানরগণের দারা সমুদ্রবক্ষে লক্ষা পর্য্যন্ত আয়ত এক স্থবিস্তৃত সেতু নির্মাণ করিলেন। রামচন্দ্র তদ্বারা বানরগণের সহিত লক্ষাপার হইয়া স্থবেলাখ্য পর্বতে তাঁহার দর্শনার্থ প্রাসাদোপরি উত্থিত রাবণকে দর্শন করিয়া অবস্থিতি করিতে লাগিলেন।

অনন্তর রামকর্তৃক প্রেরিত পুণ্যব্রত অর্কহত হুগ্রীব রাবণের নিকট গমনপূর্বক রোষভরে রাবণমন্তকে পাদ-প্রহার প্রদান করিয়া, অন্তরপ্রদেশে অমরগণ কর্তৃক বীক্য-মাণ হইরা প্রতিজ্ঞা সাধনপুরঃসর পুনর্বার হুবেল পর্বতে আগমন করিলেন।

ভদনস্তর প্রতাপবান্ রামচক্র সংখ্যাতীত কপিগণকর্তৃক সংর্ত হইমা রাবণের লঙ্কাপুরী অবরোধ করিলেন। রাবণ রামচক্রের তত্নজ লক্ষণের ও বানরগণের বল অবগত হইয়া ভীত হইয়াও নির্ভীকের স্থায় কার্য্য সম্পাদনপূর্বক চতুর্দ্দিকে লক্ষানগরীর রক্ষার্থ রাক্ষনগণতে আদেশ করিলেন। তিনি আপন পুত্রগণকে আহ্বান করিয়া কহিলেন যে, হে ধুআক্ষাদি অমিত্রাস্তক বীর্য্যবান্ রাক্ষনগণ। তোমরা সম্বর্গমন কর এবং পাশ দারা সেই নরদ্বয়কে বন্ধন করিয়া আমার নিকট আনয়ন কর। আমার প্রিয় ভাতা কৃষ্ণকর্গ ত্র্যাশকে (১) প্রবাধিত (২) হইয়া দমস্ত নরবানরগণকে ভক্ষণ করক।

মহাবল রাক্ষদগণ রাবণের আদেশ শিরোধার্য্য করিয়া বানরগণের সহিত যুদ্ধ আরম্ভ করিল। বানরগণ যুদ্ধ করিতে করিতে দেই কোটিসংখ্যক রাক্ষদগণকে নিহত করিয়া ফেলিল। রাবণ অন্যান্য রাক্ষদগণকে পুনর্ফার যুদ্ধ করিতে আদেশ করিলেন।

দশানন পূর্বেছারে যে সকল অমিতবীর্য রাক্ষদগণকে
নিয়োজিত করিয়াছিলেন, নীলাদি বানরগণ দেই সকলেরই
বধসাধন করিল। দক্ষিণ ছারে রাবণনিয়োজিত রাক্ষদসেনাগণ বানরনধে ছিল হইয়া প্রাণ বিসর্জন করিল।
পশ্চিমছারগত পর্বেভাকার নিশাচরগণ, বলদ্পিত বানরপ্রধান অঙ্গদাদি কর্তৃক নিহত হইয়া যমসদনে গমন করিল।
রাক্ষপেশর যে সকল জুরতর স্থলবক্ষঃ রক্ষোগণকে উত্তর
ছারে নিয়োজিত করেন, তাহারা মন্যাদি বানরগণকর্তৃক

<sup>(</sup>১) जुर्ग-नामा।

<sup>(</sup>२) প্রবোধিত-জাগরিত।

নিহত হইল। সেই সকল মহাবল বানরগণ লক্ষার প্রাকার(১)
উল্লজ্জনপূর্বক দলে দলে পুরীগমনপুরঃসর বলদর্গিত রাক্ষস
গণকে বিতাড়িত করিয়া সংহারপূর্বক পুনর্বার প্রত্যাগমন
করিতে লাগিল। এইরূপে সমস্ত রাক্ষসগণ হত হইতে
লাগিল দৈখিয়া এবং রোরুদ্যমানা রাক্ষসাঙ্গনাগণের রোদন
ধ্বনি প্রবণ করিয়া প্রতাপবান্ দশানন জোধে মূর্চ্ছিত হইয়া
সংগ্রামন্থলে নির্গত হইল এবং রশে আরোহণপূর্বক পশ্চিম
দারে উপনীত হইয়া ধনুর্ধারণপূর্বক "কেথায় রামচন্দ্র
কোথায়" এই বাক্য বলিতে কলিতে ঘোরতর শরবর্ষণ
আরম্ভ করিল। অনস্তর শরানভিজ্ঞ বানরগণ চহুর্দিকে
পলায়ন করিতে লাগিল।

রামচন্দ্র বানরগণকে পলায়মান দেখিয়। কহিলেন, একি মহৎ ভয়ের কারণ উপস্থিত হইল ? বিভীষণ কহিলেন, হে রঘুণীর! অধুনা মহাবাছ রাবণ সমর।ঙ্গণে অব তীর্ণ হইয়াছেন, তদীয় বাণে নির্ভিন্ন হইয়া বানরগণ ইতন্ততঃ পলায়ন করিতেছেন। ইহা শুনিয়াই রামচন্দ্র ধকুর্দ্ধারণপ্রকি উথিত হইলেন এবং জ্যাঘোষ দ্বারা দিগাকাশ পরিপ্রিত করিলেন। অনন্তর কমললোচন রামচন্দ্র রাবণের সহিত য়ুদ্ধারম্ভ করিলেন। মহাবল স্থানীব, জাম্ববান, হন্নান, অঙ্গল, বিভীষণ, বীর্যবান্ লক্ষ্মণ ইহারা সর্বাশরবর্ষিণা হস্তি অধ্যরশালিনী, রাবণসেনা নিহত করিয়া হর্ষায়ত হইলেন ১

<sup>(:)</sup> शाकाव-शाहीत।

ভানন্তর রাম ও রাবণের ঘোরতর যুদ্ধার ন্ত হইল। মহান্বল রামচন্দ্র রাবণনিকিপ্ত বিবিধ শরসমূহ শাকাশপথে ছিন্ন করিতে লাগিলেন। অনন্তর দশ বাব দারা রাজণের দারিথি ও অত্যুক্তম ত্রঙ্গমগণকে নিহ্ত করিয়া ভল্লান্ত দারা তাহার শরাসন ছিন্ন করিয়া ফেলিলেন, আর দশ বাব দারা মুকুট ভায় ও স্বর্ণপুছা আর দশ বাব দারা তাহার মন্তক বিদ্ধা করিলেন। তদনন্তর দেবকণ্টক দশানন রামশরে ব্যথিত হইয়া, মন্ত্রিগণকর্ত্ক নীত হইয়া নিজপুরে প্রেশে করিলেন।

অনন্তর র বিশ্বাদর গজ্যুথবিক্রম কুস্তুক ত্র্যানাদে প্রবাধিত হইয়। লঙ্কার প্রাকার উল্লেখনপূর্বক বিনির্গত হইল। কুস্তুকর্পের দেহ অভ্যুক্ত ও অভিশয় স্থাল, লোচন-দ্বয় ভাঙ্কর এবং বল অপরিমিত। তুরাচার ক্ষুধাতুর কুস্তু-কর্ণ সংগ্রামে আগমন করিয়া বানরগণকে ধরিয়া ভক্ষণ করিতে লাগিল। তাঁহাকে দেখিয়া বানরেন্দ্র স্থাীব বল-পূর্বক তদীয় বক্ষঃস্থালে বজ্রুপ্তি প্রহার করিল এবং কর দ্বারা কর্ণদ্ব ও দশন দ্বারা স্থামি নাদা ছিল্ল করিয়া সত্রর লক্ষ্ণ-প্রদানপূর্বক দ্বে গমন করিল। কুস্তুক্র কীপশ্বর স্থাবি-কর্ত্ক তাড়িত ছিল্লনাদ ও ছিল্লকর্ণ ইইয়া বিক্তাকার হইল। ভাহার মুখ্মগুল ইইতে ক্লধিরধারা নির্গত ইইতে লাগিল।

অনস্তর কৃষ্তকর্ণ রামচন্দ্রকে দর্শন করিয়া কহিল, আমি যুদ্ধের নিমিত্ত তোমার নিকট উপস্থিত হইলাম। আমি কবন্ধ (১) হইয়াছি। তাহা শুনিয়া, বানরগণ হাট হইয়া

হাস্ত করিতে লাগিল। রামচন্দ্র ঘোরতর সমরে ধ্আক, কম্পনাদি সমস্তাৎশরবর্ষণশীল (১) রাক্ষসাধিপাগণকে সংহার করিয়া, কুন্তুকর্ণের হস্তপদাদি ছেদন পূর্বক তাহাকে নিহত করিলেন।

অনন্তর ইন্দ্রজিং সমরে আসিয়া, নাগপাশঘারা,রামলক্ষাণকে বন্ধন করিলেন, গরুড়ঘারা কেই পাশবন্ধন অপনয়ন-পূর্বক বানরগণে পরিবেষ্টিত হইশা, শোভমান হইতে লাগিলেন।

ইন্দ্রজিতের পাশবদ্ধন ব্যর্থ হইকে এবং কুস্তুকর্ণ রণাঙ্গনে নিহত হইলে, লক্ষাধিপতি রাবণ, অক্যন্ত ক্রোধান্থিত হইয়া, মহাকায় অতিকায়, দেবান্তক, নরান্তকনামক রাক্ষসগণকে আদেশ করিলেন, তোমরা অদ্য সমরে গমন করিয়া, নরদ্বয়কে বিনাশিত কর। তাহারা শক্রদমরে নিহত হইয়াছে শ্রেবণ করিয়া, পুনর্বার মহোদর ও মহাপার্থ নামক পুত্রদ্বয়কে কহিলেন, তোমরা ভীষণরণে গমনপূর্বক রামলক্ষ্মণকে শমন সদনে প্রেরণ করিয়া সত্তর আগমন কর। তাহাকা সমরে অবতীর্ণ হইয়া ঘোরতর সংগ্রাম করিতে লাগিল। তদ্দর্শনে লক্ষ্মণ রোষাবিষ্টচিত্তে ছয় বাণদ্বারা তাহাদিগকে যমালয়ে প্রেরণ করিলেন। বানরগণ্ড বহুতর রাক্ষ্মপ্রধান বীরগণকে বিনাশ করিতে লাগিল। বানররাজ হুগ্রীব বলদ্পতি রাক্ষ্মণপ্রতি কুম্বকে বিনাশ করিলেন। প্রননন্দন হনুমান দেবতা-দিগেরও ভয়প্রদ নিকুম্বকে শমনসদনে প্রেরণ করিলেন।

<sup>(</sup>১) সমস্তাৎ-চারিদিকে-শরবর্ষণশীল -শরবর্ষকারী।

বানরেন্দ্র অঙ্কল, গদাহন্তে যুধ্যমান ভীষণ বিরূপনামক রাক্ষ্বনের প্রাণদংহার করিলেন। ঋক্ষরাজ জাম্বুবান, ভীমাকৃতি একাশ্বপতিকে বিনষ্ট করিলেন। অন্যান্য কপিগণ, বহুতর রাক্ষদগণকে বিনাশিত করিলেন। অনন্তর মহাবল মকরাক্ষ্মানিয়া বাণবর্ষণ আরম্ভ করিলে, রামচন্দ্র তীক্ষ্ণারে তাহার প্রাণ সংহার করিলেন।

অনন্তর ইন্দ্রজিৎ পুনর্বার মন্ত্রলকরথে আরোহণপূর্বক আকাশে অবস্থান করিয়া রজনীথোগে রামলক্ষনও বানর-গণের উপর বাণ বর্ষণ আরম্ভ করিল। সেই সন্মোহন বাণে বানরগণ ও রামলক্ষনণ নিশ্চেষ্ট হইয়া ভূতলে পতিত হইয়া রহিলেন। তদ্দর্শনে জাম্ববান্ ঔষধ আনয়নার্থ হন্মান্কে প্রেরণ করিলেন। মহাবীর মারুতি মহাবেগে আকাশমার্গে গ্যনপূর্বক ঔষধ আনয়ন করিয়া, ভূমিশয়ান রাম লক্ষন ও বানরগণকে উত্থাপিত করিলেন। বানরদেনা ক্রোধভরে করে প্রজ্জ্লিত উল্লা গ্রহণপূর্বক রজনীযোগে লঙ্কার উপর পতিত হইয়া, হস্তি, অশ্ব, রথ, রাক্ষণ সহিত পুনর্বার লঙ্কা-পুরী দেয় করিয়া আদিল।

অনন্তর রামচন্দ্র, ইন্দ্রজিতের বিনাশ নিমিত্ত বিভীষণের সহিত লক্ষ্মণকে প্রেরণ করিলেন। লক্ষণ যাগ, হোম, জপাদি কর্ম্মের বিদ্ন ঘটাইয়া মেঘনাদ ইন্দ্রজিতকে বিনাশ করিলেন।

প্রধান প্রধান রাক্ষসগণ ও পুত্র মিত্র বন্ধু বান্ধববর্গ নিহত ছইলে, রাক্ষসাধিপতি রাবণ, মহাফোধে স্থানিকিতবেগণালি-অখ্যুক্ত বিচিত্ররথে আবোহণ করিয়া, লক্ষার দ্বারে বহির্গমন- পুৰ্বক উচ্চৈঃস্বৰে কহিতে ৰাগিলেন, কোণায় রামনামে বিখ্যাত, কপিদৈভের ঈশ্বর, তাপদাকৃতি মনুষ্য কোণায় ? দাশরথি দশাননকে সংগ্রামে আগমন করিতে দেখিয়া কহি-লেন, রে হুটাত্মন্! আমি রাম, এখানে রহিয়াছি, আগ্ আমার সহিত বুদ্ধ কর্। তাহা শুনিয়া লক্ষণ রাজীবলোচন রামচন্দ্রকে কহিলেন, আপনি উপবিষ্ট থাকুন, আমি এই রাক্ষদের সহিত যুদ্ধ করিব। এই ঋলিয়া লক্ষ্মণ, সম্ভর গমন क्रिया भवतर्घ।चाता तावगटक (ताथ क्रिटलन । तावगड বিৎশতিবাহু নিক্ষিপ্ত অস্ত্রশস্ত্রদারা লক্ষণকে আচ্ছাদিত করিলেন। এইরূপে তাঁছাদের ঘোরতর যুদ্ধ হইতে লাগিল। পরবীরবিনাশন বীর্বান্ লক্ষণ, রাবণের স্তীক্ষ শায়ক সকল আকাশপথে ছিম করিয়া, ভল্লাস্ত্রদার। তাঁহার সার্থির প্রাণ বিনাশ করিলেন এবং তীক্ষশরে ধ্বজ ও শরাদন ছিন্ন করিয়া, তাঁহার বক্ষঃস্থলে শাগতি শস্ত্র সকল বিদ্ধ করিলেন। অনন্তর রাক্ষদনায়ক রাবণ ক্রোধায়িত হইয়া,ঘণ্টানাদ নিনা. দিনী, অনল্জালাভুলা জাজ্জল্যমানা, মহোকাসদৃশ দীপ্তি-শালিনী, শক্তি গ্রহণপূর্বক র্থোপরি দণ্ডারমান হইয়া, স্তদুঢ় मुष्टिकात' धातनपृर्विक लक्षारात वकः इरल निरक्षण कतिरलन। ঐ শক্তি তাঁছার বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া ধরাতলে প্রবিষ্ট হইল। তদর্শনে মমরগণ আকাশে হাহাকার করিয়া উঠি-লেন। লক্ষণ রণস্থলে পতিত হইল দেখিয়া, বানরগণ রোদন করিতে লাগিল। রামচন্দ্র হৃত্যুংথিতচিত্তে লক্ষণের পাখে গমন করিয়া, বাত্ত্যুগলম্বারা শক্তি উৎপাটিত করি-त्म् । এবং দিব্য- **উষধ রদে অমুজকে সহর অনা**ময় করিয়া

তুলিলেন। তদনন্তর কমললোচন জগৎপতি রামচন্দ্র, ক্রোধান্বিত হইয়া রাবণের হস্তী, অশ্ব, রথী ও রাক্ষসসেনা-গণকে সংহারপূর্বাক তীক্ষ্ণ তীক্ষ্ণ শরদারা তদীয় শরীর জর্জারীকৃত করিলেন। বিষম আঘাতে রাবণ অচেন্ন হটয়ারথোপরি নিপতিত হইল। রামচন্দ্র বানরগণে পরিবেষ্টিত হইয়া দণ্ডায়মান রহিলেন। অনন্তর দশানন সচেতন হইয়াউথিত হইলেন এবং কুপিত হইয়া, উচিচঃস্বরে সিংহনাদ করিতে আরম্ভ করিলেন। সেই মহাভয়য়র সিংহনাদ শ্রবণ করিয়া অমরগণ অম্বরতলে বিত্রস্ত হইয়া উচিলেন।

এই সময়েই আদিত্যহ্যতি মহামুনি অগস্তা, রাবণপ্রতি বন্ধবৈর হইয়া, আগমনপূর্বক রামচন্দ্রকে বিজয়প্রদ আদিত্য হৃদয়নামক মন্ত্র প্রদান করিলেন। রামচন্দ্র মহর্ষির পূজা করিয়া, সেই ঋষিদত অহুল্য অমোঘ নানা সদ্গুণশালী সেই মন্ত্র গ্রহণ করিলেন।

অনন্তর প্রতাপবান্রঘূত্তম বার্যান্রামচন্দ্র হ্বর্ণপুষ মর্মানিরারহাতীক্ষশরদারা রাবণের সহিত যুক্ত করিতে লাগিলেন, রামও রাবণের জ্যাঘোদ, শরীরদ ঘর্ষ সংঘোষ ও পদনির্ঘোষ দারা অথিলত্তিলোক্যমওল পরিপূর্ণ হইয়া উঠিল। যুক্ত করিতে করিতে আকাশতলে উভয়ের লোচন সংঘটি ও মন্তক্ষ বিমর্দ্ধিত হইয়া চহুদ্দিকে মহতী উল্কাপাত তুল্য অনলশিখা দৃষ্ট হইতে লাগিল। দাশর্থ রাম, এইরূপে রাবণের সহিত দীর্ঘকাল যুক্ত করিয়া ক্রোধভরে অধরোষ্ঠ দংশন পূর্বকিদশবাধ দারা রাবণের শুভ্রনন্ত বিকৃতাকার মন্তক সকল ছিম্ব করিয়ে লাগিলেন। রাবণের বিকৃতাকার দর্শন করিয়া

কৃপিগণ কোলাহল করিতে ল।গিল। রামচন্দ্র, হৃতীক্ষ্ণরদার। দশাননের দশমস্তক, পুনঃ পুনঃ ছিন্ন করিয়া পাতিত করিতে লাগিলেন, মস্তক্দকল ও ব্রহ্মারবরে পুনঃ পুনঃ উত্থিত হইয়া ক্ষম দেশে সংযুক্ত হইতে লাগিল।

তদনন্তর, দেববাজ ইন্দ্র, পঞ্চবাজিবিরাজিত, লোক-বিখ্যাত মাতলিসনাথ মহারথ প্রেরণ করিলেন। রামচন্দ্র, দেই বৈরাবিনাশী দিব্যরথে আরোহণ করিয়া দেবকর্তৃক ন্তুর্মান হইতে লাগিলেন। অনন্তর সনাতন রামরূপী জনা-দিন, মাতলি দ্থিত উপদেশ প্রবশান্তর, ব্রহ্মদত্তবর স্মরণ করিয়া, ব্রহ্মান্ত্রনারা, ক্রুরবৈরি দশাননকে নিহত করিলেন।

রামদেব, রাক্ষসাধিপতি দেবকণ্টক বিষমবৈরি রাবণকে
সগণে বিনাশিত করিলে, ইন্দ্রাদি দেবতাগণ, পরস্পর
কহিতে লাগিলেন, দাশরথি রামচন্দ্র, সাক্ষাৎ সনাতন হরির
অবতার ইনি, আমাদের পরমবৈরি, অন্যের অবধ্য রাবণকে
সংগ্রামে সংহার করিলেন, অতএব আমরা উব্বীতলে (১)
অবতীর্ণ অনন্ত, অভ, অভ্যায়, রামচন্দ্রের নিয়তই পূজা
করিব। এই বলিয়া অমরগণ, মনোরম বিমানে আরোহণ
পূর্বক অবনীতলে অবরোহণ করিয়া, রুদ্রে, ইন্দ্রে, বন্ত, চন্দ্রে,
আদি দেবতাগণ; সেই বিজ্ঞারি, বিষ্ণু, জিম্পু জগৎপতি,
সনাতন, রামচন্দ্রকে অনুজের সহিত ঘণাবিধি পূজা করিয়া,
বেন্টন পূর্বক অবন্থিত রহিলেন, কহিতে লাগিলেন, হে
দেবগণ! ইনি, রামচন্দ্র, ইনিইলক্ষ্মণ, ইনি, সূর্য্যতনয় স্থ্রীব,

<sup>(&</sup>gt; डेक्बीं डरन-পृथिवीं डरन।

ইনিই প্রনন্দন হন্মান্ এবং ইনিই যুবরাজ অঙ্গদ। অনন্তর, দেবগণের করপরম্পরা হইতে রাম লক্ষণের মন্তকোপরি অনুগতভ্রমরালি দিব্যগন্ধামোদশালিনী, পুষ্পার্ষ্টি পতিত হইতে লাগিল।

অনন্তর প্রজাপতি ব্রহ্মা, হংস্থানারোহণে, রাম্চন্তের সিম্বানে উপনীত হইয়া মোকাথ্য স্তোত্রদার। রামের স্তব করিয়া কহিলেন, হে রাম্চন্দ্র! আপনিই বিষ্ণু ও ভূত-গণের আদি, আপনিই অনস্ত ও জ্ঞানস্বরূপ, আপনিই বেদান্ত বিদিত, অব্যয় পর্মব্রহ্মা, আপনি এক্ষণে, লোকবিদ্রাবণ-ভূবনরাবণ রাবণকে (১) সমরে নিহত করিয়াছেন, তদ্মারা বৈলোক্যের ও দেবগণের সাধুকার্যা সাধিত হইয়াছে। এই বলিয়া ব্রহ্মা বিরত হইলে, শূলপাণি ভগবান্ শঙ্কর রাম্চন্তের প্রশংসা করিলেন। রাম্চন্দ্র, সর্মজন সমক্ষে সীতার অগ্নিপরিশুদ্ধি সম্পাদন করিলেন, দেখিয়া, দেবগণ, স্ব স্থ স্থানে গ্র্মন করিলেন।

অনন্তর বাহুবলপ্রাপ্ত স্থানোতন ! পুষ্পাক্রিবমান, পরিত্রচারিনী জনকনন্দনী নির্দেখিতশোকা দীতাকে আরোপিত
করিয়া. ভাতার সহিত বানরেজ্রগণ কর্ত্বক বন্দিত হইয়া
প্রতিজ্ঞা দাগর উত্তরণ পূর্বেক ভরতের প্রতি আদক্তচিত্ত
হইয়া দিব্যপুর অযোধ্যায় প্রতিগমন করিলেন। বশিষ্ঠাদি

<sup>(</sup>১) বিজ্ঞাবণ—বিভাড়ক। দ্রাবি ধাতু পলায়ন করা। রাবণকে দেপিয়া ও তৎকর্ত্ত্ব তাড়িত হইয়া লোকসকল পলায়ন করে। রু ধাতু রব করা, চীৎকার করা। রাবণ লোকগণকে বিধ্বস্ত করিয়া চীৎকার করায় এই হে ভূভ্বনরাবণ।

রিজসত্রগণ, ভরত কর্ত্ব প্রণোদিত হইয়া রামচন্দ্রকে কোশলরাজ্যে অভিষিক্ত করিলেন। প্রভাপনান্ রামচন্দ্র, দীর্ঘকাল ব্যাপিয়া অংযাধ্যায় রাজস্ব করিতে লাগিলেন।

অনন্তর রঘুত্তম রামচন্দ্র বানরনায়ক স্থানীব ও নিশাচর-নায়ক বিভীষণকে পূজাপূর্বক বিদায় করিয়া নিজজনগণাদ্বর যজ্ঞাদি কর্মা সমাপনানন্তর স্বর্গারোহণ করিলেন।

হে রাজন্! আমি তোমার নিকট সংক্ষেপে মহাত্মা রামচন্দ্রের চরিত কীর্ত্তন করিলাম। যে মানব ভক্তিপূর্বক এই পুণ্যকথা পাঠ বা তাবন করিবে, জগৎপতি রামচন্দ্র তাহাকে নিজপদ প্রদান করিবেন, সন্দেহ নাই।

## সপ্তচন্ত্রারিংশ অধ্যায়।

রাজা কহিলেন, হে ভৃগৃন্বহ! (১) আমি যাহা কহিতেছি, অবহিত হইয়া শ্রেবণ করুন এবং এইরূপ প্রশ্ন করিয়। আপননার নিকট যে অপরাধ করিতেছি, তৎসমুদার মার্জ্জনা করি-বেন। আপনি পুণ্যময় রামচরিত আমার নিকট কীর্ত্তন করিলেন, আমিও তৎসমুদার শ্রেবণ করিয়া নিকল্ম হইলাম। আপনি কহিলেন, পুণাভোয়া সর্যৃত্তে জনপূর্ণা স্থানাভনা অযোধ্যাপুরী সন্নিবেশিত আছে। হে মুনিস্ত্রম! শুনিয়াছি, দেই প্রিত্রপুরীতে অনেক পুণ্যময় তীর্থস্থান

<sup>(&</sup>gt;) ज्यवर-ज्यवस्याव (अर्थ ।

विकामान बाह्ह, रह विष्युक्तः। এकारण रम्हे मगन्न छीर्थविनः तग कीर्त्तन करून।

মাকভিয় কহিলেন, হে রাজন্! অযোধায় বছতব পুণ্তীর্থ বিদামান আছে, উহাতে গমন করিয়া স্নানাদি করিলে, মানবগণ দদ্যই পাপপুঞ্জ হইতে পরিত্রাণ লাভ করে। দমস্ত বিস্তারপূর্বিক বর্ণন করিতে আমার সামর্থ নাই, প্রধান প্রধান ভীর্থগণের কথা সংক্ষেপে কহিতেছি, শ্রবণ কর।

মকুজকুঞ্জর পদ্মপত্রায়তলোচন জনার্দ্দন রামচন্দ্র দে স্থানে ক্রিমিকীটগণ, মানবগণ, অস্পরোগণ, কিন্নরগণ, গন্ধর্ব-গণ, রুদ্রগণ, ইন্দ্রাদি দেবগণকর্ত্ক স্তুয়মান ছইয়া মানব-দেহ বিদর্জন পুরঃসর দিব্যবিমানে আরোহণ করিয়া বৈকুণ্ঠ-ধামে গমন করিয়াছিলেন, দেই ভীর্থের নাম গোপ্তার এই তীর্থ ই দর্শবতীর্থের মধ্যে উত্তম ও পুণ্যপ্রদ। হে রাজন্! (महे जीर्थित शूनाफल खारन करून। खाक्रानंगरक मह्ख গোদান করিলে যে ফল হয়, মহাপুচা স্থান কুরুক্তেতে সূর্যা-গ্রহণ সময়ে যে পুণ্য হয়, এই গোপ্তারতীর্থে স্নান করিলে দেইরূপ ফল হয় জানিবেন। **তদনন্তর তিলোদক নামে** তীর্থ, উহাতে ব্রহ্মধিগণ নিয়তই বাস করিতেছেন, তাহাতে স্নান व्यक्तना कतितन, मानवशंग विकृतनांक श्राप्त हम । हज्जिवीर्थ ন্নান ও তাহার অনুত্র পুণ্যবারি পান করিলে, সর্কবিধ পাপ इरेट अमुक्त ও मर्विरम्दन अश्किष्ठ रहेशा मिनाविभारन चारता इन शृक्तक, भूतन्त तभूत गमन कतिया थारक। तय नत, অগ্নিতীর্থে স্নান করিয়। নারসিংহের পূজা করেন, সে অগ্নি-

মূর্ত্তি পরিগ্রহ করিয়া,পরমগতি প্রাপ্ত হইয়া থাকে। তদনন্তর তীর্থগণের মধ্যে উত্তম বৃহস্পতি কুণ্ড, তাহার পুণাফল সংক্ষেপে কহিতেছি শ্রুবণ কর। যে মানব, প্রাতঃকালে উখিত হইয়া সেই তীর্থে বিধিপূর্বক স্নান কার্য্য সমাপনা-নভ্র, গল্পপুষ্পাদিধারা নারসিংহের আরাধনা করে, সে সত্য-বাদী, জিতেন্ত্রিয় ও বাগীশ্বর ও শ্বর্গপ্রাপ্ত হয়, তদনস্তর দিন্যরত্নানে প্রদ্যোতিত দিব্যাভর্শসমূহে বিভূষিত হইয়া, অর্কবর্ণ দিব্য বিমানে আরোহণপূর্বক নারসিংহপুরে গমন করিয়া থাকে। হে অনঘ! (১) দিব্যসংখ্যানুসারে শত সহস্রবৎসর বিষ্ণুপুরে দিব্যভোগ সকল উপভোগ করিয়া তৎপরে সাযুদ্ধ মুক্তিলাভ করে। হে রাজন্! তদপেকাও উৎকৃষ্টতর অনুত্র ব্রহ্মদণ্ড নামে বিখ্যাত ভীর্থ অযে ধ্যায় বিদ্যমান আছে। ব্রহ্মতীর্থের ফল বিস্তারপূর্বক বর্ণন করিতে আমার সামর্থ্য নাই, হে রাজন্! আমি সংক্ষেপে বর্ণন করিব, ভুমি আদরপূর্বকে ইহা প্রবণ কর। যে মানব ত্রক্ষতীর্থে গমনপূর্বক নারসিংহের আরাধনা করিয়া অবস্থান করে, সে জিতেন্দ্রিয়, জিতকোধ, রাগদ্বেষবিবর্জ্জিত এবং পাপ হইতে প্রমুক্ত হইয়া প্রমাদিদ্ধি লাভ করে। যে নর, তথায় একবার কুগুস্থানপূর্বক নারসিংহের পূজা করে, সে অপ্সরোগণ কর্ত্তক দেবিত, সিদ্ধদেব মহর্ষিগণকর্ত্তক স্তুয়মান हहेशा निवामात्न আরোহণপূর্বক ব্রহ্মলোক প্রাপ্ত হয়, সন্দেহ নাই। তথায় বছকাল ব্ৰহ্মাকর্ত্ব সংকৃত হইয়া,

<sup>(</sup>३) अनय - निष्पां ।

তৎপরে বিষ্ণুলোকে গমনপূর্বক সাযুজ্যমুক্তি লাভ করে। মানবগণ কোটিতীর্থে স্নান করিয়া, দর্ববিধ পাপ হইতে মুক্ত হইয়া সহস্র অগ্নিষ্টোম ও শতবাজপেয় যজের এবং স্বর্ণ দান, গোদান, ধাতা দানের ফল লাভ করে। তৎপরে ঋষি-দেবিত দপ্তর্যিকুণ্ড, নরগণ দেই তীর্থে স্নান করিয়া ত্রহ্মলোক প্রাপ্ত হয়। অনন্তর আমি তোমাকে সর্ব্যন্ত্রখক্ষয়কারক, দর্বশান্তি কর, পরমোৎকৃষ্ট, মহাস্থান, স্বর্গরার নামক তীর্থের ফল দংকেপে কহিব। পুরন্দর প্রভৃতি দেবতাগণ, মহর্ষি-गन, ज्ञान, शक्तर्वनन, किमतनन, यक्तनन, विन्ताधतनन, নিয়তই এই তীর্থের দেবা করিয়া থাকেন। শ্রোত্রিয় ও অগ্নিহোত্রী ব্রাহ্মণগণকে কপিলার লক্ষণাম্বিতা, স্বহ্দা প্র-স্থিনী গাভী দান করিলে যে ফল হয়, স্বর্গদারে স্নান করিয়া সেই ফল লাভ করিতে পারে। স্বর্গদারে ভগবান নারসিংহ বিষ্ণুর প্রতিষ্ঠা করিয়া, প্রতিদিন উষাকালে স্নানান্তর জিতে-ক্রিয় হইয়া ভক্তিপূর্বক পূজা করিলে, দেহ পরিহারানস্তর বৈষ্ণবপদ প্রাপ্ত হয়। যে নর, প্রাপ্তঃকালে উত্থিত হইয়া স্বৰ্গদার তীর্থের স্মরণ করে, সে দক্ষপাপ হইতে বিমৃক্ত হইয়া পরমাগতি প্রাপ্ত হয়। এই স্বর্গদার মহাতীর্থেই ঘর্ষরা আদিয়া মিলিত হইয়াছে। বেখানে গঙ্গা ও যমুনার সঙ্গম হইয়াছে, সেই স্থান এক মহাতীর্থ। সর্ব্যাতকবিনাশন বালখিল্যাশ্রম নামক তীর্থে স্নান করিয়া মানবগণ সনাতন ব্রহ্মলোকে গমন করিয়া থাকেন। বিষ্যানামক মহাতীর্থে ভগবান ভবানীপতির আয়তন তাহাতে স্নান করিয়া, শক্ক-রের আরাধনা করিলে, নরগণ বিমানারোহণে বিষ্ণুলোকে

গমন করিয়া থাকে। ভূতলপ্রথিত গালব নামক তীর্থে সান কিরলে, ফর্মলাভানন্তর ব্রহ্মলোকে প্রাপ্ত হয়। গোম গ্রীন্থিত রামতীর্থে সান করিয়া গদ্ধপুজ্পাদিলারা বিষ্ণুপূজা সমাধান করিলে নরগণ সিদ্ধিলাভ করে, সন্দেহ নাই। জটাদত্ত নামক তীর্থ ভূতলৈ বিখ্যাত ও শুভকর, তাহাতে সান ও তজ্জল পান করিলে, মানবগণ দক্ষবিধ পাপ হইতে পরিমুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন করিয়া পূজিত হয়।

হে নরাধিপ! এই আমি তোমার নিকট ভূতলবিখ্যাত পুণ্যকর পবিত্র তীর্থ সকলের বিবরণ সংক্ষেপে কীর্ত্তন করি-লাম। যে নরগণ ভত্তিপূর্বকি ইহা প্রবণ করে, সে উদার-তর বৈফ্রপদ প্রাপ্ত হয়।

## অফটভম্বারিংশ অধ্যায়।

মার্কণ্ডেয় ক**হিলেন, অতঃপর আমি** তোমার নিকট তৃতীয়রাম (১) ও কুম্ণের কলাণকর অবতারদ্ধ একবারেই বর্ণন করিব।

পুরাকালে নরভারপীড়িতা পৃথিবী ব্রহ্মলোকে গমন করিয়া দেবতাগণের মধ্যে আদীন পদ্মাদন ব্রহ্মাকে কহিতে লাগিলেন, হে কমলোদ্ভব! যে দকল দৈত্যদানবগণ স্পরা স্থর নরগণকে পরাজিত করিয়াছিল, ভগবান্ বিষ্ণু তাহাদের

<sup>(</sup>३) भगाः कृतं सः स्वादामः ।

সংহারসাধন করেন, তাহারই একণে কংসাদি ক্ষত্রিয়রপে, জন্মগ্রহণ করিয়াছে, হে চতুরান্ন! আমি তাহাদের ভারে একাস্তই প্রপীড়িতা ও সন্তপ্তা হইয়াছি। হে দেব! যাহাতে আমার সেই ভার হানি হয়, আপনি তাহার বিধান করুন।

পৃথিবীর বাক্য প্রবণ করিয়া কমলযোনি ব্রহ্মা অমর-গণের সহিত ভক্তিসমন্বিত হইয়া ক্ষীরোদ সমুদ্রের উত্তরতীরে জগৎপতি জনার্দনের নিক্ট গমনপূর্বক গদ্ধপুষ্পাদি ও বাক্য-পুষ্প দ্বারা চতুর্বাহু জগন্ধাথের আরাধনা করিয়া পূজা করিলে জগৎপতি পরিতৃষ্ট হইলেন।

রাজা কহিলেন, প্রজাপতি বাক্পুষ্প ছারা কিরপে অর্চনা করিয়াছিলেন, দেই শাস্ত্রোক্ত অনুত্র স্থোত্র আমার নিকট কীর্ত্তন করিয়া চরিতার্থ করুন।

মার্কণ্ডেয় কহিলেন, কমলঘোনির মুখোক্টারিত,সর্বাপাপ-হর, পুণ্যকর, পরমোৎকৃষ্ট বিষ্ণুর তৃপ্তিকর, স্তোত্র কীর্ত্তন ক্রিতেছি, প্রবণ কর।

পিতাম**হ কহিলেন, আমি পরমদেব, গোবিন্দের** পূজা-পূর্বক একাগ্রমনা হইয়া এই স্তোত্র উদীরণ করিতেছি।

দেবদেব, নরনাথ, অচ্যুত, নারায়ণ, লোকগুরু, সনাতন, অনাদি, অব্যক্ত, অচিন্তা, অব্যয়, বেদ্য, পুরুষোভ্রম, হরি, আনন্দমূর্ত্তি, অমৃত, প্রাৎপর, চিদাত্মক, জ্ঞানবান্গণের পরমণতিষর্মপ, সর্বাত্মক, সর্বগত, একরূপ, ধ্যেম্বরূপ, মাধ্বকে প্রণাম করি; যিনি ভক্তের প্রিয়, অতীব নির্মাল, শান্ত, হ্রাধিপ, হুধীজনস্তত, চতুত্ত্তি, নীরদ্রণ, ঈশ্বর,

র্থাঙ্গপাণি, (১) কেশব, গদাদিশভাধ বী, জ্রীপতি, থগাসন শাঙ্গ ধর, স্থপ্রভ, পীতাম্বর, হারবিরাজিতবক্ষংস্থল, বিষ্ণু, সততকিরিটা, গম্বস্লাসক্তত্বর্ণকুওলা, তমুকান্তি দারা অশেষজগন্ধদীপনকারী, গন্ধর্কিদিদ্ধ'দি কর্তৃক উপগীত, ভূত-পতি, জনার্দনকে নমস্কার করি। যিনি যুগে যুগে অস্তর-গৰকৈ নিহত করিতেছেন, যিনি অৰ্নীতলে অবতীৰ্ হইয়া ধর্মামুদারে মানবগণের প্রতিপালন করিতেছেন, যিনি জগ-তের স্ষ্টিস্থিতি ও দংলয়দাধন করিতেছেন, সেই বাস্থাদেব-স্নাত্ন হরি নারায়ণকে নুমুকার করি। যিনি মীনুরূপ ধারণ করিয়া রশাতলম্ভিত মেদিনীমগুলের উদ্ধার করিয়া चार्यातक अनान कतिशास्त्रन अवर मधुरेक छे छ देन छ। च शरक मः हात कतिया हिन, तमहे त्वनत्वना नातायन मध्मृननत्क नग-স্কার করি। যিনি ক্ষীরণমুদ্র মন্থনকালে কৌর্মমূর্ত্তি ধারণ করিয়া, হুরগণের হিতদাধন করিয়াছেন, দেই আদিদেব প্রভাকর বিষ্ণুকে প্রণাম করি। যিনি বরাহ আকার স্বীকার করিয়া অতীব বলদপিত হিরণ্যাক্ষ নামক দৈত্যপতিকে বিনাশ করিয়া অখিল মেদিনীমগুলের উদ্ধারসাধন করিয়া-**८इन. (मेरे एक पृत्रिं या का प्रतारक नमकात कति।** यिनि भूता-কালে জগতের হিতের নিমিত্ত নৃদিংহমূর্ত্তি পরিগ্রহ করিয়া প্রথর নথরাগ্র দারা দৈত্যপতি হিরণ্যকশিপুর সংহারসাধন করেন, সেই সনাতন নারায়ণকে নমস্কার করি। যিনি **बक्काजी वामनक्षण धार्वाण्यंक वर्णिकाक्राक वक्क क**िरा

<sup>(</sup>১) রথান্স-চক্র রথাঙ্গপাণি-চক্রপাণি।

ত্রিপদ দারা জগংত্রয় আক্রমণ করিয়। পুরন্দরকে প্রদান করিয়াছিলেন, দেই আদিদেব, স্বায়, পুরুষোভ্রম হরিকে নমস্কার করি। যিনি যামায়া রূপে ভূজবনচ্ছেদন করিয়া কার্ত্বীর্যার্জ্রুনকে বিনাশ করিয়াছিলেন এবং ত্রিসপ্তবার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়া ভূমিভার হরণ করিয়াছিলেন, দেই পুরুষোত্তব বিষ্ণুকে নমস্কার করি। যিনি সমুদ্রে সেতৃবন্ধনপূর্বাক লক্ষায় গমন করিয়া ভূত্য ও স্বজনের সহিত দশাননকে হনন করিয়াছিলেন, দেই অবয়য় রঘুত্রম রামানকে নিরন্তর নমস্কার করি। হে ভগবন্! আপনি যেরূপ বারাহ নৃসিংহাদিরূপে দেবগণের হিত্রাধন করিয়াত্রেন, সেইরূপে যাহাতে ভূমির ভারহানি হয়, আপনি এক্ষণে ভাহার বিধান করেন। হে বিষ্ণো! প্রামাহণ, আপনি করিয়ার করি।

মার্কণ্ডেয় কহিলেন, অনন্তভেগেশায়ী, ভগবান্ বাহ্ণদেব, ব্রহ্মার দেই স্তৃতিবাণী প্রেবণ করিয়া কহিলেন, আমি ভূভার-হরণার্থ দ্বিধিরূপে অবতীর্ণ হইব, দেবগণও স্ব স্ব অংশে অবতীর্ণ হইবেন, ভাহা হইলেই স্প্রকার্য্য সমাধান হইবে।

হরির বাক্য শ্রবণানস্তর, তাঁহাকে প্রণাম করিয়া ব্রহ্মাদি দেবতাগণ প্রস্থান করিলেন। অনস্তর, দেবদেব জনার্দন, চ্ইগণের শাসনও শিষ্টগণের পরিপালন নিমিত্ত আপনার খেতক্ষরপাণী চুই শক্তি প্রেরণ করিলেন। তন্মধ্যে শুল্লাশক্তি রোহিণীগর্ভে ও কৃষ্ণাশক্তি দেবকীগতে নিহিত করিলেন। বহুদেব ঘারা উভয়ের গর্ভসঞ্চার হইলে, রোহিণীগর্ভে খেতকান্তি বলরাম ও দেবকী গর্ভে কৃষ্ণকান্তি কেশব জন্মগ্রহণ করিলেন। হে নৃপ! ভাঁহাদের কর্ম প্রবন্ধর। গোকুলে বালক গণকে আনায়ন করিতে সাদিয়া দ্যান্দিনী রাক্ষী নিশাকালে বলরাম কর্ত্ক নিছত হয়; শ্রীকৃষ্ণ পূতনার প্রাণ বিনাশ করেন। বলরাম, স্থগণ সহিত প্রেমুককে নিছত করিলেন; শ্রীকৃষ্ণ দেইরূপ, শকটাম্বরও অর্জ্বন রক্ষের বিনাশ করিলেন। বলয়াম, ভাতীরবনে, কর দ্বারা প্রলম্বাম্বরের প্রাণ সংহার করিলেন; শ্রীকৃষ্ণ ও দুইবাজী কেশীনামক অম্বরকে নিপাতিত ও কালিন্দীসলিলে দুই বিষধর, কালীয় নাগের দমন এবং দেবরাজ নিয়ত বর্ষণ করিলে, গোবর্জন ধারণ করিয়া গোকুলের রক্ষণ পূর্ব্বক অরিষ্ট বিনাশ করিলেন।

অনন্তর উভয় ভাতা, মহাত্মা অক্র কর্তৃক মধুরায়
নীত হইয়া পথিমধ্যে যমুনাজলে নিমগ্ন হইলেন। অক্র,
তাঁহাদিগকে দেখিতে নাপাইয়া বিশ্বিত হইলেন। অনন্তর
রামকৃষ্ণ ষমুনাজলে, আপন, আপন, হুশোভিত ও বিভৃতি ২৩
দিবাতকু প্রদর্শন করিলে, নৃপনন্দন অক্রর তাঁহাদিগের
সেই অতুল প্রভাব অবগতি করিয়া পরম প্রীতি প্রাপ্ত
হইলেন।

অনন্তর, মথুরায় নীত ছইলে, কংসরাজের রক্ক, তাঁহানিপকে ছুর্বাক্য প্রয়োগ করিলে রামকৃষ্ণ তাঁহাকে বিনাশ
করিয়া বস্ত্র সকল আক্ষণগণকে বিতরণ করিলেন। আক্ষাণগণ,
রামকৃষ্ণকে, সগুড় পায়দ সন্থত অপূপ ভক্তি পূর্বক প্রদান
করিলেন, তাঁহারা ভাহা ভোজন করিয়া ভৃষ্ণিলাভ করিলে;
মালাকার ভক্তি পূর্বক মনোহর মাল্যহারা ভাহাদের পূজা

করিল। রামকৃষ্ণ, ভাহাকে বর প্রদান করিয়া, রাজমার্গে পমন করিতেছেন, এমত সময়ে কুজারসহিত সাক্ষাৎ হইল। কুজা মালাচন্দনাদি দ্বারা তাঁহার পূজা করিলে কেশব ভাহার কুজত্ব বিনাশ করিয়া, বিরূপদেহ হুরূপ করিয়া দিলেন। অনন্তর দেবকীনন্দন, কংদের মহংকাম্মুক আকর্ষণ করিয়া তৎক্ষণাৎ ভগ্ন করিলেন। বলরাম, বল পূর্বক, রক্ষক ও দারপালগণকে বিনাশ করিলেন। অনন্তর জনাদিন, কুবলয়াখ্যগজরাজকে দৎহার করিয়া তাহার দন্তবয় উৎপাটন পূর্বক করে ধারণ করিয়া কংসের সভা-হলে প্রবেশ করিলেন ! অনন্তর, মদমত অব্যয়াত্মা মহাপ্রাণ মুঘলী, ছোর সমরে, শৈলে।পম মন্দমুঞ্জিক নামক অস্তর ष्वारक विनामिक कतिरासन। जनामिन छ जननरथा मीर्याकाम যুদ্ধ করিয়া প্রদিদ্ধ বলবীর্য্য কংসবন্ধু আনুরনাসক মহাস্তরকে বিনাশ করিয়া মল্লনামক মহাদৈত্যের প্রাণদংহার করিলেন। অনন্তর, হলধর, মন্দ ও মুফিকের মিত্র পুঞ্চরাহারকে মৃষ্টি ঘারা নিহত করিলেন। কৃষ্ণচন্দ্র, সনকাস্তরকে বিনাশ করিয়া,কংশান্তরকে ধরিয়া ভাছার নিগ্রহ করি:ত লাগিলেন। তিনি ক্রোধভরে কংসকে পৃথবীতলে নিপাতিত করিয়া ভূমির উপরদিংশ আকর্ষণ করিতে করিতে সভামখ্যেই তাঁহাকে বিনাশ করিলেন।

কেশব কংসকে সংহার করিলে, বলবীর্ঘনান কংসভাত।
ক্রোধভরে যুদ্ধে প্রবৃত্ত হইলে বলরাম ভাহাকে কণ্মধ্যেই
বিনাশ করিলেন।

অনন্তর, বাহুদেব রামকৃষ্ণ, সমস্ত যাদবগণে পরিবেষ্টিত

হুইয়া, কারারুদ্ধ পিতা মাতার উদ্ধার সাধন পূর্বক উঞ্ দেনকে যাদবগণের নৃপতি করিয়া হুধর্মনাম্বী সভা প্রদান করিলেন।

রামকৃঞ, সর্বজ্ঞ হইলেও, সান্দিপনি মুনির নিকট গমন করিয়া অস্ত্রবিদ্যা শিক্ষা করিয়া গুরুপুত্রবিনাশক পঞ্ জননামক শঙ্খাস্থরের প্রাণ সংহার করিলেন। অনস্তর যমকে জয় করিয়া গুরুকে পুত্র দাৰ রূপ গুরুদক্ষিণা প্রদান করিলেন। অনস্তর সনাতন বলরামাও অব্যয়াত্মহরি দিব্যাস্থ সমূহদ্বারা মগধ রাজের সমস্ত বল, বহুবার বিনাশ করিলেন। তদনন্তর, উভয়ে অর্ণবান্তে দারকানাল্লী মনোহয়া পুরী নির্মাণ করিয়া শৃগালের বধদাধন করিলেন। অনন্তর, মহাকায় কাল্যবনের নিধনপূর্ব্বক প্রশান্তবিগ্রহ হইয়া নন্দরাজের গোকুলে পুনর্গমন করিলেন। তদনন্তর, বুন্দা বন-বিপিনে, গোপীজনগণে বিভূষিতাঙ্গ হইয়া বিহার করিতে लांशित्न । इलध्य कुक इरेया लाक्नुला्ध घाता यमूना ननीत्क আকর্ষণ করিলেন। তদনস্তর সমুদ্ধিদম্পন্না মনোরমা দার-বতী গমন করিয়া রেবতীর সহিত রমণ করিতে লাগিলেন। পুরাণপুরুষ কৃষ্ণও দেইকালে রুক্মিনীকে প্রাপ্ত হইয়া ভাঁহার সহিত বিহার করিতে লাগিলেন।

অনস্তর, হলধর দ্যুতক্রীড়ায় কলিঙ্গ রাজের দস্ত উৎ-পাটন পূর্বক অন্টাপদ (১) বারা কপটী মিথ্যাভাষী রুক্ষীকে বিনাশ করিলেন। কৃষ্ণও প্রাগ্জ্যোতিষ দেশে (২) হয়-

<sup>(&</sup>gt;) कडेश्यन-शाष्टि, शायात छक्। (२) शाकात (मरम)

গ্রীবাদি বহুতর দৈ ত্যগণকে বিনাশিত করিলেন এবং নরকা: হ্রের নিধন পূর্বক তদীয় অশ্ব ধন ও মহতীদেনা গ্রহণ করিলেন। অনস্তর, অদিতিকে কুণ্ডল যুগল প্রদান পুরঃসর দেবগণের সহিত ইন্তকে পরাজিত করিয়া পারিজাত আহরণ পূর্বক দারকাপুরী প্রস্থান করিলেন। অনস্তর বলরাম, কুরু গণের সহিত স্থ্যবদ্ধ হইয়া তাহাদিগের ভয়োৎপাটন করিলেন। ধীমান্ ক্ষচন্দ্র, যুধ্যমান বাণাস্থ্রের বাহু চ্ছেদন করিলেন। বীর্যাবান্ বলদেব কর্তৃক বাণের শতকোটি সংখ্যক দৈন্য বিনাশিত হইল।

অনন্তর কংস্বিনাশন কৃষ্ণ, অর্চ্জুনের সহায়ও স্থাবদ্ধ হইয়া সমস্ত ভূপাল গণের সংহার পূর্বক, পৃথিবীর ভার, ব্যপরোপিত (১) করিলে বলদেব, ভীর্থাতা করিলেন। বলরাম, যে সমস্ত অহুরাদি সংহার ক্রিয়া ছিলেন, তাহার সংখ্যাকরা যায়না।

হে নরাধিপ। সেই রামকৃষ্ণ এইরূপে ছুন্টগণের নিধন করিয়া ভূভার হরণ পূর্বক, স্বেচ্ছা ক্রমে স্বর্গগমন করিলেন।

হে রাজন্। এই আমি আপনার নিকট, র.মকৃফের দিব্য অবতার কথা কীর্ত্তন করিলাম। একণে কল্কিনামক অবতারের বিবরণ শ্রেবণ কর।

অনস্ত, অবায়, দর্বাশক্তিময় হরির এই খেতক্ষ্ণ শক্তিদ্য়, ভূমিভার হরণ করিয়া পুনর্বার কু:ফেই বিলীন হইল।

<sup>(</sup>১) मःऋड, मःशत कतिरल । इलियानिरम।

### ঊনপঞ্চাশত্তম অধ্যায়।

মার্কণ্ডের কহিলেন, হে রাজনু অতঃপর আমি, পাপ-বিনাশন নারায়ণের কল্কি নামক অবভার কথা কীর্ত্তন করি-তেছি, অবহিত হইয়া প্রবণ করুন ।

হে রাজেন্দ্র ! কলির বলে ধর্মীতলে ধর্ম বিনফ হইলে ও মহাপাপের প্রদার দম্বর্জিত হইলে এবং জন দমূহ, ব্যাধি দ্বারা সম্পীড়িত হইলে, ভগবান বিষ্ণু দেবগণ কর্ত্ক ক্ষীর-দাগরে সংস্কৃত হইয়া নানাজনপদদমন্বিত দম্বলনামক মহাগ্রামে বিষ্ণুযশা নামক ব্রাহ্মণের ঔরদে কল্পীদেব অবতীর্ণ হইবেন। তিনি অথে আরোহণ পূর্বক করাল করণাল দ্বারা প্রবল ক্ষেত্রগণের নিধন্দাধন করিবেন। পৃথিবীর বিনাশহেতু দমস্ত মেচছগণেক হনন করিয়া দেই পুরুষোত্তম কল্পী ভূমিভারহরণপূর্বক, বহুকাঞ্চনাথ্য ধর্মের সংস্থাপনান্তর স্বর্গারোহণ করিবেন।

হে পার্থিব প্রবর ! এই মানি আপনার নিকট, হরির পাপহারী দশ অবতারের কথা পরিকীর্ত্তন করিলাম। যে মানব, সততই ভক্তি সমন্থিত হইয়া এই পৃসিংহ দেবের অবতার কথা প্রবণ করেন, তিনি বিষ্ণুপদ প্রাপ্ত হইয়া বৈকুপ্রধামে নিয়তই বিরাজ করিতে থাকেন।

## পঞ্চাশত্তম অধ্যায়।

রাজা কহিলেন, হে বিপ্রেন্ত ! আমি আপনার প্রসাদে, দেবনেব নারায়ণের কলুষহারিণী পুণ্যকথ। প্রবণ করিলাম। হে মুনাশ্বর মার্কণ্ডেয়ণ পুরাকালে, বলি-যজে, বামন কর্তৃক বিক্তাক্ষ হইয়া, শুক্রাচার্য্য কিরূপে নারায়ণের তব করিয়া অক্লিলাভ করিয়াছিলেন, তাহা প্রবণ করিতে বাসনা হয়।

মাক ভিয় কহিলেন, ভার্গব বামনকর্তৃক বিকৃতাক্ষ হইয়া বহ্নিতীর্থে জাহ্নবীদলিলে অবগাহন পূর্বক বামন-দেবের অচ্চনা করিতেন। তিনি উদ্ধান্থান্ত হইয়া, শন্ত্যক গদাধর, দেবেশ্বর সনাতন নারসিংহকে হৃদয়ে ধণান করিয়া স্তব করিতেন।

শুক্র কহিলেন, অব্যয়, অনস্ত, বিষ্ণু, বলিদর্পবিনাশন, বামন, শান্ত, শান্ত, পুরুষোত্তম, স্থার, মহাদেব, শান্তক্র-গদাপদ্যধর, বিশুদ্ধজ্ঞানস্বরূপ, অচ্যুত হরিকে ভক্তি পূর্বক নমস্বার করি। আমি সর্ববশক্তিময়, সর্বগ, সর্বভাবন, আনন্দ স্থার, অজর, নিত্য দেব, গরুড়ধ্বদ্ধ জনার্দ্দনকে নমস্বার করি। যিনি স্থারাস্থ্যনরগণকর্তৃক নিয়ত স্তত্ত ও পূজিতহন, সেই হাবীকেশ জগদ্ভরু নারায়ণকে নমস্বার করি। যতিগণ বাঁহার রূপ, সংকল্প করিয়া নিয়তই ধ্যান করিয়া থাকেন সেই জ্যোতিঃস্বরূপ, অসুপম নার্দিংহকে নমস্বার করি। বজাদি দেবতাগণ, যাঁহার পর্মরূপ, জানিতে না পারিয়া

অবতার রূপের অচ্চনা করেন, আমি সেই অনাদি অনস্তর্প নারায়ণকে নমস্কার করি। যিনি, এই অখিল জগতের স্প্তিকরিয়া ছুই গণের বধসাধন পূর্বাক জগতের পরিত্রাণ করেন, এবং যাঁহ তে নিখিল জগৎ বিলীনহয়, আমি সেই জনার্দ্দন নারায়ণ বামন দেবকে নমস্কার করি। যিনি, ভক্তগণ কর্তৃক নিয়তই অভ্যক্তিত হন, যিনি, নিয়তই ভক্তপ্রিয়, সেই নির্দ্দান, নিত্যদেব, জগৎ পতিকে নম্কার করি। যিনি পরি-তোষিত হইয়া, সাতিশয় ছুর্লভ ক্সপ্ত ভক্তপণকে প্রদান করেন, সেই সর্বাসকী সনাতন বিষ্ণুক্তে ভক্তিপূর্বাক প্রণামকরি।

মার্ক তেয় কহিলেন, পুরাকালে দেবদেব জগমাথ, শুক্র কর্ত্ক এইরপে সংস্তৃত হইয়া শহাচক্রগদাধারী নারায়ণ তাঁহার অথ্যে আবিভূত হইয়া একচক্ষু শুক্রাচার্যাকে কহিলেন, হে ভার্গব ! ভূমি কিনিমিন্ত জাহ্নবীজলে আমার শুব করিতেছ। শুক্র কহিলেন, হে দেবদেব ! আমি পূর্ব্বে, আপনার নিকট মহান অপরাধ করিয়াছিলাম, দেই দোষের অপনয়ন নিমিত্ত এক্ষণে আপনার স্তৃব করিতেছি। ভগবান কহিলেন, আমার নিকট অপরাধ হেছু তোমার একনয়ন বিনক্ত হইয়াছে, হে শুক্র ! এক্ষণে আমি, তোমার এই স্থোত্রারা সস্তৃক্ত হইলাম, ঈষৎ হাস্ত সহকারে এই বাক্য কহিতে কহিতে জগৎপতি জনার্দন স্বীয় পাঞ্চল্ডশন্তারা শুক্রের কাণ চক্ষু স্পর্ণ করিলেন শাঙ্গ ধরের পাঞ্চল্ড সমন্থিত হইল। এইরূপে ঋষিবর শুক্রাচার্যাকে নয়ন প্রদান পূর্ব্বিৎ নির্মাল হইয়া দৃষ্টিশক্তি সমন্থিত হইল। এইরূপে ঋষিবর শুক্রাচার্যাকে নয়ন প্রদান পূর্ব্বিক

হাধীকেশ, অন্তর্জান করিলেন, শুক্র ও আপন আশ্রমে প্রতি

#### একপঞ্চাশত্তম অধ্যায়।

রাজা কহিলেন, এক্ষণে আমি শার্ক্ধর নারায়ণ নার-সিংহের প্রতিষ্ঠার পরম বিধি শ্রবণ করিতে বাদনা করি।

মার্কণ্ডেয় কহিলেন, হে ভূপাল। অমিততেজা দেব দেব বিষ্ণুর বিভূতিপ্রদ (১) প্রতিষ্ঠা বিধি, যথা শাস্ত্র কীর্ত্তন করি-তেছি, শ্রবণ কর।

যে মানবপ্রবর বিষ্ণুর প্রতিষ্ঠা করিতে বাদনা করিবেন, দে প্রথমেই শাস্ত্রোক্ত স্থির নক্ষত্রে ভূমিশোধন করিবেন। পুরুষমাত্র বিশেষত বাহুমাত্র থাত করিয়া, কর্করান্থিত জল-দিক্ত শুদ্ধ মৃত্তিকাদ্বারা ঐ থাত উত্তম রূপে পরিপূর্ণ করিবে। তদনস্তর পাষাণ বা শুদ্ধমৃত্তিক। দ্বারা অধিষ্ঠান (২) বন্ধন পূর্বিক তাহার উপরিভাগে বাস্ত্রবিদ্যাবিশারদ ব্যক্তিগণের দ্বারা প্রাদাদ প্রস্তুত করাইবে। বাস্তভাগের উত্তরদিকে চতুর স্রাকৃত্তি (৩) ও চতুদ্ধোণ স্থশোভন প্রাদাদের ভিত্তি (৪)বা কুড্য শিলা দ্বারা, তদভাবে ইউক দ্বারা তদভাবে মৃত্তিকা দ্বারা প্রস্তুত করিবে। ঐ গৃহের দ্বার পূর্ববিদকে থাকিবে।

<sup>())</sup> मन्नाम मात्री।

<sup>(</sup>२) वनिवाम।

<sup>(</sup>৩) বর্গ--কেতাকার।

<sup>(</sup> ४ ) (म अयाना।

ক্রেকচদারিত (১) অতিশয় নিশ্ছিদ্র, চিত্রশিল্প বিশিষ্ট জাতি কাষ্ঠময় ফলকাষিত স্তম্ভে, আয়ত ও সভীক্ষ কীলক দারা পরিলম্বক কাষ্ঠ সকল স্থাটিত করিয়া, সম্বন্ধ করিবে। অন-ন্তর স্ববিস্তৃত মুন্ময় ফলকাদি দার। বর্ষামুবারক ছাদ প্রস্তুত করিবে। 'এইরূপে হরির স্থানান্তন পূর্বদারি গৃহ প্রস্তুত করিয়া, স্কৃচিত্রিত ক্বাট সম্বন্ধ করিছো।

অতিবৃদ্ধ, বালক, কুষ্ঠাদিরোগাঁবিশিষ্ট ও দীর্ঘরোগী দারা হরির প্রতিমা প্রস্তুত করাইবে:না। কারুকার্যে কুশল ধ মান্ বিশ্বকর্মোক্তশাস্ত্রজ্ঞ ব্যক্তি ছারা, প্রতিমা নির্মাণ করাইবে। প্রতিমা শোভনশিরস্কা, স্থপ্রবণা, স্থনাসা, ञ्रालांहना रहेरत। मछरक मानार्त्र कितींहे ७ প∗हार् স্থােভন ধিমাল বন্ধন (২) বিরাজিত থাকিবে। প্রতিমার পদ্মাপত্রায়াত স্থশোভন দৃষ্টি, অধোভাগে উদ্ধভাগে বা वक्रजारिक ना इहेशा ममजारिक इहेरिक। ज. ननाहे, करिशान-সম ও স্থােভন ভাবে হুগঠিত হইবে। ওঠ, চিবুক, গ্রীগা-দেশ, হুচারু করিয়া, নির্মাণ করাইবে। মধ্যভাগে ভঙ্গি-বিশিষ্ট বাহু স্মিহিত দক্ষিণ করাগ্রে, নাভিসংলগ্ন দিব্য অর विनिक्ठे अवर প্রাপ্তভাগে নেমিদংযুক্ত অর্কতুল্য চক্র প্রদান করিবে। বামভুজে দৈতাদপবিনাশনধ্বনিসমন্বিত, পাঞ্চ-জক্ম নামে বিধ্যাত, হ্নধাংশুসদৃশ শব্দ প্রদান করিবে। গলদেশে সমর্পিত দিব্য হারাবলী উদর পর্যান্ত বিলম্বিত

<sup>(</sup>১) করাত পাটিত।

<sup>(</sup>२) ধশ্মিল-- রুটি।

হইয়া, শোভা বিস্তার করিবে। কণ্ঠস্থলে, ত্রিবলি বিরাজিতা, স্থান্তনা, চারুহ্বদয়া, স্থাজ্ঞা, মনোহারিণী প্রতিমা, কটিতটে মকর ধারণপূর্বক স্থামাধারিণী হইবে। বাহুদেশে দিব্য কেষ্ব, স্থাটিত কটিতটে মনোরমা মেথলা, স্থাশাভিত স্থাঠিত নাভিদেশে ত্রিবলিভঙ্গিমা বিরাজিত হইবে। কটি বিলম্বিত প্রদীপ্ত শোভাম্বিত দিব্যমালা জামুলগ্ল হইয়া, পাদ পর্যান্ত প্রদারিত থাকিয়া, শোভা বিস্তার করিবে। বাম চরণ দিব্য পদ্মোপরি বিনাপ্ত ও উদগ্র গুল্ফ দক্ষিণ পদের অঙ্গুলির অগ্রভাগ পদ্মলগ্ল হইবে এবং ঐ পদ ভঙ্গি ভাবে আদিয়া, বামপদের বামভাগে ভাবত্বিত থাকিবে।

এই রূপে স্থমাধারিণী প্রতিমা প্রস্তুত হইলে, মন্দির
সম্মুখন্থ বহিঃপ্রদেশে চর্তুদার, চতুস্তোরণবিশিষ্ট প্রতিষ্ঠামণ্ডপ প্রস্তুক করিয়া, তমধ্যে দর্পিঃ (১) ধন্যাঙ্কুরাদিবারা ঘট স্থাপনপূর্বক তঙ্গুলে প্রতিমার অভ্যুক্তণ (২) করিবে। তৎকালে শয়, জেরী আদি বিবিধ বাদ্য বাদনা করিবে। অনন্তর
বেদপারগ ব্রাহ্মণগণ, মণ্ডশমধ্যে প্রবেশপূর্বক তম্মধ্যে অবস্থিত হইয়া, পৃথক্ পৃথক্ পঞ্চাব্য দ্বারা স্নান করাইবে।
তদনন্তর উষ্ণ বারি দ্বারা স্লান করাইয়া, পরে শীতলাম্ব দ্বারা
স্থান করাইবে। তৎপরে হ্রিদ্রা কুছুম চন্দনাদি দ্বারা
উপলিপ্র্নন (৩) করিবে। তদনন্তর ব্রাহ্রাদিত করিয়া, অলং-

<sup>(</sup>১) মুভ।

<sup>(</sup>२) अञ्चल-कूशांनि वाविवाता शिकः।

<sup>(</sup>७) कि श्रिः कि श्रिः एत श्रमः

ক্রণপূর্বক পুণ্যাছে ঋক্মন্ত্র দৃারা প্রতিমা প্রোক্ষণ (১) করিবে।

অনন্তর শহা ভেরি বাদিজাদি ৰাদনপূর্বক ভক্তিমান্ ব্ৰাহ্মণ ছারা প্রতিমা নদীজলে ল**ই**য়া গিয়া সপ্তরাত্র বা ত্রিরাত্র অধিবাদ করাইবে। নির্মাল হদজলে বা স্থ্রক্ষিত পরিশুদ্ধ তড়াগ জলেও অধিবাস সম্পন্ধ করিতে পারিবে। হে পার্থিবপুক্ষব (২) এইরূপে বারি ছারা অধিবাসসম্পন্ন হইলে বিপ্রগণের দারা উত্থাপন কয়াইয়া পূর্ব্ববৎ স্নান ও অলংকরণ সমাপনপূর্বক ভেরিনিনাৰ ও বেদঘোষসহকারে বিশুদ্ধ মণ্ডপমধ্যে মাধবকে আনয়ন করিয়া, পলাকারে বিলিখিত মনোরম ছানে স্থাপনপূর্বক বিষ্ণুদৃক্ত মন্ত্র দারা স্নান সমাপন পুরঃসর অলঙ্কত করিবে। অনন্তর সভেগ-ষিত ষোড়শ ধিজ বিধিবৎ কার্য্য সমাধান করিবেন। চারি জন বেদ অধ্যয়ন, চারিজন পাবন (৩) এবং অন্য চারিজন বিচক্ষণ ত্রাহ্মণ চারিদিকে হোমকার্য্য সম্পন্ন করিবেন। একজন "ইন্দ্রাদ্যাঃ শ্রীয়তাং" এই মন্ত্র দ্বারা পুষ্প অক্ষত অন্নমিশ্র বলি প্রদান করিবেন। একজন সায়ৎ সন্ধ্যা-कात, मधातात्व, धेवाकात्म । अ मृशात्म अमूनिक इहेतन, মাতৃগণের ও বিদ্বগণের প্রত্যেককে বলি প্রদান করিবেন। একজন বিচক্ষণ বিপ্ৰ আহোরাত্র উপোষিত থাকিয়া মনঃ-সংযমনপূর্বক যজম।নের সহিত বিষ্ণুমন্দিরের

<sup>(</sup>১) সিক্ত করণ।

<sup>(</sup>२) ताकरअर्छ।

<sup>(</sup>৩) প্রেমানী হক সমুসারে ক্রিয়া।

ছইয়া পুনঃ পুনঃ পুরুষদৃক্ত জপ করিতে করিতে শুভনয়ে হুশোভন পালিপ: ট্র কেশবকে উত্থাপিত করিবেন। ন্তর অধ্বযুর্গ, প্রবসূক্ত ছালা দৃঢ়রূপে প্রতিমাচ্ছাদন করিয়া তদনন্তর আচাধ্য বিষ্ণুসূক্ত বা পাবমানসূক্ত মন্ত্র উচ্চারণপূর্বক কুশবারি দারা প্রোক্ষণ করিয়া ভাঁচার অগ্রভাগে অগ্নিসংস্থাপনপুরঃসর যত্নসংকারে পরিস্তরণ (১) कतित्व। अनस्त्रत यशः आंठाया यजूर्वितास्त्र मस् वाता গায়ত্রী ও বৈষ্ণব মন্ত্র দারা এক এক ক্রিয়ার প্রতি চারি আদ্যান্ততি প্রদান করিবেন। অত্য দারা অন্যান্য কার্য্য করাইবেন। অনন্তর আজ্য ও চরু বারা পূর্বাদিকে ত্রাণ-কর্ত্তা ইল্রের, দক্ষিণদিকে প্রেতরাজ যমের, পশ্চিমদিকে জলাধিপতি বরুণের, উত্তরদিকে যক্ষাধিপ কুবেরের আছ্তি প্রদান পুরঃসর পাবমানসূক্ত মন্ত্র দারা সর্বতে আহুতি প্রদান क्तिरवन। अनस्तर विधिपूर्वक जभकार्या ममाभिक रहेल অবশিক্ত কার্য্য দকল সম্পাদন পূর্ব্বক ঋত্বিগ্ণণকে যথাযোগ্য श्राम कतिरान। यक्तर्यान छङ्गरक वञ्चयूर्यन, দ ক্ষিণ কু ওলযুগা ও অঙ্গুরীয়ক ও বিভবাসুগারে স্বর্ণদান ও গোদান ক্রিবেন। অনস্তর সহস্রকলস অথবা শত কলস কিম্বা একবিংশতি কলস জল দারা শন্ম ফুন্দুভিনির্ঘোষ ও বেদংঘাষ সহকারে বিষ্ণুকে স্নান করাইয়া, দীপ, উদগভাঙ্কুর যবত্রীহি পূর্ণপাত্র ও ছত্র, চামর, তোরণ, পতাকাদি দারা আরতি ক্রিবেন। স্নাপনানস্তর ও বৈভবাসুসারে বিপ্রগণকে যথা-

<sup>(</sup>১) কুশাদি বিস্তারণপূর্বাক পাতন।

শৃক্তি দক্ষিণা প্রদান করিবেন। তদ্রস্তর ত্রাহ্মণগণকে ভোজন করাইয়া দক্ষিণাদানসহকারে বিদায় করিবেন।

হে রাজন্! যে মানব এইরূপে চক্রধারী নারায়ণ বিষ্ণুর প্রতিষ্ঠা করেন, তিনি সর্ববিধ পাপ হইতে নির্মান্ত ও সর্ববিধ ভূষণে বিভূষিত হইয়া বিমানারোহণে ইন্দ্রলোকাদি ক্রমে বিবিধ লোকে মহতী পূজা প্রাপ্ত হইয়া ত্রিসপ্তকুল উদ্ধার করেন। তাঁংার বন্ধুবান্ধরগণকে ইন্দ্রাদিলোকে স্থাপিত করিয়া স্বয়ং বৈকুঠধামে গন্ধ করিয়া পূজা প্রাপ্ত হন। তথায় জ্ঞানলাভানন্তর নিক্রাণ মুক্তিরূপ বিষ্ণুপদ লাভ করেন।

হে ভূপতিপ্রবর! এই আমি তোমার নিকট ভগবান্ বিষ্ণুর প্রতিষ্ঠাবিধি পরিকীর্ত্তন করিলাম। যে নর বিষ্ণুর এই প্রতিষ্ঠাবিধি শ্রবণ বা পাঠ করেন, তাঁহার সমস্ত পাপই বিনক্ট হয়।

যে মানব প্রবর, নারসিংহকে পৃথিবীতলে প্রতিষ্ঠিত করেন, ভগবান্ নারসিংহ তাঁহাকে দীর্ঘায়ু প্রদান করেন, অনস্তর কলেবর পরিহারপৃশ্বক বিষ্ণুপদ প্রাপ্ত হইয়া থাকেন।

## দ্বিপঞ্চাশত্তম অধ্যায়।

রাজা ক**হিলেন, হে তপোধন** ! এক্ষণে ভগবান্ নার-সিংহের ভক্তগণের লক্ষণ বর্ণন করুন এবং বিশেষতঃ কোন্ কোন্পুষ্প ও ফল তাঁহার প্রিয় তাহা কীর্ত্তন করিয়া আমার কোভূহল চরিতার্থ করুন।

মার্কণ্ডেয় কহিলেন, বিষ্ণুভক্তগণ মহোৎসাহশালী এবং নিয়ভই বিষ্ণুর অর্চনাপরায়ণ হইয়া থাকেন। তাঁহারয় সংযত মানস, ধর্মসম্পন্ন হইয়া সর্বার্থের সার্থন করিয়া ধাকেন। বিষ্ণুভক্ত মানবগণ সর্ববিধ অন্থবিবর্জ্জিত, মহাধীর ও নিয়ভই উত্যুক্তচিত, পরোপকারনিরত, গুরুগুজাবাপরায়ণ, বর্ণাজ্রমের আচারনিরত, মৃদ্র, প্রিয়ন্থল, বেদবেদান্ত-তত্ত্বজ্ঞ, তাক্তভোগ, গতম্পত্ত, শান্ত, সেমাসম্পন, নিয়ত ধর্ম-পরায়ণ, হিতপরিমিতভাষী, যথাশক্তি অতিথিপ্রিয়, অশোচার সংযুক্ত, দয়াদাক্ষিণ্যবান্, দস্তমায়াবিনির্ম্মুক্ত, কাম-ক্রোধবিবর্জ্জিত, ক্মাবান্ধীর, বহুবেদসম্পন্ন, সর্বভ্তে সমদ্দী ও বহুজ্ঞ হইয়া থাকেন এবংবিধ মানবগণই নার্দিংহের ভক্ত বলিয়া পরিকীর্তিত হন।

অরণ্যসম্ভূত, বা গিরিসম্ভূত, অপর্যাঘত, নিশ্ছিদ্র, কীটাদিবর্জ্জিত, প্রকালিত পুল্প ও পত্র ধারা অথবা আত্মারামোন্তব পুল্প (১) ধারা বিষ্ণু পূজা করিবে। পুল্পের জাতিবিশেষ ধারা পুর্ফলেরও তারতম্য হয়। তাপদগুণবিশিষ্ট বেদপারণ প্রশস্ত পাত্রে দশস্তবর্ণ দান করিয়া যে কল লাভ হয়, পুল্পবিশেষ প্রদান করিয়া মানবগণ ততোধিক ফল প্রাপ্ত হইতে পারেন। পুল্প হইতে পুল্পান্তর প্রদানে যেরূপ পুণ্যফলের তারতম্য হয়, তাহা সামার নিকট প্রবণ করুন।

<sup>(</sup>১) সামারপ উদ্যানের পূপ-প্রীতি সাদি।

সহত্র দোণ পুষ্প হইতে এক খদির পুষ্প, <sup>র</sup>সহত্র খদির-পুষ্প হইতে শমীপুষ্প বিশিষ্ট হয়। সহস্ৰ বিল্পত হইতে वक्पूष्ण, महत्व वक्पूष्ण हरेरा नेकावर्ड, महत्व नकावर्ड ছইতে করবীর, সহত্র করবীর হইতে শেতপুষ্পা, সহত্র খেত-পুষ্প হইতে প্লাশ, সহস্র প্লাশ ছইতে কুশপুষ্প, সহস্র সহস্ৰ কুণপুষ্প হইতে বনমালা,সহস্ৰাবনমালা হইতে চম্পক, শত চম্পক হইতে এক অশোক, সহস্ৰ অশোক হইতে সমস্তীপুষ্প, সহস্ৰ সমস্তী হইতে কৃষ্কক, সহস্ৰ কৃষ্কক হইতে মালতীপুষ্প,দহত্র মালতী হইতে দক্ষ্যারক্ত, সহত্র দক্ষ্যারক্ত হইতে ত্রিসন্ধ্যাপুস্প, সহত্র ত্রিসন্ধ্যাপুষ্প হইতে কুন্দ, সহত্র কুন্দ পুপা হইতে এক (পদ্ম) শতপত্ৰ, সহস্ৰ শতপত্ৰ হইতে মল্লিকা, সহস্র মল্লিকা হইতে এক জাতিপুষ্প অধিকতর পুণ্য প্রদ বলিয়া প্রকীর্ত্তিত হয়। জাতিপুষ্পা, পুষ্পাগণের মধ্যে শ্ৰেষ্ঠ। যে মানব সহজ্ৰ জাতি পুষ্প দারা মালা গ্রথিত कतिया निज्य निज्य विधिशृद्धक नात्रनिःहरक व्यर्शन करतन, তাহার পুণ্যফল কহিতেছি, প্রবণ কর। ঐ মানব বিফুতুল্য জীমান্ও বিষ্ণু হুল্য পরাক্রমশালী হইয়া কল্পকোটি সহজ্র ७ कन्न कार्षि भंड कान, विक्रुत्मारक वाम करतन धवः जाडि-পুষ্প প্রদানের ফলে তথায় পূজা প্রাপ্ত হন।

উত্তম উত্তম পত্রসকলও বিষ্ণুর প্রীতিকর হয়। হে নরা-ধিস ! আমি তাহা কহিতেছি, প্রবণ কর। অপামার্গ পত্রই প্রথম, তাহা হইতে ভ্রমায়ক উৎকৃষ্ট, তাহা হইতে খদির, তাহা হইতে কুশপত্র ফলপ্রদ হয়। বিল্পেপত্র হইতে বিষ্ণুর তুলনীপত্র পুন্যদায়িনী হইয়া থাকে। এই সকল যথালক পত্র দারা যে মানব হরির অর্চনা করে, সে সর্কবিধ পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে পূজা প্রাপ্ত হয়।

হে রাজন্। এই আমি আপনার নিকট নারসিংহের প্রীতিকর পত্র সকল কীর্ত্তন করিবলাম। নরগণ এই সকল পত্র দারা হরির অর্চনানস্তর হরিকে প্রাপ্ত হয়।

ँ दें ि शूल्प भवाशाय ।

## ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

রাজা কহিলেন, ছে ভ্গুকুলধুরদ্ধর। আপনি কহিয়া-ছিলেন, যে যে ধর্মাশ্রমে নিরত থাকিয়া মানবগণ কেশবের দর্শন লাভ করিতে পারেন, সেই সেই বর্ণাশ্রমন্থিত মনুজ-গণের বিবরণ বর্ণন করিব, এক্ষণে ভাষা কীর্ত্তন করিয়া আমার কৌতুহল চরিতার্থ করুন।

মার্কণ্ডের কহিলেন, এবিষয়ে আমি আপনাকে উদারচরিত হারীতথাবি, তপোধনগণের সহিত যে কথোপকথন
করিরাছিলেন, সেই অমুক্তম পুরার্ত্ত কহিতেছি। সর্বাধর্ম্মতত্ত্বজ্ঞ, নিজ্মার হারীতথাবি সন্ধ্যোপাসনা সমাপন পূর্বক
কুশাসনে উপবিষ্ঠ আছেন, এমত সময়ে ধর্মপ্রবণাকাজিক
মুনিগণ আগমন করিয়া প্রণিপাতপুরঃসর কহিলেন, ভগবন্!
আপনি বিফুদ্দক্ত মুনিগণের অগ্রগণ্য, সর্বাধর্মক্ত ও সর্বাধর্মন
প্রবর্তক; আমাদিগের নিকট নিত্যবর্ণাক্তম এবং মোক্তদায়ক
যোগণাক্ত কীর্ত্তন করেন, আপনি স্থামাদিগের পরমগুরু।

মার্কণ্ডেয় কহিলেন, সেই মুনিগণকর্তৃক জিজ্ঞাসিত হইয়া

মহাপুভাব হারীতঋষি কহিতে লাগিলেন, হে তপোধনগণ!
আমি আপনাদিগের নিকট দনাতন বর্ণাশ্রম বর্ণন করিব এবং
যে ধর্মেজ্ঞান লাভ করিয়া যতিগণের জন্মবন্ধন হইতে মুক্তি
লাভ হয়, দেই সর্বোভম যোগশাস্ত্রশ্ব কীর্ত্তন করিব।

পুরুষোত্তম পরম দেব, জগৎ প্রফা নারায়ণ, প্রলয়পয়োধিজলে নাগভোগপর্যক্ষোপরি, ক্মলার সহিত শ্রান হইয়া যোগনিদ্র। অসুভব করিতেছিলেন। তিনি স্পুত্ হইলে তাঁহার নাভিদেশ হইতে মহৎ পদ্ম সমুদ্ধুত হইল ! তমাধ্য হইতে বেদবেদাঙ্গ পারগ, ব্রহ্মা জন্মগ্রহণ করিলে, মধুস্দন তাঁহাকে পুনঃপুনঃ কহিতে লাগিলেন, 'তুমি প্রজাস্জন কর' প্রযোগি তাঁহার বাক্য প্রবণ করিয়া, দেগাস্থরনরসহিত জগৎ স্প্তি করিতে প্ররত হইলেন। তিনি, যজ্ঞসিদ্ধির নিমিত মুখ হইতে ব্রাহ্মণণের, উরঃস্থল হইতে ক্ষত্রিয় রাজগণের, উরঃদেশ হইতে বৈশ্যগণের ও পাদদেশ হইতে পুদ্রগণের স্প্রিকির ধর্ম ও মর্যাদা কীর্ত্তন করিতে লাগিলেন।

হে বিজ সভ্মগণ! বিরিক্তির বদননি স্তত, পুণ্যকর, প্রশস্ত ও মায়ুষ্য অধ্যোক্ষ ফলপ্রদ দেই সমস্ত কথা কহিতেছি শ্রেবণ কর! আক্ষণ কর্ভ্ক, আক্ষণীতে উৎপর-মানবগণ আক্ষণ বিলিয়া কীর্ত্তিত হটবেন আক্ষণ গণের, ধর্ম এবং ভাঁহাদের যোগাদেশ কহিতেছি শ্রেবণকর। যে দেশে কৃষ্ণসার মুগগণ স্বভাবতই উৎপন্ন হয়, সেই দেশে বসন্তি করিয়া আক্ষণোত্তম গণ ধর্মোপার্জন করিষেন অধ্যয়ন অধ্যাপন, যজন, যাজন, প্রতিগ্রহ, দান, এই ষট্ কর্মা ভাঁহাদের ধর্ম অর্থ ও শুশ্রায়ার

কারণ বলিয়া জানিবে। যে দকল মানবে ইহার অক্ততম ধ্রা पृक्षे श्रेटिंग, श्रिटेंगी भूक्षयगण, उँशिएक विष्णापान कति दवन না ; বিপ্রাপণ উপযুক্ত শিষ্যগণকে অধ্য়ন ও উপযুক্ত যুদ্ধান-দিগকে যাজন করাইবেন। গৃহধর্ম দিদ্ধির নিমিত বিদিত ব্যক্তি হইতে প্রতিগ্রহ গ্রহণ করিবেন। শুচি ও প্রবিত্ত স্থানে উপবেশন পূর্বক শুচিও সংযতমনা হইয়া নিয়মিত রূপে त्वम शांठ कति त्वन । श्रवि अदमर गर्था मिक यांगामि कार्यर সমাধন করিবেন। আলক্ত পরিহার পূর্বিক নিয়তই গুরু ভাশায় নিরত থাকিশেন। দিজোতমগণ সায়ংকালে ও প্রাতঃকালে অগ্নির উপাদনা করিবেন। অন্যান্ত অভ্যানিত ত্রাহ্মণগণকে অবিরোধে পূজা করিবেন। পরদারবিবর্জিত থাকিয়া নিয়তই নিজদারে নিরত থাকিতেন। দিজগণ, সত্য-বাদী জিতজোধ স্বধর্ম নিরত হইয়। কাল্যাপন করিবেন। দাবধান হইয়া আপনার ধর্মকর্মদাধন করিবেন। পরলোকের অবিরোধি প্রিয় ও ছিতকরবাক্য প্রয়োগ করিবেন। ত্রান্ধ-ণের এই সনাতনধর্ম সংক্ষেপে পরিকীর্ত্তিত হইল। যিনি এই ধ'র্মার আচরণ করেন তিনি ত্রহ্মলোকে গমন করিয়া থাকেন। হে তাপদারগণ! এই আমি আপনাদিগের নিকট তাক্ষণ धर्म कीर्जन कतिलाम। यन खत का जानि कनगरनत धर्म पुणक् পৃথক্ রূপে কীর্ত্তন করিতেছি শ্রেবণ করুন।

ইতি বান্ধণ ধর্ম।

## চতুঃপঞ্চাশত্তম অধ্যায়।

হারীত কছিলেন, ক্ষত্রিয়াদিবর্ণগণে যে যে ধর্মবিধি প্রবর্ত্তিত হয়, তৎসমুদায় **আনু**পূর্বিক বর্ণন করিতেছি ! রাজ্যন্থ ক্ষত্রিয়গণ ধর্মানুসারে প্রজা শালন অধ্যয়ন ও যথা-বিধি যজ্ঞামুষ্ঠান করিবেন। ধর্মাবুদ্ধিদমন্বিত হইয়া দীন ও দ্বিজ্বরগণ্কে দান করিবেন। নিয়তই নিজ্দারে নির্ভ হইয়া সম্ভোগে নিরত থাকিবেন। ক্ষত্রিয়রাজগণ নীতি শাস্ত্রা র্থে কুশল এবং সন্ধিবিগ্রহাদিকার্য্যে তৎপর ও দেব দিজগণের প্রতি ভক্তিমান্ হইয়া, পিতৃকার্য্য নিরত থাকি-বেন। অধর্ম পরিহারপূর্বক ধর্ম দ্বারাই জয়াকাজ্ফী হইবে। এইরূপ আচরণ ক্রিয়া ক্ষত্রিয়গণ উত্তম গতি লাভ করেন। বৈশ্বগণ বিধি অসুসারে গোরক্ষণে তৎপর থাকিয়া, নিয়তই কৃষিকার্য্যে নিরত থাকিবেন। তাঁহার। লোভ ও দম্ভ বিব-ৰ্জ্জিত, সত্যবাক্, অসূয়াশৃত্য (১) দান্ত, স্বদার নিরত, পরদার বিবর্জিত থাকিয়া যথাশক্তি দান ও দ্বিজগুণ্ডাষা করিবেন। যজ্ঞকালে যাচিত হইয়া বিপ্রগণকে দান করিবেন। বৈশ্যগণ দেহপাত্র পর্য্যন্ত স্বধর্মে অপ্রমন্ত ও অনলদ থাকিয়া, নিয়ত यक, अक्षायन, मान, পिতৃकार्या ७ नात्रिष्टार्फन कतिर्वन। বৈশ্যগণের প্রতি এই সমস্ত ধর্ম উক্ত হইয়াছে। বৈশ্যগণ এই ধর্মের অনুষ্ঠান করিয়া স্বর্গ প্রাপ্ত হন, সন্দেহ নাই।

<sup>(</sup>১) পর ওবে দোষারোণ তথজিত।

শুদ্রগণ যত্নপূর্বক সততই বর্ণ ব্রের শুশ্রেষা পরায়ণ হইবেন এবং বিশেষতঃ দ্বিজগণের প্রতি দাসবৎ অনুষ্ঠান করিবেন। তাঁহারা অ্যাচিত হইয়াই দান ও জীবিকার্থ কৃষিকার্য্যের অনুষ্ঠান এবং অনলদ হইয়া পাক্ষজ্ঞ (১) বিধানে দেবগণের আরাধনা করিবেন। শুদ্রগণ স্থায়বান্ জনগণের নিকট মাসিকাদি নিয়মে কার্য্য করিয়া জীর্ণ বস্ত্র ধারণ ও বিপ্রগণের উচ্ছিষ্ট ভোজন করিবেন এবং নিয়তই নিজদারে নিরত থাকিয়া পরদার পরিবর্জন করিবেন। পুরাণ শ্রেবণ, নারসিংহের পূজা ও বিপ্রগণে নমস্কার, সত্যভাষণ, রাগদ্বেদ পরিহার, এই সকল কার্যের অনুষ্ঠানই শুদ্রগণের পরম ধর্ম। এইরূপ আচরণ করিলে, শুদ্রগণ দিনে দিনে কল্যাণ লাভ করেন।

হে মুনীজ্রগণ। আমি জ্বমান্বয়ে উত্তম উত্তম বর্ণ ধর্মা কীর্ত্তন করিতেছি, সমাহিত চিত্তে প্রবণ কর।

ইতি ক্তিয় ধর্ম।

#### পঞ্চপঞ্চাশত্ম অধ্যায়।

#### बक्तहर्गाख्य वर्गन।

ছারীত কহিলেন, মানবক (২) গুরুকুলে (৩) উপনীত হইয়া নিয়তই গুরুর বশবর্তী থাকিবেন এবং কায়মনো-বাকে গুরুর প্রিয় ও হিতকর কার্য্য সাধন করিবেন। প্রক্র

<sup>(</sup>১) বুষোৎদর্গ গৃহ প্রতিষ্ঠাদির তোম ও চক্রছোনাক্স বিশিষ্ট কথা।

<sup>(</sup>२) उत्रनमनवान् वालक। (२) छक्त गृहर।

চারী ব্রহ্মচর্য্য (১) অধংশয্যা, অগ্নির উপাদনা ও গুরুর প্রীতির নিমিত্ত উদকুম্ব (২) ইন্ধনানয়ন (৩) ও গোগ্রান প্রদান করিয়া যথাবিধি নিজ্য নিজ্য অধ্যয়ন করিবেন। বিধিপরিত্যাগপূর্বক কার্য্য করিলে, ত্রহ্মচারির স্বাধ্যায় (৪) দিদ্ধ হয় ন।। বিধি বৰ্জিত হইয়া ৰাহা কিছু করিবেন্তং সমস্ত নিরর্থক হইবে এবং তাহার 🖛 কিছুই প্রাপ্ত হই-বেন ন।। সেই হেডু স্বাধ্যায়সিদ্ধির নিমিত্ত বেদবিহিত ব্রতাসুষ্ঠানপর হইবেন। গুরুর নিকট শৌচ ও আচার সর্বতোভাবে শিক্ষা করিবেন। ব্রহ্মচারী সততই অপ্র-মত (৫) ও সংযত্তিত হইয়া অজিন, দণ্ডকাষ্ঠ, মৌঞ্জীমেথলা ও উপবীত ধারণ করিবেন। প্রাক্তঃকালে ও সায়ৎকালে সংযতে জ্রিয় হইয়। ভোজ্য সংগ্রহের নিমিত্ত ভিক্ষা করিবেন এবং গুরুর আজ্ঞানুদারে আচমনপূর্বক দংযতচিত্ত হইয়। আহার করিবেন। গুরুর শয়নের পাশ্চাৎ শয়ন ও উত্থা-নের পূর্বে গাতোখান করিয়া, মূৎকুস্তের শোধন (৬) প্রদান পুর্বাক গুরুর বস্ত্রাদি প্রকালনপুরঃসর গুরুর নিকট অর্পণ করিবেন। অনন্তর গুরু স্নান করিলে পশ্চাৎ দণ্ডবৎ হইয়া স্নান করিবেন। ত্রন্সচারা ত্রতস্থিত হইয়া নিত্যই অঙ্গ শোধন এবং ছত্র উপানৎ (৭) গন্ধমাল্যাদি ধারণ ও অভ্যঙ্গ (৮)

<sup>(</sup>১) अहेरिथ रेमथून वर्षान। (२) कूछ्रभृतिक कलानमन।

<sup>(</sup>७) यक्कीस कार्छ। नि आइटन। (४) शाधास-(वनशासन।

 <sup>(</sup>a) प्रावधान । (b) गृष्डिका (शामशामि चाता शृह (भाधन क तिशा ।

<sup>(</sup>१) डेलानर-कृता (१) देडनामि मन्ता

নৃত্য গীতালাপ ও বিশেষতঃ অফীবিধ মৈধুন (১) পরি-বর্জন করিবেন। ব্রতম্বিত বুদ্মচারী, আন্তিক্যবৃদ্ধি (২) ও সংযতে ক্রিয় হইয়া ত্রিকালীন সন্ধ্যোপাদনা করিবেন। সন্ধ্যাবদানে ভক্তিপূর্ব্বক গুরুর পদতলে প্রণত হইয়া,পিতা-মাতার চরণ বন্দনা করিবেন, যেহেতু এই তিনজন তুই থাকিলে, সমস্ত দেবগণই পরিতৃষ্ট থাকেন। ইহাঁদের শাসনে অবস্থানপূর্বক বিগতমংসর বুলাচারী, চারিবেদ ও বেদাল অধ্যয়ন করিয়া গুরুদক্ষিণা প্রদান করিবেন। শম ইচ্ছা করিলে, তথায় অবস্থিত রহিবেন। সংসারে বিরক্ত কক্তি-গণ প্রবৃদ্ধা (৩) গ্রহণ অমুরক্তগণ গৃহে বাস করিবেন। হে দিজ! সংসারে অনুরক্ত ব্যক্তি প্রবৃচ্যাশ্রম গ্রহণ করিলে, সে নিণ্চি 5 ই নিরয়গামী হয়। যাহার জিহ্লা উপস্থ (৪) উদর, বাক্য স্থদংষত হইয়াছে,দেই বুক্ষচর্ষবান দিক্স বিবাহ করিয়া সন্ন্যাদাশ্রম গ্রহণ করিবেন, অথবা স্থাবজ্জীবন আচার্য্য সন্নি-ধানেই কালযাপন করিবেন। শুরুর অলাভে তাঁহার পুত্র বা শিষ্য সন্ধিথানে অবস্থিত হইবেন। তিনিই নৈষ্ঠিক ব্ৰহ্মচারী, তাহার বিবাহ বা সম্যাস কিছুই নাই। তিনি ভিক্ষার উপর নির্ভর করিয়া যাবজ্জীবন কালহরণ করিবেন। যিনি অভন্তিত হইয়া এই বিধি অবলম্বনে কাল্ছরণ করিতে পারেন, দেই দৃঢ়ত্রত ত্রন্মচারিকে আর জন্মজরামরণের

<sup>(</sup>১) শ্বরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুফ্রাষণং। সংকরোহ্ধাবদায়শ্চ ক্রিয়ানিপারিরের চ॥—শ্বরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুফ্রাষণ, সংকর অধাবদায় ও ক্রিয়ানিপান্তি এই অষ্টপ্রকার নৈথুন।

<sup>(</sup>२) প্রমেশর আছেন এইরূপ জ্ঞান ও বিখাস।

<sup>ं)</sup> डेज्क (अ.स. वा नवा निवास । (s) तिक वा रासि।

কেশ ভার বহন করিতে হয় না, তিনি মুক্তি লাভে সমর্থ হন।

যে ব্রহ্মচারী বিধিবৎ শুরুবন্দনায় নিরত ও সংযতচিত্ত হইয়া পৃথিবীতলে বুক্ষচর্য্যের আচরণ করেন, তিনি ছুল্লভ নির্মাল বিদ্যালাভ করিয়া তাহার ফল সকলই লাভ করিতে পারেন।

# য**ট**্পঞাশতন অধ্যায়। গৃহস্থধৰ্ম কথন।

হারীত কহিলেন, অধীতবেদবেদাঙ্গ ও শ্রুতিশান্ত্রার্থতত্ত্বত্ত, গার্হস্থাভিলাষী মানবগণ, গুরুদত বরলাভানন্তর সমাবর্তনের (১) অমুষ্ঠান করিবেন। অনন্তর দিজগণ সমাননামী বা সমানগোত্রবতী নহেন, এবহিধা প্রাত্মতী, সার্বাব্যবসংযুক্তা স্থশীলা স্থাশোভন। ক্যাকে ব্রাহ্মাদি প্রশন্ত বিধি দ্বারা বিবাহ করিবেন। ধনতঃ ও ধর্মতঃ সমানবংশো ৎপন্না ক্যার সহিত বিবাহ প্রায়ই স্থপ্রদ হয়।

দ্বিজ্ঞান্তমগণ, প্রাত্তকালে ও সায়ংসময়ে কৃতসাধ্য যথাবিধি হোম করিবেন এবং নিয়তই উপাসনাকার্য্যে নিরত থাকিবেন। উষাকালে, গাত্তোখান করিয়া শৌচসমাপন-পূর্বক দন্তধাবনানন্তর স্নান করিবেন। মুখ প্যুচিত (২) হইলে, নরগণ অসংযত ও দেবকার্য্যে অপ্রশস্ত হয়, এই নিমিত্ত শুক্ষ বা আর্ফ্রাষ্ট্র দারা দন্তধাবন করিবে।

<sup>(</sup>১) সমাবর্ত্তন, দশসংক্ষারের অক্তর্গত সংস্কারবিশেষ। (২) বাসি রুথ।

খদির, কদন্ব, করঞ্জ, বট, তিন্তিড়ি, বেণুপৃষ্ঠ, আত্র, নিম্ব, অপামার্গ, (১) বিল্ল, অর্ক, (২) উড়ুম্বর, (৩) এই সকলই দন্তধাবন কার্য্যে প্রশন্ত হয়। প্রশন্ত দন্তধাবন কার্চের বিষয় সংক্ষেপে কহিতেছি, প্রবণ কর। সমস্ত কণ্টকী রক্ষ ও ক্ষীরীতরু (৪) উত্তম হয়। অফাসুল বা প্রাদেশ প্রমাণ দন্তকাষ্ঠ দারা দন্ত শোধন করিবে। প্রতিপৎ, অমাবস্থা, নবমী, দপ্রমী, এই কয়েক তিথিতে কাষ্ঠ ছারা দন্ত ধাবন করিলে সপ্তমকুল পর্যন্তে নির্দিশ হয়। দন্তকাষ্ঠের অসম্পতি বা নিষিদ্ধ দিবদে দশ গণ্ডুষ জল ছার্ মুখ শুকি করিবে। স্নানান্তর, মন্ত্র দারা আচমনপুর্কক পুনরাচমন এবং মন্ত্রপূত জল দারা আপনাকে অভিষিক্ত করিয়া উদকাঞ্জলি নিক্ষেপ করিবে। সন্দেহ নামক রাক্ষ্য-গণ আদিভ্যের সহিত আগমন করে: অবাক্তজন্মা ব্রহ্মার বরে ত্রাহ্মণগণের বারি দান দারা সূর্য্যদেব সেই রাক্ষদগণের আক্রমণ হইতে পরিরক্ষিত হন। গায়ত্রীর দারা অভি-মন্ত্রিত উদকাঞ্জলি সেই সূর্য্যবৈরি দল্দেহ নামক রাক্ষদগণকে বিনাশ করে। তৎপরে সূর্য্যদেব মরীচ সনকাদি মহাভাগ যোগিগণ ও ব্রাহ্মণগণ কর্তৃক পরিরক্ষিত হইয়া সর্ফোকে গমন করিয়া থাকেন। সেই হেতু দ্বিজগণ প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা কথনই উল্লঙ্ঘন করিবেন না। যিনি মোহবংশ এই সন্ধ্যাদ্বয় উল্লেখ্যন করেন, তিনি নিশ্চিতই নরকগামী

<sup>(</sup>১) व्याभाका (२) व्यर्क—व्याकना (०) यञ्च ७ पृता

<sup>(</sup> ৪ ) সাটাবিশিষ্ট।

হুন। সাগ্রংকালে মন্ত্র দ্বারা আচমন ও অভিষেক সমাপনান্তর সূর্য্যদেবকে অঞ্জলি প্রদান করিয়া প্রদক্ষিণ পূর্বেক জল স্পর্শ দ্বারা বিশুদ্ধ ইইবে। সাগ্রংকালে যথাবিধি উপাসনা আরম্ভ করিয়া যাবৎ নক্ষত্র দর্শন হয়, তাবৎ কাল পুনঃ পুনঃ গায়ত্রী জপ করিবে। অনস্তর নিজালয়ে গমন করিয়া ও বিচক্ষণ বুধগণ স্বাং হোমকার্য্যের অস্কুষ্ঠানানম্ভর পোষ্য গর্মের পোষ্য গর্মের করিবেন। শুদ্ধ ও মনোরম প্রদেশে মাধ্যাহ্নিক ক্রিবেন। শুদ্ধ ও মনোরম প্রদেশে মাধ্যাহ্নিক ক্রিয়া সমাধান করিবেন।

অতঃপর পাপনাশন স্নান বিধির বিষয় সংক্ষেপে কীর্ত্তন করিব। এই বিধি অনুসারে স্নান করিলে, সদ্যই কিল্লিষ (১) হইতে বিমুক্ত হয়। স্নানের নিমিত্ত উত্তম মৃত্তিক। সংগ্রহ করিয়া, কুশ, তিল ও পুপ্পসহিত মনোরম বিশুদ্ধ নদীতীরে গমন করিবে। নদী বিদ্যমান থাকিলে অন্ত জলে, ভূরি জল বিদ্যমানে স্বল্লতোয়ে স্নান করিবে না। যে নদীর নির্মান্দালল প্রবাহিত হইতেছে, ভাহার স্লোভের প্রতিক্রেল সম্মুখীন হইয়া অভিষেক ক্রিয়া সম্পন্ন করিবে। তড়াগাদির ভোগ্নে সূর্য্যাভিমুখে স্নানাচরণ করিবে। কুশ, তিল মৃৎপুষ্পাদি বারিবিন্দু দারা সিক্ত করিয়া পরিশুদ্ধ স্থানন করিয়া দিবে। অনম্ভর মৃত্তিকা ও সলিল দারা প্রক্ষালন করিয়া স্বীয় শরীরের বহিঃশুদ্ধসম্পাদনপুরঃসর স্থানবন্ত্র সংশোধিত করিয়া আচমন করিবে। জলপ্রবেশপুরঃসর সানবন্ত্র সংশোধিত করিয়া আচমন করিবে। জলপ্রবেশপুরঃসর সলিলা-

<sup>(&</sup>gt;) किविश-भाभ।

দিপতি বরুণের ও নারামণের স্মরণ করিয়। ঋজুভাবে নিম্ম ছইবে। তদনন্তর তীরে উঠিয়া মন্ত্র দারা আচমন পূর্বক পাरमानी मरञ्जाकातरा अक्गरनरक अवरनाकन कतिरत। পরে কুশাগ্র বারি দারা আপনাকে দিক্ত করিয়া "ইদং বিষ্ণু" এই মন্ত্র দৃার। গাত্তে মৃত্তিকা লেপনপূর্ব্বক-নারায়ণের সারণ পূর্বক জলে প্রবেশ করিবে ; অন্তর্জ্ঞলে সম্যক্রপে নিমগ্ন হইয়া তিন বার অলমর্ষণ মস্ত্র জপ করিবে। হইতে তীরে উঠিয়া পরিধেয় ও উত্তরীয় শুক্ষবস্ত্র যুগল ধৌত করিবে; কিন্তু কেশ ধূনন (১) করিবে না। রক্তবস্ত্র वा नील वमन धने छ नय। वृक्षण मलाक ७ मनाशीन वमन, পরিবর্জ্জন করিবেন। অনন্তর বিচক্ষণগণ সংযত পূর্ববযুখ হইয়া মৃত্তিকা ও তোয় দারা করচরণ প্রকালন করিংন। তৎপরে দক্ষিণকর গোকর্ণাকার করিয়। জলগণ্ডুষ ধারণ-পূর্বক তিনবার তাহা দর্শন করিয়া তিনবার মুখ্যার্চ্চন তদনস্তর তিনবার পাদদেশে ও শিরোনেশে বারিবিন্দু বর্ষণ করিয়া আচমন করিবে। তাহাতে মাস-মজ্জা জলগণ্ডুষ গ্রহণপূর্বক মুখবিবরে তিনবার গ্রহণ করিয়া অঙ্গুষ্ঠ ও ভৰ্জনী দারা নাদা এবং সঙ্গুষ্ঠ ও অনামিকা দারা, চক্ষু ও কর্ণ এবং অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠ দৃারা, নাভি ও হৃদয়তল এবং সকল অঙ্গুলি দারা বাহু শিরঃস্পর্শ করিবে। বিশুদ্ধ-মানদ ব্রাহ্মণ এইরূপ বিধি দ্বারা আচমনানন্তর করে কুখ গ্রহণপূর্বক পূর্ববমুথ ও সমাহিত বিধান হইয়া ঘথাশাস্ত্র

<sup>(</sup>১) वाजित्वना। धृतनःकम्मनः।

প্রাণায়াম করিবেন। অনস্তর বেদমাতা গায়ত্রী দারা ব্রহ্মজপ যজের অনুষ্ঠান করিবেন। জপ যজ্ঞ বাচিক, উপাংশু ও মানদভেদে তিন প্রকার। এই তিন প্রকার জপ যজ্ঞের লক্ষণ প্রবণ কর। উচ্চ নীচ ও স্বরিতস্বরে পদা-ক্ষর সকল স্পষ্ট উচ্চারিত হইলে তাহাকে বাচিক কছে। ঈষৎ ওষ্ঠপ্রচালনপূর্ব্বক ক্রমশঃ মন্ত্র উচ্চারণ করিলে এবং শব্দাক্ষর কিঞ্চিৎ শ্রুত হইলে তাহার নাম উপাংশু জপ। অক্ষর শ্রেণীতে পদের পর পদ, কর্ণের পর বর্ণ মনে মনে উচ্চারণ করিয়া বুদ্ধি দৃারা যে পদার্থ চিন্তা তাহার নাম মানস জপ। প্রতিদিন জপ দৃারা স্তুয়মান হইয়া দেবতাগণ প্রদন্ধ হন। দেবতা প্রদন্ধ ইইলেই, মানবগণ, সদগতি ও শাশ্বতী (১) মুক্তিলাভে সমর্থ হন। যক্ষ্, রক্ষঃ, পিশাচ, গ্রাহ, দর্পাদি ভয়ঙ্কর ভূতগণ, জাপী ব্যক্তির নিকট আগমন করিতে পারে না, দূর দিয়াই গমন করিয়া থাকে। বিপ্র-গণ জপযজ্ঞাদির মন্ত্রামুষ্ঠান সকল বিশেষরূপে অবগত হইয়া স্থানানস্তর সাবিত্রী গায়ত্রীতে তন্মনা হইয়া অহরহঃ জপ করিতে থাকিবেন। সহস্রকার গায়ত্রী জপ করিলে উত্তম, শত জপ করিলে মধ্যম ও দশ বার জপ করিলে অধ্মজপ হইয়া থাকে। যে মানব প্রতিদিন গায়তী জপ করেন, দে কখনই পাপে লিপ্ত হয় না।

অনস্তর পুষ্পাঞ্জলি গ্রহণানন্তর উদ্ধাতি হইয়া উদৃত্য মন্ত্র, চিত্রমন্ত্র ও তচ্চক্ষু: মন্ত্র জপ করিবে, তৎপরে দক্ষিণে

<sup>(</sup>১) শাৰতী-নিত্যা।

উপবীত করিয়। সূর্য্যদেবকে নমস্কার করিবে। অনস্তরে দেবাদিগণকে নমস্কার করিয়া দেব ও দেবগণকে, ঋষি ও ঋষিগণকে, পিতৃ ও পিতৃগণকে (১) জলাঞ্জলি দারা সস্তৃপ্ত করিবে। তদনন্তর স্নানবন্ত্র সম্পীড়ন করিয়া পুনর্কার আচন্দ্রন করিবে। স্নান ধ্যান ও কীর্ত্তন সমাপনপূর্বক জল হইতে তীরে উঠিয়া শুদ্ধ স্মাহিতচিত্ত ও প্রাজ্ম খহইয়া উপবেশন পূর্বক করে কুশগ্রহণ পুরঃদর যজ্ঞকার্য্য সমাধান করিয়া তিলপুষ্প ও জল দারা উদ্ধি পর্য্যন্ত হন্ত উত্তোলন-পূর্বক সূর্য্যদেবকে অর্ঘ্য প্রদান করিবে। অনস্তর জলদেবকে নমস্কার করিয়া গৃহে গমনানন্তর পুরুষসূক্ত বিধি দারা তথায় বিষ্ণুর অর্চন। করিবে। তৎপরে বৈশ্বদেবগণের উদ্দেশে যথাবিধি বলিকর্ম সমাধান করিবে।

অদৃষ্ঠপূর্ব ও অজ্ঞাতকুলশীল অতিথি গৃহে উপনীত হইলে গোদোহনমাত্রাকাজ্ঞা গৃহিগণ যত্ন পূর্বক স্বাগত জিজ্ঞানা, আদনদান ও প্রভুগ্থান করিয়া ভাঁহার অচ্চনা করিবেন। অতিথির স্বাগত দারা গৃহমেধিগণের প্রতি অগ্নিদেব সন্তুই হন। আদন দান দারা বিষ্ণু ও দেবরাজ এবং পাদশোচ দ্বারা পিতৃগণ, তুর্লভা প্রীতি লাভ করেন। অন্ধ দানাদি দ্বারা প্রজাপতি পরম পরিতোষ লাভ করেন। সেই হেতু গৃহমেধিগণ ভক্তিপূর্বক শক্তি অনুসারে অতিথির পূজা ও বিষ্ণুর অর্চনা করিবেন। ভিক্ষুক, পরিব্রাজক ও ব্রহ্মচারিগণকে ফ্থাশক্তি ভিক্ষা প্রদান করিবেন। আপনার

<sup>(</sup>১) ঋষি, পিতৃও দেবতাদিগের একতাকগণ (থাক) আছে।

নিমিত্ত সংকল্পিত অন্ধ প্রস্তুত হইয়াছে, এমত সময়ে অতিথি গৃহাগত হইলে, আপনার অন্ধ ব্যঞ্জন হইতে উদ্ধৃত করিয়া সেই আগত অতিথিকে প্রদান করিলে,প্রজাপতি সেই গৃহ-মেধির নিমিত্ত পরমোৎকৃষ্ট লোক সকল নিরূপিত করিয়া রাখিয়া দেল। বিশ্বদেবগণের নিমিত্ত রক্ষিত বলি হইতে উদ্ধার করিয়াও অতিথিকে ভিক্ষা প্রদান করিবে, যেহেতু অতিথি বৈশ্বদেবে ক্রদোষের ব্যক্ষনয়ন করিতে সমর্থ ; কিন্তু বিশ্বদেব অভ্যাগতে ক্তদোষের প্রশামনে সমর্থ হন না। অত এব যতিগণকে বিষ্ণুতুল্য বোধ করিয়া তাঁহাদিগকে যথা-বিধি ভিক্ষা প্রদান করিবেন।

গৃহমেধিগণ কুমারীগণকে স্থাশোভন বদন প্রদানপূর্বক ভোজন করাইয়া, বালর্দ্ধ ও অন্যান্য জনগণের ভোজনানন্তর স্বয়ং ভোজন করিবেন। গৃহস্থগণ পূর্বক্রের বা উত্তর মুথে উপবেশনপূর্বক মোনা বা মিতভাগী ও হাই ছইয়া, পৃথক্ পৃথক্ গ্রাদ প্রদানপূর্বক পঞ্চ প্রাণাহুতি প্রদান করিয়ামন দ যমনপূর্বক স্বাহু ও ভৃপ্তিকর অন্ধ ভোজন করিবেন। অনস্তর আচমনপূর্বক অধর স্পার্শ করিবেন। স্বারণ করিবেন।

তদনস্তর বৃদ্ধিমান্ গৃহস্থগণ পুরাণ ও ইতিহাস প্রবণে কিয়ৎকাল অতিবাহিত করিয়া, বহির্গমনপুর্বাক বিধি অনুসারে সন্ধ্যোপাসনা সমাপন ও রজনীয়োগে অতিথিসেবন করিয়া ভোজন করিবে। দিজগণ প্রাতঃ ও সায়ংকালে বেদ নিরত ও মগ্রিহোত্র নিযুক্ত থাকিয়া তন্মধ্যে ভোজন করিবেন না।

ৰিজ্ঞগণ স্মৃতি ও পুরাণোক্ত অনধ্যায় দিবস পরিবর্জন পূর্বক শিষ্যগণকে অধ্যয়ন করাইবেন। মহানবমী, ছাদশী, ভরণী নক্ষত্র, অক্ষতৃতীয়া এবং মাঘমাসের সপ্তনী, এই সমস্ত তিথি নক্ষত্র সংযুত দিবস অনধ্যায় বলিয়া জানিবেন। অনুক্র হইলেও স্নানহালে অধ্যাপন বর্জন করিবেন। ধরাতলন্থিত আনীয়মান শব দর্শন বা সন্ধ্যাকালে শিবাক্তত প্রবণ করিলে, ছিজোভ্রমণণ অধ্যয়ন করিবেন না।

হিতাকাজ্যি গৃহস্থগণের বিবিধ দান প্রদান কর্ত্তন্য। যে মনস্বী মানব, ত্রাহ্মণবর্গকে বিশেষতঃ শ্রোত্রিয়ন্তির মুখ্য-গণকে (১) ভূমিদান, গোদান ও হিরণা দান করেন, তিনি সর্ক্রবিধ পাপ ইইতে পরিমুক্ত ইইয়া সর্ক্রপ্রকার কল্যাণ লাভে অধিকারী হন এবং ইহলোকে হথে অবস্থান করিয়া, পরে বিষ্ণুলোকে গমন করেন। গৃহিগণ শুচি ও মঙ্গলাচার-সংযুত হুইয়া, প্রীতি ও প্রদ্ধাসহকারে বিধিপূর্বক পিতৃ-গণের প্রাদ্ধ করিবেন।

হে দিজোভমগণ! ইহাই গৃহদ্দিগের সারভ্ত সনাতন
ধর্ম। আদ্ধাবান্ হইয়া যিনি এইরূপে গৃহদ্ব ধর্মের অমুষ্ঠান
করেন, তিনি নার সংহের প্রসাদে জ্ঞানোৎকর্ম লাভ করিয়া
ব্রহ্মলোকে গমন করিয়া, তথা হইতে মৃত্তিলাভ করিতে
একান্তই সমর্থ হন।

है जि गृह श्रुभर्य वर्गन ।

<sup>(&</sup>gt;) त्याबिय-त्वम्छ ।

## সপ্তগঞ্চাশত্তম অধ্যায়।

হারীত কহিলেন, হে মুনিসন্তমগণ! অতঃপর আমি আপনাদিগের নিকট বান প্রস্থ ধর্মের বিবরণ বর্ণন করিব, শ্রুবণ করুন।

গৃহস্ব্যক্তি পুত্র পৌত্রাদি সন্তানগণকে এবং আপনাকে বলিতগাত্র, পলিত কেশ ও জরাজী ﴿ সন্দর্শন করিয়া, আপন ভার্য্যাগণকে তনয়গণের রক্ষণাবেক্ষণে রক্ষা করিয়া অথবা সঙ্গে লইয়া, বনপ্রবেশ করিবেন। জটাচীর ও বল্ধল এবং তমুরুহ (১) সকল ধারণপূর্বক বেতাল (২) বিধানে অবস্থিত ছইয়া অনলে হোম করিবেন। বোধবান বানপ্রস্থী ত্রিকার-স্নায়ী হইয়া, বনসন্তুত শাকমূল ফল ও নীকার দ্বারা আহা-রাদি নিত্যক্রিয়া স্মাধান করিবেন। তিনি পক্ষান্তে অথবা ম সাত্তে, কিম্বা চতুর্থ, ষষ্ঠ বা অফীমকালে আহার অথবা বায় ভক্ষণ করিবেন। গ্রীম্মকালে পাঞ্চাগ্লির মধ্যেত বর্ষায় বস্ত্রধাঞ্জিত হৈমন্তিককালে জলমধ্যন্থ হইয়া, তপশ্চরংপূর্ব্বক কাল্যাপন করিবেন। তো য়দারা স্বীয়কর্মের অনুষ্ঠান করিয়া আত্মার শুদ্ধি সাধন করিয়া, আত্মায় অগ্নিস্থাপনপূর্বক উত্তর-দিকে গমন করিবেন। গিরিগুহায় আশ্রয় করিয়া দেছের

<sup>(</sup>১) एक्कर- लाग।

<sup>(</sup>২) বেতাল—ভূতাধিষ্ঠিত শব বা শিবগণাদি। বেতালবিধানের হোমাদি তথ্যে বিশেষরূপে উক্ত সাছে।

পতনকাল পর্যান্ত অতিপ্রিয় ব্রহ্মের স্মরণ, মনন ও নিদি: ধ্যাসন করিয়া তিনি ব্রহ্মপদ প্রাপ্ত হইবেন।

যে মহাদত্ত কাননবাদী মানব দমাধিযুক্ত (>) হইয়া, তপোকুষ্ঠান করেন,তিনি দর্কবিধ কলুষ হইতে বিমুক্ত বিমল ও প্রশান্ত হইয়া দিন্যপুরাণ পুরুষ পরব্রহ্মকে লাভ করিতে পারেন, দলেহ নাই।

## অফপঞাণত্তম অধ্যায়।

হারীত কহিলেন, অতঃপর আমি অত্যুত্ম যতিধর্মের বিবরণ বর্ণন করিব। যতিগণ শ্রদ্ধানিত হইয়া এই ধর্মের আচরণ করিলে সংসার বন্ধন ছেদন পূর্বক মুক্তিলাভে একাভই সসমর্থ হইয়া থাকেন। উপরি উক্তরূপে বনাশ্রমে তপশ্চরণ দ্বারা অবস্থান পূর্বক নিদর্শ্ব কল্মম মানবর্গণ, বিধিপ্রবিক সন্ধ্যাস করিয়া চতুর্থ আশ্রম অবলম্বন করিবেন। বিজ্ঞাণ, দিব্যপিতৃগণ, দেবগণ, নিজ্ঞাতিগণ, ঋষিগণ, মনুষ্যগণ ও আপনাকে যত্নপূর্বক শ্রাদ্ধ দান করিয়া, অগ্রিয়ন্ত অথবা প্রাজ্ঞাপত্য সমাপন পূর্বক, আত্মায় অগ্রি আরোদিত করিয়া প্রব্রজ্ঞাশ্রম অবলম্বন করিবেন। তদবিধি পুক্তকল্রোদির প্রতি স্নেই ও লোভাদি পরিবর্জন পূর্বকি সর্ব্বক দ্বারাত্ম অবলম্বন করিবেন। অনন্তর স্বলা ও সমপর্বক, শুভদর্শন বেণুজ ত্রিদণ্ড দক্ষিণকরে ধারণ

<sup>(&</sup>gt;) म्याधि- পরব্রদ্ধে মনসমর্পণ।

ক্রিবেন চতুরসূল কৃষ্ণ:গাবালবেষ্টিত জলপৃত গ্রন্থারাদিন যুক্ত, কোম, কুশপত বা কার্পাদ দূত বিরচিত ষন্মুষ্টি বা পঞ্চমুষ্টি দমন্বিত পদ্মাকার শিক্য (১) গ্রহণ করিবেন। শোচার্থী বিদ্বান্ পরিব্রাজক, পাত্ত ও কমগুলু এবং সহস্ত প্রমাণ দারুজ আদন, কোপীন, আচ্ছাদনবাদ, শীতদংহারিণী কন্থা পাছকা যুগল দংগ্রহ করিবেন, অন্য কোনও বস্তুর সংগ্রহ করিবেন না। এই দকলই যাতিধর্মের চিহ্ন।

যতিগণ সংসার পরিহার পূর্বক সন্ন্যাস করিয়া উত্তম তীর্থের আশ্রয় করিবেন এবং তাহাতে বিধিপূর্বক স্নান, আচমন সমাপন পূর্বক বারিদ্বারা তর্পণ করিয়া দিবাকরকে প্রণাম করিবেন। অনস্তর পূর্বক্র্যা আসীন হইয়া মৌনাবল্যন পূর্বক তিনবার প্রাণায়াম করিয়া যথাশক্তি গায়ত্রী জপের পর পরম্পদ ব্রহ্মরূপ ধ্যান করিবেন।

এইরপে উপাদনা দমাপন করিয়া আপনার নিমিত্ত
দক্ষিণকরে দণ্ড ও বামকরে ভিক্ষাপাত্র ধারণ পূর্বক দায়াহ্যকালে ভিক্ষার নিমিত্ত আক্ষাণ গৃহে প্রতিদিন পর্ব,টন করিবেন। যাবৎ পরিমিত অন্নে আপনার ক্ষ্ধা নির্ভ হয়, তংপরিমাণ ভৈক্ষসংগ্রহ করিয়া নির্ভ হইবেন। অনন্তর দর্বব্যঞ্জন সংযুক্ত তিনপ্রাস অন্ন চারি অন্ধুলি দ্বারা আচ্ছাদিত
করিয়া পূথক পাত্রে সূর্য্যাদি দেবতা ও ভূতগণে নিবেদন
পূর্বক বারিদ্বারা প্রকালন করিয়া ম্বয়ং পত্রপুটে ভোজন
করিবেন। বট, অক', অশ্বপ, কুন্ত, তিন্দুক, কোবিদার ও

<sup>( &</sup>gt; ) विका - ज्ञवातकार्थ तञ्जूमत्र आधात वित्यत, শিকা ইতি ভাষা ।

করঞ্জ পত্তে কদাচই ভোজন করিবেন না। কাংস্য পাত্তে ভোজন করিলে মলসংসর্গে ভোজন হয়, এই নিমিত্ত যতিগণ ও গৃহস্থগণ, কাংস্য পাত্ত পরিহার করিবেন,যে হেতু কাংস্য-ভোজী শীঘ্রই পাপগ্রস্ত হয়। যতিগণ, পাত্তে ভোজন করিয়া মন্ত্রবারা প্রকালন করিবেন। যজ্ঞকার্য্যে যেমন চমস পরিত্যক্ত হয় না, সেইরূপ যতিগণও পাত্র পরিহার করিবেন না। অনন্তর আচমন করিয়া আস্যনিরোধ পূর্বক সূর্য্যোপ-স্থান ও জপ, ধ্যান, ও ইতিহাস দ্বারা দিবা শেষ করিয়া, সন্ধ্যোপাসনা সমাপন পূর্বক রাত্রিকালে হুৎপদ্মনিলয়ে, অব্যয় আত্মরূপ পরত্রক্ষের ধ্যান করিয়া দেবাদির আয়তনে নিগীন হইবেন।

ধর্মনিরত শান্ত, সর্বভূত সমদর্শী, বশী, যতীন্দ্রগণ পরম পদপ্রাপ্ত হইয়া, এই জরামরণাদি বিবিধ ছঃখসংস্কুল সংসারে আর নিবর্তিত হননা।

ত্রিদণ্ডধারী নিয়ত যোগরত যতিগণ ক্রমে কমে বিংমুথ ইন্দ্রিয়গণকে অন্তরে দংযত করিয়া দংদারের দমস্ত বন্ধন বিদক্ষন পূর্বিক বিষ্ণুর অমৃতাথ্য মোক্ষপদ লাভ করেন, সন্দেহ নাই।

### উন্যক্তিত্ৰ অধ্যায়।

হারীত কৃহিলেন, এই আমি বর্ণাশ্রম ও বর্ণ ধর্মের লক্ষণ সকল কীর্ত্তন করিলাম। যদ্ধারা দিজাতিগণ, স্বর্গ ও

অপবর্গ (১) প্রাপ্তহন, একণে সেই পরমোকৃষ্ট যোগ শাস্ত্র বর্ণন করিব শ্রেবণ কর। মুমুক্ষুগণ (২) এই যোগাভ্যাদ বলেই মোক্ষলাভ করেন, যতিগণ এই যোগাভ্যাস বলেই নিকল্মষ হইয়া মুক্তিলাভ করেন। সেই হেতু বেদাধ্যয়ন ও ক্রিয়া সমাধনান্তে যোগনিরত হইয়া ধ্যান পরায়ণ হইবে। প্রাণায়াম ছারা নিখাসপবন, প্রত্যাহার ছারা ইন্দ্রিয়গ্রাম ও ধারণাদারা হুতুর্দ্ধর্ব মানদকে বশীকৃত করিয়া একান্তে নির্ল্জনে উপবেশন পূর্ব্বক অদ্বিতীয় আনন্দবোধস্বরূপ অনা-ময়, সৃক্মাদপিসূক্ষতর মহান্ হইতেও মহীয়ান্ জপদাধার, অচ্যুত, অরবিন্দস্থ, স্থবর্ণপ্রভ, আত্মরপ পরব্রহেলর ধ্যান করিবে। যিনি সমস্ত প্রাণিচিত্তজ্ঞ, যিনি সকলের হৃদয়ারবিন্দে ব্দবস্থিত আছেন, 'দোহহমস্মি' (৩) এই মন্ত্র দারা ভাঁহাকে চিন্তা করিবে। যে পর্যান্ত আত্মলাভ হুধ অনুভূত হইবে, তদবধিই ধান কর্ত্তব্য। তদনন্তর শ্রুতিসাভ্যুক্ত কর্মের অনুষ্ঠান করিবে। যেমন রথছীন অশ্ব ও অশ্বহীন রথ নিস্ফল, ভদ্ৰপ বিদ্যাহীন তপঃ ও তপোহীন বিদ্যা বিফল জানি-বেন (৪) ফেমন মধুদংধুত অল ও অলদংমুত মধু, তপঃদযুত বিদ্যা দেইরূপ প্রমোষধ জানিবেন। যেমন উভয়পক দারা পক্ষিগণের মাকাশে গতি সম্পাদিত হয়, সেইরূপ জ্ঞান ও কর্ম দারা সনতিন ব্রহ্মবস্তুকে লাভ করিতে পারা যায়। বিদ্যাসম্পন্ন ও তপশ্চরণশীল যোগপরায়ণ ত্রাহ্মণ, ভৌতিক

<sup>(</sup>১) অপবর্গ-মৃক্তি। (২) মৃমক্-মোক্ষাভিলাষী। (০) তিনিই আমি।

<sup>(</sup>a) বিদ্যা—বোক্ষবিষয়ক জান। প্রমোত্তম প্রধার্থসাধনীভূতএক জান্ত্রশ্বশাধিনা ইতি নাগোণী ছটঃ। তপংখতি বৃহ্যদিত কর্ম।

ও লিক্ষ এই দেহদয় (১) পরিহারপূর্ব্যক শীঘ্রই সংসারবন্ধন হইতে মুক্ত হন। এইরূপে যে পর্যান্ত পরমপদ মুক্তিলাভ না হয়, তাবৎ কখনই লিক্ষদেহের বিনাশ হয় না।

হে মুনিসন্তমগণ ! এই আমি আপনাদিগের নিকট বিভাগ-ক্রমে বর্ণাশ্রম সমূহ ও তাহাদের সনাতন ধর্মসকল সংক্রেপে কীর্ত্তন করিলাম।

মার্কণ্ডেয় কহিলেন, ঋষিগণ এইরূপে মহর্ষি হারীত-প্রমুখাৎ স্বর্গমোক্ষফলদায়ক এই দকল ধর্ম ভাবণ করিয়া আনন্দিতচিত্তে আশ্রমগমন করিলেন।

যে মানব এই ছারীতমুখনিঃস্ত এই ধর্মণাস্ত্র অধ্যয়ন করিয়া তদকুসারে ধর্মামুষ্ঠান করেন, তিনি পরমগতি প্রাপ্ত হয়েন।

হে সহস্রানীক! যাহার যে কর্ম উক্ত ইইয়াছে, সে বহু আদর করিয়া তাহার আচরণ করিবে, ইহার অন্যতম ধর্মে প্রবৃত্ত হইলে যথার্থতই জাতি হইতে পতিত হয়। যাহার যে ধর্ম উক্ত ইইয়াছে, সে সেই জাতির মধ্যেই পরিকীর্ত্তিত; অন্যথাচরণে স্নতরাং জাতিজ্রন্ট হয়। সেই হেতু ব্রাহ্মণাদি বর্ণগণ, স্ব স্ব ধর্মেরই আচরণ করিবেন। হে রাজেল্র ! বর্ণ চারি প্রকার, আশ্রমণ্ড চতুর্বিধ, স্থনির্মাল নিজ ধর্ম ব্যতিরেকে সদগতি লাভ হয় না। নরগণের স্বধর্ম দ্বারা ভগবান্ নারিসিংহদেব যেরূপ প্রাত্ত হন, বেদ্যাজ্য

<sup>(</sup>১) ভৌতিকদেহ পঞ্ভূতমন্ব; লিঙ্গদেহ—পঞ্চ জ্ঞানেক্সির,পঞ্চণাও ছর ক্ষেক্সিয় মন ও বৃদ্ধি এই অস্টাদশ অব্যবাস্থক স্থাপরীর।

অন্য কর্ম দারা সেরপ প্রীতি প্রাপ্ত হন না। এই হেডু অনলস ও অবহিত হইয়া যথাকালে নিজ কর্ম সম্পাদন কর এবং ভগবান্ নারসিংহকে নিয়তই ধ্যান কর।

হে রাজন্! নিরন্তর ক্রিয়ানিরত যোগান্দ্রগণ উৎপন্ন বৈরাগ্যবর্লে দেহ পরিহারানন্তর সেই সত্যাত্মক, অচিন্ত্য-স্বরূপ, আদ্য, অনাদি বিষ্ণুর পর্মপন্ধ প্রাপ্ত হইয়া থাকেন, সন্দেহ নাই।

## ষষ্টিত্য অধ্যায়।

সহস্রানীক কহিলেন, "স্নানানন্তর স্থরেশ্বর অচ্যুত বিষ্ণু-দেবের অর্চনা করিবে" আপনি আমাকে এইরূপ কহিয়া-ছেন,তবে কোন্ কোন্ স্থানে কোন্ কোন্মন্ত্র দ্বারা কিরূপে বিষ্ণুর অর্চনা হইবে, তাহা কীর্ত্তন করিয়া চরিতার্থ করুন।

মার্কণ্ডেয় কহিলেন, অপ্রমিত তেজা জনার্দন বিফুর অচ্চনার বিষয় বর্ণন করি:তছি। মুনিগণ মৎকথিতরূপে দেবদেবের অচ্চনা করিয়া নির্বাণপদ লাভ করিতে সমর্থ হন।
ক্রিয়াবান্গণের দেবতা অনলে,মনীষিগণের দেবতা ফ্রালোকে
স্বল্প বুদ্ধিগণের দেবতা প্রতিমায় এবং যোগিগণের দেবতা
হুদ্দেয়ে বিদ্যমান আছেন। মুনিগণ কহিয়াছেন যে, অপ্,
অয়ি, হুদয়. সূর্যা, স্থতিল, প্রতিমা, এই ছয় স্থানই বিফুর
অর্চন স্থান। অপ্ হরির আয়তন, দেই হেতু নিয়তই তিনি
সলিল মধ্যে এবং ভাঁহার সর্বেগতত্ব হেতুক স্থতিলে (১)

<sup>(</sup>১) যজার্থ ভূমিতে।

বিদ্যমান আছেন। নারায়ণার্চন মন্ত্রের ছক্টঃ অসুষ্টুপু, বিষ্ণু উহার দেবতা, যিনি জগদীজ, তিনিই ঋষি। পুরুষ-দৃক্ত মন্ত্রদারা বিষ্ণুকে পুষ্পবারি প্রদান করিলে, তদারা চরাচর জগতের অর্চনা করা হয়।

প্রথমে পুরুষোভ্রদেবের ঋক্ মন্ত্রদারা আহ্বান, দ্বিতীয় আদন দান, তৃতীয় পাদ্য প্রদান, চতুর্থ অর্ঘ, পঞ্ম আচ-মনীয়, ষষ্ঠ স্থান, সপ্তম বস্ত্র, অফম নৈশেন্য, নবম পানীয়, দশম পুস্পদান, একাদশ ধূপ, **चाদশ দীপ, ত্রোদণ চরু**, চতুর্দশ জল, পঞ্চদশ প্রদক্ষিণ, ষোড়শ আদন, শেষকর্ম পূর্ব্ব-বৎ নিষ্পন্ন করিবে। বস্তু নিবেদন করিয়া খাচমনীয় প্রদান করিবে। এইরূপে দেবাধিদেব বিফুর ছয়মাস অর্চনা করিলে দিদ্ধি লাভ, সম্বংসর অর্চনা করিলে সাযুদ্ধা লাভ হইয়া থাকে। মুনিগণ নিয়তই হবিঃস্থিত, জলস্থিত, পুষ্পস্থিত ও হাদয়স্থিত হরিকে ধ্যান দ্বারা এবং রবিমগুলস্থিত হরিকে জপ ঘারা উপাদনা করেন। আদিত্যমণ্ডলম্ভিত, নিতা, অনাময়, শঙ্খচক্র গদাপাণি দেবদেব বিষ্ণুকে ধ্যান করিয়া থাকেন। ("ব্যেয়ঃ দ্বা স্বিভূমগুল মধ্যবর্তী নারায়ণঃ সর-निकानन निक्षिति छै:। (क्यू त्रवान् कनक क् अनवान् कित्री ही, হারী হিরথয়বপুর্ভ শভাচক্রঃ।"/(১) এই সূক্ত মন্ত্র পাঠ করিয়া, যে মানব দিন দিন বিষ্ণুবুদ্ধি বৃদ্ধি করিয়া নারায়ণ্কে

<sup>(</sup>১) সর সিলাসনে উপবিষ্ট, কেয়ুরবান্ ও কনককুগুলবান্ কিরীটধারী শব্দ চক্রধর, হিরপ্রায় মনোহরবপুঃ স্থ্যমগুলমধ্যবর্তী নারামণকে নিয়তই ধ্যান করিবে।

প্রিতৃষ্ট করেন, তিনি সর্ব ছঃখ পরিহারপূর্বক বিষ্ণুপদ প্রাপ্ত হন, সন্দেহ নাই।

এইরপে স্থতিল, তোয়, পুষ্প, ফল গৃহ প্রভৃতি স্থান সকলে একমাত্র ভক্তিলদ্ধ পুরাণ পুরুষ,বিষ্ণুকে লাভ করিলে, আর মুক্তির নিমিত্ত ষত্রকরিতে হয় না।

হে নৃপেক্ত। এই আমি আপনার নিকট বিফুর অচ্চনা বিধি কীর্ত্তন করিলাম। যে নর এই বিধি দ্বারা প্রতিদিন বিফুর অচ্চনা কবেন, তিনি পরমপ্রিয়তমকৈঞ্চবপদ প্রাপ্ত-হন!

## একষষ্টিতম অধ্যায়।

সহস্রানীক কহিলেন, হে ত্রহ্মন্! আপনি আমার প্রতি কুপাপরবশ ছইয়া বৈদিক পরমবিধি পরিকীর্ত্তন করিলেন, এক্ষণে দেবদেব বিষ্ণুর পূজা বিধি কীর্ত্তন করুন। পূর্ব্বোক্ত বিধি দ্বারা বেদজ্ঞগণ পূজা করিয়া থাকেন, অভ্যসাধারণ মানবগণ দেরপ পূজা নির্বাহ করেন না, অভএব দর্বা-সাধারণের হিতকর বিধিদকল কীর্ত্তন করুন।

মার্ক ণ্ডেয় কহিলেন, নরগণ, হুরেশ্বর, অনাময় নারায়ণ নারদিংহকে গদ্ধ পূষ্পাদি সহকারে অন্টাক্ষরমন্ত্র ছারা নিত্য পূজা করিবেন "ওঁ নমো নারায়ণায়" এই অন্টাক্ষর মন্ত্র, সর্ব্ব বিধ হুঃখ ও সর্ব্ববিধ পাপ হরণ ক্রিয়া সর্ব্ববিধ শান্তি ও সর্ব্ববিধ কল্যাণ প্রদান করেন। এই মন্ত্র ছারাই গদ্ধ পুষ্পাদি নিবেদন করিবেন। এই মন্ত্রছারা অর্চিত বাস্ত্রেদ্ব বিষ্ণু, তৎক্ষণাং প্রীত হন। তাহার বহুমন্ত্রে ও বহুরতে প্রয়োজন নাই। 'ওঁনমো নারায়ণায়' এই মন্ত্রই সকল অর্থের সাধক হয়। যিনি, শুচি হইয়া প্রতিদিন, এই মন্ত্র জপ করেন, তিনি সর্কবিধ কলুর হইতে নির্দ্যুক্ত হইয়া বিষ্ণু- সায়ুজ্য প্রাপ্তহন। হে নূপতিপুত্র! এই বিষ্ণুপূজা সকল তীর্থে রই ও সকল প্রকার দানকর্মের ফলপ্রদান করে। হে ক্রুপ্রের সেই হেডু বিধি পূর্বেক প্রতিষ্ঠাদি দেবতার্চ্চন,ও বিপ্র- মুখ্যগণকে বিধি পূর্বেক দানকর্মন। তাহা হইলেই নারসিংহ প্রসাদে, মুমুক্ষ গণের স্পূহনীয় বৈষ্ণুবতেজঃ প্রাপ্ত হইবেন সন্দেহ নাই।

হে নৃপ! এই আমি আপনার নিকট অসুত্ম বিষ্ণু-মাহাক্স কীর্ত্তন করিলাম, আপনি অবহিত ও অতন্তিত হইয়া মহক্ত বিধিদারা বিষ্ণু পূজার অসুষ্ঠান করুন।

সূত কহিলেন, সেই নৃপত্তিনন্দন সহস্রানীক, মহামুনি মার্কণ্ডেয় কর্তৃক এইরূপ অভিহিত হইয়া, নারসিংহের আরা-ধনানন্তর বোধানন্দ (১) স্বরূপ অনাময় নিত্য, স্বচ্ছ, সর্ব্বগত, শান্ত, নির্বিকার, অমুত্তম (২) যে বৈষ্ণব পদ, যতিগণ সংঘত চিত্তে তর্মিষ্ঠ ও তৎপরারণ হইয়া নিরন্তর ধ্যান করেন, সেই পরমপদ প্রাপ্ত হইলেন।

হে মহামূনি ভরম্বাজ । এই আমি আপনার নিকট সহস্রানীক চরিত কীর্ত্তন করিলাম। অব্য আর কি শ্রেবণ করিতে বাসনা করেন।

<sup>(</sup>३) (वाध - अन्। (२) नाहे डेडम याहा व्हेट ।

যে নর, পুরুষান্তম-পর'য়ণী বিমৃক্তিপ্রদা পবিত্রপুণ্যময়ী এই পুরাতনী কথা প্রবণ করে, সে অতীব নির্মালানন্দস্বরূপ বিজ্ঞান প্রাপ্ত হইয়া বিষ্ণুপদ প্রাপ্ত হয়, সন্দেহ নাই।

## দ্বিষ্ঠিতম অধ্যায়।

ভরদ্বাজ কহিলেন, নারায়ণের, পাপবিনাশন গুহ্যক্ষেত্র সকল ও তাঁহার নিখিলনামাবলী আপনার নিকট শ্রেবণ করিতে বাসনা হয়।

সূত কহিলেন, একদিবদ প্রজাপতি ব্রহ্মা, মন্দরস্থিত,
শাস্থাচক্র গদাধর দেবদেশের, ভগবান্ কেশবকে জিজ্ঞাদা
করিয়াছিলেন, হে ভগবন্ জগংপতে ! আপনি মানবের
মুক্তির নিমিত্ত কোন্ কোন্ কোন্ কেত্রে দ্রুইব্য হন এবং দেই
দেই স্থলের নামাবলীই কি ? আপনার শ্রীমুথকমল হইতে
দেই সকল প্রবণ করিতে বাসনা হয়।

ভগবান্ কহিলেন, হে বৎস! কোন্ কোন্ মন্ত্র জপ করিয়া অতন্ত্রিত ও অবহিত মানবগণ দলতি লাভ করিতে পারে, সেই দকল এবং আমার গুহাক্ষেত্র ও নাম দকল ভক্তগণের হিতের নিমিত্ত কহিতেছি, শ্রবণ কর।

কোকমুখে বারাহ, মন্দরে মধুসূদন, কপিলদ্বীপে অনন্ত, প্রভাগে রবিনন্দন, মাল্যোদ্যানে শ্রীবিষ্ণু, মহেন্দ্রপর্বতে নৃপাত্মক, ঋষভে মহাবিষ্ণু, দ্বারকায় ভূপতি, পাণ্ডিসহ্যে দেবেশ, বহুকুণ্ডে জগৎপতি, অহিবনে মহাযোগী, চিত্রকৃটে নরাধিপ, নৈমিষে পীতবন্ত্র, শরনিক্রমণে হরি, সাল্থামে

তপোবাদ, গন্ধমাদনে অচিন্ত কুজাত্রকে হ্রীকেশ, গঙ্গান चारत गमासत, त्कीगरल शक्र इस्त क, नागमास्त्र स त्भाविन्म, व्रम्मावरन त्रांशांन, मधुवांव स्वांबसुव, त्रमारव माधन, वाता-নণীতে কেশব, পুক্ষরে পুক্ষরাক্ষ, তৃণমতীতে জয়ধ্বজ, তৃণ-বিন্দুবনে বীর, সিন্ধুদাগরে অশোক, কেশীবটে মহাবাহু, তৈজসবনে অয়ত, বিশাখযুপে বিশেশ, মহারণে নারসিংহ, লোহ গলে রিপুহর, দেবমানে ত্রিবিক্তান, দশপুরে পুরুষো। ভম, কুজকে বামন, বিতস্তায় বিদ্যাধৰ, বাৰাছে ধৰণীধৰ, দেবদারুবনে গুহা, কাবেরীতে নাগশায়ী, প্রমাণে যোগ-মূর্ত্তি, প্রযোগে মন্দর, কুমারতীর্থে কৌমার, লৈছিত্যে হয়-শীর্ষক, উজ্জায়িনীতে ত্রিবিক্রম, লিঙ্গফোটে চতুর্জু, তুঙ্গ-ভদায় হরিহর, কুরুক্ষেত্রে বিশ্বরূপ, মণিকুটে হলায়ুধ, অ্যেধ্যোয় লোকতার, কোণ্ডিন্যে রুক্রিণীপতি, ভাণ্ডিরে বাস্থদেব, চক্রতীর্থে স্থদর্শন, বিফুপদে আদ্য, শূকরে শূকর, মানসভার্থে ব্রেমেশ, দওকে শ্যামল, ত্রিকুটে নাগমে। কী, মেরুপুর্ছে ভাক্ষর, পুষ্যভদ্রায় বিরজ, চাগীকরে বলি, বিপা-শার যশকর, মাহিলতীতে ভ্তাশন, জীরদাগরে পলনাভ, গান্ধারে হতাশন, শিবনদীতে নিবকর, গয়ায় গদাধর, অখিলব্রহ্মাণ্ডমণ্ডলে প্রমাল।। এই স্কল যিনি জানিতে পারেন, তিনি স সারবন্ধন হইতে বিমুক্ত হন।

হে ব্রহ্মন্! এই আমি ভোমার নিকট আমার অইয়ষ্টি-ক্ষেত্র ও নামাবলী বিশেষরূপে কীর্ত্তন করিলাম। যে মানব আমার এই গুহানামসকল প্রতিদিন প্রাভঃকালে উটিয়া পাঠ বা প্রাণ করে, সে শতশহস্র গোদানের ফল প্রাপ্ত হয়। যে নর শুচি হইয়া প্রতিদিন এই সকল ক্ষেত্র স্মরণ করে, আমার প্রদাদে তাহার শোকতুঃথ কিছুই থাকে না। যে নরপ্রবর আমার এই অফ্টাষ্ট্র নাম ত্রিসন্ধ্যায় পাঠ করে, সে সর্বিপাপ হইতে পরিমুক্ত হইয়া আমার লোকে পূজা প্রাপ্ত হয়। মানবগণ বিশেষতঃ বৈষ্ণবগণ এই সকল ক্ষেত্র যথাশক্তি পরিদর্শন করিলে, তাহাদিপকে আমি মুক্তি প্রদান করি।

যে মকুজন্মা জনার্দ্দনের প্রতি একাগ্রমনা হইয়া নিয়তই বিশেষতঃ বৈষ্ণবদিনে তাঁহার স্মরণপূর্বকে অর্চনা করিয়া এই স্তব পাঠ করে, দে বিষ্ণুর অমৃতাত্মকপদ প্রাপ্ত হয়।

## ত্রিংফি তম অধ্যায়।

সূত কহিলেন, ভগবান্ বিষ্ণু ব্রহ্মার নিকট এই উৎকৃষ্ট স্থোত্র কীর্ত্তন করিয়। পুনরায় পুণ্যময়তীর্থসকল কহিতে আরম্ভ করিলেন। গঙ্গা পুণ্যময়ীগণের মধ্যে প্রথমা। অন স্তর যন্না, গোমতী, সর্যু, সরস্বতী, চন্দ্রভাগা, চর্মণী (১) ক্রুক্কেত্র, গয়া, পুন্ধর, অর্ব্যুদ, নর্মদা এই সকল মহাপুণ্যকর তীর্থসকল উত্তরদিকে অবস্থিত আছে।তাপ্তী ও পয়োষ্ণী এই তীর্থদ্বর পাপনাশন ও পুণ্যপ্রদ। হে দ্বিজ্সত্তম! গোদাবরী সর্বত্রই মহাপুণ্যদায়িনী। তুক্কভদ্রাও পুণ্যকরী, আমি এই স্থানে শঙ্করের সহিত পুজিত হইয়া বাস করি। গঙ্কাতুক্ষা ও কাবেরীও পুণ্যপ্রদা। এই সমস্ত তীর্থই উত্তম ফলপ্রদ।

<sup>(</sup>১) हर्त्रवृञी नमी।

হে কমলোদ্ভব! সহ্যামলকগ্রামে দেবদেবেশ নামে প্রসিদ্ধ হইয়া তোমার সহিত নিয়তই অর্চিত হইয়া থাকি! সেই স্থানে সর্বপাপবিনাশন বহুতর তীর্থ বিদ্যমান আছে, মানব-গণ তাহাতে স্নান করিয়া পাপ হইতে পরিমুক্ত হয়। হে ব্রহ্মন্! মধুনুদন এইরূপে তীর্থনাম কীর্ত্তন করিয়া অন্তহিত হইলেন এবং কমলযোনি প্রজাপতিও ব্রহ্মলোকে প্রতিগমন করিলেন।

ভরদ্বাজ কহিলেন, হে ধর্মজ্ঞ ! সেই আমলকগ্রামে যে যে পুণ্যতীর্থ বিদ্যমান আছে, তৎসমুদায় ক্ষেত্রোৎপত্তি-মাহাত্ম্য এবং যে যে পর্বের পর্বের স্বয়ং প্রজাপতি ঐ দেব-দেবেশের পূজা করিয়া থাকেন, তৎসমুদায় কীর্ত্তন করিয়া আমার কৌভূহল চরিতার্থ করুন।

সূত কহিলেন, হে দিজেন্দ্র ! পুণাকর ও কল্মধবিনাশী সহ্যামলক তীর্থ ও ততুৎপত্তির বিবরণ বর্ণন করিতেছি, শ্রেবণ কর।

পুরাকালে দহাদ্রির বনপ্রান্তে এক মধান্ আমলক বৃক্ষ ছিল; দেই বৃক্ষের নামানুদারে এক মহাগ্রাম, আমলক গ্রাম বলিয়া প্রদিদ্ধ। তাহার ফল দকল বৃহৎ ও স্থরদ এবং হুদর্শন ও অন্যান্ত ব্রাহ্মণগণের ছুর্লত। এক দিবস প্রজাপতি মহাফলনসন্থিত দেই মহার্ক্ষ দক্ষণন করিলেন। দেখিবামাত্র তাঁহার মন স্থির ও গন্তীরভাবাপন্ন হইল। দেই মহদাশ্চর্য্য পরিদর্শন করিয়া ভুবনভাবন প্রজাপতি ইহার কারণ কি অনুসন্ধানের মিমিত্ত গ্যানপ্রায়ণ হইয়া মানসমধ্যে দেখিতে পাইলেন,দেই ফলবান্ মহামলক তরুই

মুশেভিত রহিয়াছে এবং ভাষার উপরিভারে, শন্মচক্রণদা-ধর নারায়ণ অবস্থিত রহিয়াছেন। ধ্যান হইতে উথিত হইয়া প্ৰতিমা প্রিলশনপুর্কাত, উহার অবস্থানই ভাচুল গভীর ভাবোনটের কারণ অবধারণ করিলেন। অনন্তর দেই মহাধলত তক্তর পাত্তলে প্রবেশপুর্বক সেই স্থানে দেবদেবেশের আরাধনা করিলেন। লোকপিভামহ ভ্রন্তা প্রতিদিনই গন্ধপুপোদি ছারা তথায় তাঁছার পূজা করিতে লাগিলেন। এইরাপে সেই পবিত্র ক্ষেত্রে ভগবান্ হরি, হিদপ্ততি (১) জন প্রজাপতিকর্ত্তক পূজিত হইলেন। হে মুন জৈ ! সেই পুণ্যক্ষেত্রের মাধাল্য কেহই বর্ণন করিতে সমর্থ নহেন। জ্রীসহামলক গ্রামে, দ্বিসপ্ততি চতুমু থিগণ, অধ্যোত্মা দেবদেবেশের আরাধনা করিয়া সিদ্ধলাভ করিয়া ছেন। সেই আমলক তরুর পদতল হইতে পশ্চিমাভিমুগ স্থিত এক পুণ্টের ও পাপহর তীর্থ বিদ্যান আছে, তাহার নাম চক্রতীর্থ, তাহাতে স্নান করিয়া দর্কবিধ পাপ হইতে প্রিমৃক্ত হইয়া বহুদহত্র বৎদর স্বর্গলোকে পূজাপ্রাপ্ত হয়। শঙ্গতীর্থে স্নান করিয়া মানবগণ বাজপেয় যজ্ঞের ফল লাভ করে। পৌষমানে পুষ্যা নক্ষত্রই তাহার যাত্রিক দিবস। পুরাকালে প্রজাপতির গঙ্গাজলপরিপূরিত কুণ্ডিকা (২) স্থাপ্ৰতে পতিত হইয়াছিল, সেই হেতু তথায় কুণ্ডিকা নামে এক মহাতীর্থের উৎপত্তি হয়। ঐ তীর্থ শিলাগৃহ সম্বিত। তাহাতে স্নান করিয়া মুনিগণ দিদ্ধিলাভ করিয়া-

<sup>(</sup>১) বারাত্তর জন বন্ধা। (২) আহ্নকাদির নিমিত্ত কুণ্ডী-কুড়ি।

ছেন। তিন রাত্রি উপোষ করিয়া দেই ভীর্থে স্নান করিলে. মানবগণ দৰ্কবিধ পাপ হইতে নিমুক্ত হইয়া একালোঁকে পুলা প্রাপ্ত হয়। কুণ্ডিকা তীর্থের উত্তরে পিতৃষ্থান; তাহার দক্ষিণে ঋণুমোচক নামক তীর্থ ; সেই তীর্থ গুছ ও উত্তম। তিনরাত্রি উপোষিত থাকিয়া তাহাতে স্লান করিলে মানবগণ ত্রিবিধ ঋণ (১) হইতে মুক্তিলাভ করে, সন্দেহ নাই। পিতৃষ্ম ভীর্থে পিতৃগণের আদ্ধ করিয়া বিধিবৎ পিওপ্রদান করিলে, পিতৃগণ তদ্বারা পরিতৃপ্ত হইয়া পিতৃ-লোকে গ্রন করেন। যে নর পঞ্চরাত্র উপোয় করিয়া পাপনাশন তীর্থে স্থান করে, দে বিফুলোকে গমন করিয়া আনন্দ উপভোগ করে। যে মানব ঐ তীর্থেই স্বকীয় শিরো-দেশে মহতী ধারা ধারণ করে.সে সার্দ্রয়েজর ফলপ্রাপ্ত হইয়া বিফুলোকে পূজাপ্রাপ্ত হয়। যে মনুজপ্রবর ধনুপ্রাৎ নামক. মহাতীর্থে অহোরাত্র উপোষ করিয়া স্থান করে দে পাপ হইতে মুক্ত হয়। আশ্চর্যামলকতীর্থে গমন করিয়া, মনুজ-গণ নাকলোকে নানাবিধ পূজাপ্রাপ্ত হয়। শতবিন্দু নামক মহাতীর্থে স্নান করিয়া বিষ্ণুলোক লাভ হয়। হে বিপ্রবর ! বারাহ তীর্থে অহোরাত্র উপোষিত থাকিয়া ভক্তিপুর্বিক স্নান করিলে নির্দ্বাণবৈকুপপুরে পূজা লাভ করে। সহপর্কতে আকাশ গঙ্গা নামে এক মহাতীর্থ বর্তমান রহিয়াছে, তাহার শিলাতলে।খিত জল হইতে শুভ্ৰ মৃত্তিকা নিৰ্গত হইয়া থাকে.

<sup>(</sup>১) ঋষিঝাৰ, পিতৃঝাৰ ও দেবঋৰ। বেদাধায়ন, স্থানোৎপাদন ও যজালারা এই তিন প্রাকার ঝাৰ হইতে মৃক্তিলাভ হয়। এই ঋণ মোচন ভীক্তিক প্রকার আচিরণ করিলেও ঋ্মুক্ত হয়।

বে নরোত্তমণণ ভক্তিপূর্ববিদ দেই তীর্থে স্নান করেন, তাঁহারা সর্ববিধ যজ্ঞ ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে পূজা প্রাপ্ত হন। দেবদেবের দক্ষিণে বাগুরী সংগমন নামক তীর্থে এক দিবস বাদ করিয়া তাহাতে স্নান করিলে, মানবগণ অশ্বমেধের ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে পরিপূজিত হয়। সহ্পর্বতে অক্ষামলক তীর্থ হইতে যে যে তোয় ধারা নির্গত হইয়াছে, তৎসমুদায়ই এক এক তীর্থ, দেই দেই তীর্থে স্নান করিয়া মসুজগণ পাপ হইতে পরিত্রাণ পাইয়া থাকে। সহ্পর্বক তের এই সকল পুণ্যতীর্থে স্নান করিয়া এবং ভক্তিপূর্বক নারায়ণকে পুল্গাঞ্জাল প্রদান করিয়া বিচক্ষণ মানবসকল পাপের পরিহারপূর্বক বিষ্ণুদেহে প্রবেশ করেন। মানব বর্গ একবার তীর্থদেবা করিবেন, কিন্তু পতিতপাবনী জহ্লুক্তি ক্যা গঙ্গার পুনঃ পুনঃ দেবা করিবেন, যেহেতু গঙ্গা সর্বত্রথিময়ী এবং হরি সর্বাদেবময়।

হে ব্রহ্মন্! এই আমি আপনার নিকট তীর্থক্ষত্রের মহাত্ম্য বর্ণন করিলাম। নিখিল মমুজ গণেরই কর্ত্তন্য, যে শ্রীসহ্যামলক গ্রামে তীর্থর্মান করেন, যে হেডু, তীর্থগণের ও যে তীর্থ; তথায় দেবদেবের পাদমূল হইতে নির্গত সেই সকলই বিদ্যমান আছে। বেদজ্ঞগণ কহিয়া থাকেন যে, সহ্যামলকগ্রামের তীর্থ সকলে দ্বান করিলে সহস্র অশ্বমেধের ফল প্রাপ্তহয়। তথায় মধুসূদনের পাদপদ্মে প্রণাম করিয়া স্নান করিলে নরগণ, আর পুনর্জন্ম প্রাপ্ত হয় না।

গঙ্গা প্রয়াগ নৈমিষ পুক্তর কুরুজাঙ্গল যামুনাদি তীর্থবারি সকল যথাকালে ফল প্রদান করে কিন্তু ভগবানের পাদোদক সদ্যই পাপ বিনাশ করিয়া পবিত্রতা সম্পাদন করিয়া থাকে।

## চতুঃৰ্ষ্টিত্ৰম অধ্যায়।

সূত কহিলেন, হে তপোধনাগ্রনী! মুনিবর এই আমি আপনার নিকট, ভৌমিক তীর্থ গণের বিষয় বর্ণনা করিলাম, এক্ষণে বিশেষ ফলদায়ি মানদিক তার্থ গণের বিবরণ কীর্ত্তন করিতেছি এবণকর। বিষয়ানুরাগাদি পরিশ্ন্ত, অনাবিল স্থনির্মল মানদই মহাতার্থ। দত্তাই স্থমহান তীর্থ দয়াইতীর্থ ইন্দ্রিয় নিগ্রহই তীর্থ, অগ্লির উপাদনাই তীর্থ, গুরু শুনোষাই তীর্থ, যৃতিদেবাই তীর্থ, স্বধ্যাচরণই তীর্থ, মতিথি পূজাই তীর্থ, কেশব পূজাইতীর্থ, ধনান তীর্থ, দম তীর্থ, বুধনিষেবনই তীর্থ, এই দকল পুণ্যকর পবিত্র নির্মাল স্বর্গ মোক্ষপ্রদ তীর্থ দকল, মানদ ক্ষত্রে বিদ্যান রহিয়াছে।

এক্ষণে, ব্রহসমূহ একভক্ত (১) এবং নক্ত ও উপবাদ, এই দকল বিধি শ্রেবণ কর। পৌর্ণমাদী ও অমাবাদ্যায়, একভক্ত ভোজন করিয়া মানবগণ পুণাগতি প্রাপ্তহয়। চতুথী, চতুর্দশী, দপ্তমী, অইমী ও চতুর্দশী (২) এই দকল তিথিতে নক্ত আচরণ অর্থাৎ নিশিভোজন পরিহার করিলে মানবগণ অভিবাঞ্তি ফলপ্রাপ্ত হয়। হে মুনিপ্সব। একা-দশীতে নার্দিংহের অচ্চনাপূর্বক উপবাদ করিলে, নরগণ,

<sup>(</sup>১) ভক্ত-ভাত। একভক্ত, একবার ভক্তভোজন।

<sup>(</sup>২) এক কৃষ্ণপদীয়া, ও অভা ওরপদীয়া।

সর্ববিধ পাপ হইতে পরিমুক্ত হয়। হস্তানক্ষত্রযুক্ত রবি-বাসরে সানানন্তর প্রভাকরের পূজা করিয়া সৌরনক্তের আচরণ করিলে মনুজগণ নীরোগ হইয়া চিরকাল, কাল্যা-পন করে। সূর্য যথন, আপনার দ্বিগুণ ছায়ায় অবস্থিত হন, তখনই শৌরনক্ত জানিবে, সৌরনক্ত নিশাকাল বা নিশি ভোগন নহে। গুরুবারগত ত্রোদশীতে অপরাফকালে দলিলদিক হইয়া তপ্ণান্তর তিল্তওুল দারা পিত্গণের পূজা পূর্নক নারণিংহের অর্চনা করিয়া উপবাদ করিলে, দৰ্কবিধ পাপ হইতে প্ৰমুক্ত হইয়া বিফুলোকে পূজাপ্ৰাপ্ত হয়। যথন অগস্ত নক্তেরে উদয় হয়, তথন, দপ্তদণ্ড রাতির সময়, অগস্ত্য মহামুনিকে অঘ্যদান করিয়া, থেতচন্দন খেত-পুষ্পা অক্ষত সলিল শুখা তোধাদি দারা নিম্নোক্ত মন্ত্রদারা <sup>•</sup> তাঁহার পূজা করিতে হয়। মন্ত্রযথা ''কাশপুষ্প প্রতীকাশ" অগ্নিমাক্ত সম্ভব। 'মি ত্রাবক্রণযোঃ পুত্র কুম্ভবোনে নমোহ স্তুতে' বাতাপি ভক্ষিতোযেন, গাতাপীচ নিপাতিতঃ। সমুদ্রঃ শোষিতে: যেন, সোহসগস্তাঃ প্রীয়তানিতি (১) এইরূপে যে মানব প্রতি দদৎসর অগস্ত্যের পূজা করে, সে দর্বপ্রকার পাপ হইতে মুক্ত হয় এবং অতিশয় হুস্তর ও পার হইয়া যায়।

<sup>( &</sup>gt; ) হে কাশপুষ্প সদৃশ প্রভ:শীল হে অগ্নি সমীর সম্ভব ! হে মিতাবরুণছয়েরপুরা ! হে কুন্তজন্মন্, তোমাকে নমস্কার । যিনি বাতাপিকে ভক্ষণ করিয়াচেন, বিনি আ তাপীকে বিনাশ এবং সমুদ্র শোষণ করিয়াছেন, সেই অগস্ত্য আমার প্রতি প্রসন্ন হউন । কাশ-- কেশে ইতিভাষা ।

হে মনস্বিন্! মহাভাগ ভরষাজ! এই আমি আপনার এ মুনিগণের সমিধানে নারসিংহ পুরাণ পরিকীর্ত্তন করিলাম। সর্গ, প্রতিসর্গ, বংশ, ময়ন্তর ও বংশামুচরিত (১) পুরাণের পঞ্চলক্ষণই ইহাতে পরিকীর্ত্তিত হইল। পুরাকালে আদি কবি, ব্রহ্মা, মরীচাদি মহামুনিগণের নিকট এই পুরাণ কীর্ত্তন করেন। তাঁহাদের নিকট হইতে ভ্লু প্রাপ্ত হন। তাঁহা হইতে মার্কণ্ডেয়, মার্কণ্ডেয় নাকুলন্পতির নিকট কীর্ত্তন করেন। নারসিংহের প্রসাদে ব্যাসদেব প্রাপ্ত হইয়াছিলেন; তাঁহারই প্রসাদাৎ সর্ব্বপাপ প্রণাশন এই নারসিংহপুরাণ আমি পাইয়াছি, এক্ষণে তাহা মুনিগণের সম্মুথে আপনার নিকট কীর্ত্তন করিলাম। আপনাদিগের স্বস্থি হউক, আমি এক্ষণে গমন করিতেছি।

যে মনীষাসম্পন্ন মানব শুচি ও সংযত হইয়া, এই অনু ভম নারসিংহ পুরাণ প্রাবণ করে, সে মাঘমাসে প্রয়াগ স্নানের ফল প্রাপ্ত হয়। যে যে ভক্তগণ ভক্তিসমন্থিত হইয়া ভক্ত ব্যক্তিকে প্রতিদিন এই পুরাণ প্রাবণ করান, তিনি সমস্ত তীর্থফল প্রাপ্ত হইয়া বিফুলোকে পূজিত হইয়া থাকেন।

মহামতি ভর্ঘাজ মুনিগণের সহিত এই নারিসিংহ পুরাণ ভাষণ করিয়া সেই স্থানে অবস্থিত রহিলেন, অভাভ মুনি নিজ নিজ আশ্রমে গমন করিলেন।

त्य भानवंशन मर्व्वविध भाभ नामक भूनाकत अहे नृिशः 
ह

<sup>(</sup>১) সর্গতি প্রতিসর্গত বংশময়স্করাণিচ। বংশান্চরিতকৈব পুরাণং পঞ্চলকণ্য।

পুরাণ পাঠ বা তাবণ করেন, নারসিংহদেব তাঁহার প্রতি প্রদা হন। দেবাধিদেব নারসিংহ প্রদা হইলে, তাহার সামিবিধ পাপ প্রকাণ হয় এবং সেই পুণ্যবান্ ব্যক্তি মুক্তিপদ লাভ করিতে পারেন।

যিনি ত্রিলোকের হিত সাধন নিমিত্ত, নারসিংহমুর্ত্তি ধারণ করিয়া, স্থরবৈরি, দিতিপুজ, দৈত্যপতি হিরণ্যকশিপুর দেহগিরি খরনখরে বিদীর্ণ করিয়াছিদেন, সেই শৌরী হরি
নারায়ণকে নমস্কার করিতেছি।

যে বিরাট্ বিশ্বদেব জ্ঞীমন্নারিসিংছ স্বকীয় শুল্র ও দীপ্রতর ব্যোমব্যাপ্ত সুলবিশালবিলন্থিত জটাকলাপজালে ভাস্কর
ও নিশাকরের গতিমার্গের উদ্রোধ সাধন করিয়াছেন
এবং পাতালপ্রাপ্তস্থবিশালপাদতলের প্রথরতরন্থকনার।
শেষভোগীন্দ্রের অনস্ত ফণমগুল ওতপ্রোত করিয়া তুলিয়াছেন এবং প্রজ্বলিত অনলোদ্গারী প্রদীপ্ত মার্ত্তপুল্য
প্রচণ্ডবিলোচনত্রয়ে ব্রহ্মাণ্ডন এবং প্রথরতরকরন্থর দার।
দৈত্যেন্দ্রের দেহভূধর বিদীর্ণ করিয়া প্রীতি বহন করিতেছেন, তিনিই তোমাদের কল্মধানলজ্বালা প্রশ্মিত করিয়া
কল্যাণজ্বধির কল্লোলকোলাহল সম্প্রদারিত করুন।

এ কি দিংহ ? একি দিংহ ? তবে কেন মানবদৃশ
শরীরবান্ হইল ? কোনও জীবে ত এরূপ অদুতাকৃতি
দৃষ্ট হয় না ? তবে কি ইহা এক অপূর্ব্ব কেশরীশ্বরই
হইবে ? অহহ ! ইহার নথরদমূহের কি কর্কশন্ধ ! কি
ভাপাতিশর ! দেবগণ বিস্ময়মগ্ন হইয়া এইরূপ ক্ল্পনা

করিতেছেন, এমত সময়ে যিনি নিজ নথকুলিশ দারা দৈত্যা-ধিনাথের প্রাণসংহার করিয়াছেন, দেই নারসিংহ মৃতিই আপনাদিগকে রক্ষা করুন।

ইত্যাদ্যে বৈষাসিকে বেণীমাধব স্থায়রত্বসঙ্কলিতে ধর্মার্থ কামমোক প্রানায়কে ব্রহ্মস্বরূপে নার্যসিংহ প্রাণে চতৃঃষ্টিতম মধ্যায়। নার্যিংহ পুরাণ সমাপ্ত।



## यरिशाफ़ी সাধারণ পুস্তকালয়

#### নিষ্কারিত দিনের পরিচয় পর

সর্ব	সংখ্যা
(17)	41.411

পরিগ্রহণ সংখ্যা .....

এই পুস্তক্ধানি নিম্নে নিদ্ধারিত দিনে অথবা তাতার পূর্বে গ্রন্থাগারে অবশ্য ফেরত দিতে হইবে। নতুবা মাসিক ১ টাকা তিসাবে জ্বিমানা দিতে হইবে।

নিৰ্দ্ধারিত দিন	নির্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নির্দ্ধারিত দিন
26 206 20 806 20 200 20 300 20 300			1

এই পৃস্তকখানি বাক্তি গভভাবে অথবা কোন ক্ষমতা-প্রদন্ত প্রতিনিধির মারফং নিদ্ধারিত দিনে বা ভাহাব পূর্বেফেরং হইলে অথবা গল্প পাঠকের চাহিদানা থাকিলে পুন: ব্যবহার্থে নিঃস্তুত হইতে পারে।